গাড়ীর চালক হিসেবে রাস্তার সংযোগস্থলে ট্র্যাফিক সিগন্যাল ও রোড সাইন মেনে চলা আপনার অবশ্য কর্তব্য। এই ধরনের রাস্তার সংযোগস্থলে অনেকসময় পথচারীদের সংখ্যাও যথেষ্ট থাকে, সেক্ষেত্রে পথচারীদের উপযুক্ত প্রাধান্য দিয়ে রাস্তা পারাপারের সুযোগ দিন। পথচারীদের জন্য সবুজ বা গ্রীন সিগন্যাল থাকলে ধৈর্য সহকারে অপেক্ষা করুন। এমনকি সিগন্যাল না থাকলেও, রাস্তার সংযোগস্থলে গতি ধীর করে সর্তর্কতার সঙ্গে গাড়ী চালান। অনিয়ন্ত্রিত সংযোগস্থলে সাধারণত গাড়ীর সংখ্যা কম থাকে। কিন্তু সেখানেও যাতে পরস্পর বিরোধী যান চলাচলের জন্য অ্যাক্সিডেন্ট না হয়, সেই কারণে স্পিড কমানো এবং অতিরিক্ত সর্তর্কতার সঙ্গে গাড়ী চালানো একজন দায়িত্বান্বিত চালকের অবশ্য কর্তব্য।

১.৫ ট্র্যাফিক রোটারি (Traffic Rotary)

একাধিক রাস্তার সংযোগস্থলে যান চলাচল নিয়ন্ত্রণ করার জন্য অনেক সময় ট্র্যাফিক রোটারী দেওয়া হয়। এটি একটি গোলাকৃতি স্থান যাকে ঘিরে যান চলাচল করে (চিত্র ১.১৩)। মনে রাখতে হবে, রোটারীকে ঘিরে যান চলাচল সবসময়ই ঘড়ির কাঁটা যেদিকে ঘোরে (clockwise) সেদিকে হয়। সময় বাঁচাতে গিয়ে উল্লেখিতে অর্থাৎ ঘড়ির কাঁটার বিপরীত মুখে (anticlockwise) গাড়ী চালানো অত্যন্ত বিপজ্জনক। কারণ বিপরীতমুখী যান চলাচলে সংঘর্ষের সন্ত্বাবনা বহুলাংশে বৃদ্ধি পায় আর অ্যাক্সিডেন্ট দেখে আনে।



চিত্র ১.১৩ ট্র্যাফিক রোটারি

১.৬ ট্র্যাফিক আইল্যান্ড (Traffic Island)

যান চলাচলকে নিয়ন্ত্রণ করার জন্য রাস্তার উপরে অনেক সময় সামান্য উঁচু একটি অংশ তৈরী করা হয়। একে ট্র্যাফিক আইল্যান্ড বলা হয়। এটি লম্বাটে বা ত্রিভুজাকৃতির হতে পারে (চিত্র ১.১৪)। ট্র্যাফিক আইল্যান্ডের উদ্দেশ্য যান চলাচল সঠিক ও নির্দিষ্ট লেনে চালনা করা যাতে যানবাহনের সুরক্ষা বজায় থাকে। খেয়াল রাখতে হবে, গাড়ীর চাকা বেন কখনই আইল্যান্ডের উপর উঠে না যায়।



চিত্র ১.১৪ ট্র্যাফিক আইল্যান্ড

১.৭ বাইপাস (Bypass)

কোনো শহর, গ্রাম বা লোকালয়কে এড়িয়ে দ্রুত গতিতে যান চলাচলের সুবিধার জন্য যে বিকল্প পথ তৈরী করা হয় তাকে বাইপাস বলে। যদি লোকালয় বা শহরাঞ্চলে কোন প্রয়োজন না থাকে তাহলে দূর যাত্রার সময় বাইপাস ব্যবহার করলে, এতে সময় ও জ্বালানী সাধারণ হবে, আবার সেই সঙ্গে যানজটও এড়ানো যাবে।

১.৮ পথচারীদের জন্য ভূগর্ভস্থ পথ (Pedestrian Underpass)

ব্যস্ত রাস্তা বা রেললাইন পার হওয়া সব সময়ই অত্যন্ত ঝুঁকিপূর্ণ। পথচারী ও সাইকেল আরোহীদের নিরাপদে রাস্তা পারাপারের জন্য আন্ডারপাস বা ভূগর্ভস্থ পথ তৈরী করা হয়ে থাকে। এছাড়া যাত্রীদের প্রয়োজনমত ওঠানামার জায়গা হিসাবেও আন্ডারপাস ব্যবহাত হয়। চিত্র ১.১৫-এ ভূগর্ভস্থ পথের একটি উদাহরণ দেওয়া হল।



চিত্র ১.১৫ পথচারীদের জন্য ভূগর্ভস্থ পথ

১.৯ যান চলাচলের ভূগর্ভস্থ পথ (Vehicular Underpass)

রেল লাইন বা বড় রাস্তার তলা দিয়ে যান চলাচলের জন্য ভূগর্ভস্থ পথ বা ভেহিকুলার আন্ডারপাস থাকে (চিত্র ১.১৬)। ভূগর্ভস্থ পথে গাড়ির স্পিড ধীরে রাখা অত্যন্ত জরুরী কারণ এখানে পর্যাপ্ত সাইট ডিস্ট্যান্স পাওয়া যায় না। আন্ডারপাসে ওভারটেকিং করাও অত্যন্ত বিপজ্জনক। এই ধরনের পথ নিরাপদ, তাই এর জন্য প্রয়োজন হলে বেশী রাস্তা গিয়েও বেআইনি এবং ঝুঁকিপূর্দ ইউ-টার্ন এড়ানো উচিত।



চিত্র ১.১৬ যানচলাচলের ভূগর্ভস্থ পথ

১.১০ ওভারপাস (Overpass)

যখন কোন হাইওয়ে বা রিজ মাটি বা গ্রাউন্ড লেভেলের বেশ কিছুটা উপরে তৈরী করা হয়, তাকে ওভারপাস বলা হয় (চিত্র ১.১৭)। আন্ডারপাস বা ওভারপাসের উদ্দেশ্যই হল যানজট কমানো এবং দুই তলের যানবাহনের মধ্যে সংঘাত এড়ানো। ওভারপাসে গাড়ির গতি সাধারণত বেশী থাকে। সেই কারণে ওভারপাসে গাড়ী চালানোর সময় গতিসীমা বা স্পিড লিমিট মেনে চলুন এবং সতর্কতার সঙ্গে গাড়ী চালান।



চিত্র ১.১৭ ওভারপাস

১.১১ ফুট ওভার ব্রীজ (Foot Over Bridge)

পথচারীদের নিরাপদে রাস্তা পারাপারের জন্য ফুট ওভার ব্রীজ তৈরী করা হয়। সাধারণত এগুলি বড় ও ব্যস্ত রাস্তার উপরেই দেখা যায়। কিন্তু অনেক সময়ই পথচারীরা ফুট ওভার ব্রীজ ব্যবহার না করে (অতিরিক্ত সিঁড়ি ভাঙার ভয়ে) রাস্তা দিয়েই পারাপার করার চেষ্টা করেন। এই ধরনের বিপজ্জনক প্রবণতার জন্য গাড়ীর চালকদের সতর্ক থাকা প্রয়োজন এবং যেখানে ফুট ওভার ব্রীজ আছে, সেখানেও গতি কমিয়ে সাবধানতার সঙ্গে গাড়ী চালানো উচিত।

১.১২ মূল্যায়ন

এই অধ্যায়ে আলোচিত বিষয়গুলির উপর নিম্নলিখিত প্রশ্নগুলি দেওয়া হল। প্রতিটি প্রশ্নের একাধিক সম্ভাব্য উত্তর দেওয়া আছে, সঠিক উত্তরটি বেছে নিন।

১। শহরাঞ্চলের কোন् রাস্তায় সর্বোচ্চ গতিতে গাড়ী চালানো যায় ?

- (ক) আর্টেরিয়াল রোড
- (খ) এক্সপ্রেসওয়ে
- (গ) স্থানীয় রাস্তা
- (ঘ) কালেক্টর রোড

২। শোল্ডার কী কারণে দেওয়া হয় ?

- (ক) যান চলাচলের জন্য
- (খ) হঠাতে গাড়ী থামানোর প্রয়োজনে
- (গ) পাথর দিয়ে বাঁধিয়ে পেভমেন্ট সুরক্ষিত করার জন্য
- (ঘ) গাড়ী পার্কিং করার জন্য

৩। শহরের বাইরের কোন্ রাস্তায় সংযোগ স্থাপনই সবচেয়ে গুরুত্বপূর্ণ ?

- (ক) জাতীয় সড়ক
- (খ) প্রাচীণ সড়ক
- (গ) গুরুত্বপূর্ণ জেলা সড়ক
- (ঘ) রাজ্য সড়ক

৪। রাস্তার কোন্ অংশ দিয়ে যান চলাচল করে ?

- (ক) মিডিয়ান
- (খ) কার্ব
- (গ) শোল্ডার
- (ঘ) ক্যারেজওয়ে

৫। মিডিয়ানের কার্যকারিতা কী ?

- (ক) ক্যারেজওয়ে এবং শোল্ডার পৃথক করা
- (খ) দ্বিমুখী যান চলাচলকে বিভক্ত করা
- (গ) গাড়ী পার্ক করা
- (ঘ) উপরের উল্লিখিত সব কটি

৬। ওভারহেড স্ট্রাকচারের সর্বনিম্ন বিন্দুর সঙ্গে ক্যারেজওয়ের সর্বোচ্চ বিন্দুর তফাংকে কী বলে ?

- (ক) সাইট ডিস্ট্যান্স
- (খ) ল্যাটারাল ক্লিয়ারেন্স
- (গ) কার্ব
- (ঘ) ভার্টিক্যাল ক্লিয়ারেন্স

৭। রাস্তার কোন্ অংশে ঘড়ির কাঁটার অভিমুখে গাড়ী চালাতে হয় ?

- (ক) মিডিয়ান
- (খ) ট্র্যাফিক রোটারি
- (গ) শোল্ডার
- (ঘ) বাইপাস

৮। যদি শহরে প্রবেশ করার প্রয়োজন না থাকে তাহলে শহরের ভিড় এড়াতে কোন্ রাস্তা ব্যবহার করা উচিত ?

- (ক) লোকাল স্ট্রিট
- (খ) ট্র্যাফিক রোটারি
- (গ) বাইপাস
- (ঘ) ফুট ওভার ব্রীজ

৯। কার্ব-এর কার্যকারিতা কী ?

- (ক) পেন্ডেমেন্টের প্রান্তকে মজবুত করা
- (খ) গাড়ী পার্ক করা
- (গ) বিপরীতমুখী যান চলাচলকে আলাদা করা
- (ঘ) উপরের কোনটিই নয়

১০। রাস্তার সংযোগস্থলে সংঘর্ষের সংখ্যা কমাতে কী দেওয়া হয় ?

- (ক) ট্র্যাফিক সিগন্যাল
- (খ) উড়ালপুল
- (গ) ইন্টারচেঞ্জ
- (ঘ) উপরের সব কটি



তাথ্যাম

১২



রোড সাইন

স্বাতী মেত্র
কিঞ্জল ভট্টাচার্য

২.১ ভূমিকা

রেললাইনের মতো সোজা সরলরেখায় একই নিয়মে সড়কপথ হয় না। সড়কপথ ধরে গাড়ী চালাতে গেলে নিয়মিত নানারকম বাঁক (curve), রাস্তার সংযোগস্থল (intersection), স্কুল ও হাসপাতালের মতো স্পর্শকাতর অঞ্চল (sensitive area)-ও আসে। এছাড়াও একই রাস্তায় অন্যান্য যানবাহন ও পথচারীরাও থাকতে পারে। সেই কারণে, গাড়ী চালানোর সময় চালকের নিজের এবং অন্যান্যদের নিরাপত্তার স্থাথেই রাস্তার পরিস্থিতি ও বিভিন্ন বৈশিষ্ট্যগুলি সমন্বে ওয়াকিবহাল থাকাটা অত্যন্ত জরুরী। এই পরিপ্রেক্ষিতে পথচিহ্ন বা রোড সাইনকে আমাদের প্রকৃত বন্ধু বলা যেতে পারে কারণ এই পথচিহ্নে বর্ণিত নির্দেশগুলি আমাদের যাত্রাকে নিরাপদ ও সহায়ক করে তোলে। গাড়ী চালানোর সময় পথচিহ্ন দেখে আমরা আগাম সতর্ক হয়ে যাই। রাস্তা সম্পন্নীয় বিভিন্ন বিষয় ও নিয়ম কানুনও জানা যায় এই রোড সাইন দেখেই। রোড সাইনের মূল উদ্দেশ্য দুটি :

- (ক) নিরাপদ, দক্ষ ও সুস্থিতাবে গাড়ী চালানোয় সহায়তা করা।
- (খ) রাস্তা সম্পর্কিত বিভিন্ন তথ্য, নিষেধাজ্ঞা ও নিয়মকানুন সমন্বে চালককে অবহিত করা।

২.২. পথ চলার আইন ও কোড অফ প্র্যাক্টিস

ইন্ডিয়ান মোটর ভেহিক্যালস অ্যাক্ট, ১৯৮৮ (Indian Motor Vehicles Act, 1988) এর ১১৬ ধারায় ট্যাফিক পরিস্থিতি অনুযায়ী বিভিন্ন ধরনের রোড সাইনের বর্ণনা আছে। কেন্দ্রীয় মোটর ভেহিক্যালস রুল, ১৯৮৯ (Central Motor Vehicles Rule, 1989)-এ রোড সাইনের আইনি দিকগুলির উল্লেখ আছে। ওয়েষ্ট বেঙ্গল মোটর ভেহিক্যালস আইন, ১৯৮৯ (West Bengal Motor Vehicles Rule, 1989)-এ পশ্চিমবঙ্গের জন্য নির্ধারিত নির্যমগুলির উল্লেখ রয়েছে। এছাড়া, ইন্ডিয়ান রোডস কংগ্রেস (Indian Roads Congress)-এর গাইড লাইন আই আর সি ৬৭-২০১২ (IRC : 67-2012)-এ রোড সাইন ও তার ব্যবহার, অবস্থান, গঠন ও রক্ষণাবেক্ষণের বিষয়ে বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে।

এই অধ্যায়ে রোড সাইনের গুরুত্ব ও কার্যকারিতা এবং বেশ কিছু সাধারণ রোড সাইন সমন্বে স্বল্প পরিচিতি পরবর্তী অংশগুলিতে দেওয়া হল। রোড সাইন সমন্বে বিশদে জানতে হলে আই আর সি : ৬৭-২০১২ দেখুন।

২.৩ রোড সাইনের কার্যকারিতা

পথচিহ্ন বা রোড সাইনের পাঁচটি কার্যকারিতা আছে, যা সবথেকের রাস্তার ক্ষেত্রেই প্রযোজ্য। এগুলি হল -

- (ক) রাস্তায় গাড়ী বা যেকোন যানবাহন চলাচলের সময় চালককে সহায়তা করা।
- (খ) গাড়ী চালকের দৃষ্টি ও মনোযোগ আকর্ষণ করা।
- (গ) সহজ ও সরল ভাবে পথচিহ্নগুলির মানে বা নির্দেশ চালকের কাছে প্রতিপন্ন করা।
- (ঘ) গাড়ীর চালকের সমীহ আদায় করা এবং সেইমত গাড়ী চালানোয় নির্দেশ দেওয়া।
- (ঙ) সঠিক অবস্থানের ভিত্তিতে পথচিহ্নগুলির নির্দেশ মেনে চলার জন্য চালককে যথেষ্ট সময় দেওয়া।

২.৪ রোড সাইন-এর অবস্থান (placement), পরিচালনা (operation) এবং সঙ্গতিপূর্ণতা (uniformity)

সঠিক স্থানে, নির্দিষ্ট দূরত্বে এবং পর্যাপ্ত দৃশ্যমানতা বজায় রেখে রোড সাইন বা পথচিহ্ন স্থাপন করা হয়। যানবাহন চালকেরা যথেষ্ট সময় নিয়ে নির্দেশিকা দেখে সেই অনুসারে গতি ও সুরক্ষা বিষয়ে যাতে ব্যবস্থা নিতে পারেন, তা সুনিশ্চিত করার জন্য নিরাপদ দূরত্বে পথচিহ্নগুলি স্থাপন করা হয়। গাড়ী চালানোর সময় চালকের মনোযোগ আকর্ষণ ও বোঝার সুবিধার্থে পথচিহ্নগুলির আকার, রঙ ইত্যাদি সঙ্গতিপূর্ণ (uniform) ভাবে করা হয়।

২.৫ পথচিহ্নের প্রকারভেদ

পথচিহ্নের তিনটি মূল ভাগ, যথা বাধ্যতামূলক (mandatory), সতর্কতামূলক (cautionary) এবং তথ্যসংক্রান্ত (informatory) (চিত্র ২.১)। এগুলি সমন্বয়ে বিস্তারিত আলোচনা পরবর্তী অংশগুলিতে রয়েছে।



চিত্র ২.১ পথচিহ্নের প্রকারভেদ

২.৫.১ বাধ্যতামূলক পথচিহ্ন (Mandatory Road Signs)

বাধ্যতামূলক পথচিহ্নগুলি অত্যন্ত জরুরী, কারণ এগুলির সঙ্গেই সরাসরি পথনিরাপত্তা জড়িয়ে রয়েছে। গাড়ীর চালকদের এই পথচিহ্নগুলি অবশ্যই মেনে চলা উচিত। এগুলি অমান্য করার অর্থ, আইন ভঙ্গ করা। সেই কারণে এই রোড সাইনগুলি খুবই গুরুত্বপূর্ণ। বাধ্যতামূলক পথচিহ্নগুলি সাধারণভাবে নিষেধমূলক (Prohibitory)। উদাহরণস্বরূপ 'Overtaking Prohibited' মানে ওভারটেক করা যাবে না; 'Parking Prohibited' মানে এখানে গাড়ী পার্কিং করা যাবে না; 'Speed Limit' অর্থাৎ নির্দেশিত গতির বেশী এই রাস্তায় গাড়ী চালান যাবে না ইত্যাদি। বাধ্যতামূলক রোড সাইনগুলিকে রাস্তায় খুব সহজেই চেনা যায় কারণ এগুলি সবই গোলাকৃতি (ব্যতিক্রম 'STOP' এবং 'GIVE WAY' রোড সাইন) হয়। চিত্র ২.২-এ কয়েকটি এই ধরনের রোড সাইন দেখানো হয়েছে।



চিত্র ২.২ বাধ্যতামূলক পথচিহ্নের উদাহরণ

২.৫.২ সতর্কতামূলক পথচিহ্ন (Cautionary Road Signs)

রাস্তার গতি-প্রকৃতি সর্বদাই পরিবর্তিত পরিস্থিতি বা সম্ভাব্য বিপদ ও বাধা সম্মতে চালককে আগাম সতর্ক করার জন্য সতর্কতামূলক পথচিহ্ন দেওয়া হয়। সাবধানতামূলক এই পথচিহ্নগুলি চালককে গাড়ীর স্পিড ও অন্যান্য গতিবিধি নিয়ন্ত্রণ করতে সাহায্য করে। এই ধরনের রোড সাইনও সহজেই চিনতে পারা যায়। এগুলি ত্রিকোণাকার এবং এর শীর্ষ উপরের দিকে থাকে। সাদা ব্যাকগাউন্ডে লাল বর্ডারসহ কালো কালি দিয়ে চিহ্নটি আঁকা থাকে। হেয়ারপিন বেন্ড (Hairpin Bend), ন্যারো ব্রিজ (Narrow Bridge), স্কুল সামনে (School Ahead) ইত্যাদি সতর্কতামূলক পথচিহ্নের উদাহরণ। চিত্র ২.৩-এ এই ধরনের কয়েকটি পথচিহ্ন দেখান হয়েছে।



চিত্র ২.৩ সতর্কতামূলক পথচিহ্নের উদাহরণ

২.৫.৩ তথ্যসংক্রান্ত পথচিহ্ন (Informatory Road Signs)

রাস্তা দিয়ে গাড়ী চালানোর সময় মাঝে মাঝে কিছু তথ্যের প্রয়োজন হয়, যেমন পেট্রল পাম্প, রেস্টোরা, বা কোনো নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর নির্দেশিকা ইত্যাদি। এই সব ক্ষেত্রে, তথ্যসংক্রান্ত পথচিহ্নগুলি আমাদের সহায়তা করে। এই ধরনের পথচিহ্নগুলি আয়তাকার হওয়ায় খুব সহজেই এদের চিনতে পারা যায়। চিত্র ২.৪-এ এই ধরনের কয়েকটি রোড সাইন দেখানো হয়েছে।



চিত্র ২.৪ তথ্যসংক্রান্ত পথচিহ্নের উদাহরণ

তথ্যসংক্রান্ত দিক নির্দেশক পথচিহ্নগুলিতে (Direction Informatory Sign) জায়গার নাম, দূরত্ব এবং তার দিকনির্দেশ থাকে। এগুলি আয়তাকার হয়, তবে রাস্তার প্রকারভেদে এই পথচিহ্নগুলির রঙের তারতম্য হয়, যা দেখে বোঝা যায় কোন ধরনের রাস্তা দিয়ে গাড়ী চলছে। রাস্তার প্রকারভেদে বিভিন্ন রঙের দিক নির্দেশক পথচিহ্নগুলি টেবিল ২.১-এ দেওয়া হল।

টেবিল ২.১ রাস্তার প্রকারভেদে বিভিন্ন ধরনের দিক নির্দেশক পথচিহ্ন

রাস্তার প্রকারভেদ	ভিতরের রঙ	তারচিক/বর্ডার/অক্ষরের রঙ
এক্সপ্রেসওয়ে	নীল	সাদা
জাতীয় সড়ক	সবুজ	সাদা
রাজ্য সড়ক	সবুজ	সাদা
গুরুত্বপূর্ণ জেলা সড়ক	সবুজ	সাদা
গ্রামীণ রাস্তা	সাদা	কালো
শহরের রাস্তা	নীল	সাদা

২.৬ বাধ্যতামূলক পথচিহ্ন

টেবিল ২.২-এ গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি বাধ্যতামূলক রোড সাইনের ছবি ও বর্ণনা দেওয়া হয়েছে। এই সাইনগুলিকে তাদের কার্যকারিতার ভিত্তিতে ছয়টি ভাগে ভাগ করা যায়।

- (ক) স্টপ (STOP) এবং গিভ ওয়ে (GIVE WAY) সাইন
- (খ) প্রহিবিটরি (Prohibitory) বা নিয়েধাজ্ঞামূলক সাইন
- (গ) নো পার্কিং (No Parking) এবং নো স্টপিং (No Stopping) সাইন
- (ঘ) গতি নিয়ন্ত্রণ (Speed Limit) এবং যান নিয়ন্ত্রণ (Vehicle Control) সাইন
- (ঙ) রেস্ট্রিকশন এন্ডস্ (Restriction Ends) বা নিয়েধাজ্ঞা সমাপ্ত সাইন
- (চ) কম্পোলসারি ডিরেকশন কন্ট্রোল (Compulsory Direction Control) বা বাধ্যতামূলক দিক নিয়ন্ত্রণ এবং অন্যান্য রোড সাইন

নিয়েধাজ্ঞামূলক রোড সাইনগুলি সাধারণত রাস্তার দুই দিকে থাকে। নিম্নলিখিত বিশেষ পরিস্থিতিতে এগুলি একদিকেও থাকতে পারে।

- নিয়েধাজ্ঞা কেবলমাত্র একদিকের রাস্তার জন্যই প্রযোজ্য, অন্যদিকের জন্য নয়।
- দুই রাস্তার সংযোগস্থলে, যেখানে একমুখী রাস্তা গিয়ে মিশেছে দ্বিমুখী রাস্তায়।
- রাস্তার সংযোগস্থলে ক্যারেজওয়ের প্রস্থ (Width) ৫ মিটারের কম এবং রোড সাইনের সেন্টার লাইন (Centre Line) ক্যারেজওয়ের ২ মিটারের মধ্যে অবস্থিত হলে।

বাধ্যতামূলক পথচিহ্নগুলিকে নির্দেশ পালনের প্রযোজ্য স্থানে বা তার নিকটে রাখা হয়।

টেবিল ২.২ বাধ্যতামূলক পথচিহ্ন এবং তার বর্ণনা

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
ক	“স্টপ” এবং “গিভ ওয়ে” পথচিহ্ন		
ক১		স্টপ	<p>উদ্দেশ্য</p> <p>এটি গাড়ীকে সম্পূর্ণ থামানোর উদ্দেশ্যে ব্যবহার করা হয়। ছোটো রাস্তা থেকে বড় রাস্তায় প্রবেশের আগে সাধারণত এই চিহ্ন দেওয়া হয়। এই চিহ্ন দেখলে চালকের উচিত গাড়ী থামানো এবং এরপর বিপদ নেই বুঝে পরিস্থিতি অনুযায়ী ধীর গতিতে স্টপ লাইন পেরিয়ে বড় রাস্তায় প্রবেশ করা।</p> <p>স্থান</p> <p>রাস্তার বাঁদিকে এই চিহ্নটি স্থাপন করা হয়। স্টপ লাইনের কাছে এমনভাবে এটি রাখা হয়, যাতে এর দ্বারা বড় রাস্তা কোনভাবেই আড়ালপ্রাপ্ত না হয়। রাস্তার উপর সাদা রঙের স্টপ লাইন থেকে সাধারণত ১.৫ মিটার আগে স্টপ রোড সাইনটি দেখা যায়।</p> 
ক২		গিভ ওয়ে	<p>উদ্দেশ্য</p> <p>দুটি রাস্তা যখন একে অপরের সঙ্গে মেশে, তখন মোড় বা ইন্টারসেকশনের কাছে অপেক্ষাকৃত ছোট বা কম গুরুত্বপূর্ণ রাস্তায় এই পথ চিহ্নটি দেওয়া হয়। যখন ছোট রাস্তা দিয়ে সংযোগস্থলের দিকে এগোবেন, তখন এই চিহ্ন দেখলে বড় রাস্তার ট্র্যাফিককে অগ্রাধিকার দিন। প্রয়োজনমত আপনার গাড়ীকে থামিয়ে বা গতি কমিয়ে সর্বক্ষণের সঙ্গে ইন্টারসেকশনটি পেরোন।</p> <p>স্থান</p> <p>যেখানে গাড়ীর গতি নিয়ন্ত্রণ বা থামানোর দরকার তার কিছুটা আগেই এই চিহ্নটি স্থাপন করা হয়। বড় রাস্তায় প্রবেশের আগে ছোট রাস্তার সংযোগ স্থলে এই রোড সাইনটি দেখতে পাওয়া যায়। গিভ ওয়ে রোড সাইনের ক্ষেত্রে গাড়ী থামানো আবশ্যিক না হলেও, স্পিড কমানো অত্যন্ত গুরুত্বপূর্ণ। ট্র্যাফিক রোটারির ক্ষেত্রে ডানদিকের ট্র্যাফিককে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং পাহাড়ী রাস্তায় চড়াই (Uphill)-এ আসতে থাকা গাড়ীকে অগ্রাধিকার দেওয়ার জন্য এই গিভ ওয়ে সাইনটি ব্যবহার করা হয়। গাড়ী পার্কিং-এর ক্ষেত্রেও বড় রাস্তার ট্র্যাফিককে অগ্রাধিকার দিতে এই পথচিহ্নটি রাখা হয়।</p> 

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
খ	নিষেধাজ্ঞামূলক পথচিহ্ন		
খ১		গরুর গাড়ি এবং হাতে টানা গাড়ির প্রবেশ নিষেধ	যে রাস্তায় গরুর গাড়ি, হাতে টানা গাড়ি, ঠেলা গাড়ি ইত্যাদি ধীর গতির যানের (সাইকেল ছাড়া) প্রবেশ নিষেধ, সেখানে এই চিহ্ন স্থাপন করা হয়।
খ২		গাড়ির প্রবেশ নিষেধ	যে রাস্তায় গাড়ি চলাচল নিষেধ, সেখানে এই চিহ্ন দেওয়া হয়।
খ৩		ট্রাক নিষেধ	যে রাস্তায় ট্রাক চলাচল নিষেধ, সেখানে এই চিহ্ন স্থাপন করা হয়।
খ৪		দু'চাকার মোটর যান নিষেধ	হাইওয়ে বা হাইওয়ের অংশ বিশেষে যেখানে দু'চাকার মোটর গাড়ির প্রবেশ নিষেধ, সেখানে এই পথচিহ্নটি দেওয়া হয়।
খ৫		সাইকেল নিষেধ	যে রাস্তায় সাইকেল চলাচল নিষেধ, সেখানে এই চিহ্ন স্থাপন করা হয়।
খ৬		হর্ণ বাজানো নিষেধ	যে রাস্তায় জোরে শব্দ করা বা হর্ণ বাজানো নিষেধ, যথা হাসপাতাল, স্কুল ইত্যাদি, সেই স্থানের কাছে এই চিহ্নটি ব্যবহার করা হয়।
খ৭		প্রবেশ নিষেধ	যেখানে যানবাহনের প্রবেশ নিষেধ, সেখানে এই চিহ্নটি দেওয়া হয়। সাধারণত ওয়ান ওয়ে রাস্তার শেষে (যাতে উল্টোদিকের যান প্রবেশ না করে) এবং ওয়ান ওয়ে রাস্তার অন্তর্বর্তী সংযোগস্থলগুলিতে এই চিহ্নটি দেওয়া থাকে। রাস্তার বাঁদিকে যেদিক থেকে গাড়ি প্রবেশ করার আশঙ্কা রয়েছে, সেখানেই এই চিহ্ন স্থাপন করা হয়।
খ৮		ওয়ান ওয়ে	যে রাস্তা একমুখী বা ওয়ান ওয়ে, তার শুরুতে এবং অন্তর্বর্তী সংযোগস্থলগুলিতে এই চিহ্ন স্থাপন করা হয়। যেখানে সিগন্যাল ব্যবস্থা নেই, সেই রাস্তার বাঁদিকের কোণে এবং সংযোগস্থলের ডানদিকের কোণে এই চিহ্নটি দেওয়া হয়। ওয়ান ওয়ে চিহ্নটি ট্রাফিকের দিকে মুখ করে রাস্তার বাতিস্তস্ত বা ট্র্যাফিক সিগন্যালের স্তরে লাগানো থাকে।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
খ১৯		ডানদিকে / বাঁদিকে প্রবেশ নিয়েধ	রাস্তার সংযোগস্থলে, যেখানে সিগন্যাল ব্যবহৃত নেই (ইংরাজীর T আকৃতির মতো) সেখানে ট্রাফিককে কোন একদিকে চালিত করতে হলে এই ধরনের পথচিহ্ন দেওয়া হয়ে থাকে। ডানদিকে বা বাঁদিকে প্রবেশ নিয়েধ থাকলে এই পথচিহ্ন ব্যবহার করা হয়। অনেক সময় রাস্তার সংযোগস্থলে যেখানে ওয়ান ওয়ে রাস্তা রয়েছে সেখানে এই চিহ্ন দেখতে পাওয়া যায়।
খ১৩		ওভারটেকিং নিয়েদ্ব	যে রাস্তায় সাইট ডিস্ট্যান্স কম এবং ওভারটেক করলে যথেষ্ট ঝুঁকির সম্ভাবনা রয়েছে, সেই রাস্তার শুরুতে এবং অন্তর্ভুক্ত অংশে, ওভারটেকিং নিয়েদ্ব রোড সাইনটি দেখতে পাওয়া যায়। এই চিহ্ন দেখলে কখনই সামনের গাড়ীকে ওভারটেক করবেন না। অপেক্ষা করলে, ঝুঁকিপ্রদ স্থান পেরিয়ে যেতে, তারপর প্রয়োজন হলে সতর্কতার সঙ্গে সামনের গাড়ীকে ওভারটেক করলে।
খ১১		ইউ-টার্ন নিয়েদ্ব	যেখানে ট্রাফিকের বিপরীত মুখে গাড়ী ঘোরানো সম্পূর্ণরূপে নিয়েদ্ব, সেখানে এই পথচিহ্নটি ব্যবহৃত হয়।

গ নো স্টপিং এবং নো স্ট্যান্ডিং পথচিহ্ন

গ১		দাঁড়ানো নিয়েধ	এই চিহ্নের অর্থ এখানে গাড়ী দাঁড় করানো নিয়েদ্ব। কখনও কখনও এই রোড সাইনের সঙ্গে ইংরাজী বা স্থানীয় কোনো ভাষাতেও ‘নো স্ট্যান্ডিং’ কথাটি লেখা থাকে। যদি দিনের কোনো বিশেষ সময়ের জন্য বা সপ্তাহের কোন নির্দিষ্ট দিনের জন্য এই নিয়েধাজ্ঞা জারি থাকে, তাহলে সেটাও আলাদা করে লেখা থাকতে পারে। যদিও প্যাসেঞ্জার ও ঠানামার জন্য এক্ষেত্রে অল্প সময় থামা যেতে পারে।
গ২		থামা এবং দাঁড়ানো সম্পূর্ণ নিয়েধ	কোনো রাস্তায়, যেখানে যান নিয়ন্ত্রক কর্তৃপক্ষের সিদ্ধান্তে গাড়ীর থামা বা দাঁড়িয়ে থাকা সম্পূর্ণভাবে নিয়েদ্ব (এমনকি মুহূর্তের জন্য হলোও), সেখানে এই পথচিহ্নটি দেখতে পাওয়া যায়। কেবলমাত্র আগৎকালীন অবস্থায় ও পুলিশের নির্দেশেই এখানে গাড়ী দাঁড় করানো যেতে পারে।
গ৩		পার্কিং নিয়েধ	শহরাঞ্চলে রাস্তার ধারে বা ক্যারেজওয়েতে যেখানে গাড়ি পার্ক করা নিয়েদ্ব, সেইখানে এই চিহ্নটি স্থাপন করা হয়। রাস্তার যে অংশে পার্কিং নিয়েদ্ব তার শুরুতে এবং শেষে এই চিহ্নটি দেওয়া থাকে।
গ৪		ফুটপাথে পার্কিং নিয়েধ	যেখানে ফুটপাথের উপর গাড়ি পার্ক করা বারণ, সেখানে এই চিহ্ন স্থাপন করা হয়। যান নিয়ন্ত্রক কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ফুটপাথে পার্কিং করবেন না।

ঘ গতি নিয়ন্ত্রণ এবং যান নিয়ন্ত্রণ পথচিহ্ন

ঘ১		অ্যাক্সেলের ভার বহনের সীমারেখা	গাড়ীর অ্যাক্সেল (Axle)-এর ভার বহনের উত্থসীমা নির্দেশক এই রোড সাইন। যে রাস্তায় এই পথচিহ্ন থাকে, সেখানে নির্দেশিত উত্থসীমার বেশি ভারবাহী অ্যাক্সেলযুক্ত গাড়ী বা ট্রাকের প্রবেশ নিয়েধ।
----	---	-----------------------------------	---

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
ঘ২		উচ্চতার সীমারেখা	এটি গাড়ির উচ্চতার (Height) উৎসীমা নির্দেশক রোড সাইন। রাস্তায় কোন ওভারহেড স্ট্রাকচার থাকলে, তার আগে এই পথচিহ্নটি দেওয়া থাকে। যে রাস্তায় এই পথচিহ্নটি দেওয়া হয়, সেখানে নির্ধারিত উচ্চতার বেশি যানবাহন চালানো নিষিদ্ধ।
ঘ৩		ওজনের সীমারেখা	যে রাস্তায় এই পথচিহ্নটি দেওয়া হয় সেখানে নির্দেশিত উৎসীমার বেশি ভারবাহী গাড়ী বা ট্রাকের প্রবেশ নিয়েধ।
ঘ৪		প্রস্থের সীমারেখা	যে রাস্তায় এই রোড সাইনটি দেওয়া হয়, সেখানে নির্দেশিত উৎসীমার বেশি প্রস্থযুক্ত (চওড়া) যানবাহনের প্রবেশ নিয়েধ।
ঘ৫		সর্বোচ্চ গতিসীমা	সর্বোচ্চ গতিসীমা নির্দেশক পথচিহ্নটি রাস্তার যে অংশের জন্য প্রযোজ্য, তার শুরুতেই স্থাপন করা হয়। রোড সাইনে উল্লিখিত গতি কিলোমিটার প্রতি ঘন্টায় (km/hr) লেখা থাকে। যানের প্রকৃতি অনুযায়ী (গাড়ী, বাস বা ট্রাক) স্পিড লিমিট নির্দেশিত হয়।
ঝ		নিষেধাজ্ঞা সমাপ্ত	এই বিশেষ পথচিহ্নটি পূর্ব নির্ধারিত সমস্ত নিষেধাজ্ঞার সমাপ্তি বোবানোর জন্য ব্যবহার করা হয়।
ঢ	বাধ্যতামূলক দিক নিয়ন্ত্রণ ও অন্যান্য পথচিহ্ন		
ঢ১		বাধ্যতামূলক সোজা, বাধ্যতামূলক সোজা অথবা ডান দিক, বাধ্যতামূলক সোজা অথবা বাঁ দিক	এই পথচিহ্নগুলি গাড়ী আইনত কোন দিকে যাবে তা নির্দেশ করে এবং সেই মত এদের অবস্থান নির্ধারিত হয়।
ঢ২		বাধ্যতামূলক ডান/ বাঁ দিকে ঘোরা	এই পথচিহ্নগুলি আইনত রাস্তার ডানদিকে বা বাঁদিকে বাধ্যতামূলক প্রবেশের দিক নির্দেশ করে।
ঢ৩		সামনের মোড় থেকে বাধ্যতামূলক ডান বা বাঁদিকে ঘোরা	রাস্তার সংযোগস্থলের কিছু আগে যেখানে আইনত ডানদিকে অথবা বাঁদিকে যুরতে হবে, সেখানে এই চিহ্ন স্থাপন করা হয়। বাধ্যতামূলক বাঁদিকে ঘোরার চিহ্ন রাস্তার মাঝের কোনও আইল্যান্ডেও স্থাপন করা হয়, যাতে চালক তা দেখতে পান।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
চ৪		বাধ্যতামূলক ডানদিক/বাঁদিক দিয়ে চালান	যেখানে বাধ্যতামূলকভাবে বাঁদিক দিয়ে গাড়ী চালাতে হয়, যথা ট্র্যাফিক আইল্যান্ড, ডিভাইডার, মিডিয়ান ইত্যাদি, সেখানে এই চিহ্ন স্থাপন করা হয়। বিচ্ছিন্ন মিডিয়ান পুনরায় শুরু হলে তার সম্মুখে এই পথচিহ্নটি দেওয়া হয়। বাধ্যতামূলক ডানদিকে দিয়ে চালানোর চিহ্ন সেখানেই থাকে, যেখানে রাস্তার বাঁদিকে কোন নির্মাণ কাজ হচ্ছে।
চ৫		দু'দিক দিয়েই যাওয়া যায়	ওয়ান ওয়ে রাস্তায় যদি কোনো ট্র্যাফিক আইল্যান্ড থাকে, যেখানে দু'দিক দিয়েই যাওয়া যেতে পারে, সেই সব জায়গায় এই রোড সাইনটি দেওয়া হয়ে থাকে।
চ৬		বাধ্যতামূলক সাইকেল ট্র্যাক/ শুধুমাত্র সাইকেল আরোহীদের জন্য	সাইকেল আরোহীদের জন্য নির্দিষ্ট করা রাস্তার শুরুতেই এই চিহ্ন দেওয়া থাকে। এই পথচিহ্নটি দেওয়ার অর্থ সেই রাস্তা দিয়ে সাইকেল ছাড়া অন্য কোনোরকম যানবাহনের প্রবেশ নিয়েধ।
চ৭		শুধুমাত্র পথচারীদের জন্য	যে রাস্তায় এই পথচিহ্নটি স্থাপন করা হয় সেখানে সমস্তরকম যানবাহন চলাচল নিয়ন্ত। অনেক সময় পথচিহ্নটির সঙ্গে ইংরাজী বা স্থানীয় ভাষায় ‘পথচারীদের জন্য’ (Pedestrians Only) লেখাটি দেখা যায়।
চ৮		বাস ওয়ে/শুধুমাত্র বাসের জন্য	এই পথচিহ্নটি যে রাস্তায় দেওয়া থাকে, সেখানে বাস ছাড়া অন্য কোনোরকম যানবাহনের প্রবেশ নিয়েধ। চিহ্নের সঙ্গে অনেক সময়ই কেবলমাত্র বাসের জন্য (Buses Only) কথাটি লেখা থাকে।
চ৯		হর্ণ বাজানো বাধ্যতামূলক	এই পথচিহ্ন দেখলে মোটরযান চালকদের অবশ্যই হর্ণ বাজাতে হবে। সাধারণত রাস্তার বাঁকে, যেখানে পর্যাপ্ত সাইট ডিস্ট্যান্স নেই, সেখানে এই পথচিহ্ন ব্যবহার করা হয়।

২.৭ সতর্কতামূলক পথচিহ্ন

রাস্তায় গাড়ী চালানোর সময় সন্তান্য বিপদ বা ঝুঁকি সম্বন্ধে আগাম সতর্কতা জারি ও সেইমত চালককে সাবধান করার জন্য
সতর্কতামূলক পথচিহ্ন ব্যবহার করা হয়। টেবিল ২.৩-এ কয়েকটি উল্লেখযোগ্য সতর্কতামূলক রোড সাইনের বর্ণনা আছে।

এই ধরনের পথচিহ্নগুলি ত্রিকোণাকার, যার শীর্ষবিন্দুটি উপরের দিকে এবং ভূমি (Base) মাটির সঙ্গে সমান্তরালভাবে থাকে। লাল
বর্ডারসহ সাদা ব্যাকগ্রাউন্ডে কালো কালি দিয়ে সংকেতটি বোঝানো হয়। কখনও কখনও কোন রাস্তায় একসঙ্গে একাধিক সতর্কতামূলক
পথচিহ্নগুলি দেখতে পাওয়া যায়। সেক্ষেত্রে সন্তান্য প্রথম ঝুঁকিপূর্ণ স্থানের সঙ্গে সম্পর্কযুক্ত চিহ্নটিকে সবার আগে রাখা হয়।

টেবিল ২.৩ সর্তকতামূলক পথচিহ্ন ও তার বিবরণ

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
১		বাঁদিকে বা ডানদিকে বাঁক	এই চিহ্নগুলি চালককে সচেতন করা এবং সাবধানে গতি নিয়ন্ত্রণ করে সামনের বাঁকের মুখোমুখি হতে সহায়তা করে। এই ধরনের পরিস্থিতিতে সাধারণ গতিসীমার থেকে কম গতিতে গাড়ী চালানো নিরাপত্তার দিক থেকে অনুকূল।
২		ডানে/বাঁয়ে হেয়ারপিন বেন্ড	যেখানে খুব সূক্ষ্ম বাঁক (কম ব্যাসার্ধ যুক্ত বাঁক) থাকার জন্য রাস্তা প্রায় উল্টোদিকে ঘুরে গিয়েছে, সেখানে গতি নিয়ন্ত্রণ করে চালককে সর্তক করে দেওয়ার জন্য এই ধরনের হেয়ারপিন বেন্ড পথচিহ্ন দেওয়া হয়।
৩		ডান/বাঁ দিকে রিভার্স বেন্ড	যেখানে পরপর দুটি উল্টোমুখি বাঁক (Curves in Opposite Direction) থাকে, সেখানে চালককে সর্তক করতে এই ধরনের পথচিহ্ন স্থাপন করা হয়। যদি প্রথম বাঁকটি ডান দিকে হয়, তাহলে রাইট রিভার্স বেন্ড এবং বাঁদিকে প্রথমে বাঁক হলে লেফট রিভার্স বেন্ড ব্যবহার করা হয়।
৪		পর পর বাঁক বা জিগ জ্যাগ বেন্ড	যদি সামনের রাস্তায় পর পর বাঁক থাকে বা রাস্তা খুব আঁকা-বাঁকা (Zig Zag) হয়, তাহলে চালককে সাবধান করার জন্য বাঁক রাস্তার আগে এই পথচিহ্ন দেওয়া থাকে।
৫		পাশে রাস্তা	মূল রাস্তার সঙ্গে ছোট রাস্তার সংযোগস্থলের বেশ কিছুটা আগে মূল বা বড় রাস্তায় এই চিহ্ন স্থাপন করা হয়। বড় রাস্তার চালককে পাশের ছোট রাস্তা থেকে আগত যথেষ্ট পরিমাণ ট্র্যাফিক সম্বন্ধে সর্তক করে দেওয়ার উদ্দেশ্যে এই পথচিহ্নগুলি দেওয়া হয়।
৬		Y-সংযোগস্থল	সামনে রাস্তা দুভাগে ভাগ হয়ে গেলে চালককে আগাম সর্তক করার জন্য সংযোগস্থলের কিছুটা আগে (অনেকটা ইংরেজী 'Y' অক্ষরের মত) এই পথচিহ্ন দেওয়া হয়।
৭		ক্রস রোড	যে রাস্তার সংযোগস্থলে বহুসংখ্যক যানবাহন বিভিন্ন দিক থেকে প্রবেশ করতে পারে এবং তার ফলে সাইট ডিস্ট্যান্স বাধাপ্রাপ্ত হয় ও সংঘর্ষের সন্তান থাকে সেখানে এই পথচিহ্ন ব্যবহার করা হয়।
৮		গোলাকার মোড় বা রাউন্ডঅ্যাবাউন্ট	রাস্তার মাঝে গোলাকার মোড় থাকলে গাড়ীর চালককে আগে থেকে সর্তক করার জন্য এই পথচিহ্ন দেওয়া হয়।
৯		T-সংযোগস্থল	যেখানে রাস্তার সংযোগস্থল বা ইন্টারসেকশন দেখতে অনেকটা ইংরেজী 'T' অক্ষরের মত, সেখানে এই পথচিহ্ন স্থাপন করা হয়। রাস্তার গুরুত্ব অনুযায়ী T-এর দুটি দাগের ঘনত্ব নির্ভর করে। যে রাস্তার গুরুত্ব বেশি, তার দাগের ঘনত্বও বেশি।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
১০		স্ট্যাগার্ড ইন্টারসেকশন	যেখানে দুটি মোড় বা ইন্টারসেকশন থাই কাছাকাছি অবস্থান করে, সেখানে এই ধরনের পথচিহ্ন ব্যবহার করা হয়।
১১		মার্জিং ট্র্যাফিক অ্যাহেড	যখন অপেক্ষাকৃত কোন ছোট রাস্তা বড় রাস্তায় মেশে, তখন বড় রাস্তার ট্র্যাফিককে ছোট রাস্তা থেকে আগত ট্র্যাফিক সম্বন্ধে সর্তক করার জন্য এই পথচিহ্নটি স্থাপন করা হয়।
১২		সামনে সরু রাস্তা	সামনে রাস্তার প্রস্থ (Width) হ্যাঁৎ করে গেলে, এই ধরনের রোড সাইন দেওয়া হয়। এর উদ্দেশ্য চালককে রাস্তা সম্বন্ধে আগে থেকেই অবহিত করা এবং স্পিড নিয়ন্ত্রণে রেখে সাবধানতার সঙ্গে গাড়ী চালাতে সহায়তা করা।
১৩		সামনে সরু ব্রীজ	যাত্রাপথে যদি কোনো অপশস্ত সাঁকো (Narrow Bridge) থাকে, যেখানে কার্ব এবং গাড়ীর চাকার মধ্যে দূরত্ব স্বাভাবিক অবস্থার থেকে কম, সেখানে এই ধরনের চিহ্ন স্থাপন করা হয়।
১৪		সামনে চড়াই	সামনের রাস্তা যদি খুব চড়াই হয় বা আপ গ্রেডিয়েন্ট যুক্ত হয়, তা চালককে আগাম জানানো এবং তার জন্য উপযুক্ত প্রস্তুতি ও সাবধানতা নেওয়ার জন্য এই রোড সাইনটি ব্যবহার করা হয়।
১৫		অপশস্ত ক্যারেজওয়ে	যাত্রা পথের কোন অংশে ক্যারেজওয়ের প্রস্থ কোন কারণে সহসা করে গেলে নির্দিষ্ট গতিতে চলতে থাকা গাড়ীর চালককে সাবধান করার উদ্দেশ্যে এই ধরনের পথচিহ্ন দেওয়া হয়। বিশেষ করে যদি দিমুখী যান চলাচলের রাস্তায় ক্যারেজওয়ের কিছু অংশ বন্ধ থাকে বা নির্মাণকার্যের জন্য বাধাপ্রাপ্ত হয় তাহলেও এই ধরনের চিহ্ন দেওয়া হয়।
১৬		মিডিয়ানে বিভাজন	বিভাজিত ক্যারেজওয়েতে মিডিয়ানের মাঝে যদি কোনো ফাঁক (Gap) থাকে (সংযোগস্থল ছাড়া), তা চালককে বোঝানোর জন্য এই পথচিহ্ন ব্যবহার করা হয়।
১৭		পথচারীদের পারাপার করার অপ্রয়োগ	যেখান দিয়ে পথচারীরা নিয়মিত পারাপার করেন, সেখানে গাড়ীর চালককে আগাম তথ্য দিতে কিছুটা আগে এই চিহ্ন স্থাপন করা হয়। অনেক সময় এই চিহ্ন একাধিকবার ব্যবহার করে চালককে বাড়তি সর্তক করা হয়।
১৮		সামনে স্কুল	যেখানে রাস্তার ধারে স্কুল রয়েছে এবং যেখান দিয়ে স্কুলের ছাত্র-ছাত্রীরা যাতায়াত করে, সেখানে চালককে সর্তক করার জন্য এই পথচিহ্নটি দেওয়া থাকে। এই চিহ্ন থাকলে চালকের উচিং সাবধানতার সঙ্গে এবং স্পিড কমিয়ে গাড়ী নিয়ন্ত্রণে রেখে পথটি অতিক্রম করা।
১৯		দুদিক দিয়েই যাতায়াত	একমুখী রাস্তায় (One-Way Traffic) গাড়ী চালানোর সময়, কোন কারণে সামনের রাস্তা দিমুখী যান চলাচলের জন্য (Two-Way Traffic) ব্যবহার করা হলে, সেই পরিস্থিতিতে এই পথচিহ্ন দেওয়া হয়। পরিবর্তিত রাস্তা সম্বন্ধে চালককে সচেতন করার জন্য এই সাইন ব্যবহার হয়। অনেক সময় আপৎকালীন পরিস্থিতিতে একটি লেন বন্ধ করে সমস্ত ট্রাফিককেই অন্য লেন দিয়ে যাতায়াত করানো হয়, সেক্ষেত্রেও এই পথচিহ্ন ব্যবহার করা হয়।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
২০		লেন বন্ধ	একাধিক লেনযুক্ত হাইওয়েতে নির্মাণ কাজ বা অন্য কোনো কারণে যদি একটি লেন বন্ধ করা থাকে, তা হলে যান চালককে আগাম সতর্ক করতে এই ধরনের পথচিহ্ন স্থাপন করা হয়।
২১		ডুয়াল ক্যারেজওয়েতে গতিপথ বদল	যান চালককে যানের গতিপথ পরিবর্তন সংক্রান্ত তথ্য দিতে এই পথচিহ্ন ব্যবহার করা হয়। সাধারণত ডুয়াল ক্যারেজওয়েয়ে রাস্তায় একটি ক্যারেজওয়ে নির্মাণকার্য বা অন্য কোন কারণে বন্ধ থাকলে ট্রাফিকের গতিপথ বদলের নির্দেশ দেওয়ার জন্য এই সাইনটি ব্যবহার করা হয়।
২২		কাজ চলছে	রাস্তায় বা তার পাশে কোন নির্মাণ কাজ চললে অথবা কাছাকাছি কোন ওভারহেড লাইনে কাজ চললে, সেইখানে বা তার নিকটস্থ রাস্তায় এই ধরনের পথচিহ্ন ব্যবহার করা হয়। এক্ষেত্রে চালকের উচিং গাড়ীর গতি কমিয়ে সাবধানে এই অবস্থাটি পেরিয়ে যাওয়া। সাধারণত এই চিহ্নের সঙ্গে কিছুটা দূরে 'End' চিহ্নও দেওয়া থাকে, যার আগে নির্মাণকার্য শেষ হয় এবং যার পরে গাড়ী আবার স্বাভাবিক নিয়মে চলতে পারে।
২৩		বিপদ সংকেত	সামনে কোনো বিপদ থাকলে তা চালককে আগাম জানিয়ে তার গতিবেগ নিয়ন্ত্রণ করার জন্য এই চিহ্ন ব্যবহার করা হয়।
২৪		প্রতিবন্ধাদের উপস্থিতি	রাস্তায় যদি কোনো প্রতিবন্ধাদের (দৃষ্টিহীন, মুক ও বধির) স্কুল থাকে, তাহলে সেখান দিয়ে সাবধানে গাড়ী চালানোর জন্য এবং চালককে আগাম সতর্ক করার জন্য এই পথচিহ্ন দেওয়া হয়। প্রথম চিহ্নটি মুক ও বধির এবং দ্বিতীয়টি দৃষ্টিহীন ব্যক্তিদের ক্ষেত্রে ব্যবহার করা হয়।
২৫		সাইকেল ক্রসিং	কোথাও যদি অনিয়ন্ত্রিত সাইকেল ক্রসিং থাকে, তাহলে আগাম সতর্কতা হিসেবে এই চিহ্ন ব্যবহার করা হয়।
২৬		সামনে সাইকেল রাস্তা (মিশ্র ট্রাফিকের ক্ষেত্রে সাইকেল রাস্তার আগাম সতর্কতা)	যেখান দিয়ে সাইকেল যাতায়াত করে তার আগে এই সতর্কতামূলক পথচিহ্ন দেওয়া হয় যাতে গাড়ীর গতি নিয়ন্ত্রণ করা যায়।
২৭		বিপজ্জনক গর্ত	রাস্তার মাঝে যদি কোথাও বিপজ্জনক গর্ত থাকে, যা যান চলাচলের পক্ষে অস্বস্তিদায়ক ও ঝুঁকিপ্রদ, তাহলে এই আগাম সতর্কতামূলক পথচিহ্নটি স্থাপন করা হয়।
২৮		স্পিড ব্রেকার	রাস্তার মাঝে গতি নিয়ন্ত্রণ করার জন্য স্পিড ব্রেকার থাকলে এই পথচিহ্নটি দেওয়া হয়। স্পিড ব্রেকারের কিছুটা আগেই এই পথচিহ্ন স্থাপন করা হয়, যাতে চালক সাবধানতা আবলম্বন করে এবং গাড়ীর কোন ক্ষতি না হয়।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
২৯		রাস্বল স্ট্রিপ	যেখানে যানবাহনের গতি শক্ত হাতে নিয়ন্ত্রণ করা প্রয়োজন, সেখানে রাস্তার বেশ খানিকটা অংশ পরপর স্পিড ব্রেকারের মত উঁচু-নীচু করা থাকে, একে রাস্বল স্ট্রিপ (Rumble Strip) বলে। রাস্বল স্ট্রিপ থাকলে গাড়ীর স্পিড কমানোর জন্য চালককে আগাম সতর্ক বার্তা দিতে এই পথ চিহ্নিত ব্যবহার করা হয়।
৩০		বিপজ্জনক খাদ	রাস্তার মাঝে যদি কোথাও কোনো বিপজ্জনক খাদ থাকে, তাহলে যানবাহনের গতি নিয়ন্ত্রণ করা অত্যন্ত জরুরী। সেই ক্ষেত্রে চালককে সাবধান করার জন্য এই পথচিহ্ন দেওয়া হয়।
৩১		যত্রত্র ছড়ানো নুড়ি-পাথর	রাস্তায় কোথাও বিপজ্জনকভাবে নুড়ি-পাথর ছড়ানো থাকলে তার থেকে চালকের সমস্যা হতে পারে। এই বিষয়ে আগাম সতর্ক থাকার জন্য এই পথচিহ্নটি দেওয়া হয়।
৩২		পিছল রাস্তা	রাস্তার কোনো অংশ যদি খুব পিছল হয়, চালককে তা আগাম জানান দিতে এই পথচিহ্ন ব্যবহার করা হয়।
৩৩		ওভারহেড কেব্ল	মাথার উপর দিয়ে যদি বিদ্যুৎবাহী তার যায়, সে বিষয়ে চালককে সতর্ক করতে এই পথচিহ্ন ব্যবহার করা হয়।
৩৪		সামনে খেলার মাঠ	সামনে শিশুদের খেলার মাঠ থাকলে, চালককে আগাম সতর্ক বার্তা দেওয়ার উদ্দেশ্যে এই রোড সাইনটি ব্যবহার করা হয়।
৩৫		নদীর ধারে বিপজ্জনক রাস্তা	রাস্তার ধারে যদি নদী বা অন্য কোন জলাশয় থাকে এবং সেক্ষেত্রে গাড়ীর জগে পড়ে যাওয়ার মত ঝুঁকি থাকে, তাহলে আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে এই পথচিহ্ন ব্যবহার করা হয়।
৩৬		সামনে সুড়ঙ্গপথ	রাস্তায় সামনে যদি কোথাও সুড়ঙ্গপথ থাকে, তাহলে গাড়ীর গতি নিয়ন্ত্রণ করে সাবধানে যাওয়ার জন্য চালককে আগাম সতর্ক বার্তা দিতে এই পথচিহ্ন দেওয়া হয়।
৩৭		গবাদি পশুর যাতায়াত	যে রাস্তায় গবাদি পশুর যাতায়াত, সেখানে চালককে গাড়ীর গতি কমিয়ে প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করার জন্য এই পথচিহ্নটি দেওয়া হয়।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
৩৮		সামনে বন্যপ্রাণীর যাতায়াতের সভাবনা	রাস্তার কোন অংশে যদি বন্যপ্রাণী যাতায়াতের সভাবনা থাকে, তাহলে গাড়ীর গতি কমিয়ে নিরাপদে যাওয়ার জন্য চালককে এই পথচিহ্নের মাধ্যমে সতর্কবার্তা দেওয়া হয়।
৩৯		অরক্ষিত রেলওয়ে ক্রসিং	যে রেলওয়ে লেভেল ক্রসিং-এ কোন রক্ষী বা গেট থাকে না, সেখানে এই পথচিহ্ন দেওয়া হয়। <ul style="list-style-type: none"> প্রথমাটি রেলওয়ে ক্রসিং-এর ২০০ মিটার আগে দেওয়া হয়। দ্বিতীয়টি সমতলের ক্ষেত্রে ৫০-১০০ মিটার আগে এবং পাহাড়ী অঞ্চলের ক্ষেত্রে ৩০-৬০ মিটার আগে দেওয়া হয়।
৪০		সুরক্ষিত রেলওয়ে ক্রসিং	যেখানে রক্ষী এবং রেলগেট রয়েছে, সেখানে চালককে সচেতন করতে এই পথচিহ্নগুলি দেওয়া হয়। <ul style="list-style-type: none"> প্রথমাটি রেলওয়ে ক্রসিং-এর ২০০ মিটার আগে দেওয়া হয়। দ্বিতীয়টি সমতলের ক্ষেত্রে ৫০-১০০ মিটার আগে এবং পাহাড়ী অঞ্চলের ক্ষেত্রে ৩০-৬০ মিটার আগে দেওয়া হয়।
৪১		শেভন (একটি, দুটি ও তিনটি)	কার্ড বা বাঁকযুক্ত রাস্তায়, কার্ডের প্রকৃতি (Sharpness) বোঝানোর জন্য শেভন চিহ্ন ব্যবহার করা হয়। কার্ডের বাইরের অংশে নির্দিষ্ট দূরত্বে এমনভাবে এই চিহ্নগুলি দেওয়া হয় যাতে চালক রাস্তার অ্যালাইনমেন্ট বা দিক পরিবর্তন অনুযায়ী সাবধানতার সঙ্গে কার্ড রাস্তাটি পেরোতে পারে। কার্ডের ব্যাসার্ধ বা প্রকৃতির উপর নির্ভর করে একটি, দুটি বা তিনটি শেভন চিহ্ন রাখা হয়।
৪২		হ্যাজার্ড মার্কার (বাঁদিকে, ডানদিকে, উভয়দিকে)	রাস্তার ধারে কোন বাধা যেমন সেতু, কালভার্ট, গাছ ইত্যাদি ঝুঁকির কারণ হলে, রেট্রোরিফ্লেক্টিভ হ্যাজার্ড মার্কার স্থাপন করা হয়। এটি এমনভাবে দেওয়া থাকে, যাতে চালক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার যথেষ্ট সময় পায়। বাঁদিকে বাধা (Hazard) থাকলে বাঁদিকের হ্যাজার্ড মার্কার দেওয়া হয়, যাতে গাড়ীর চালক বাঁদিক দিয়ে যেতে পারে। উভয় দিকের হ্যাজার্ড মার্কার থাকলে, যেমন ত্রিকোণাকার আইল্যাঙ্কের ক্ষেত্রে চালক দুদিক দিয়েই গাড়ী নিয়ে যেতে পারে।

২.৮ তথ্যসংক্রান্ত পথচিহ্ন

রাস্তা দিয়ে গাড়ী চালানোর সময় গাড়ীর অবস্থান, গন্তব্য ও নানারকম অন্যান্য তথ্যের প্রয়োজন হয়। তথ্যসংক্রান্ত পথচিহ্নগুলি এই বিষয়ে গাড়ীর চালকদের বিশেষ সাহায্য করে। এই ধরনের রোড সাইনগুলি চৌকো বা আয়তাকার, তাই সহজেই এদের চিনতে পারা যায়। এই পথচিহ্নগুলিকে কয়েকটি ভাগে ভাগ করা যায়ঃ

- পথনির্দেশ এবং স্থান পরিচিতি সংক্রান্ত চিহ্ন
- সুযোগসুবিধা সংক্রান্ত চিহ্ন
- অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য সংক্রান্ত চিহ্ন
- শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি সংক্রান্ত চিহ্ন
- রুট মার্কার

বিভিন্ন ধরনের এই রোড সাইনগুলি টেবিল ২.৪-এ বর্ণনা করা হল।

টেবিল ২.৪ তথ্যসংক্রান্ত পথচিহ্ন ও তার বিবরণ

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
ক		পথনির্দেশ এবং স্থান পরিচিতি চিহ্ন	এগুলির নানারকম কার্যকারিতা রয়েছে (ক) সামনের সংযোগস্থল কত দূরে তার আগাম তথ্য দেওয়া (খ) সংযোগস্থল কি প্রকারের সে সম্বন্ধে আগাম তথ্য দেওয়া (গ) বিভিন্ন রাস্তা থেকে গন্তব্যস্থান কত দূরে সে সম্বন্ধে আগাম তথ্য দেওয়া (ঘ) রাস্তা চিনতে এবং তার অবস্থান বুবাতে সহায়তা করা
খ	সুযোগসুবিধা সংক্রান্ত পথচিহ্ন		আয়তাকার নীল ব্যক্তিগত উপর সাদা চতুরঙ্গের ভিতর কালো কালিতে আঁকা
খ১		খাবার জায়গা	কাছাকাছি খাবার জায়গা আছে বোবাতে এই চিহ্নটি ব্যবহার করা হয়।
খ২		হালকা খাবার	কাছাকাছি কোনো জলখাবার বা হালকা টিফিন করার রেস্তোৱা থাকলে এই চিহ্ন ব্যবহার করা হয়।
খ৩		বিশ্রামাগার	থাকার বা বিশ্রাম নেওয়ার স্থান বা হোটেল বোবাতে এই চিহ্নটি ব্যবহার করা হয়।
খ৪		ফার্স্ট এইড পোষ্ট	দীর্ঘ যাত্রার সময়, বিশেষ করে গ্রামীণ এলাকায়, আচমকা বিপদে পড়লে প্রাথমিক চিকিৎসার সুবিধা আছে এমন স্থান বোবাতে এই চিহ্নটি দেওয়া থাকে।
খ৫		ট্যালেট	এই চিহ্নটি কাছে পিঠে ট্যালেট বা বাথরুম (পুরুষ ও মহিলাদের) আছে, এই তথ্য দেয়।
খ৬		জ্বালানী (পেট্রোল পাম্প)	দীর্ঘ যাত্রায় গ্রামীণ বা শহরাঞ্চলে জ্বালানী (সি. এন. জি. সহ) ভরার জন্য পেট্রোল পাম্পের সম্বান্ধ দেয় এই পথচিহ্নটি।
খ৭		হাসপাতাল	যাত্রা পথে কাছাকাছি হাসপাতাল থাকলে এই চিহ্নটি ব্যবহার করা হয়। একজন দায়িত্ববান চালক হিসাবে, কখনই এই স্থানে অথবা হর্ণ বাজিয়ে শব্দদূরণ করবেন না।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
খ১৮		পাবলিক টেলিফোন	দীর্ঘ যাত্রায়, বিশেষ করে থামীগ এলাকায়, পাবলিক টেলিফোন বুথ এবং সেটি কতদূরে তার সন্ধান দেয় এই পথচিহ্নটি।
খ১৯		পথচারীদের জন্য সাবওয়ে / ফুটওভার ব্রীজ	পথচারীদের জন্য সাবওয়ে/ ফুটওভার ব্রীজ থাকলে এই পথচিহ্নগুলির সাহায্যে তা বোঝা যায়।
খ১১০		থানা বা পুলিশ স্টেশন	কাছাকাছি কোথাও থানা থাকলে এই চিহ্নটি দেওয়া হয়।
খ১১১		যানবাহন সারানোর ব্যবস্থা	যাত্রাপথে বিকল যানবাহন সারাবার জায়গা বোঝাতে এই পথচিহ্নটি ব্যবহার করা হয়।
খ১১২		রেল স্টেশন/ মেট্রো স্টেশন/ মনো রেল স্টেশন	রেল স্টেশন/ মেট্রো স্টেশন/ মনো রেল স্টেশনের মতো গণপরিবহন ব্যবস্থা থাকলে এই রোড সাইনটি স্থাপন করা হয়।
খ১১৩		শিল্পাঞ্চল	কাছাকাছি শিল্পাঞ্চল বা কলকারখানা রয়েছে বোঝাতে এই চিহ্নটি ব্যবহার করা হয়।
খ১১৪		সাইকেল রিক্ষা/ অটো রিক্ষা /ট্যাক্সি স্ট্যান্ড	এই পথচিহ্নগুলি সাইকেল রিক্ষা, অটো রিক্ষা ও ট্যাক্সি স্ট্যান্ড বোঝাতে ব্যবহার করা হয়।
খ১১৫		বিমান বন্দর	কাছাকাছি বিমান বন্দর থাকলে এই চিহ্নটি দেওয়া হয়।
খ১১৬		জাতীয় ঐতিহ্য	এই পথচিহ্নটি জাতীয় ঐতিহ্যবাহী কোন বিশেষ স্থাপত্য/জায়গা বোঝাতে ব্যবহৃত হয়।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
খ১৭		সামনে টোল রোড	সামনে কোনো টোল রোড থাকলে এই পথচিহ্নের সাহায্যে তা বোঝা যায়।
খ১৮		আন্তর্জাতিক সীমান্ত	আন্তর্জাতিক সীমান্ত বোঝাতে এই পথচিহ্নটি ব্যবহৃত হয়।
খ১৯		বাস স্টপ	বাস স্টপ বা বাস দাঁড়াবার জন্য নির্দিষ্ট জায়গা বোঝানোর জন্য এই চিহ্নটি দেওয়া থাকে।
খ২০		বাস লেন	বাসের জন্য নির্ধারিত পথ বোঝাবার জন্য এই পথচিহ্নটি ব্যবহার করা হয়।
খ২১		উল্টো দিকে বাস লেন	কোন একমুখী রাস্তার (One-Way Road) ক্ষেত্রে যদি কোন বিশেষ কারণে উল্টোদিক দিয়েও বাস যাওয়ার অনুমতি থাকে, তাহলে এই পথচিহ্নটি দেওয়া হয়।
খ২২		সাইকেল লেন	সাইকেল লেন বোঝাতে এই পথচিহ্নটি দেওয়া থাকে।
গ	অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যসংক্রান্ত পথচিহ্ন		
গ১		পার্কিং চিহ্ন	নির্দিষ্ট পার্কিং করার স্থান বোঝাতে এই পথচিহ্নটি ব্যবহার করা হয়।
গ২		অটো রিক্সা/সাইকেল রিক্সা পার্কিং	অটো রিক্সা/সাইকেল রিক্সা পার্কিং-এর জায়গায় এই রোড সাইন দেওয়া থাকে।
গ৩		সাইকেল, স্কুটার ও মোটর সাইকেল পার্কিং	সাইকেল, স্কুটার ও মোটর সাইকেল পার্কিং করার স্থানে এই পথচিহ্নটি দেওয়া হয়।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
গ৪		ট্যাঙ্গি পার্কিং	এই রোড সাইনটি ট্যাঙ্গি পার্কিং-এর জায়গা নির্দেশ করে।
গ৫		পার্ক করা ও চড়া	যেখানে শুধুমাত্র গণপরিবহন যান (Public Transport) দাঁড়াতে পারে এবং যাত্রী তুলতে পারে, সেখানে এই ধরনের পথচিহ্ন ব্যবহার করা হয়।
গ৬		ট্র্যাফিক ম্যানেজমেন্টের জন্য পার্কিং নিয়ন্ত্রণ	যেখানে কিছু নির্দিষ্ট সময়ের জন্য ট্র্যাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ করতে পার্কিং নিয়ন্ত্রণ করা হয়, সেখানে এই ধরনের রোড সাইন দেখতে পাওয়া যায়।
ঘ	শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পথচিহ্ন		
ঘ১		ইন্টারন্যাশনাল সিম্বল অফ অ্যাক্সেসিবিলিটি (আই এস এ)	আন্তর্জাতিকভাবে এই হৃষিলচেয়ারের চিহ্ন শারীরিক দিক থেকে প্রতিবন্ধী মানুষদের জন্য ব্যবহার করা হয়ে থাকে। ছবিটিতে নীল ব্যক্ট্যাউন্ডের উপর সাদা রঙ দিয়ে তাঁকা হৃষিল চেয়ারে চড়া একজন ব্যক্তি দেখানো হয়েছে। এটি ইন্টারন্যাশনাল সিম্বল অফ অ্যাক্সেসিবিলিটি (আই এস এ)।
ঘ২		পার্কিং-এর তথ্য	যে পার্কিং এলাকা শুধুমাত্র শারীরিকভাবে প্রতিবন্ধী মানুষদের জন্য নির্দিষ্ট করা থাকে, সেখানে এইধরনের পথচিহ্ন দেওয়া হয়। ছবিতে যেহেতু হৃষিলচেয়ারে চড়া ব্যক্তিটি সবসময় ডানদিকে মুখ করা, তাই পার্কিং-এর দিক নির্দেশ করার জন্য উপযুক্ত তীর চিহ্ন দেওয়া থাকে।
ঘ৩		সাবওয়ে / ওভার ব্রীজে প্রবেশের জন্য র্যাম্প	সাবওয়ে / ওভার ব্রীজের মুখে র্যাম্প থাকলে এই পথচিহ্নগুলি ব্যবহার করা হয়, যাতে হৃষিলচেয়ারসহ কোন ব্যক্তি যাতায়াত করতে পারে।
ঘ৪		টেলিফোন ব্যবস্থা	শারীরিকভাবে প্রতিবন্ধী মানুষদের টেলিফোন ব্যবস্থার সন্ধান দেওয়ার জন্য এই চিহ্ন দেওয়া হয়।
ঘ৫		টয়লেট	শারীরিকভাবে প্রতিবন্ধী মানুষদের টয়লেট ব্যবস্থার সন্ধান দেওয়ার জন্য এই চিহ্ন ব্যবহার করা হয়।
ঘ৬		পথনির্দেশ	শারীরিকভাবে প্রতিবন্ধী মানুষ কোন পথে যাবেন তা বোঝানোর জন্য এই পথচিহ্নটি দেওয়া থাকে।

ক্রমিক নং	চিহ্ন	চিহ্নের নাম	চিহ্নের ব্যাখ্যা
৫		রঞ্ট মার্কার	বিভিন্ন ধরনের রাস্তা চিহ্নিত করতে, নানা রঙের রেট্রোরিফ্লেক্টিভ পথচিহ্ন ব্যবহার করা হয়।
৫১		রাজ্য সড়ক রঞ্ট মার্কার	স্টেট হাইওয়ে বা রাজ্য সড়ক বোর্ডাতে সবুজ আয়তাকার ব্যাকগ্রাউন্ডের উপর সাদা শিল্ড আকৃতির চিহ্ন এবং সড়ক নম্বরটি লেখা থাকে।
৫২		জাতীয় সড়ক রঞ্ট মার্কার	ন্যাশনাল হাইওয়ে বা জাতীয় সড়ক বোর্ডাতে হলুদ আয়তাকার ব্যাকগ্রাউন্ডের উপর কালো শিল্ড আকৃতির চিহ্ন এবং সড়ক নম্বরটি লেখা থাকে।
৫৩		এশিয়ান হাইওয়ে রঞ্ট মার্কার	এশিয়ান হাইওয়ে বা এশিয় সড়ক বোর্ডাতে খয়েরি আয়তাকার ব্যাকগ্রাউন্ডের উপর সাদা শিল্ড আকৃতির চিহ্ন এবং সড়ক নম্বরটি লেখা থাকে।
৫৪		এক্সপ্রেসওয়ে রঞ্ট মার্কার	এক্সপ্রেসওয়ে বোর্ডাতে নীল আয়তাকার ব্যাকগ্রাউন্ডের উপর সাদা শিল্ড আকৃতির চিহ্ন এবং সড়ক নম্বরটি লেখা হয়।

২.৯ মূল্যায়ন

১. কোন ধরনের পথনির্দেশ অমান্য করা আইনি অপরাধ?

- (ক) সর্তকতামূলক চিহ্ন
- (খ) বাধ্যতামূলক চিহ্ন
- (গ) তথ্যসংক্রান্ত চিহ্ন
- (ঘ) উপরের সবকটি

২. নিচের এই চিহ্নটি দেখলে কী করা উচিত?



- (ক) নাথেমে একই গতিতে চলে যাবেন
- (খ) গতি কমাবেন, ডান ও বাঁয়ে দেখবেন এবং সাবধানে যাবেন
- (গ) স্টপ লাইনে এসে পুরো থেমে যাবেন এবং ডান-বাম দেখে সাবধানে এগোবেন
- (ঘ) যান থামিয়ে ট্রাফিক পুলিশকে জিজ্ঞাসা করে তবেই এগোবেন

৩. এর মধ্যে কোনটি পরপর বাঁকের চিহ্ন?

(ক)



(খ)



(গ)



(ঘ) 'ক' এবং 'গ'

৪. নিচের এই হ্যাজার্ড মার্কার দেখলে রাস্তার কোন্ দিক দিয়ে যাবেন ?



- (ক) বাঁ দিক
- (খ) ডান দিক
- (গ) সোজা
- (ঘ) ‘ক’ এবং ‘খ’

৫. স্কুলের কাছে কোন্ পথচিহ্নটি দেখতে পাওয়ার সম্ভাবনা থাকে ?

(ক)



(খ)



(গ)



(ঘ) সব কাঁটি

৬. এই পথচিহ্নটির মানে কী ?



- (ক) পার্কিং নিয়েধ
- (খ) থামা নিয়েধ
- (গ) দাঁড়ানো নিয়েধ
- (ঘ) উপরের সব কাঁটি

৭. নিচের কোনটি স্পিড ব্রেকারের চিহ্ন?

(ক)



(খ)



(গ)



(ঘ) ‘খ’ এবং ‘গ’

৮. এই পথচিহ্নটির মানে কি?



(ক) সামনে রাস্তা বন্ধ

(খ) বাঁদিকে ঘোরা বারণ

(গ) ডান দিকে ঘোরা বারণ

(ঘ) ইউ-টার্ন নিয়ন্ত্রণ

৯. এই পথচিহ্নের মানে কী?



(ক) সামনে সরু রাস্তা

(খ) সামনে সরু সেতু

(গ) সামনে সংযোগস্থল

(ঘ) উপরের কোনোটিই নয়

১০. ডুয়াল ক্যারেজওয়ে যুক্ত রাস্তায় নির্মাণস্থলের কাছে কোন চিহ্নটি দেখতে পাওয়ার সম্ভাবনা থাকে?

(ক)



(খ)



(গ)



(ঘ)



১১. এই পথচিহ্নটির মানে কী?



(ক) সামনে রাস্তা বন্ধ

(খ) বাঁদিকে ঘোরা বারণ

(গ) ডানদিকে ঘোরা বারণ

(ঘ) ওভারটেকিং নিয়ন্দ

১২. এই পথচিহ্নটি কী বোঝায়?



(ক) রাস্তা অতিক্রম করবেন না

(খ) সামনে রাস্তা বন্ধ

(গ) পার্কিং নিয়ন্দ

(ঘ) উপরের কোনোটিই নয়

১৩. এই পথচিহ্নের মানে কী?



- (ক) দ্বিমুখী যান চলাচলের রাস্তা
- (খ) সামনে ডিভাইডেড হাইওয়ে
- (গ) সামনে ওয়ান ওয়ে রাস্তা
- (ঘ) উপরের কোনোটিই নয়

১৪. এই পথচিহ্নটি কী বোঝায়?



- (ক) ট্যালেট
- (খ) পথচারীদের এলাকা
- (গ) আনন্দ অনুষ্ঠান স্থল
- (ঘ) উপরের কোনোটিই নয়

১৫. ছোটো রাস্তা থেকে বড় রাস্তায় যাওয়ার সংযোগস্থলে এই পথচিহ্নটি দেখলে কি করবেন?



- (ক) অন্য গাড়ীকে ওভারটেক করতে দিন
- (খ) কেবলমাত্র আপত্তিকালীন যানকে ওভারটেক করতে দিন
- (গ) লেন বদল করুন
- (ঘ) গতি কমান, নিরাপদ ব্যবধানের জন্য অপেক্ষা করুন এবং তারপর গাড়ী নিয়ে এগোন



তাথ্যাম

রোড মার্কিং

অর্কপাল গোস্বামী
কুলদীপ কাভতা
শুভজিৎ সাধুখাঁ

৩.১ ভূমিকা

রোড মার্কিং যান চলাচল নিয়ন্ত্রণ এবং পথনির্দেশ করার কাজে মুখ্য ভূমিকা পালন করে। রোড মার্কিংয়ের উদ্দেশ্য হল চালকের মনযোগ বিক্ষিপ্ত না করেই তাকে প্রয়োজনীয় নির্দেশ ও তথ্য প্রদান করা। রোড মার্কিং শুধু যানচালকদেরই নয়, সাধারণ পথচারী ও সাইকেল আরোহীদেরও পথ চলায় সহায়তা করে।

বিশ্বস্ত বন্ধুর মতই রোড মার্কিং আপনার যাত্রাপথে পাশে পাশে থাকে। রোড মার্কিং নানা ধরনের হয় এবং তাদের কার্যকারিতাও বিভিন্ন রকম। সেইজন্য একজন দায়িত্বান্ত গাড়ীর চালক হিসেবে রোড মার্কিংকে সঠিকভাবে চিনে নেওয়া অত্যন্ত প্রয়োজন। এই অধ্যায়ে আমরা বিভিন্ন ধরনের রোড মার্কিং সম্বন্ধে পরিচিত হব এবং সেই অনুযায়ী গাড়ী চালানোর নির্দেশিকাগুলি আলোচনা করব।

৩.২ রোড মার্কিং কাকে বলে


ইন্ডিয়ান রোড কংগ্রেসের (Indian Road Congress, IRC: 35-2015) বিধি অনুসারে বিভিন্ন রেখা ও নকশা যা ক্যারেজওয়ে বা কার্ব ইত্যাদির উপরে চিত্রিত থাকে তাকে রোড মার্কিং বলা হয়। রোড মার্কিং-এর উদ্দেশ্য হল গাড়ী চালানোর সময়ে চালককে সচেতন করা, পরিস্থিতি অনুযায়ী সাবধান করা এবং প্রয়োজনীয় তথ্য প্রদান করা।

৩.২.১ রোড মার্কিং-এর রঙ

রোড মার্কিং নানা রঙের হয়। বেশীরভাগ মার্কিং সাদা এবং হলুদ রঙের হয়। তাছাড়া অন্যান্য রঙ, যেমন - নীল, সবুজ, লাল বা বেগুনী রঙও রোড মার্কিং-এর ক্ষেত্রে ব্যবহার করা হয়। এই রঙগুলি আলোর প্রতিফলন করে, সেইজন্য সমস্তরকম আবহাওয়াতেই এগুলি দৃশ্যমান।

চিত্র ৩.১-এ হলুদ ও সাদা রঙের রোড মার্কিং-এর ব্যবহার দেখান হয়েছে। হলুদ রঙ নিয়ে বোঝানোর কাজে ব্যবহৃত হয়। উদাহরণস্বরূপ, চিত্র ৩.১-এ পথের মাঝ বরাবর নিরবচ্ছিন্ন হলুদ রেখা বিপরীতমুখী ট্র্যাফিককে আলাদা করার জন্য দেওয়া হয়েছে, যার অর্থ আপনি গাড়ী চালানোর সময় এক দিক থেকে অন্য দিকে যেতে পারবেন না। এছাড়া, নো পার্কিং, নো স্টপিং ইত্যাদি বোঝাতেও হলুদ রঙ ব্যবহৃত হয়। সাদা রঙের মার্কিং সাধারণত অনুমতিসূচক হয়, হলুদ রঙের মতো নিমেধাজ্ঞামূলক নয়। চিত্র ৩.১-এ ব্যবহৃত সাদা রঙের তীরচিহ্ন গাড়ী চালানোর অভিমুখ নির্দেশ করে। চিত্র ৩.১-এ পথের ধার বরাবর যে নিরবচ্ছিন্ন সাদা রেখাটি দেখা যাচ্ছে, তা আপৎকালীন অবস্থা ছাড়া অন্য কোন অবস্থাতেই অতিক্রম করা যাবে না।

রোড মার্কিং-এর অন্যান্য রঙ বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হয়। উদাহরণস্বরূপ, দ্রুতগামী বাস পরিয়েবার (Bus Rapid Transit System, BRTS) জন্য নির্দিষ্ট লেনকে অন্যান্য পার্শ্ববর্তী লেন থেকে আলাদা করার জন্য নীল রঙের রোড মার্কিং ব্যবহার করা হয়। বাইসাইকেল লেনকে চিহ্নিত করার জন্য সবুজ রঙ ব্যবহার করা হয়। লাল বা বেগুনী রঙের রোড মার্কিং আসন্ন বাধার ইঙ্গিত দেয়। রাস্তার জটিল সংযোগস্থলে, যেখানে একসঙ্গে অনেক গাড়ী ও পথচারী চলাচল করে, সেখানে লাল রঙের মার্কিং দেওয়া থাকে।



চিত্র ৩.১ হলুদ এবং সাদা রঙের রোড মার্কিং

৩.৩ রোড মার্কিং-এর প্রকারভেদ

সামগ্রিকভাবে রোড মার্কিংকে নিম্নলিখিত তিনটি ভাগে ভাগ করা হয়:

- (ক) রাস্তার দৈর্ঘ্য বরাবর মার্কিং বা লিঙ্গিচিউডিনাল মার্কিং: এই ধরনের মার্কিং রাস্তার দৈর্ঘ্য বরাবর ট্যাফিকের অভিমুখে দেওয়া হয়। গাড়ীর পার্শ্ববর্তী অবস্থানকে (Lateral Placement) নির্দেশ করার কাজে এই মার্কিং ব্যবহার করা হয়।
- (খ) রাস্তার সংযোগস্থলের মার্কিং বা ইন্টারসেকশন মার্কিং: রাস্তার সংযোগস্থলে সুষ্ঠুভাবে যানবাহন চলাচল, যানবাহনের দিক পরিবর্তন এবং পথচারীদের রাস্তা পারাপারের সুবিধার জন্য ইন্টারসেকশন মার্কিং দেওয়া হয়।
- (গ) অন্যান্য মার্কিং: রাস্তার বিভিন্ন অংশ, যেমন - পার্কিং এলাকা বা কোন বাধা ইত্যাদি বোঝানোর জন্য অন্যান্য রোড মার্কিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

৩.৩.১ লঙ্গিটিউডিনাল মার্কিং (Longitudinal Marking)

বিভিন্ন ধরনের লঙ্গিটিউডিনাল মার্কিং সম্বন্ধে নিচে আলোচনা করা হল।

৩.৩.১.১ কেন্দ্রীয় রেখা (Centre Line)

কেন্দ্রীয় রেখা বিপরীত অভিমুখী যানবাহনকে প্রথক করে। গাড়ী চালানোর সময় গাড়ীর জন্য রাস্তায় নির্ধারিত জায়গাটুকু সম্বন্ধে চালকের ধারণা থাকা প্রয়োজন। রাস্তার প্রকৃতির উপর নির্ভর করে কেন্দ্রীয় রেখা নিরবচ্ছিন্ন অথবা বিচ্ছিন্ন হতে পারে। বিভিন্ন ধরনের কেন্দ্রীয় রেখা সম্বন্ধে নিচে বর্ণনা করা হল।



চিত্র ৩.২ বিচ্ছিন্ন একক কেন্দ্রীয় রেখা



চিত্র ৩.৩ নিরবচ্ছিন্ন একক কেন্দ্রীয় রেখা



চিত্র ৩.৪ নিরবচ্ছিন্ন যুগ্ম কেন্দ্রীয় রেখা

ব্যাখ্যা

বিচ্ছিন্ন একক কেন্দ্রীয় রেখা (**Broken Single Centre Line**):

পরিস্থিতি অনুযায়ী এই রেখা অতিক্রম করতে পারা যায়। এটি অনুমতিসূচক রেখা (চিত্র ৩.২)।

ব্যাখ্যা

নিরবচ্ছিন্ন একক কেন্দ্রীয় রেখা (**Solid Single Centre Line**):

গাড়ী চালানোর সময় এই রেখা অতিক্রম করা যায় না। এটি নিষেধাজ্ঞামূলক রেখা (চিত্র ৩.৩)।

ব্যাখ্যা

নিরবচ্ছিন্ন যুগ্ম কেন্দ্রীয় রেখা (**Solid Double Centre Line**):

এই ধরনের যুগ্ম রেখা থাকলে তা কোন অবস্থাতেই অতিক্রম করা যায় না। এটি চূড়ান্ত নিষেধাজ্ঞামূলক রেখা (চিত্র ৩.৪)।



চিত্র ৩.৫ যৌগিক কেন্দ্রীয় রেখা

(ক)

(খ)


ব্যাখ্যা**যৌগিক কেন্দ্রীয় রেখা (Combined Centre Line):**

যদি নিরবচ্ছিন্ন রেখাটি (Solid Line) আপনার নিকটবর্তী হয়, তাহলে সেটি অতিক্রম করা যায় না (চিত্র ৩.৫ ক)।

যদি বিচ্ছিন্ন রেখাটি (Broken Line) আপনার নিকটবর্তী হয়, তবে তা অতিক্রম করা যেতে পারে (চিত্র ৩.৫ খ)।

৩.৩.১.২ ট্র্যাফিক লেন (Traffic Lane)


রাস্তা চওড়া হলে রোড মার্কিং-এর সাহায্যে একই দিকের রাস্তাকে বিভিন্ন লেনে ভাগ করা থাকে। এই মার্কিংগুলি নিরাপদে যান চলাচলের জন্য দেওয়া হয় যাতে দুর্ঘটনা এড়ানো যায়। লেন মার্কিং দেওয়া থাকলে গাড়ি নির্দিষ্ট লেনে এবং সুশৃঙ্খলভাবে যাতায়াত করতে পারে। দুই ধরনের লেন মার্কিং চিত্র ৩.৬ এবং ৩.৭-এ দেখানো হল।



চিত্র ৩.৬ চার লেনের রাস্তায় নিরবচ্ছিন্ন যুগ্ম কেন্দ্রীয় রেখাসহ লেন মার্কিং

ব্যাখ্যা**লেন মার্কিং (Lane Marking):**


গাড়ি চালানোর সময় নির্দিষ্ট লেন ধরেই চলুন। দুই লেনের মাঝ বরাবর চালাবেন না বা অহেতুক লেন পরিবর্তন করবেন না।




চিত্র ৩.৭ চার লেনের রাস্তায় বিচ্ছিন্ন একক কেন্দ্রীয় রেখা সহ লেন মার্কিং

৩.৩.১.৩ ওভারটেকিং নিষিদ্ধ অঞ্চল (No Overtaking Zone)

পথ যদি বিপজ্জনকভাবে ডানদিকে বাঁক নেয় অথবা পথে যদি যথেষ্ট চড়াই/উৎরাই থাকে তখন ওভারটেকিং করা অত্যন্ত বিপজ্জনক। সেইসব জায়গায় চালককে সতর্ক করার জন্য নিরবচ্ছিন্ন যুগ্ম সাদা রেখা দিয়ে অঞ্চলটি চিহ্নিত করা থাকে (চিত্র ৩.৮ ও ৩.৯)।



চিত্র ৩.৮ ভার্টিক্যাল কার্ডে ওভারটেকিং
নিষিদ্ধ অঞ্চলের রোড মার্কিং



চিত্র ৩.৯ হ্রাইজেটাল কার্ডে ওভারটেকিং
নিষিদ্ধ অঞ্চলের রোড মার্কিং


ব্যাখ্যা

**ওভারটেকিং নিষিদ্ধ অঞ্চল
(No Overtaking Zone):**

দুর্ঘটনা বা বিপজ্জনক পরিস্থিতি এড়াতে
এই অঞ্চলে গাড়ী ওভারটেক করা
নিষিদ্ধ।

৩.৩.১.৪ সতর্কীকরণ রেখা (Warning Line)

এই ধরনের রোড মার্কিং আসন্ন বিপজ্জনক পথ সম্পর্কে চালককে সতর্ক করে। যেখানে বিপজ্জনক বাঁক, চড়াই/উৎরাই বা কোনো বাধা, যেমন - গাছ, ইলেকট্রিক পোস্ট বা কোন পরিকাঠামো থাকে, সেখানে এই ধরনের সতর্কীকরণ রেখা দেওয়া হয় (চিত্র ৩.১০)। এই রেখা অনেকটা বিচ্ছিন্ন কেন্দ্রীয় রেখার মতই, শুধু এর ক্ষেত্রে দুটি বিচ্ছিন্ন দাগের মধ্যে ব্যবধান অপেক্ষাকৃত কম থাকে। সুতরাং বিপদসঙ্কুল রাস্তার কাছাকাছি এলে কেন্দ্রীয় রেখা সতর্কীকরণ রেখায় পরিবর্তিত হয়ে যায় যা গ্রে রেখার ধরন দেখেই বোঝা যায়।



চিত্র ৩.১০ কঠিন বাঁকযুক্ত রাস্তায় সতর্কীকরণ রেখা

ব্যাখ্যা


সতর্কীকরণ রেখা (Warning Line):

সতর্কীকরণ রেখা দেখলে সজাগ হয়ে যান।
এর মানে সামনে কোন বাধা বা বিপদসঙ্কুল
পথ আসছে। তির্যক রেখা দ্বারা চিহ্নিত
অঞ্চল বাধা বা বিপদসঙ্কুল স্থানকে বোঝায়।


৩.৩.১.৫ বাস ও সাইকেল লেন (Bus and Cycle Lane)

বাসের জন্য নির্দিষ্ট লেনটি সাদা রোড মার্কিং দ্বারা পৃথক করা হয় (চিত্র ৩.১১)। এই লেনের শুরু ও অন্যান্য অন্তর্বর্তী
সংযোগস্থলে ইংরাজীতে ‘বাস লেন’ (Bus Lane) কথাটিও ক্যারেজওয়ের উপর লেখা থাকে। বাস ছাড়া অন্য
কোন যানবাহনের এই রাস্তায় প্রবেশ করা জরিমানাযোগ্য অপরাধ। জরিমানা ছাড়াও এই লেনে অন্য যানবাহনের
প্রবেশ দুর্ঘটনার সম্ভাবনাকে বাড়িয়ে তোলে কারণ সেক্ষেত্রে বাসচালকের জন্য তা অপ্রত্যাশিত ঘটনা হয়ে দাঢ়ায়।

বাস লেনের মতোই সাইকেল লেনকে পৃথক করার জন্য সাইকেল লেন মার্কিং দেওয়া হয় (চিত্র ৩.১২)। সাইকেলের
জন্য নির্দিষ্ট রাস্তায় সাইকেলের ছবি আঁকা থাকে ও ইংরাজীতে ‘সাইকেল ট্র্যাক’ (Cycle Track) কথাটি লেখা থাকে।
মোটরচালিত যানের এই লেনে প্রবেশ নিয়েধ।



চিত্র ৩.১১ বাস লেন ও তার রোড মার্কিং




চিত্র ৩.১২ সাইকেল লেন ও তার রোড মার্কিং

ব্যাখ্যা**বাস ও সাইকেল লেন (Bus and Cycle Lane):**

বাস লেনে বাস ছাড়া অন্য কোন যানবাহনের প্রবেশ নিষেধ। সাইকেল লেন শুধুমাত্র সাইকেল চলাচলের জন্য, এখানে কোনরকম মোটরযানের প্রবেশ নিষেধ।

৩.৩.২ সীমা রেখা (Border or Edge Lines)

পথের ধার বরাবর অথবা বিভাজিত পথের মিডিয়ান বরাবর সীমারেখা দেওয়া থাকে (চিত্র ৩.১৩)। এই রেখা কোন অবস্থাতেই অতিক্রম করা যায় না, যদি না গাড়ী বিকল হয় বা কোন আগৎকালীন পরিস্থিতি তৈরী হয়। যেখানে শোল্ডার বাঁধানো থাকে সেখানে ক্যারেজওয়ের ধার বরাবর সীমারেখা দেওয়া থাকে। এই সীমারেখা ক্যারেজওয়ের শেষ এবং শোল্ডারের শুরু চিহ্নিত করে। বিভাজিত পথের মিডিয়ান বরাবর সীমারেখা দেওয়া থাকে, বিশেষত মিডিয়ান যেখানে একটু উঁচু। গাড়ী চালানোর সময় চালক হিসাবে এই সীমারেখা থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন, যাতে মিডিয়ানের সঙ্গে কোন সংঘর্ষ না হয়।



চিত্র ৩.১৩ সীমা রেখা

৩.৩.৩ তির্যক ও শেভন মার্কিং (Diagonal and Chevron Marking)

তির্যক বা শেভন মার্কিং দ্বারা চিহ্নিত স্থানের উপর দিয়ে গাড়ী চালাবেন না। কারণ এর ফলে উঁচু কার্ব বা বড় রাস্তার অন্যান্য গাড়ীর সঙ্গে সংঘর্ষ হতে পারে (চিত্র ৩.১৪)।



চিত্র ৩.১৪ তির্যক ও শেভন মার্কিং

ব্যাখ্যা

তির্যক ও শেভন মার্কিং (Diagonal and Chevron Marking):


শেভন মার্কিং-এর উপর দিয়ে
গাড়ী চালানো নিষিদ্ধ। এই
মার্কিং কার্বের আগে নিষিদ্ধ স্থান
চিহ্নিত করে।

৩.৩.৮ সংযোগস্থলের মার্কিং (Intersection Marking)

পথের সংযোগস্থলে অথবা ইন্টারসেকশনে নানা ধরনের রোড মার্কিং দেওয়া থাকে। এই ধরনের রোড মার্কিং-এর উদ্দেশ্য নিরাপদে যান চলাচল নিশ্চিত করা। বিভিন্ন ধরনের ইন্টারসেকশন মার্কিং সম্বন্ধে নিচে আলোচনা করা হল।

৩.৩.৮.১ স্টপ লাইন (Stop Line)

রাস্তার সংযোগস্থলের ঠিক আগে গাড়ীকে থামানোর উদ্দেশ্যে স্টপ লাইন দেওয়া হয়। স্টপ লাইন সাদা রঙের একটি বা দুটি নিরবচ্ছিন্ন রেখা হতে পারে (চিত্র ৩.১৫)। স্টপ লাইন দুটি থাকলে, অষ্টভুজাকৃতি স্টপ রোড সাইনটি দেওয়া থাকে এবং রাস্তার উপর ইংরাজীতে ‘স্টপ’ (STOP) কথাটিও লেখা থাকে।



চিত্র ৩.১৫ রাস্তার সংযোগস্থলে স্টপ লাইন


ব্যাখ্যা

স্টপ লাইন (Stop Line)

সিগন্যাল লাল থাকলে বা স্টপ পথচিহ্ন দেওয়া থাকলে অবশ্যই গাড়ী থামান।

৩.৩.৪.২ গিভ ওয়ে লাইন (Give Way Line)

বড় ও ছেট রাস্তার সংযোগস্থলে বড় রাস্তার ট্যাফিককে অগ্রাধিকার দেওয়ার জন্য ছেট রাস্তার মুখে গিভ ওয়ে লাইন দেওয়া হয়। এতে সাদা রঙের দুটি সমান্তরাল ও বিচ্ছিন্ন রেখা থাকে (চিত্র ৩.১৬)। এই সঙ্গে রাস্তার উপর উল্টো ত্রিভুজ ‘V’ আঁকা থাকে এবং গিভ ওয়ে (GIVE WAY) রোড সাইনটি দেওয়া থাকে। এই ধরনের গিভ ওয়ে রোড মার্কিং সাধারণত সিগন্যালিভাইন রাস্তার মোড়ে অথবা রাউন্ডঅ্যাবাউটটের (Roundabout) প্রবেশ মুখে দেওয়া হয়।



চিত্র ৩.১৬ রাস্তার সংযোগস্থলে গিভ ওয়ে লাইন ও চিহ্ন

ব্যাখ্যা

গিভ ওয়ে লাইন (Give Way Line)

গিভ ওয়ে লাইনের কাছে দাঁড়ালে চালক হিসাবে বড় রাস্তার ট্যাফিকের দিকে লক্ষ্য রাখুন এবং উপর্যুক্ত জায়গা পেলে তবেই সাবধানে সংযোগস্থলটি পেরিয়ে যান।

৩.৩.৪.৩ পেডেস্ট্রিয়ান ক্রসিং (Pedestrian Crossing)

পথচারীদের রাস্তা পারাপারের জায়গা বিশেষ ধরনের রোড মার্কিং বা জেরা ক্রসিং দিয়ে চিহ্নিত করা হয় (চিত্র ৩.১৭)। চালক হিসাবে জেরা ক্রসিং-এর আগে আপনার গাড়িটিকে দাঁড় করান এবং পথচারীদের নিরাপদে রাস্তা পারাপারের সুযোগ দিন। আপনি পথচারী হলে সবসময় জেরা ক্রসিং দিয়েই রাস্তা পারাপার করুন। রাস্তার সংযোগস্থলে যেখানে যানবাহনের সাথে পথচারীদের সংঘাতের সম্ভাবনা রয়েছে, সেখানে পেডেস্ট্রিয়ান ক্রসিং দেওয়া হয়। এক্ষেত্রে পেডেস্ট্রিয়ান ক্রসিং-এর আগে স্টপ লাইনও দেওয়া থাকে।



চিত্র ৩.১৭ রাস্তার সংযোগস্থলে পেডেস্ট্রিয়ান ক্রসিং-এর রোড মার্কিং

ব্যাখ্যা**পেডেস্ট্রিয়ান ক্রসিং (Pedestrain Crossing)**

রাস্তার সংযোগস্থলে চিহ্নিত পথ ধরেই
পথচারীদের রাস্তা পারাপার করা উচিত।
পথচারীদের নিরাপত্তার স্বার্থে চালকদের
স্টপ লাইনের আগেই গাড়ী থামানো
উচিত।

৩.৩.৪.৮ সাইকেল ট্র্যাক ক্রসিং (Cycle Track Crossing)

মূল রাস্তা এবং সাইকেল ট্র্যাকের সংযোগস্থলে ‘সাইকেল ট্র্যাক ক্রসিং’ চিহ্নিত করা হয়। সাইকেল ট্র্যাকের দুই ধারে
সাদা রঙের নিরবচ্ছিন্ন লাইন দেওয়া থাকে। সাইকেল ট্র্যাকটি সবুজ রঙ দ্বারা চিহ্নিত করা থাকে (চিত্র ৩.১৮)।
গাড়ীর চালক হিসাবে রাস্তার সংযোগস্থলে সাইকেল আরোহীকে অগ্রাধিকার দিন এবং যাতে সংঘর্ষ না হয় তার
দিকে খেয়াল রেখে সাবধানে পেরিয়ে যান।



চিত্র ৩.১৮ রাস্তার সংযোগস্থলে সাইকেল ট্র্যাক ক্রসিং-এর রোড মার্কিং

ব্যাখ্যা**সাইকেল ট্র্যাক ক্রসিং (Cycle Track Crossing)**

সাইকেল আরোহী হিসাবে নির্ধারিত পথ
দিয়েই সংযোগস্থলটি পেরোন যাতে
মোটরচালিত গাড়ীর সঙ্গে সংঘর্ষ না হয়।

৩.৩.৪.৫ গতি পরিবর্তনের লেন (Speed Change Lane)

বড় ও মূল রাস্তায় ঢোকা ও বের হওয়ার সময়, গাড়ীর গতিবেগ বাড়ানোর বা কমানোর জন্য এই লেন দেওয়া থাকে। এই লেনটি বিভাজিকা এবং সেই সঙ্গে তির্ক রেখা দ্বারা মূল রাস্তা থেকে আলাদা করা থাকে (চিত্র ৩.১৯)। এই লেন গতি পরিবর্তনশীল যানকে মূল রাস্তা থেকে আলাদা রেখে সম্ভাব্য সংঘর্ষ এড়াতে সাহায্য করে।



চিত্র ৩.১৯ গতি পরিবর্তনের লেন এবং প্রয়োজনীয় রোড মার্কিং

ব্যাখ্যা

গতি পরিবর্তন লেন (Speed Change Lane)

বড় রাস্তায় ঢোকা বা বেরনোর সময়, গাড়ীর গতি বাড়ানো বা কমানোর জন্য এই ধরনের লেন ব্যবহার করা হয়।

৩.৩.৪.৬ দিক নির্দেশক তীর চিহ্ন (Directional Arrows)

রাস্তার কোন সংযোগস্থলে পৌঁছাবার পর আপনি কোন দিকে যাবেন তার আগাম সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য সংযোগস্থলের কিছুটা আগেই দিক নির্দেশক তীর চিহ্ন দেওয়া থাকে। অনেক সময় দিক নির্দেশক তীর চিহ্নের সঙ্গে প্রযোজনীয় তথ্যও কথায় লেখা থাকে (চিত্র ৩.২০)।



চিত্র ৩.২০ রাস্তার উপর দিক নির্দেশক তীর চিহ্ন

ব্যাখ্যা

দিক নির্দেশক তীর চিহ্ন (Directional Arrows)

চালকেরা এই তীর চিহ্নগুলি দেখে সংযোগস্থল থেকে কোন দিকে যাবেন তা আগাম হিসেবে নিতে পারেন।

৩.৩.৪.৭ বক্স মার্কিং (Box Marking)

অনেক সময় জটিল সংযোগস্থলে হলুদ রঙের কোনাকুনি দাগ দেওয়া আয়তক্ষেত্র আঁকা থাকে। একে বক্স মার্কিং বলা হয় (চিত্র ৩.২১)। এই স্থানে যানবাহনের দাঁড়ানো নিষেধ। অপেক্ষাকৃত ছোট সংযোগস্থলের ক্ষেত্রে বক্স মার্কিং-এর বদলে ইংরেজীতে ‘কীপ ক্লিয়ার’ (KEEP CLEAR) কথাটি লেখা থাকে।



চিত্র ৩.২১ রাস্তার সংযোগস্থলে বক্স মার্কিং

ব্যাখ্যা

বক্স মার্কিং (Box Marking)

চালকেরা এখানে গাড়ী দাঁড় করাবেন না। যদি দেখেন যানজটের কারণে এই অঞ্চলে গাড়ী দাঁড় করিয়ে দিতে হবে, তাহলে সবুজ আলো থাকলেও গাড়ী নিয়ে এগোবেন না।

৩.৩.৫ অন্যান্য মার্কিং

৩.৩.৫.১ সামনে বাধা (Obstruction Approach)

কখনও কখনও গাড়ী চালানোর সময় রাস্তায় বেশ কিছু বাধার সম্মুখীন হতে পারেন। যেমন কোন সৌধ, বাতিস্তস্ত, ট্রান্সমিশন টাওয়ার, গাছ ইত্যাদি। এগুলির সম্মুখে আগে থেকে জানা না থাকলে সংঘর্ষ ঘটার সম্ভাবনা থাকে। সেই কারণে চালককে আগাম সতর্ক করার জন্য এইসব স্থানে রাস্তার উপর তির্যক বা শেভন মার্কিং আঁকা থাকে (চিত্র ৩.২২)।



চিত্র ৩.২২ রাস্তার মাঝখানে বাধা বোঝানোর জন্য তির্যক মার্কিং

ব্যাখ্যা

অবস্ট্রাকশন মার্কিং (Obstruction Marking)

এই ধরনের রোড মার্কিং দেখলে চালকের উচিৎ সাবধানে গাড়ী চালিয়ে নিরাপদে বাধা অতিক্রম করা।

৩.৩.৫.২ রেলপথ ক্রসিং (Railroad Crossing)

যেখানে রাস্তার মাঝখান দিয়ে রেল লাইন গেছে সেখানে স্টপ লাইনের নির্দেশ মেনে আগেই গাড়ী থামান। এই ধরনের ক্রসিংয়ের আগে রাস্তার উপরে পরপর অনেকগুলি সরু দাগ বা স্ট্রিপ আঁকা থাকে (চিত্র ৩.২৩)। এইসব স্থানে কোনো ভাবেই ওভারটেক করবেন না।



চিত্র ৩.২৩ রেলপথ ক্রসিং-এর রোড মার্কিং


ব্যাখ্যা

রেলরোড মার্কিং (Railroad Marking)

স্টপ লাইনের আগে অবশ্যই গাড়ী থামান। এই স্থানে ওভারটেক করা নিষেধ।

৩.৩.৬ পার্কিং-এর মার্কিং (Parking Marking)

গন্তব্যে পৌঁছানোর পর গাড়ী পার্ক করা প্রয়োজন। রাস্তার ধারে কিছু স্থান নির্দিষ্ট রোড মার্কিং দিয়ে চিহ্নিত করা থাকে যেখানে গাড়ী পার্কিং করা যায়। এই পার্কিং স্থান কার্বের ধার বরাবর রাস্তার সমান্তরাল হতে পারে অথবা কোনাকুনি ভাবে হতে পারে। কখনও কখনও কিছু পার্কিং এলাকা নির্দিষ্ট কোন যানের জন্য প্রস্তুত করা থাকে (যেমন - ট্যাঙ্কি, গাড়ী ইত্যাদি) এবং রাস্তার উপর তা লেখা থাকে। এইসব স্থানে অন্য গাড়ীর পার্ক করা নিষেধ। রাস্তার উপরে বিভিন্ন ধরনের পার্কিং (কৌণিক, সমকৌণিক ও সমান্তরাল) এবং তাদের মার্কিং চিত্র ৩.২৪, ৩.২৫ ও ৩.২৬-এ দেখানো হল।



চিত্র ৩.২৪ রাস্তার উপর কৌণিক গাড়ী পার্কিং ও তার মার্কিং


ব্যাখ্যা

পার্কিং-এর মার্কিং (Parking Marking)

পার্কিং-এর নির্দিষ্ট এলাকাতে গাড়ী পার্ক করুন। পাশের চির্বিতে কৌণিক পার্কিং (Angle Parking) এর রোড মার্কিং দেখানো হয়েছে।



চিত্র ৩.২৫ রাস্তার উপর সমকোণিক গাড়ী পার্কিং ও তার মার্কিং



চিত্র ৩.২৬ রাস্তার উপর সমান্তরাল গাড়ী পার্কিং ও তার মার্কিং

৩.৩.৭ বাস স্টপ-এর মার্কিং (Bus Stop Marking)

বাস যে রাস্তা দিয়ে চলাচল করে সেই রাস্তায় কিছু স্থান যাত্রী ওঠা-নামা করার জন্য নির্ধারিত থাকে। এই স্থানগুলিকে বাস স্টপ বলা হয়। বাস স্টপ রাস্তার উপর সাদা রঙের বিচ্ছিন্ন লাইন (Dotted Line) দিয়ে চিহ্নিত করা থাকে এবং ইংরাজীতে ‘বাস স্টপ’ (Bus Stop) কথাটিও লেখা থাকে। চালক হিসেবে বাস স্টপগুলি চিনে রাখুন এবং সেই স্থানে অন্য গাড়ী দাঁড় করাবেন না বা পার্কিং করবেন না। চিত্র ৩.২৭-এ বাস স্টপ মার্কিং দেখান হয়েছে।



চিত্র ৩.২৭ বাস স্টপ মার্কিং


ব্যাখ্যা

বাস স্টপ মার্কিং (Bus Stop Marking)

এই স্থানে শুধু মাত্র বাসই দাঁড়াতে পারে। অন্য গাড়ীর চালকেরা এই স্থানের কাছে তাদের গাড়ী পার্ক করবেন না।

৩.৪ রোড মার্কিং-এর সাম্প্রতিক উন্নয়ন

রোড মার্কিং-এর ক্ষেত্রে নতুন উদ্যোগগুলির মধ্যে অন্যতম হল ত্রিমাত্রিক বা থ্রি ডাইমেনশনাল (3-D) রোড মার্কিং। এই ধরনের রোড মার্কিং চালকের চোখে ত্রিমাত্রিক ছবি ফুটিয়ে তুলে তাকে বাঢ়তি সচেতন করে তোলে। পথচারীদের রাস্তা পার হওয়ার জায়গায় অতিরিক্ত নিরাপত্তার স্বার্থে এই ধরনের ত্রিমাত্রিক রোড মার্কিং থাকতে পারে। চিত্র ৩.২৮-এ পথচারীদের রাস্তা পারাপারের জায়গায় এই ধরনের থ্রি-ডি মার্কিং দেখান হয়েছে।



চিত্র ৩.২৮ ত্রিমাত্রিক বা থ্রি-ডি রোড মার্কিং



চিত্র ৩.২৯ সবুজ রঙের সাইকেল লেন



চিত্র ৩.৩০ লাল রঙের রোড মার্কিং ব্যবহার করে সতর্কীকরণ

সম্প্রতি নতুন ধরনের অন্যান্য রঙ যথা নীল, সবুজ ও লাল, আই আর সি : ৩৫-২০১৫ (IRC : 35-2015)-এর নির্দেশিকা অনুসারে রোড মার্কিং হিসেবে ব্যবহৃত হতে চলেছে। চালকেরা খুব শীঘ্ৰই এই ধরনের রোড মার্কিং এর সঙ্গে পরিচিত হবেন। রোড মার্কিং-এর প্রতিটি রঙ নির্দিষ্ট নির্দেশ বহন করে। চালকের উচিত রঙ অনুযায়ী এইসব নির্দেশ যথাযথভাবে মেনে চলা। এইরকম দুটি নতুন রঙের ব্যবহার চিত্র ৩.২৯ এবং চিত্র ৩.৩০-তে দেখান হয়েছে।

৩.৫ মূল্যায়ন

১। নিচের ছবিতে হলুদ মার্কিং কি বোঝাচ্ছে ?



- (ক) ওভারটেক করা যাবে
 - (খ) পার্কিং করা যাবে
 - (গ) ওভারটেক করা যাবে না
 - (ঘ) বাস লেন
- ২। নিচের ছবিতে রোড মার্কিং অনুসারে নীল গাড়ীটি লাল গাড়ীকে ওভারটেক করতে পারে কী ?



- (ক) হ্যাঁ
- (খ) না

৩। নিচের ছবিতে রোড মার্কিং অনুসারে নীল গাড়ীটি লাল গাড়ীকে ওভারটেক করতে পারে কী ?



(ক) হ্যাঁ

(খ) না

৪। নিচের ছবির রাস্তার মাঝবরাবর পাশাপাশি দুটি নিরবচ্ছিন্ন লাইনের মানে কী ?



(ক) ওভারটেকিং জোন

(খ) গতি বাড়ানোর স্থান

(গ) ওভারটেক নিষিদ্ধ অঞ্চল

(ঘ) কাছাকাছি পার্কিং-এর স্থান রয়েছে

৫। গিভওয়ে লাইন কি ভাবে বোঝানো হয় ?

(ক) নিরবচ্ছিন্ন দুটি লাইন

(খ) বিচ্ছিন্ন দুটি লাইন


(গ) বিচ্ছিন্ন একটি লাইন

(ঘ) তির্যক রেখা

৬। রাস্তার সংযোগস্থলে এই হলুদ বাস্তির মানে কী ?



- (ক) পার্কিং এলাকা
 - (খ) গাড়ী দাঁড়াবে না
 - (গ) বাসের জন্য এলাকা
 - (ঘ) পথচারীদের পারাপারের জায়গা
- ৭। সংযোগস্থলের পূর্বে ত্রিকোণ সংকেতের মানে কী ?




- (ক) থামুন/ স্টপ
- (খ) যাতায়াতের অগ্রাধিকার দিন/গিন্ড ওয়ে
- (গ) পার্ক করুন
- (ঘ) উপরের কোনটিই নয়

৮। নিচের ছবির এই ‘শেভন’ চিহ্নের মানে কী ?



- (ক) পার্কিং-এর স্থান
 - (খ) সামনে কার্ব আছে
 - (গ) বাস স্টপ
 - (ঘ) উপরের কোনটিই নয়
- ৯। সীমা রেখার উদ্দেশ্য কী ?
- (ক) বিপরীতমুখী ট্র্যাফিককে পৃথক করা
 - (খ) পার্কিং এলাকা শেষ হচ্ছে বোঝানো
 - (গ) ক্যারেজওয়ের প্রান্ত নির্দেশ করা
 - (ঘ) উপরের কোনটিই নয়
- ১০। বাসের জন্য নির্দিষ্ট লেন বোঝাতে কোন রঙ ব্যবহার করা হয় ?
- (ক) সাদা
 - (খ) হলুদ
 - (গ) নীল
 - (ঘ) লাল



নিরাপদে মোটরযান চালানোর নির্দেশিকা

ভার্গব মৈত্র
মুনাভর ফাইরজ সি
প্রশান্ত প্রসাদ

৪.১ ভূমিকা

মোটরযান চালকদের দায়িত্ব সতর্ক ও দক্ষভাবে গাড়ী চালানো, যাতে কোন দুর্ঘটনা না ঘটে। সুতরাং সব চালকেরই তার নিজের বা অন্য পথ ব্যবহারকারীদের (অন্যান্য গাড়ীর চালক, পথচারী এবং সাইকেল আরোহীর) সুরক্ষা নিশ্চিত করার জন্য রাস্তা এবং যানবাহন সংক্রান্ত নিয়মাবলী সম্বন্ধে সম্যক জ্ঞান থাকা প্রয়োজন।

রাস্তা বা সড়ক-এ প্রয়োজনীয় নিয়মকানুনগুলি রাস্তার অবস্থা, স্থানীয় বাতাবরণ ও রাস্তার প্রকারভেদের উপর নির্ভর করে। এই বিষয়গুলি পঞ্চম অধ্যায়ে বিশদভাবে আলোচনা করা হবে।

নিরাপদে গাড়ী চালানোর জন্য চালকের নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে জানা প্রয়োজন।

- ব্লাইন্ড স্পট
- লেন বেছে নেওয়া
- পার্কিং করা
- ওভারটেক করা
- ডানদিকে বা বাঁদিকে ঘোরা
- রাস্তার সংযোগস্থল
- রেলওয়ে ক্রসিং
- নো স্টপিং জেন
- হ্যান্ড সিগন্যাল
- আলোর ব্যবহার
- হর্ণের ব্যবহার
- চলন্ত গাড়ীতে ঝুলে যাত্রা করা
- মোটরযানের পরিবর্তন / পরিবর্ধন করা
- একমুখী রাস্তা (ওয়ান ওয়ে)
- রিসোল করা টায়ার
- যানবিত্তিক নিরাপদ চলাচল
- ঝুঁকিপূর্দ অভ্যাস

এই বিষয়গুলির বিস্তারিত আলোচনা পরবর্তী পর্বগুলিতে করা হয়েছে।


৪.২ সাধারণ নিয়মাবলী

নিচে বর্ণিত নির্দেশগুলি যেকোনো প্রকার গাড়ীর জন্য মেনে চলা প্রয়োজন।

(ক) গাড়ী চালানোর আগের প্রস্তুতি (Pre-Driving): প্রস্তুতকারকের পরামর্শ অনুযায়ী নিয়মিতভাবে গাড়ীর রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। এর ফলে আপনার গাড়ী বা বাহনটি ভাল অবস্থায় থাকবে এবং যান্ত্রিক গোলযোগের দরকান দুর্ঘটনার সম্ভাবনাও কমবে। গাড়ী চালানোর আগে নিম্নলিখিত বিষয়গুলির উপর নজর রাখুন এবং নিশ্চিত করুন যে আপনার গাড়ী রাস্তায় নিরাপদে চলার অবস্থায় আছে।

- তেলের মাত্রা (ইঞ্জিন, ৱেক ও জ্বলানি)
- কুল্যান্টের মাত্রা
- টায়ারের অবস্থা
- ৱেক
- লাইট
- হণ্ড
- ওয়াইপার
- অ্যামিটার

- (খ) গাড়ী চালানোর সময় কখনোই গতিসীমা (Speed Limit) অতিক্রম করবেন না।
- (গ) রাস্তার বাঁকে গাড়ীর গতি কমান।
- (ঘ) গাড়ী চালানোর সময় মোবাইল ফোন ব্যবহার করবেন না। এতে মনোযোগ ব্যহত হয় এবং দুর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে।
- (ঙ) সামনের গাড়ী থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন। নির্দিষ্ট গতিবেগে গাড়ী চালিয়ে ২ সেকেন্ড সময়ে যে দূরত্ব অতিক্রম করা যায়, সামনের গাড়ীর থেকে কমপক্ষে সেই ব্যবধান রাখুন। একে ২ সেকেন্ড নিয়ম (2 Second Rule) বলে। প্রতিকূল আবহাওয়ায় (ঘন কুয়াশা অথবা বৃষ্টি) ২ সেকেন্ডের পরিবর্তে ৯ সেকেন্ডে যে দূরত্ব অতিক্রম করা যায়, সামনের গাড়ী থেকে ন্যূনতম সেই দূরত্ব বজায় রাখুন। চিত্র ৪.১-এ ২ সেকেন্ড রুলটি বিভিন্ন গতিতে চলা গাড়ীর জন্য দেখান হয়েছে। এই চিত্র থেকে পরিষ্কার বোৰা যায় যে গাড়ীর গতি যত বেশী হবে নিরাপত্তার জন্য দুটি গাড়ীর দূরত্ব তত বেশী করে বজায় রাখতে হবে।




চিত্র ৪.১ ২ সেকেন্ড রুল অনুযায়ী দুটি চলন্ত গাড়ীর মধ্যে ন্যূনতম দূরত্ব

- (চ) যখন দুটি রাস্তাই সমান গুরুত্বপূর্ণ এবং রাস্তার সংযোগস্থলটি ট্যাফিক সিগন্যাল বা স্টপ সাইন বা গিভ ওয়ে সাইন দ্বারা নিয়ন্ত্রিত নয়, তখন ডান দিক থেকে আগত গাড়ীকে অগ্রাধিকার দিন।

৪.৩ ব্লাইন্ড স্পট (Blind Spot)

গাড়ী চালানোর আগে যে বিষয়গুলি সম্বন্ধে আপনার জানা প্রয়োজন ব্লাইন্ড স্পট তাদের মধ্যে অন্যতম। গাড়ী চালানোর সময় চালক সরাসরি সামনের রাস্তার অংশ দেখতে পান। এছাড়া বাঁদিক, ডানদিক এবং গাড়ীর ভেতরে থাকা আয়না দিয়েও পাশের বা পেছনের অনেকটা অংশ দেখতে পান। পাশের এবং পেছনের যে অংশ আয়নাগুলি দিয়ে দেখা যায় না, তাকে ব্লাইন্ড স্পট বলে (চিত্র ৪.২)।

নিচে দেওয়া নির্দেশিকাগুলি মনে চললে আপনি ব্লাইন্ড স্পটের কারণে হওয়া দুর্ঘটনা থেকে রক্ষা পেতে পারেন।



চিত্র ৪.২ ব্লাইন্ড স্পট

৪.৩.১ ব্লাইন্ড স্পটে থাকা গাড়ীর চিহ্নিতকরণ

ব্লাইন্ড স্পট অঞ্চলে থাকা পথচারী বা গাড়ী চিহ্নিতকরণের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি মেনে চলুন।


- (ক) বাঁদিকের ব্লাইন্ড স্পট দেখার জন্য আপনার মাথা বাঁদিকের কাঁধ বরাবর ঘূরিয়ে দেখুন।
- (খ) ডান দিকের ব্লাইন্ড স্পট দেখার জন্য আপনার মাথা ডান দিকের কাঁধ বরাবর ঘূরিয়ে দেখুন।
- (গ) ব্লাইন্ড স্পট দেখার সময় বিশেষভাবে লক্ষ্য রাখুন যে মোটরসাইকেল বা বাইসাইকেল আরোহী আছেন কিনা।

৪.৪ গাড়ী চলার লেন বেছে নেওয়া

অনেক রাস্তায় একই দিকে যাওয়ার জন্য একাধিক লেন থাকে। এরকম রাস্তায় সঠিক লেন বেছে নেওয়া পথ নিরাপত্তার দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই অংশে সঠিক লেন বেছে নেওয়া, লেন পরিবর্তন এবং স্লিপ লেন ব্যবহারের নিয়মাবলীগুলি আলোচনা করা হলো।


৪.৪.১ লেন বাছাই-এর নিয়মাবলী

- (ক) সব সময়ে রাস্তার বাঁ দিক ধরে গাড়ী চালান।
- (খ) নির্দিষ্ট লেন বরাবর ট্র্যাফিকের সঙ্গে সমতা রেখে গাড়ী চালান। দুই লেনের মাঝ বরাবর কখনোই গাড়ী চালাবেন না।
- (গ) বহুলেনবিশিষ্ট এবং বিভাজিত হাইওয়েতে সবচেয়ে ডান দিকের লেনটি ফাঁকা রাখা দরকার, যাতে অন্য গাড়ী বা এমার্জেন্সি গাড়ী (অ্যাম্বুলেন্স, ফায়ার রিগেড ইত্যাদি) আপনার গাড়ীকে ওভারটেক করতে পারে (চিত্র ৪.৩)। ওভারটেক করার সময় আপনি ডান দিকের লেন-ই ব্যবহার করুন, কিন্তু ওভারটেক করার পরে বাঁদিকের লেনে ফিরে আসবেন। কখনই আপনার বাঁদিকের লেন ফাঁকা রেখে ডান দিকের লেনে গাড়ী চালাবেন না।



চিত্র ৪.৩ বাঁদিকের লেন ধরে গাড়ী চালান

- (ঘ) টার্ন বা বাঁক নেবার আগে সঠিক লেনে গাড়ী রাখাটা খুবই জরুরী। যেমন, বাঁদিকে টার্ন নেবার আগে গাড়ীটি বাঁদিকের লেনে নিয়ে যান ও ডানদিকে টার্ন নেবার আগে গাড়ীটি ডান দিকের লেনে নিয়ে যান এবং প্রতিক্রিয়ে লেন পরিবর্তনের সময় সঠিক দিকের ইন্ডিকেটর ব্যবহার করুন।
- (ঙ) লেন পরিবর্তনের সময় গাড়ীকে তখনই নতুন লেনে নিন যখন সেই লেনে দুটি গাড়ীর মধ্যে পর্যাপ্ত ব্যবধান আছে। অন্যথায় রাস্তা আটকে যেতে পারে এবং দুর্ঘটনা হতে পারে। চিত্র ৪.৪-এ দুটি গাড়ীর মধ্যে পর্যাপ্ত ব্যবধান না থাকা অবস্থায় বিপজ্জনকভাবে লেন পরিবর্তনের একটি উদাহরণ দেওয়া হল।




চিত্র ৪.৪ বিপজ্জনকভাবে লেন পরিবর্তন করবেন না

- (চ) অপ্রয়োজনীয়ভাবে বারে বারে লেন পাল্টাবেন না - এটি একটি বিপজ্জনক অভ্যাস।
- (ছ) লেন পরিবর্তনের সময় একসাথে একাধিক লেন অতিক্রম করবেন না। একটি লেন অতিক্রম করার পর কিছুটা সময় নিন।

৪.৪.২ লেন পরিবর্তনের নিয়মাবলী

লেন পরিবর্তনের সময় নিচের দেওয়া নির্দেশিকাগুলি মেনে চলুন। এই নির্দেশিকাগুলি মেনে লেন পরিবর্তনের পদ্ধতি চিত্র ৪.৫-এ বোঝানো হয়েছে।

- (ক) ডানদিকের লেনে যাওয়ার আগে লক্ষ্য করুন অন্য কোনো গাড়ী আপনার গাড়ীকে ওভারটেক করার চেষ্টা করছে কিনা। দুটি গাড়ীর মধ্যে পর্যাপ্ত ব্যবধান নিশ্চিত করার পরে ডানদিকের লেনে যাওয়ার জন্য প্রস্তুত হন।
- (খ) ডান দিকের কাঁধ বরাবর ইন্ডিকেটর কোনো গাড়ী আছে কিনা দেখুন, এরপর লেন পরিবর্তনের জন্য ইন্ডিকেটর ব্যবহার করুন।
- (গ) আবার আয়না দিয়ে দেখে নিন লেন পাল্টাবার জন্য পর্যাপ্ত জায়গা আছে কিনা।
- (ঘ) এরপর ধীরে ধীরে লেন পাল্টান।
- (ঙ) লেন পরিবর্তন সম্পূর্ণ করার পর ইন্ডিকেটর লাইটটি বন্ধ করুন।




চতুর্থ পরিবর্তনের বিভিন্ন ধাপ

৪.৪.৩. স্লিপ লেন (Slip Lane) ব্যবহারের নিয়মাবলী

- অনেক সময় রাস্তার সংযোগস্থলে বাঁদিকে ঘোরার জন্য ট্র্যাফিক আইল্যান্ডসহ আলাদা লেন দেওয়া হয়। এই ধরনের রাস্তাকে স্লিপ লেন বলে (চিত্র ৪.৬)। স্লিপ লেন ব্যবহার করার নিয়মগুলি নিচে দেওয়া হল।

(ক) সুস্পষ্ট নির্দেশ ব্যতিরেকে স্লিপ লেনে গাড়ী পার্ক করবেন না, কারণ এটি মূলত গাড়ী চলাচলের রাস্তা।

(খ) যদি সোজা বা ডানদিকে যাওয়ার প্রয়োজন থাকে তাহলে স্লিপ লেনে প্রবেশের রাস্তা আটকে গাড়ী দাঁড় করাবেন না। স্লিপ লেনে প্রবেশের পথটি বাঁদিকে ঘোরা গাড়ীর জন্য সবসময় খালি রাখুন।



চিত্র ৪.৬ স্লিপ লেনের একটি উদাহরণ

৪.৫ পার্কিং (Parking)

পার্কিং-এর জন্য নির্দিষ্ট জায়গাতেই গাড়ী পার্ক করুন। তা না হলে যান চলাচলে বিঘ্ন ঘটা, যানজট বা অন্য গাড়ীর ক্ষেত্রে বিপদের সম্ভাবনা থাকে। অতএব, পার্কিং সংক্রান্ত নিয়মাবলী যেমন- সঠিক ভাবে গাড়ী পার্ক করা, পার্ক করা গাড়ী ঠিক ভাবে বের করে আনা, কোথায় পার্কিং করা যাবে না, সেই সম্বন্ধে বিশেষ ভাবে জানা দরকার।

পার্কিং করা সংক্রান্ত বিভিন্ন বিষয়গুলি নিচে আলোচনা করা হল।

৪.৫.১ গাড়ী পার্কিং-এর সাধারণ নিয়মাবলী

(ক) বাস স্টপের আগে ২০ মিটার এবং পরে ১০ মিটারের মধ্যে গাড়ী পার্ক করবেন না (চিত্র ৪.৭)। অন্যথায় বাস নির্দিষ্ট স্টপে দাঁড়াতে বা স্টপ থেকে বেরোনোর সময় অসুবিধায় পড়বে। যাত্রীদেরও বাসে ওঠা নামার সময় অসুবিধা হতে পারে।



চিত্র ৪.৭ বাস স্টপের কাছে এবং বিভাজিকার উপর পার্কিং-এর বিধিনিষেধ


(খ) পথচারীদের রাস্তা পারাপারের জায়গার আগে ২০ মিটার এবং পরে ১০ মিটারের মধ্যে গাড়ী পার্ক করবেন না (চিত্র ৪.৭)। এটি পথচারীদের রাস্তা পার হবার সময় অসুবিধার কারণ হতে পারে। এছাড়াও এতে পথচারী এবং সামনের দিক থেকে আসা গাড়ীগুলির ক্ষেত্রে সাইট ডিস্ট্যান্স বাধাপ্রাপ্ত হয়। পথচারীদের রাস্তা পারাপারের জায়গার কাছে পার্ক করা কোন গাড়ীকে অতিক্রম করার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন।

(গ) রাস্তার সংযোগস্থলের (ইন্টারসেকশন) কাছে যদি পার্কিং করার সুনির্দিষ্ট নির্দেশ না থাকে, তাহলে সংযোগস্থলের ৩০ মিটারের মধ্যে কখনোই গাড়ী পার্ক করবেন না (চিত্র ৪.৮)। এই স্থানে পার্কিং করলে যান চলাচল ব্যাহত হতে পারে। কারণ অন্য গাড়ীও ৩০ মিটার আগে থেকেই সংযোগ স্থলে যাওয়ার জন্য লেন পরিবর্তন করতে পারে।



চিত্র ৪.৮ রাস্তার সংযোগস্থলের কাছে পার্কিং-এর বিধিনিষেধ

(ঘ) রেলওয়ে ক্রসিং-এর উভয়পাশে ২০ মিটার-এর ভেতর গাড়ী পার্ক করবেন না (চিত্র ৪.৯)। চলন্ত ট্রেন থেকে নিরাপদ দূরত্বে গাড়ী রাখা প্রয়োজন। রেল ক্রসিং-এ গেট বন্ধ থাকার সময় গাড়ীর লম্বা লাইন পড়ে যাওয়ার ফলে যানজট হতে পারে। তাই রেল ক্রসিং-এর ২০ মিটারের ভেতরে গাড়ী পার্ক করলে এই যানজট আরো বেড়ে অন্য গাড়ীর অসুবিধা সৃষ্টি করতে পারে।



চিত্র ৪.৯ রেলওয়ে ক্রসিং-এর কাছে পার্কিং-এর বিধিনিষেধ

- (ঙ) সামিট কার্ডে সাধারণত সাইট ডিস্ট্যান্স পর্যাপ্ত থাকে না। তাই সামিট কার্ডের শিখরের কাছে দুই দিক থেকে আসা গাড়ীর একে অন্যকে দেখতে অসুবিধা হয়। সামিট কার্ডের শিখরে গাড়ী পার্ক করবেন না কারণ পার্কিং করা গাড়ী এই সমস্যা আরো বাড়িয়ে তুলতে পারে এবং দুর্ঘটনার কারণ হতে পারে।
- (চ) অগ্নিনির্বাপণ কেন্দ্রের ৩০ মিটারের মধ্যে গাড়ী পার্ক করবেন না। এতে দমকলের গাড়ীর যাতায়াতের অসুবিধা হতে পারে।
- (ছ) প্রধান সড়কের উপর বা ব্যস্ত রাস্তায় গাড়ী পার্ক করবেন না। এরকম স্থানে পার্ক করলে যানবাহন যাতায়াতে বিঘ্ন ঘটে ও দেরী হয়।
- (জ) হাসপাতালের গেটের কাছে গাড়ী পার্ক করবেন না। নতুনা অ্যাম্বুলেন্স বা অন্যান্য জরুরী কাজের গাড়ীর ঢুকতে বা বার হতে অসুবিধা হতে পারে।
- (ঝ) ট্র্যাফিক সিগন্যাল আটকে গাড়ী পার্কিং করবেন না। ট্র্যাফিক সিগন্যাল সবসময় দেখতে পাওয়া জরুরী।
- (ঞ) ড্রাইভওয়ের উভয় দিকেই ১.৫ মিটারের মধ্যে গাড়ী পার্ক করবেন না (চিত্র ৪.১০)। ড্রাইভওয়েতে যাতায়াতের পথ সবসময় খোলা রাখা উচিত।



চিত্র ৪.১০ ড্রাইভওয়ে, ফায়ার হাইড্রেন্ট এবং সাইডওয়াক-এর কাছে পার্কিং-এর বিপর্যীহৃৎ

- (ট) রাস্তায় অগ্নিবার্ষিক জল ব্যবস্থার (Fire Hydrant) উভয় দিকেই ৫ মিটারের ভেতর গাড়ী পার্ক করবেন না (চিত্র ৪.১০)। জরুরী প্রয়োজনে অগ্নিবার্ষিক জলব্যবস্থার ব্যবহারে যেন কোন বাধা সৃষ্টি না হয়।
- (ঠ) ফুটপাথের উপর কখনই গাড়ী পার্ক করবেন না। ফুটপাথে গাড়ী পার্ক করা থাকলে পথচারীরা রাস্তা ব্যবহার করতে বাধ্য হবেন এবং এতে দুর্ঘটনা ঘটতে পারে (চিত্র ৪.১১)।
- (ড) রাস্তার বিভাজিকার (Median) উপর গাড়ী পার্ক করবেন না (চিত্র ৪.৭)।




চিত্র ৪.১১ ফুটপাথে গাড়ী পার্ক করবেন না

৪.৫.২ সমান্তরাল পার্কিং (Parallel Parking)-এর নিয়মাবলী

অন্য কোন নির্দেশিকা দেওয়া না থাকলে গাড়ী পার্ক করার সময় রাস্তার সাথে সমান্তরালভাবে পার্কিং করুন। এই ধরনের পার্কিং করার সময় নিম্নলিখিত নির্দেশিকাগুলি মনে রাখুন।

- (ক) পার্কিং করা এবং সংলগ্ন লেনের চলমান গাড়ীর মুখ যেন একই দিকে এবং সমান্তরাল থাকে। যথাসম্ভব গাড়ীকে বাঁদিকে রেখে পার্কিং করুন, যাতে চলমান গাড়ীর ন্যূনতম অসুবিধা হয়।
- (খ) যদি পার্কিং-এর জন্য সুনির্দিষ্ট রোড মার্কিং থাকে, তাহলে গাড়ী সেই মার্কিং অনুযায়ী পার্ক করুন।
- (গ) সমান্তরালে পার্ক করা দুটো গাড়ীর মধ্যে ন্যূনতম ১ মিটার ব্যবধান রাখুন (চিত্র ৪.১২)। এতে গাড়ী পার্কিং থেকে সহজে এবং নিরাপদে বের করা সম্ভব হবে।



চিত্র ৪.১২ প্যারালাল পার্কিং-এ গাড়ী রাখার উদাহরণ

(ঘ) একটি পার্ক করা গাড়ীর পাশে পার্ক করাকে ডাবল পার্কিং (Double Parking) বলে। কখনই ডাবল পার্কিং করবেন না (চিত্র ৪.১৩)।




চিত্র ৪.১৩ ডাবল পার্কিং করবেন না

৪.৫.৩ কৌণিক পার্কিং (Angular Parking)-এর নিয়মাবলী

সুস্পষ্ট নির্দেশিকা (সাইন বা রোড মার্কিং) থাকলে তবেই কৌণিক পার্কিং করুন। কৌণিক পার্কিং-এর ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশিকাগুলি মনে চলুন।

- (ক) নির্দিষ্ট কোণ (30° , 60° ইত্যাদি) উল্লেখ করা না থাকলে সব সময় রাস্তার সঙ্গে 85° কোণ করে গাড়ী পার্ক করুন (চিত্র ৪.১৪)।
- (খ) সাইনবোর্ড বা রোড মার্কিং-এ দেওয়া নির্দেশিকা মনে গাড়ী পার্ক করুন।



চিত্র ৪.১৪ কৌণিক পার্কিং-এ গাড়ী রাখার উদাহরণ

৪.৫.৪ ঘনে রাখবার মত কয়েকটি বিষয়

নির্দিষ্ট জায়গায় গাড়ী পার্ক করার পর নিচের নির্দেশনামাগুলি মনে রাখবেন।

- (ক) পার্ক করা গাড়ীর দরজা খোলার আগে আয়না এবং ব্লাইন্ড স্পটগুলি দেখে নিশ্চিত করুন, যাতে দরজা খোলার সময় পথচারী, সাইকেল আরোহী বা অন্য গাড়ীর সাথে ধাক্কা না লাগে।
- (খ) পার্ক করা গাড়ীতে বাচ্চাদের একা ফেলে রেখে যাবেন না।
- (গ) পোষ্য প্রাণীদের পার্ক করা গাড়ীতে ফেলে রেখে যাবেন না।
- (ঘ) পার্কিং-এ গাড়ী রেখে যাবার আগে নিশ্চিত করুন যে হ্যান্ডব্রেক দেওয়া আছে। পার্কিং রাস্তার চড়াই বা উৎরাই অংশে করলে গাড়ীটি অবশ্যই ফার্স্ট গিয়ার বা রিভার্স গিয়ারে রাখুন। অটোমেটিক ট্রান্সমিশন যানের ক্ষেত্রে গাড়ী পার্কিং মোডে রাখুন। এছাড়াও চড়াই বা উৎরাই অংশ যদি কার্বুজ হয়, তাহলে পার্কিং-এর সময় গাড়ীর সামনের চাকা এমনভাবে ঘুরিয়ে রাখুন যাতে কেবল কারণে গাড়ী গড়িয়ে গেলেও তা কার্বে আটকে যায়।

- (ঙ) পার্ক করা গাড়ী থেকে বেরিয়ে যাওয়ার সময় গাড়ীর চাবি সাথে রাখুন এবং গাড়ীর দরজা ও জানালা বন্ধ থাকা নিশ্চিত করুন। কোনভাবেই গাড়ীর ভিতর কাউকে রেখে গাড়ী বন্ধ (lock) করবেন না।
- (চ) পার্কিং থেকে গাড়ী সরানোর আগে অন্তত ৫ সেকেন্ড সিগন্যাল দিন যাতে চলমান গাড়ী ও পথচারীরা সচেতন হয়। এর সাথে অবশ্যই আয়না এবং লাইন্ড স্পটগুলি পর্যবেক্ষণ করুন।

৪.৬ ওভারটেক করা (Overtaking)

অবিভাজিত দ্বিমুখী রাস্তায় ওভারটেক করা বুঁকিপূর্ণ কারণ ওভারটেক করার সময় উল্টোদিক থেকে আসা গাড়ীর সম্মুখীন হওয়ার সম্ভাবনা থাকে। তাই ওভারটেক করার সময় সচেতন হওয়া এবং নিম্নলিখিত পদক্ষেপগুলি মেনে চলা প্রয়োজন (চিত্র ৪.১৫)।



চিত্র ৪.১৫ ওভারটেকিং-এর বিভিন্ন পর্যায়

- (ক) আয়নায় দেখুন পেছন থেকে আসা কোন গাড়ী ওভারটেক করার চেষ্টা করছে কিনা।
- (খ) ডান কাঁধের উপর দিয়ে দেখুন লাইন্ড স্পটে কোন গাড়ী আছে কিনা।
- (গ) সামনের গাড়ীর সাথে নিরাপদ দূরত্ব বজায় রাখুন এবং যদি ওভারটেক করার মত পর্যাপ্ত জায়গা থাকে তাহলেই ধীরে ধীরে গাড়ীটি ডানদিকের লেনে নেওয়ার জন্য প্রস্তুত হন।
- (ঘ) আপনার ডান দিক দিয়ে কোন গাড়ী আসছে কিনা দেখার জন্য ডানদিকের আয়নায় লক্ষ্য রাখুন এবং উপর্যুক্ত জায়গা থাকলে ডান দিকে যাওয়ার ইন্ডিকেটর দিন।
- (ঙ) এবার ধীরে ধীরে গাড়ীটি ডানদিকের লেনে নিন এবং ডানদিকের ইন্ডিকেটর বন্ধ করে গাড়ীর গতিবেগ বাড়িয়ে বাঁদিকের গাড়ীটিকে ওভারটেক করুন।

- (চ) বাঁদিকের আয়নায় দেখে ওভারটেক করা গাড়ীর থেকে নিরাপদ দূরত্ব নিশ্চিত করুন।
- (ছ) এরপর বাঁদিকের ইন্ডিকেটর দিয়ে ধীরে ধীরে গাড়ীটিকে সাবধানে আগের লেনে ফিরিয়ে আনুন।
- (জ) লেন পরিবর্তন সম্পূর্ণ করার পরে বাঁদিকের ইন্ডিকেটরটি বন্ধ করুন।

৪.৬.১ ওভারটেক সংক্রান্ত সাধারণ নিয়মাবলী

- (ক) অন্য গাড়ী যখন আপনার গাড়ীকে ওভারটেক করছে তখন গাড়ীর গতি বাঢ়াবেন না। গতি বাঢ়লে আপনাকে ওভারটেক করতে অন্য গাড়ীটির সময় বেশী লাগবে এবং দুর্ঘটনার সম্ভবনা বাঢ়তে পারে।
- (খ) অন্য গাড়ী যখন আপনাকে ওভারটেক করছে তখন লেনের যতদূর সম্ভব বাঁদিক দিয়ে চলুন যাতে অন্য গাড়ীটি ওভারটেক করার জন্য যথেষ্ট জায়গা পায়।
- (গ) ওভারটেক করার সময় অন্য গাড়ীটির চালকের দ্রষ্টিপথ আপনার গাড়ীর কারণে যেন না আটকায়।
- (ঘ) কখনও বাঁদিক দিয়ে কোন গাড়ীকে ওভারটেক করবেন না। এই ব্যাপারে আপনার সতর্ক হওয়া প্রয়োজন, কারণ চালকেরা হামেশাই এই বিপজ্জনক কাজটি করে থাকেন।
- (ঙ) পথচারীদের রাস্তা পারাপারের জায়গায় ওভারটেক করবেন না।
- (চ) ‘No Overtaking’ সাইন দেওয়া থাকলে কখনও ওভারটেক করবেন না।


৪.৭ গাড়ীর টার্ন নেওয়া (Turning Manoeuvre)

এই অনুচ্ছেদে গাড়ী টার্ন নেওয়ার সময় কী কী সতর্কতা অবলম্বন করতে হবে সে বিষয়ে আলোচনা করা হল।

৪.৭.১ বাঁদিকে টার্ন নেওয়ার নিয়মাবলী

- (ক) যদি বাঁদিকে লেন খালি থাকে তাহলে বাঁদিকে টার্নের অন্তত ৩০ মিটার আগে গাড়ীকে বাঁদিকের লেনে নিন। যদি বাঁদিকের লেনে সারিবদ্ধ গাড়ী থাকে তাহলে আরও আগে গাড়ী বাঁদিকের লেনে নিয়ে সেই গাড়ীর সারিতে যোগ দিন (চিত্র ৪.১৬)।
- (খ) কোন সময়েই পাশ থেকে গাড়ীর সারির মাঝে চুকতে যাবেন না। কারণ এভাবে গাড়ীর সারিতে ঢোকা বিপজ্জনক।
- (গ) টার্ন নেওয়ার সময় সতর্ক থাকুন এবং নিশ্চিত করুন যাতে অন্য গাড়ী বা পথচারী বা সাইকেল আরোহীর সাথে সংঘাত না হয়।


- (ঘ) বাঁদিকে ঘোরার জন্য সবসময় বাঁদিকের ইন্ডিকেটর ব্যবহার করুন।
- (ঙ) টার্ন নেওয়া হয়ে গেলে সর্তকভাবে সেই রাস্তার যানবাহন এবং পরিবেশ অনুযায়ী গাড়ী চালান।



চিত্র ৪.১৬ সংযোগস্থলে বাঁদিকে ঘোরার বিভিন্ন পর্যায়

৪.৭.২ ডান দিকে টার্ন নেওয়ার নিয়মাবলী

- (ক) আয়নায় দেখুন আপনার ঠিক পেছনের গাড়ীগুলো নিরাপদ দূরত্বে আছে কিনা।
- (খ) ডানদিকে মোড় নেবার জন্য হাত দিয়ে অথবা ইশিকেটের দিয়ে ধীরে ধীরে এগিয়ে যান (চিত্র ৪.১৭)।
- (গ) অন্য গাড়ীগুলিকে আপনার বাঁদিক দিয়ে যাবার জন্য যথেষ্ট জায়গা ছাড়ুন।
- (ঘ) এবার পর্যাপ্ত জায়গা নিশ্চিত করে ডান দিকে টার্ন নিন। টার্ন নেওয়ার সময় নিশ্চিত করুন যেন উল্টো দিক থেকে আসা গাড়ীর সাথে নিরাপদ দূরত্ব বজায় থাকে।
- (ঙ) টার্ন নেওয়া হয়ে গেলে সর্তকভাবে সেই রাস্তার যানবাহন এবং পরিবেশ অনুযায়ী গাড়ী চালান।



চিত্র ৪.১৭ সংযোগস্থলে ডানদিকে ঘোরার বিভিন্ন পর্যায়

৪.৮ রাস্তার সংযোগস্থল (Intersection)

এই পর্বে ট্র্যাফিক লাইট, রাস্তার সংযোগস্থলে পালনীয় সাধারণ নির্দেশিকা, এবং যানচলাচলের নিয়মাবলী সম্বন্ধে আলোচনা করা হল।

৪.৮.১ ট্র্যাফিক লাইট (Traffic Light)

একাধিক রাস্তার সংযোগস্থলে যানবাহন সুনিয়ন্ত্রণের জন্য ট্র্যাফিক লাইট ব্যবহার করা হয়।

গাড়ির চালক হিসেবে আপনার সিগন্যাল বা লাইটের বিষয়ে জানা এবং পথ নিরাপত্তার জন্য সেগুলি মেনে চলা দরকার।

লাল আলো (Red Light) (চিত্র ৪.১৮)

- (ক) ট্র্যাফিক সিগন্যালে লাল আলো জুললে অবশ্যই থামুন।
- (খ) গাড়ীকে অবশ্যই স্টপ লাইনের আগে দাঁড় করান। কোনভাবেই স্টপ লাইনের উপর বা স্টপ লাইন অতিক্রম করে গাড়ী দাঁড় করাবেন না।
- (গ) আপনার যাত্রাপথ অনুযায়ী (সোজা, ডানদিকে বা বাঁদিকে) যে লেনে গাড়ী রাখার নিয়ম সেই লেনেই গাড়ী রেখে অপেক্ষা করুন। তাড়াতাড়ি সংযোগস্থল অতিক্রম করবার জন্য লেন পরিবর্তন করবেন না।



চিত্র ৪.১৮ লাল আলো

হলুদ আলো (Amber Light) (চিত্র ৪.১৯)

- হলুদ আলো সবুজ আলোর পরে দেখলে নিম্নলিখিত নির্দেশগুলি মেনে চলুন।
- (ক) আপনি যদি স্টপ লাইন অতিক্রম করার পরে হলুদ আলো দেখেন তাহলে নিশ্চিন্তে স্বাভাবিক গতিতে ইন্টারসেকশনটি পেরিয়ে যান।
- (খ) আপনি যদি স্টপ লাইন অতিক্রম করার আগে হলুদ আলো দেখেন তাহলে স্টপ লাইনের আগেই গাড়ী থামিয়ে দিন। হলুদ আলো দেখলে কোন অবস্থাতেই গাড়ীর গতি বাড়িয়ে পেরিয়ে যাবার চেষ্টা করবেন না।



চিত্র ৪.১৯ হলুদ আলো

হলুদ আলো লাল আলোর পরে দেখলে গাড়ী স্টার্ট দিয়ে চলার জন্য প্রস্তুত হন, কিন্তু সবুজ আলো না জুলা পর্যন্ত গাড়ী এগিয়ে নিয়ে যাবেন না।

সবুজ আলো (Green Light) (চিত্র ৪.২০)

- (ক) সবুজ আলো থাকলে নিশ্চিন্তে এবং স্বাভাবিক গতিতে গাড়ী চালিয়ে ইন্টারসেকশনটি অতিক্রম করুন।
- (খ) সবুজ আলো থাকলে সুশৃঙ্খলভাবে গাড়ী চালান, অথবা তাড়াছড়ো করে লাইন ভেঙ্গে গাড়ী চালিয়ে বিপদ দেকে আনবেন না।



চিত্র ৪.২০ সবুজ আলো

ফ্ল্যাশিং লাল আলো (Flashing Red Light)

যেখানে নিরবচ্ছিন্নভাবে লাল আলো জুলছে আর নিভচে সেখানে আপনার কাজ স্টপ লাইন মেনে গাড়ী দাঁড় করান। এরপর অন্যদিক থেকে আসা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সাবধানে ও নিরাপদভাবে রাস্তার সংযোগস্থল পেরিয়ে যান।


ফ্ল্যাশিং হলুদ আলো (Flashing Amber Light)

যখন হলুদ আলো অনবরত জুলছে আর নিভচে তখন গাড়ীর গতি অবশ্যই কম করুন এবং প্রয়োজন হলে থামুন। এরপর অন্য দিক থেকে আসা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সাবধানে ও নিরাপদভাবে রাস্তার সংযোগস্থল পেরিয়ে যান।

৪.৮.২ রাস্তার সংযোগস্থলে গাড়ী চলাচলের নিয়মাবলী

- (ক) রাস্তার সংযোগস্থলের কাছে এলে গাড়ীর গতি কমান।
- (খ) স্টপ লাইনের আগে গাড়ী থামান।

- (গ) যে দিকে মোড় নেবেন সেই দিকের লেনে সংযোগস্থলের অন্তত ৩০ মিটার আগে প্রবেশ করুন।
- (ঘ) মোড় নেবার আগে হাত দিয়ে অথবা ইন্ডিকেটর লাইট জ্বালিয়ে সংকেত দেবেন।
- (ঙ) ইন্ডিকেটর বা হ্যান্ড সিগন্যাল দিয়ে অন্তত ৫ সেকেন্ড পরে টার্ন নেবেন যাতে আপনার পেছনে আসা গাড়ী বুঝতে পারে আপনি মোড় নিতে যাচ্ছেন।
- (চ) যে রাস্তায় মোড় নিতে যাচ্ছেন সেই রাস্তা দিয়ে যাচ্ছে এমন গাড়ী ও পথচারীদের আগে যেতে দিন।
- (ছ) সংযোগস্থলের কাছে এসে লেন ভেঙ্গে শর্টকাট করে মোড় অতিক্রম করার চেষ্টা করবেন না (চিত্র ৪.২১)।



চিত্র ৪.২১ লেন ভেঙ্গে শর্টকাট করে গাড়ী ঘোরানো বিপজ্জনক

- (জ) সংযোগস্থল পার করার সময় সর্বদা সজাগ থাকবেন এবং লক্ষ্য রাখবেন যাতে মোড় নিতে যাওয়া কোন গাড়ীর সাথে সংঘাত না হয় (চিত্র ৪.২২)।



চিত্র ৪.২২ সংযোগস্থলে বিপজ্জনক ভাবে গাড়ী চালালে দুর্ঘটনা ঘটতে পারে

(বা) মোড়ের মাথায় কখনও ওভারটেক করবেন না। অন্যথায় মোড় নিচে এরকম আপর একটি গাড়ির সঙ্গে ধাক্কা লাগতে পারে (চিত্র ৪.২৩)।



চিত্র ৪.২৩ সংযোগস্থলের কাছে ওভারটেক করা বিপজ্জনক


৪.৮.৩ সংযোগস্থলে চলাচলের অগ্রাধিকার

একজন চালক হিসাবে রাস্তার সংযোগস্থলে যানচলাচলের অগ্রাধিকার সম্বন্ধে আপনার জানা প্রয়োজন। যদি সংযোগস্থলটি ট্র্যাফিক সিগন্যাল দ্বারা নিয়ন্ত্রিত হয়, তাহলে ট্র্যাফিক লাইট অনুযায়ী (লাল, হলুদ বা সবুজ) গাড়ীর যাতায়াত নিয়ন্ত্রণ হবে। যদি মোড়ের আগে স্টপ সাইন (STOP Sign) বা গিভ ওয়ে সাইন (GIVE WAY Sign) থাকে তাহলে অগ্রাধিকার সাইন অনুযায়ী নির্ধারিত হয়। ট্র্যাফিক সিগন্যাল বা সাইন কোনটিই না থাকলে সবসময় আপনার গাড়ীর ডানদিক থেকে আসা গাড়ীকে সংযোগস্থল পেরিয়ে যাবার অগ্রাধিকার দিন।

স্টপ সাইন এবং গিভ ওয়ে সাইন দ্বারা নিয়ন্ত্রিত সংযোগস্থলের যানচলাচলের অগ্রাধিকার সম্বন্ধে নিচে আলোচনা করা হল।

৪.৮.৩.১ স্টপ সাইন নিয়ন্ত্রিত সংযোগস্থলে চলাচলের অগ্রাধিকার


স্টপ সাইন অনুসারে সংযোগস্থলে চলাচলের অগ্রাধিকার চিত্র ৪.২৪-এ দেখানো হয়েছে। আপনি যদি সংযোগস্থলে যাওয়ার রাস্তায় স্টপ সাইন দেখেন তাহলে সরাসরি সংযোগস্থল অতিক্রম না করে সাদা দাগ-এর আগে গাড়ী থামান। এরপর অন্য রাস্তায় চলাচল করা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সুযোগমত এবং নিরাপদভাবে সংযোগস্থল অতিক্রম করুন।



চিত্র ৪.২৪ স্টপ সাইন এবং চলাচলের অগ্রাধিকার

৪.৮.৩.২ গিভ ওয়ে সাইন নিয়ন্ত্রিত সংযোগস্থলে চলাচলের অগ্রাধিকার

গিভ ওয়ে সাইন অনুসারে সংযোগস্থলে চলাচলের অগ্রাধিকার চিত্র ৪.২৫-এ দেখান হয়েছে। আপনি যদি সংযোগস্থলে যাওয়ার সময় গিভ ওয়ে সাইন দেখেন তাহলে অবশ্যই অন্যদিক থেকে আসা গাড়ীকে সংযোগস্থল পেরিয়ে যাবার অগ্রাধিকার দিন। গাড়ীর গতি অবশ্যই কমিয়ে আনুন এবং দ্রব্যকার হলে থামুন, এরপর সুযোগমত নিরাপদ ভাবে সংযোগস্থলটি অতিক্রম করুন।




চিত্র ৪.২৫ গিভ ওয়ে সাইন এবং চলাচলের অগ্রাধিকার

৪.৮.৪ রাউন্ডঅ্যাবাউট (Roundabout)-এ গাড়ী চলাচলের নিয়মাবলী

রাস্তার সংযোগস্থলে অনেকসময় গোলাকৃতির ট্র্যাফিক আইল্যান্ড থাকে যাকে রাউন্ডঅ্যাবাউট বলা হয়। এই ধরনের সংযোগস্থলের ক্ষেত্রে যানচলাচলের নিয়মবিধি নিচে আলোচনা করা হল।

- (ক) রাউন্ডঅ্যাবাউট সংযোগস্থলে সবসময় কোনাকুনিভাবে প্রবেশ করুন (চিত্র ৪.২৬ ক)।
- (খ) রাউন্ডঅ্যাবাউটে প্রবেশ করে ধীরে ধীরে ও নিরাপদভাবে মূল ট্র্যাফিকের সাথে যুক্ত হন।
- (গ) রাউন্ডঅ্যাবাউট বরাবর চলার সময় পরবর্তী সংযোগস্থলে যদি রাস্তায় বেরিয়ে না যাবার পরিকল্পনা থাকে তাহলে ডানদিকের ইন্ডিকেটর ব্যবহার করুন।
- (ঘ) যদি পরবর্তী রাস্তায় রাউন্ডঅ্যাবাউট ছেড়ে বেরিয়ে যাবার পরিকল্পনা থাকে, তাহলে বাঁদিকের ইন্ডিকেটর ব্যবহার করুন। এতে আপনার পেছনে থাকা গাড়ীগুলি আপনার গাড়ীর অভিমুখ বুঝতে পারবে (চিত্র ৪.২৬ খ)।




(ক) রাউন্ডঅ্যাবাউটে কোনাকুনি প্রবেশ করুন

(খ) রাউন্ডঅ্যাবাউট থেকে বেরোনোর সময় বাঁদিকের ইন্ডিকেটর দিন

চিত্র ৪.২৬ রাউন্ডঅ্যাবাউটে নিরাপদভাবে প্রবেশ ও প্রস্থান

- (ঙ) সংযোগস্থলে বা সংযোগকারী রাস্তায় হঠাৎ চুকে পড়া পথচারী অথবা অন্যান্য প্রাণী সম্পর্কে সতর্ক থাকুন।
- (চ) যে সব গাড়ী আগে থেকেই রাউন্ডঅ্যাবাউটে আছে তাদের যাবার অগ্রাধিকার দিন (চিত্র ৪.২৭)।



চিত্র ৪.২৭ রাউন্ডঅ্যাবাউটে থাকা গাড়ীকে অগ্রাধিকার দিন

৪.৯ রেলওয়ে ক্রসিং (Railway Crossing)

গাড়ী চালানোর সময় অনেকক্ষেত্রেই আমরা রেলওয়ে ক্রসিং-এর সম্মুখীন হই (চিত্র ৪.২৮)। যেহেতু রেলওয়ে ক্রসিং-এ অনেক সময়ই দুর্ঘটনা ঘটে, তাই পারাপারের সময় চালক হিসাবে আপনার অত্যন্ত সতর্ক হওয়া প্রয়োজন। দুর্ঘটনা এভাবে রেলওয়ে ক্রসিং পারাপারের সময় নিম্নলিখিত নির্দেশিকাগুলি মেনে চলুন।



চিত্র ৪.২৮ রেলওয়ে ক্রসিং-এর উদাহরণ

- (ক) রেলওয়ে ক্রসিং পারাপারের আগে গাড়ীর গতি কমিয়ে দিন। এর সাথে দুদিকে তাকিয়ে দেখুন এবং রেলগাড়ীর আওয়াজ শোনার চেষ্টা করুন। রেলগাড়ী আশেপাশে নেই এটি নিশ্চিত করে তবেই পারাপার করুন।
- (খ) যদি দেখেন অরক্ষিত রেলওয়ে ক্রসিং রয়েছে, তাহলে রেললাইন থেকে অন্তত ৫ মিটার দূরে আপনার ঘান থামান।
- (গ) যদি সিগন্যাল থাকে, তাহলে আলো সবুজ হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।
- (ঘ) রেলওয়ে ক্রসিং-এ যদি গেট থাকে, তাহলে গেট সম্পূর্ণভাবে ওঠা পর্যন্ত অপেক্ষা করুন।

- (ঙ) অরক্ষিত রেলওয়ে ক্রসিং-এর ক্ষেত্রে ট্রেন রেলওয়ে ক্রসিং সম্পূর্ণভাবে ছাড়িয়ে নিরাপদ দূরত্ব না যাওয়া পর্যন্ত পারাপার করবেন না।
- (চ) রেলওয়ে গেট বন্ধ থাকলে কখনই পাশ বা নিচে দিয়ে পারাপারের চেষ্টা করবেন না। পথচারীরা হামেশাই নিচু গেটের ক্ষেত্রে গেট টপকে পারাপারের চেষ্টা করবেন। পথচারী এবং গাড়ী উভয়ক্ষেত্রেই রেলগেট বন্ধ থাকলে সেটিকে উপেক্ষা করে কোনভাবে পারাপারের চেষ্টা করা অত্যন্ত বিপজ্জনক কাজ।
- (ছ) পারাপারের সময় রেলওয়ে ট্যাকের উপর কখনই গাড়ী থামাবেন না।
- (জ) রেলওয়ে ট্যাক অতিক্রম করার সময় গাড়ীর গিয়ার পরিবর্তন করবেন না।
- (ঝ) যদি রেলওয়ে ক্রসিং পারাপারের সময় কোনো কারণে গাড়ী আটকে যায় বা বিকল হয়ে যায়, তাহলে দ্রুততার সাথে গাড়ীতে থাকা আরোহীদের ক্রসিং থেকে নিরাপদ দূরত্বে সরিয়ে নিন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন।
- (ঝঃ) অরক্ষিত রেলওয়ে ক্রসিং-এর সামনে স্টপ সাইন থাকলে গাড়ী অবশ্যই থামান এবং ফ্ল্যাগম্যানের কাছ থেকে পারাপারের নির্দেশ পাওয়ার পরেই গাড়ী চালান।
- (ট) যদি একাধিক রেললাইন পারাপার করতে হয়, তাহলে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করে গাড়ী চালান।

৪.১০ নো স্টপিং জোন (No Stoping Zone)

আপনারা ইতিমধ্যেই নো স্টপিং জোন সাইনের সাথে পরিচিত হয়েছেন। অতএব যেখানে নো স্টপিং জোন নির্দেশ দেওয়া রয়েছে সেখানে যান থামাবেন না (চিত্র ৪.২৯)। এই ধরনের নির্দেশ দেওয়া না থাকলেও নিম্নলিখিত স্থানগুলিতে যান থামাবেন না।

- (ক) রাস্তার সংযোগস্থল : রাস্তার সংযোগস্থল সব সময় যানজট মুক্ত রাখা কাম্য। ট্যাফিক সিগন্যাল নিয়ন্ত্রিত সংযোগস্থলে সবুজ আলো থাকলে সাধারণভাবে গাড়ী চালিয়ে সংযোগস্থল পেরিয়ে যাওয়াই নিয়ম। কিন্তু যদি দেখেন কোন কারণে সংযোগস্থলের মধ্যে প্রবেশ করা গাড়ী যানজটের কারণে অপেক্ষা করতে বাধ্য হচ্ছে, তাহলে সবুজ আলো থাকলেও সংযোগস্থলে প্রবেশ না করে স্টপ লাইন-এর আগে অপেক্ষা করুন। এর কারণ এই যে এমত অবস্থায় আপনার গাড়ী যদি সংযোগস্থলে প্রবেশ করে, তাহলে তা আরও যানজটের সৃষ্টি করবে এবং দুর্ঘটনার সম্ভাবনা বাড়িয়ে দেবে।
- (খ) ক্রসওয়াক : যেখানে পথচারীদের রাস্তা পারাপার করার জন্য ক্রসওয়াক বা জেরা ক্রসিং আছে সেখানে কোনো সময়ই যান থামাবেন না। এর ফলে পথচারীরা বাধ্য হবেন জেরা ক্রসিং ছাড়া রাস্তা পারাপার করতে যা অত্যন্ত বিপজ্জনক।
- (গ) সুড়ঙ্গ বা উড়ালপুল : উড়ালপুল এবং সুড়ঙ্গে গাড়ী দাঁড় করানোর জন্য আলাদা জায়গা থাকে না। এছাড়া উড়ালপুল বা সুড়ঙ্গে গাড়ীর গতি বেশী থাকে। তাই এইসব জায়গায় গাড়ী দাঁড় করাবেন না (চিত্র ৪.২৯)। আপৎকালীন পরিস্থিতিতে (দুর্ঘটনা, গাড়ী বিকল হওয়া ইত্যাদি) গাড়ী থামাতে বাধ্য হলে যথাসম্ভব বাঁদিকে চেপে গাড়ী দাঁড় করান এবং অবশ্যই হ্যাজার্ড লিঙ্কার জুলিয়ে দিন।



চিত্র ৪.২৯ নো স্টপিং জোনে গাড়ী থামাবেন না

৪.১১ হ্যান্ড সিগন্যাল (Hand Signal)

গাড়ী চালানোর সময় লেন পরিবর্তন, ডানদিক বা বাঁদিকে ঘোরা, দাঁড়ানো ইত্যাদি নানাবিধ ক্রিয়াকলাপ করার দরকার হয়ে থাকে। চালক হিসাবে আপনার করা এই ক্রিয়াকলাপগুলি পেছনে চলমান গাড়ীর চালকেরও আগেভাগেই বোৱা দরকার, যাতে কোন দুর্ঘটনা না ঘটে। এই উদ্দেশ্যে চালক হিসাবে আপনি হ্যান্ড সিগন্যালের সফল প্রয়োগ করতে পারেন। বিভিন্ন ক্রিয়াকলাপের জন্য করা হ্যান্ড সিগন্যালগুলি চিত্র ৪.৩০-এ দেখান হল। ডানদিক ও বাঁদিক ঘোরার ক্ষেত্রে আপনি ইন্ডিকেটর লাইটও ব্যবহার করতে পারেন।



চিত্র ৪.৩০ বিভিন্ন ধরনের হ্যান্ড সিগন্যাল

৪.১২ গাড়ীর আলোর ব্যবহার

মোটরগাড়ীতে বিভিন্ন ধরনের আলো থাকে। একজন চালক হিসেবে এই আলোগুলির কার্যকারিতা জানা এবং পরিস্থিতি অনুযায়ী সেগুলির উপযুক্ত ব্যবহার করা পথ নিরাপত্তার জন্য জরুরী। হাই বীম আলো, লো বীম আলো, হ্যাজার্ড লিঙ্কার্স, ফগ লাইট, টার্নিং ইন্ডিকেটর এবং পার্কিং লাইটের ব্যবহারগুলি নিচে বিস্তারিত আলোচনা করা হল।

৪.১২.১ হাই বীম আলো (High Beam Light)

হাই বীম হেড লাইটের আলো অত্যন্ত তীব্র (চিত্র ৪.৩১)। তাই এই আলোর সঠিক ব্যবহার না করলে অন্য পথ ব্যবহারকারীদের চোখ ধাঁধিয়ে যেতে পারে, মনোসংযোগে বিঘ্ন হতে পারে এবং বিরতির কারণ হতে পারে। তাই চালকদের জানতে হবে কিভাবে অন্যের অসুবিধা না করে এই আলোর সঠিক ব্যবহার করা যায়। এই আলো ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখা দরকার।



চিত্র ৪.৩১ গাড়ীর হাই বীম আলো

- (ক) যখন রাস্তায় পর্যাপ্ত আলো নেই এবং রাস্তা ঠিকমতো দেখা যাচ্ছে না, তখনই ফুল/হাই বীম লাইট জ্বালান।
- (খ) বাজার বা ব্যস্ত জনবসতিপূর্ণ এলাকা, যেখানে পর্যাপ্ত স্ট্রীট লাইট আছে, সেখানে হাই বীম লাইট ব্যবহার করবেন না।
- (গ) ট্যাফিক সিগন্যালে বা যানজটে গাড়ী দাঁড়িয়ে গেলে হাই বীম আলো ব্যবহার করবেন না।
- (ঘ) অবিভাজিত দ্বিমুখী গাড়ী চলাচলের রাস্তায় (undivided two-way road) হাইবীম লাইট উল্লেখিক থেকে আসা পথচারী, সাইকেল আরোহী ও ছোট গাড়ীর চালকদের চোখ ধাঁধিয়ে অত্যন্ত অসুবিধার সৃষ্টি করে। তাই এই পরিস্থিতিতে হাই বীম আলো ব্যবহার করবেন না।
- (ঙ) গাড়ী পার্কিং-এ থাকা অবস্থায় হাই বীম লাইট ব্যবহার করবেন না।

৪.১২.২ লো বীম আলো (Low Beam Light)

গাড়ী চালানোর সময় অনেক ক্ষেত্রেই লো বীম/ডিপ লাইটের প্রয়োগ করা হয় (চিত্র ৪.৩২)। নিম্নলিখিত অবস্থাগুলিতে লো বীম লাইট ব্যবহার করুন।

- (ক) জনবহুল এবং বাজার এলাকায়, যেখানে যথেষ্ট পরিমাণ স্ট্রিট লাইট রয়েছে, সেখানে লো বীম লাইট ব্যবহার করুন।
- (খ) যখন আপনার গাড়ী যানজটে বা ট্র্যাফিক সিগন্যালে দাঁড়িয়ে আছে অথবা যখন আপনি সামনের গাড়ীর পিছনের লাল আলো (Rear Red Light) পরিষ্কার ভাবে দেখতে পাবেন, তখন হাই বীমের পরিবর্তে লো বীম লাইট ব্যবহার করবেন।



চিত্র ৪.৩২ গাড়ীর লো বীম আলো

৪.১২.৩ হ্যাজার্ড ব্লিঙ্কার্স (Hazard Blinkers)

গাড়ী চালানোর সময় কখনও কখনও হ্যাজার্ড ব্লিঙ্কার ব্যবহার করা হয় (চিত্র ৪.৩৩)। হ্যাজার্ড ব্লিঙ্কার ব্যবহারের নিয়মাবলী এখানে আলোচনা করা হল।



চিত্র ৪.৩৩ গাড়ীর হ্যাজার্ড ব্লিঙ্কার্স



- (ক) গাড়ী চালানোর সময় সামনে কোন বিপদ দেখলে আপনার পিছনে আসা গাড়ীকে সেই সম্পর্কে সচেতন করবার জন্য হ্যাজার্ড লিঙ্কার ব্যবহার করুন।
- (খ) আপনি যদি কোন সময় রাস্তা আটকে গাড়ী দাঁড় করাতে বাধ্য হন, তাহলে হ্যাজার্ড লিঙ্কার ব্যবহার করে পিছনে আসা গাড়ীকে সতর্ক করুন।
- (গ) আপনার গাড়ী যদি রাস্তার উপর বা রাস্তার সংযোগস্থলে হঠাত বিকল হয়ে যায়, তাহলে হ্যাজার্ড লিঙ্কার জুলিয়ে অন্যান্য পথ ব্যবহারকারীদের সেই সম্পর্কে সতর্ক করুন।
- (ঘ) প্রতিকূল আবহাওয়ায় দৃশ্যমানতা কম থাকলে হ্যাজার্ড লিঙ্কার ব্যবহার করুন।
- (ঙ) হঠাত করে গাড়ীর বেক অকেজো হয়ে গেলে বা অন্য কোন কারণে গাড়ীর নিয়ন্ত্রণ হারিয়ে ফেললে হ্যাজার্ড লিঙ্কার জুলিয়ে অন্য পথ ব্যবহারকারীদের সতর্ক করুন।
- (চ) বিপদসঞ্চূল পরিস্থিতি ছাড়া কোনভাবেই হ্যাজার্ড লিঙ্কার ব্যবহার করবেন না।
- (ছ) মনে রাখবেন, বিপদসঞ্চূল স্থানে হ্যাজার্ড লিঙ্কার ব্যবহার অন্যদের কেবলমাত্র সতর্ক করে দুর্ঘটনার সম্ভাবনা কমিয়ে দেয়। তাই হ্যাজার্ড লিঙ্কার ব্যবহারের ফলেই যে আপনি বা আপনার গাড়ী সম্পূর্ণ সুরক্ষিত, এরকম মনে করার কারণ নেই।

৪.১২.৪ ফগ লাইট (Fog Light)

ঘন কুয়াশায় দৃশ্যমানতা স্থানাবিকের থেকে অনেক কমে যায় এবং সাধারণ আলোয় গাড়ী চালাতে যথেষ্ট অসুবিধা হয়। এই রকম ক্ষেত্রে ফগ লাইটের ব্যবহার করুন। এটা মনে রাখা অত্যন্ত জরুরী যে, দৃশ্যমানতার অভাব সেভাবে না থাকলে ফগ লাইট ব্যবহার করা উচিত নয়, কারণ সেক্ষেত্রে অন্যদের অসুবিধা হতে পারে, যার ফলে দুর্ঘটনা ঘটাও সম্ভব।

৪.১২.৫ টার্নিং ইন্ডিকেটর (Turning Indicator)

ডানদিকে বা বাঁদিকে মোড় নেওয়া বা লেন পরিবর্তনের সময় অন্যদের সচেতন করবার জন্য টার্নিং ইন্ডিকেটর ব্যবহার করুন (চিত্র ৪.৩৪)। এটা মনে রাখবেন, রাস্তার সংযোগস্থলে সোজা যাবার জন্য কখনোই হ্যাজার্ড লিঙ্কার ব্যবহার করবেন না। এতে ডানদিক বা বাঁদিক থেকে আসা গাড়ী আপনার গতিপথ সম্বন্ধে ভুল সংকেত পাবে এবং তা দুর্ঘটনার কারণ হতে পারে।



চিত্র ৪.৩৪ গাড়ীর টার্নিং ইন্ডিকেটর

৪.১২.৬ পার্কিং লাইট (Parking Light)

গাড়ীর পার্কিং লাইট গাড়ী পার্ক বা দাঁড়িয়ে থাকা অবস্থায় ব্যবহার করুন (চিত্র ৪.৩৫)। সাধারণতাবে নিয়ম মেনে রাস্তার ধারে পার্ক করা গাড়ীর ক্ষেত্রে পার্কিং লাইটের প্রয়োগই উপযুক্ত; এক্ষেত্রে কখনোই হ্যাজার্ড ব্লিঙ্কার ব্যবহার করবেন না।



চিত্র ৪.৩৫ গাড়ীর পার্কিং লাইট

৪.১৩ হর্ণের ব্যবহার

অনেক সময়ই যান চালকেরা হর্ণ-এর সঠিক ব্যবহার সম্পর্কে অবহিত থাকেন না এবং অথবা হর্ণ বাজান। কিছু স্থানে হর্ণ বাজানো জরুরী, আবার এণ্ড জানা দরকার কোথায় হর্ণ বাজানো উচিত নয়। সাধারণত হাসপাতাল, স্কুল, ধর্মস্থান, আবাসিক অঞ্চল ইত্যাদি স্থানে হর্ণের ব্যবহার করবেন না। হর্ণ ব্যবহারের নিয়মাবলী নিচে আলোচনা করা হল।

- (ক) আপনার গাড়ীর সামনে অন্য কোন গাড়ী চলে এলে তার চালককে সতর্ক করতে এবং সংবর্ষ এড়াতে হর্ণ বাজান।
- (খ) পথচারী বা অন্য কোন প্রাণীকে সতর্ক করতে হর্ণ বাজান।
- (গ) সরু পাহাড়ী রাস্তায়, যেখানে আপনি রাস্তার সামনের অংশ (ন্যূনতম ৬০ মিটার) দেখতে পারছেন না, সেখানে উল্টোদিক থেকে আসা গাড়ীকে সতর্ক করার জন্য হর্ণ বাজান।
- (ঘ) পাহাড়ী রাস্তা ছাড়াও যেকোন রাস্তার বাঁকেই (Horizontal Curves), উল্টোদিক থেকে আসা গাড়ীকে সতর্ক করার জন্য হর্ণ বাজান।
- (ঙ) চড়া, কর্কশ, নানা ধরনের মিউজিক হয় এমন হর্ণ গাড়ীতে লাগাবেন না। এতে অন্য চালকদের মনোসংযোগে বিঘ্ন ঘটে এবং শ্রবণশক্তিজনিত সমস্যাও দেখা দিতে পারে।
- (চ) অন্য চালকের ভুল ধরিয়ে দিতে হর্ণ বাজাবেন না।
- (ছ) অনেক সময় যানজটে আটকে পড়া বা নিজের ইচ্ছামতে গাড়ী চালাতে না পারার কারণে চালকের ক্লান্তি ও বিরক্তির উদ্দেক হয়। এই অবস্থায় অনেকক্ষেত্রেই চালকেরা অহেতুক হর্ণের ব্যবহার করেন যা একেবারেই অনুচিত।

(জ) দুর্ঘটনা এড়াতে অবশ্যই হর্ণের ব্যবহার করুন। অহেতুক হর্ণ বাজিয়ে পথচারী, সাইকেল আরোহী, বাইক চালকদের উত্ত্যক্ত করবেন না।

(ঝ) হর্ণের আওয়াজ গাড়ীর বাইরে আরো জোরালো ও তীব্রভাবে অনুভূত হয়। তাই অহেতুক হর্ণ বাজাবেন না।

৪.১৪ চলন্ত গাড়ীতে ঝুলে যাত্রা করা (Riding on Running Board)

চলন্ত গাড়ীর পাদানিতে বা অন্য কোন অংশে ঝুলন্ত অবস্থায় যাতায়াত করা আমরা প্রায়ই দেখতে পাই। এটা সাধারণত বাস বা অন্যান্য জনপরিবহনের ক্ষেত্রে বেশী দেখা যায় (চিত্র ৪.৩৬)। এভাবে যাতায়াত করা খুবই বিপজ্জনক। গাড়ীর চালক এবং সহকারীর দায়িত্ব যাত্রীদের এইরকম ঝুঁকিপূর্ণভাবে যাতায়াত করা থেকে বিরত করা।



চিত্র ৪.৩৬ চলন্ত গাড়ীতে ঝুলে যাত্রা করা বিপজ্জনক

৪.১৫ গাড়ীর পরিবর্তন প্রক্রিয়া

প্রস্তুতকারকের তৈরী করা গাড়ীর কোনরকম পরিবর্তন নির্দিষ্ট করতগুলি নিয়ম মেনেই করতে হয়। এই নিয়মগুলি না মেনে গাড়ীর কোনরূপ পরিবর্তন করা বেআইনি। চালক হিসেবে পরিবর্তন করা যেকোন গাড়ী ব্যবহারের আগে আপনার কর্তব্য এটা নিশ্চিত করা যে সমস্ত নিয়মকানুন মেনেই পরিবর্তন করা হয়েছে। এখানে আমরা সেন্ট্রাল মোটর ভেহিক্যালস রুলস ১৯৮৯-এ বর্ণিত নির্দেশগুলি আলোচনা করব।

(ক) গাড়ীর পরিবর্তনের প্রস্তাবিত নকশা প্রস্তুতকারক সংস্থাকে দিয়ে অনুমোদন করাতে হবে।

(খ) এরপর অনুমোদিত নকশা অনুযায়ী গাড়ীর পরিবর্তন করতে হবে।

(গ) পরিবর্তনের পর প্রস্তুতকারক সংস্থা থেকে প্রয়োজনীয় অনুমোদন নিতে হবে।

(ঘ) প্রস্তুতকারক সংস্থার অনুমোদনের পর নিম্নলিখিত তিনিটি সংস্থার যেকোন একটির কাছ থেকে অনুমোদন আবশ্যিক।

- অটোমোটিভ রিসার্চ অ্যাসোসিয়েশন ইন্ডিয়া, পুণে
- ভেহিক্যাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টারিশমেন্ট, আহমেদনগর
- ইন্ডিয়ান ইনসিটিউট অফ প্ল্যানিং অ্যান্ড ম্যানেজমেন্ট, দেরাদুন

(ঙ) এরপর এই সমস্ত অনুমোদনগুলি নিয়ে রিজিওনাল ট্রান্সপোর্ট অফিসে (RTO) দেখিয়ে শংসাপত্র পাওয়ার পরেই নতুন গাড়ীটি রাস্তায় ব্যবহার করা যাবে।

উপরোক্ত আলোচনার মূল উদ্দেশ্য হল আপনাকে জানানো যে গাড়ীর যে কোন পরিবর্তন করা জটিল এবং সময়সাপেক্ষ প্রক্রিয়া। তাই সাধারণভাবে এই ধরনের পরিবর্তন করা থেকে বিরত থাকুন। যে কোন রকমের পরিবর্তন করার আগে প্রথমে রিজিওনাল ট্রান্সপোর্ট অফিসে যোগাযোগ করে পদ্ধতি ও পর্যায়গুলি আরো বিশদে জেনে নিন।

৪.১৬ একমুখী রাস্তা (One-way Traffic)

যে রাস্তায় একইদিকে গাড়ী চলাচল করে তাকে একমুখী রাস্তা (One-way Road) বলা হয়। একমুখী রাস্তার যেদিকে গাড়ী চলার কথা, তার বিপরীত দিকে কখনোই গাড়ী চালাবেন না। এমনকি গাড়ীর মুখ ঠিক রেখে রিভার্স গিয়ারে (Reverse Gear) উল্টো দিকে যাওয়াও বেআইনি। একমুখী রাস্তার এই বিধিনিষেধগুলি চিত্র ৪.৩৭-এ দেখানো হয়েছে।



চিত্র ৪.৩৭ ওয়ান ওয়ে রাস্তায় যানচলাচলের বিধিনিষেধ

৪.১৭ রিসোল করা টায়ার (Resoled Tyre)

টায়ার পুরনো হলে তা অনেকক্ষেত্রে রিসোল করে চালানো হয়। যদি টায়ারের ধারের অংশ শক্ত ও মজবুত হয়, তাহলেই টায়ার রিটেড করা যেতে পারে, নচেতে নয়। রিসোল করা টায়ারের গুণগত মান ঠিক না হলে তা গাড়ীর দুর্ঘটনার কারণ হতে পারে। তাই নিরাপত্তার খাতিরে রিসোলিং-এর গুণগত মান সম্পর্কে নিশ্চিত না হলে রিসোল করা টায়ার ব্যবহার করবেন না।

৪.১৮ যানভিত্তিক নিরাপদ চালনার নিয়মাবলী (Vehicle Specific Safe Driving)

সাধারণভাবে মোটরগাড়ী চালানোর সময় নিরাপত্তার স্বার্থে যে বিষয়গুলি জানা এবং মেনে চলা প্রয়োজন তা আগের পর্যায়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও কিছু যানভিত্তিক নিয়মাবলী আছে যেগুলি নিম্নলিখিত যানগুলির জন্য পরবর্তী পর্যায়গুলিতে আলোচনা করা হল।

- মোটরসাইকেল
- ট্যাঙ্কি এবং অটো রিস্কা
- বাস
- স্কুলের গাড়ী
- পণ্য বহনকারী গাড়ী

৪.১৮.১ মোটরসাইকেল

মোটরসাইকেল আরোহীদের অরক্ষিত পথ ব্যবহারকারী হিসাবে গণ্য করা হয়। তাই সুরক্ষার জন্য মোটরসাইকেল আরোহীদের হেলমেট, ফ্লাভস, রাইডিং বুটস ইত্যাদি অবশ্যই ব্যবহার করা উচিত (চিত্র ৪.৩৮)।

(ক) হেলমেট (Helmet): এটি সব চাইতে গুরুত্বপূর্ণ সরঞ্জাম যা চালকের মাথা এবং ঘাড়কে গুরুতর আঘাত থেকে রক্ষা করে। চালক এবং সহযাত্রী - উভয়েরই হেলমেট ব্যবহার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।



চিত্র ৪.৩৮ নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার করা
মোটরসাইকেল চালক


(খ) নাক্ল প্রোটেকশনযুক্ত ফ্লাভস (Gloves with Knuckle Protection) : দুর্ঘটনা ঘটলে মোটরসাইকেল থেকে পадে যাবার সময় আরোহী নিকটবর্তী ভূমি বা অন্য কোন বস্তুর উপর হাত দিয়ে ভর দিতে চাইবেন। তাই এই ধরনের ফ্লাভস হাতের সুরক্ষার জন্য ব্যবহার করা দরকার।

(গ) স্টিল টোয়ুক্ত রাইডিং বুট (Riding Boots with Steel Toe): এই নিরাপত্তার সরঞ্জাম আপনার পায়ের পাতাকে সুরক্ষিত রাখে, তাই এটি ব্যবহার করা দরকার।

চালকদের জন্য নির্দেশিকা

মোটরসাইকেল চালকরা নিম্নলিখিত নির্দেশগুলি মেনে চলুন :

(ক) মোটরসাইকেল আকারে ছোট হওয়ার কারণে সহজেই অন্য গাড়ীর ব্লাইন্ড স্পটের আওতায় আসতে পারে। তাই মোটরসাইকেল চালকের নিজের এবং সহযাত্রীর নিরাপত্তার জন্য এই বিষয়টি মনে রাখা জরুরী। একজন মোটরসাইকেল আরোহীর সদা সতর্ক থেকে নিশ্চিত করা উচিত যাতে তার গাড়ীটি অন্য বড় গাড়ীর ব্লাইন্ড স্পটে না আসে (চিত্র ৪.৩৯)।



চিত্র ৪.৩৯ রাইন্ড স্পট : বাইক আরোহীদের জন্য সন্তান্ব বিপজ্জনক অবস্থান

(খ) একেবারে লাইন ধরে সারিবদ্ধভাবে মোটরসাইকেল না চালিয়ে কিছুটা অবিন্যস্তভাবে বা ছড়িয়ে ছিটিয়ে চলুন; যাতে সামনে চলা গাড়ীর সাথে আপনার দূরত্ব বেশী থাকে (চিত্র ৪.৪০)।



চিত্র ৪.৪০ অবিন্যস্তভাবে থাকা মোটরসাইকেলের অবস্থান

- (গ) মোটরসাইকেলে এক জনের বেশী সহযাত্রী যেন না থাকে।
- (ঘ) দুটি পা-ই পাদানিতে রেখে মোটরসাইকেল চালান।
- (ঙ) দুই হাত দিয়ে শক্ত করে মোটর সাইকেলের হ্যান্ডলবার ধরে গাড়ী চালান। একমাত্র হ্যান্ড সিগন্যাল দেওয়ার সময়ই একটি হাত সরাতে পারেন।
- (চ) রাতে অন্য পথ ব্যবহারকারীরা যাতে সহজেই আপনাকে দেখতে পান তার জন্য হালকা রঙের জামা কাপড় পরুন।

সহযাত্রীর জন্য নির্দেশিকা

বাইক চালকের দায়িত্ব পিছনে বসা আরোহীর নিরাপত্তা সুনিশ্চিত করা। সহযাত্রীর নিম্নলিখিত নিয়মগুলি মেনে চলা দরকার:

- (ক) হেলমেট, বুট এবং অন্যান্য নিরাপত্তা সরঞ্জাম যেগুলি চালকের ক্ষেত্রে প্রযোজ্য, সেগুলি সহযাত্রীকেও ব্যবহার করতে হবে।
- (খ) সন্তুষ্ট হলে সহযাত্রী দুইদিকে পা রেখেই বসুন। এতে চালকের পক্ষে মোটরসাইকেলের ভারসাম্য রক্ষা করা সহজ হবে।
- (গ) সহযাত্রী চালককে ধরে বসুন। এটা সহযাত্রীর জন্য নিরাপদ এবং মোটরসাইকেলের ভারসাম্য রক্ষা করতেও সাহায্য করে।

৪.১৮.২ ট্যাঙ্কি এবং অটো রিঙ্গা

ট্যাঙ্কি ও অটো রিঙ্গা চালকেরা যাত্রী পরিবহন করেন এবং দীর্ঘ সময় ধরে নিয়মিত গাড়ী চালান। তাই পথসুরক্ষা সম্পর্কিত নিয়মকানুন জানা এবং তা মেনে চলা এই ধরনের গাড়ীর চালকদের প্রয়োজনীয় কর্তব্য। সাধারণ নির্দেশ ছাড়াও নিরাপদে পথ চলার জন্য ট্যাঙ্কি ও অটো রিঙ্গা চালকদের জন্য বিশেষ কিছু নির্দেশিকা রয়েছে। সেগুলি এখানে উল্লেখ করা হল।

- (ক) যাত্রীদের সঙ্গে সহযোগিতা করুন, স্টপে যাত্রীদের ওঠানামা করার জন্য যথেষ্ট সময় দিন।
- (খ) প্রস্তুতকারক সংস্থা নির্ধারিত যাত্রীবহন ক্ষমতার বেশী যাত্রী কখনোই গাড়ীতে চড়াবেন না। অতিরিক্ত যাত্রী বহন করা অত্যন্ত বিপজ্জনক।
- (গ) গাড়ী চালানোর সময় নিশ্চিত করুন যেন যাত্রীর শরীরের কোন অংশ গাড়ীর বাইরে না থাকে।
- (ঘ) কাউকে এমনভাবে বসতে দেবেন না যাতে গাড়ী চালাতে আপনার অসুবিধা হয়।

৪.১৮.৩ বাস

বাসের যাত্রীসংখ্যা অন্যান্য গাড়ীর থেকে অনেক বেশী। তাই পথনিরাপত্তার ব্যাপারে বাস চালকদের অনেক বেশী সচেতন হওয়া জরুরী। নিরাপত্তার সাধারণ নির্দেশিকাগুলি ছাড়াও বাসচালকদের নিম্নলিখিত নির্দেশিকাগুলি মেনে চলা প্রয়োজন।

- (ক) বাস একমাত্র নির্দিষ্ট স্টপেই থামান এবং বাঁদিকে চেপে যতটা সম্ভব কার্বের পাশে গাড়ী দাঁড় করান। এতে যাত্রীদের ওঠানামা করা সহজ হবে এবং তারা সুরক্ষিত থাকবেন।
- (খ) গাড়ী ব্যাক করানোর সময় অবশ্যই কন্ডাস্ট্রি বা হেল্পারের সাহায্য নিন।
- (গ) যাত্রা শুরু করার আগে বাসের এমার্জেন্সি দরজা/জানালা ঠিকমত কাজ করছে কিনা তা দেখে নিন।
- (ঘ) বাসের ছাদে কাউকে ঢড়তে দেবেন না; এটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ।
- (ঙ) বাস চালানোর আগে ভালো করে দেখে নিন দরজা বন্ধ রয়েছে কিনা। বেশিরভাগ ক্ষেত্রেই দরজা খোলা অবস্থায় বাস চলতে দেখা যায়। মনে রাখবেন এটি বিপজ্জনক এবং এর ফলে দুর্ঘটনা ঘটতে পারে।

৪.১৮.৪ স্কুলের গাড়ী

যেসমস্ত গাড়ীচালক স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে যাতায়াত করেন, তাদের বিশেষভাবে সচেতন হওয়া প্রয়োজন। কারণ স্কুলের ছাত্রছাত্রীরা সাধারণত চঞ্চল হয় এবং তাদের বিচারশক্তি কম হয়। চালক হিসাবে আপনার দায়িত্ব গাড়ীতে থাকা ছাত্রছাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করা। স্কুলগাড়ী চালকদের নিম্নলিখিত নির্দেশিকাগুলি মনে চলা প্রয়োজন।

- (ক) গাড়ী চালানোর আগে সমস্ত ছাত্রছাত্রীদের সিটে বসা নিশ্চিত করুন। কোনো ছাত্রছাত্রী (বিশেষত শিশুরা) দাঁড়িয়ে থাকা অবস্থায় গাড়ী চালাবেন না।
- (খ) স্কুল কর্তৃপক্ষের নির্ধারিত রুট ধরেই গাড়ী চালান এবং নির্ধারিত জায়গাতেই ছাত্রছাত্রীদের ওঠানামা করান।
- (গ) পূর্বনির্ধারিত নির্দিষ্ট স্থানেই ছাত্রছাত্রীদের নামান।
- (ঘ) গাড়ী থামানোর পর অনেকসময় ছাত্রছাত্রীদের রাস্তা পার হওয়ার প্রয়োজন হয়। এরকম ক্ষেত্রে, চালক হিসাবে আপনি গাড়ী নিয়ে অপেক্ষা করুন এবং তাদের নিরাপদে রাস্তা পেরোতে সাহায্য করুন।
- (ঙ) গাড়ী স্টপে থামানো এবং স্টপ থেকে ছাড়ার আগে হ্যান্ড সিগন্যাল ব্যবহার করুন। স্টপে দাঁড়ানোর সময় পার্কিং লাইট ব্যবহার করুন।
- (চ) কখনও দ্রুত কোথাও পৌঁছানোর তাগিদে বেপরোয়া যান চালাবেন না। সব সময় নিরাপদ যাত্রাকেই প্রাথমিক দিন।
- (ছ) যখন শিশুরা গাড়ীতে রয়েছে, তখন গাড়ী ছেড়ে যাবেন না। যদি জরুরী প্রয়োজনে যেতে হয়, তাহলে নিশ্চিত করুন যেন আপনার সহযোগী গাড়ীতে উপস্থিত থাকে। কোন অবস্থাতেই ইগনিশন স্লিটে চাবি লাগিয়ে গাড়ীর বাইরে যাবেন না।

৪.১৮.৫ পণ্য পরিবহনকারী গাড়ী


সাধারণত পণ্য পরিবহনকারী গাড়ীগুলি অন্যান্য গাড়ীর তুলনায় আকারে বড় হয় এবং পণ্যের কারণে ওজনও বেশী থাকে। তাই এই ধরনের গাড়ী চালানোর জন্য যথেষ্ট দক্ষতার প্রয়োজন। একজন পণ্য পরিবহনকারী যানচালক হিসাবে আপনার নিম্নলিখিত নিয়মগুলি মনে চলা উচিত।

- (ক) পণ্য পরিবহনকারী গাড়ীতে বিশেষ কিছু সরঞ্জাম রাখা একান্ত প্রয়োজন। গাড়ী চালানোর আগে সুনিশ্চিত করুন যে এই সরঞ্জামগুলি গাড়ীতে যথাযথভাবে আছে কিনা (চিত্র ৪.৮.১)।



চিত্র ৪.৪১ পণ্য পরিবহনকারী গাড়ীতে থাকা প্রয়োজনীয় সরঞ্জাম

- (খ) গাড়ী দক্ষতার সঙ্গে চালানোর জন্য চালকের সতর্ক ও সুস্থ থাকা একান্ত প্রয়োজন।
- (গ) পণ্য পরিবহনকারী গাড়ী চালানোর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত ভার পরিবহনের সর্বোচ্চ সীমা থাকে। ভার পরিবহনের ক্ষেত্রে এই সীমা কখনই অতিক্রম করবেন না। সর্বোচ্চ সীমার উত্তের্বে ভার পরিবহন করা বেআইনি এবং বিপজ্জনক। মনে রাখবেন যে আইনানুযায়ী পুলিশ আপনার গাড়ী থামিয়ে ভার পরিমাপ করতে পারেন এবং প্রয়োজনে অতিরিক্ত পণ্য নামিয়ে দেওয়ার নির্দেশ দিতে পারেন। অতিরিক্ত পণ্য পরিবহনের জন্য আপনার আইনানুগ শাস্তি ও হতে পারে।
- (ঘ) আপৎকালীন পরিস্থিতিতে রাস্তার উপর গাড়ী পার্ক করার প্রয়োজন হলে যথাযথ ফ্ল্যাগ, ব্যারিয়ার, ফ্লেয়ার্স, আলো এবং হ্যাজার্ড লিঙ্কার ব্যবহার করুন।
- ভারী গাড়ীর উপস্থিতিতে অন্যান্য গাড়ী চালকদের যা যা করণীয়**
- রাস্তায় ভারী পণ্য পরিবহনকারী গাড়ী থাকলে চালক হিসাবে আপনার অতিরিক্ত সাবধানতা অবলম্বন করা উচিত। এই রকম পরিস্থিতিতে নিম্নলিখিত বিষয়গুলি মনে চলুন।
- (ক) কোনো ভারী গাড়ী পাশ দিয়ে যাওয়ার সময় তার হাওয়ার ঝাপটায় আপনার গাড়ীটি তার নির্দিষ্ট গতিপথ থেকে সরে যেতে পারে এবং আপনি গাড়ীর নিয়ন্ত্রণ হারাতে পারেন। তাই যখন কোন ভারী গাড়ীকে ওভারটেক করছেন বা কোন ভারী গাড়ী আপনাকে ওভারটেক করছে তখন এই ব্যাপারে সতর্কতা অবলম্বন করে চলুন।
- (খ) গাড়ী চালানোর সময় ভারী গাড়ীর ব্লাইন্ড স্পটগুলি এড়িয়ে চলুন। চিত্র ৪.৪২-এ একটি ভারী যানের আশেপাশের ব্লাইন্ড স্পটগুলি দেখানো হয়েছে।



চিত্র ৪.৪২ ভারী যানের আশেপাশের ব্লাইন্ড স্পট

৪.১৯ সাধারণ কিছু ঝুঁকিপ্রদ অভ্যাস

অনেক সময় অজ্ঞতা ও অপরিণামদর্শিতার ফলে চালকেরা বিপজ্জনকভাবে গাড়ী চালায়। এই রকম কিছু ঝুঁকিপ্রদ অভ্যাস টেবিল ৪.১-এ বর্ণনা করা হল। ঝুঁকিপ্রদ অভ্যাসগুলির পরিবর্তে করণীয় নিরাপদ অভ্যাসগুলিও বলা হল।

টেবিল ৪.১ কিছু ঝুঁকিপ্রদ অভ্যাস এবং সেগুলি এড়িয়ে যাওয়ার উপায়

ঝুঁকিপ্রদ অভ্যাস	নিরাপদ অভ্যাস
(ক) রাত ১০টার পর ট্যাফিক সিগন্যাল মেনে চলার প্রয়োজন নেই।	✓ সব সময় ট্যাফিক সিগন্যাল মেনে চলুন।
(খ) গাড়ীকে ওভারটেক করার অনুমতি দেওয়ার জন্য ডানদিকের ইন্ডিকেটর ব্যবহার করা যেতে পারে।	✓ নির্দিষ্ট দিকে টার্ন নেওয়ার সময়ই কেবলমাত্র টানিং ইন্ডিকেটর ব্যবহার করুন। আপনার গাড়ী যথাস্থ বাঁদিকে সরিয়ে এনে ডানদিকে ওভারটেক করার রাস্তা করে দিন।
(গ) কাছাকাছি দূরত্ব যাওয়ার জন্য চালকের সিটবেল্ট বাঁধার প্রয়োজন নেই। গাড়ীর অন্য যাত্রীদেরও সিটবেল্ট ব্যবহারের দরকার নেই।	✓ সিটবেল্ট সব আরোহীর জন্যই সমান গুরুত্বপূর্ণ। তাই সফর যতক্ষণেরই হোক না কেন, গাড়ীর প্রত্যেক আরোহীর সিটবেল্ট বেঁধে রাখা উচিত।
(ঘ) গাড়ী চালানোর সময় বোঝাই করা পণ্যের কিছুটা অংশ গাড়ীর বাইরে বেরিয়ে থাকলেও চলবে।	✓ গাড়ীতে কোন অবস্থাতেই অতিরিক্ত পণ্য পরিবহন করবেন না এবং পণ্যের কোন অংশই যেন গাড়ীর দৈর্ঘ্য বা প্রস্থ বা নির্দিষ্ট উচ্চতার বাইরে না যায়।

৪.২০ মূল্যায়ন

১। আপনার গাড়ীর পার্শ্ববর্তী অঞ্চলের ব্লাইন্ড স্পটে থাকা গাড়ী বা পথচারীদের কিভাবে দেখবেন ?

- (ক) রিয়ার ভিউ মিরর দিয়ে দেখুন
- (খ) সাইড ভিউ মিরর দিয়ে দেখুন
- (গ) চালানোর সময় পিছনে ঘুরে দেখুন
- (ঘ) কাঁধ বরাবর দেখুন

২। রেলওয়ে ক্রসিং থেকে ন্যূনতম কত দূরত্বের মধ্যে পার্কিং নিষিদ্ধ ?

- (ক) ৫ মিটার
- (খ) ১০ মিটার
- (গ) ১৫ মিটার
- (ঘ) ২০ মিটার

৩। পার্কিং-এর জায়গায় নির্দিষ্টভাবে কিছু বলা না থাকলে কিভাবে গাড়ী পার্ক করবেন ?

- (ক) ৪৫ ডিগ্রী কোণ করে পার্কিং
- (খ) ৩০ ডিগ্রী কোণ করে পার্কিং
- (গ) প্যারালাল পার্কিং
- (ঘ) ডাবল পার্কিং

৪। প্যারালাল পার্কিং করার সময় অন্য যান থেকে ন্যূনতম কত দূরত্ব বজায় রাখবেন ?

- (ক) ০.৫ মিটার
- (খ) ১.০ মিটার
- (গ) ১.৫ মিটার
- (ঘ) ২.০ মিটার

৫। নিরবচ্ছিম ফ্ল্যাশিং লাল আলো কি নির্দেশ করে ?

- (ক) গাড়ী সম্পূর্ণভাবে থামান এবং ফ্ল্যাশিং আলো বন্ধ না হওয়া পর্যন্ত অপেক্ষা করুন
- (খ) দ্রুত সংযোগস্থল অতিক্রম করুন
- (গ) গাড়ী সম্পূর্ণভাবে থামান এবং অন্য রাস্তায় চলাচল করা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সংযোগস্থলটি নিরাপদভাবে অতিক্রম করুন
- (ঘ) গাড়ীর গতিরেগ কম করুন এবং অন্য রাস্তায় চলাচল করা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সংযোগস্থলটি নিরাপদভাবে অতিক্রম করুন

৬। লাল আলো মানে কি বোবায় ?

- (ক) গাড়ী সম্পূর্ণভাবে থামান
- (খ) দ্রুত সংযোগস্থল অতিক্রম করুন
- (গ) গাড়ী সম্পূর্ণভাবে থামান এবং অন্য রাস্তায় চলাচল করা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সংযোগস্থলটি নিরাপদভাবে অতিক্রম করুন
- (ঘ) গাড়ীর গতিরেগ কম করুন এবং অন্য রাস্তায় চলাচল করা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সংযোগস্থলটি নিরাপদভাবে অতিক্রম করুন

৭। ফুল বীম লাইট কখন ব্যবহার করবেন ?

- (ক) সামনে থেকে কোনো গাড়ী এলে
- (খ) যেখানে রাস্তায় পর্যাপ্ত আলো নেই
- (গ) গাড়ী পার্ক করার সময়
- (ঘ) আপৎকালীন অবস্থায় থামতে হলে

৮। হ্যাজার্ড ব্রিঙ্কার্স কখন ব্যবহার করবেন না ?

- (ক) গাড়ী পার্ক করার সময়
- (খ) বিপজ্জনক স্থানে যান বিকল হলে
- (গ) রাস্তায় বিপদ/ঝুঁকি থাকলে
- (ঘ) বিশেষ কোন কারণে রাস্তার উপর গাড়ী দাঁড় করাতে বাধ্য হলে

৯। টার্নিং ইন্ডিকেটর কখন ব্যবহার করবেন ?

- (ক) গাড়ী পার্ক করার সময়
- (খ) রাস্তায় ঝুঁকি থাকলে
- (গ) মোড় ঘোরার সময়
- (ঘ) সংযোগস্থলে সোজা যাওয়ার সময়

১০। রাস্তার সংযোগস্থল থেকে ন্যূনতম কত দূরত্বের মধ্যে পার্কিং নিষিদ্ধ ?

- (ক) ৫ মিটার
- (খ) ১০ মিটার
- (গ) ২০ মিটার
- (ঘ) ৩০ মিটার

১১। কখন হর্ণ বাজাবেন ?

- (ক) স্কুলের সামনে দিয়ে গাড়ী চালানোর সময়
- (খ) জনবসতিপূর্ণ এলাকায় গাড়ী চালানোর সময়
- (গ) হাসপাতালের পাশ দিয়ে গাড়ী চালানোর সময়
- (ঘ) হরাইজন্টাল কার্ড-এ গাড়ী চালানোর সময়

১২। নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোনটি নিরাপদ অভ্যাস ?

- (ক) চলন্ত গাড়ীর পাদানিতে যাত্রা করা
- (খ) ফেন্ডারে চড়ে যাত্রা করা
- (গ) গাড়ীর বাঁদিক দিয়ে ওভারটেক করা
- (ঘ) গাড়ীর ডান দিক দিয়ে ওভারটেক করা

১৩। নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোনটি নিরাপদ অভ্যাস ?


- (ক) কেবলমাত্র চালকেরই সিটবেল্ট বাঁধা উচিঃ
- (খ) শুধুমাত্র গাড়ীর ফ্রন্ট সিটে বসে থাকা আরোহীদের সিটবেল্ট বাঁধা উচিঃ
- (গ) কেবলমাত্র দীর্ঘ সফরের ক্ষেত্রেই সিটবেল্ট বাঁধা উচিঃ
- (ঘ) দূরত্ব যাই হোক সকলের সিটবেল্ট বাঁধা উচিঃ

১৪। ফায়ার হাইড্রেন্ট থেকে ন্যূনতম কত দূরত্বের মধ্যে পার্কিং নিষিদ্ধ ?

- (ক) ১.৫ মিটার
- (খ) ৫ মিটার
- (গ) ১০ মিটার
- (ঘ) ২০ মিটার

১৫। ড্রাইভওয়ে থেকে ন্যূনতম কত দূরত্বের মধ্যে পার্কিং নিষিদ্ধ ?

- (ক) ১.৫ মিটার
- (খ) ৫ মিটার
- (গ) ১০ মিটার
- (ঘ) ২০ মিটার



তাথ্যাম



জটিল ও সংবেদনশীল পরিস্থিতিতে যান চালানো

জহর রঞ্জন সরকার
আমাম সাই কিরণ

৫.১ ভূমিকা

স্বাভাবিক পরিস্থিতিতে নিরাপদে গাড়ী চালানোর নির্দেশিকাগুলি আগের অধ্যায়ে আলোচনা করা হয়েছে। এই অধ্যায়ে জটিল এবং সংবেদনশীল পরিস্থিতিতে (যথা- নির্মায়মাণ অঞ্চল, বৃষ্টি বা কুয়াশা, পাহাড়ী রাস্তা, জঙ্গল ইত্যাদি) কিভাবে নিরাপদে গাড়ী চালাবেন সে বিষয়ে আমরা বিস্তারিত আলোচনা করব। এই ধরনের জটিল পরিস্থিতিতে গাড়ী চালানো প্রতিটি চালকের পক্ষেই বেশ কঠিন। তাই এক্ষেত্রে বিশেষ সাবধানতা অবলম্বন করা উচিত। আসুন জেনে নিই এই ধরনের জটিল পরিস্থিতিতে নিরাপদে গাড়ী চালানোর নিয়মাবলী।

৫.২ নির্মায়মাণ অঞ্চল (Construction Zone)


নতুন রাস্তা তৈরি অথবা পুরোনো রাস্তার মেরামতির কাজ প্রায়ই চলতে থাকে। যেখানে এই ধরনের কাজ চলতে থাকে, সাধারণভাবে সেই অঞ্চলকে আমরা নির্মায়মাণ অঞ্চল বলে থাকি। নির্মায়মাণ অঞ্চলে হামেশাই পথদুর্ঘটনা হয়। তাই এইসব এলাকা দিয়ে গাড়ী চালানোর সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা উচিত।

৫.২.১ নির্মায়মাণ অঞ্চলের বিভিন্ন অংশ

নির্মায়মাণ অঞ্চলের বিভিন্ন অংশ চিত্র ৫.১-এ দেখান হল।

৫.২.১.১ আগাম সতর্কতা অঞ্চল (Advance Warning Zone)

এই অঞ্চলে চালকদের আগাম সাবধান করার জন্য রাস্তায় সতর্কতামূলক কিছু পথচিহ্ন দেওয়া থাকে। যেমন - আস্তে গাড়ী চালান, সামনে সরু রাস্তা, রাস্তায় কাজ চলছে ইত্যাদি, যেগুলির সাহায্যে গাড়ীর চালককে সঠিক পথে যাবার নির্দেশ দেওয়া হয়। এর সঙ্গে কিছু প্রয়োজনীয় পথচিহ্ন (যেমন- স্পিড লিমিট, ওভারটেক নিষিদ্ধ) মেনে চললে এই অঞ্চলগুলিতে দুর্ঘটনা এড়ানো সম্ভব। এই অঞ্চলে স্পিড লিমিট বা গতি সীমা দেওয়া না থাকলেও গাড়ীর গতি ঘণ্টায় ৩০ কিমির বেশি কখনই করবেন না।



চিত্র ৫.১ নির্মায়মাণ অঞ্চলের বিভিন্ন অংশ

৫.২.১.২ নির্মায়মাণ পূর্ববর্তী অঞ্চল (Approach Transition Zone)

প্রকৃত নির্মাণকার্য শুরুর ঠিক আগের অঞ্চলকে নির্মায়মাণ পূর্ববর্তী অঞ্চল বলা হয়। এই অঞ্চলে দিক পরিবর্তনের নানারকম পথচিহ্ন ও সরঞ্জাম (যেমন ডেলিনিয়েটর, শেভন, তির্যক চিহ্ন ইত্যাদি) ব্যবহার করে গাড়ীর চালককে সঠিক পথে যাবার নির্দেশ দেওয়া হয় (চিত্র ৫.২)।



চিত্র ৫.২ নির্মায়মাণ অঞ্চলে ডেলিনিয়েটর এবং পথ পরিবর্তনের দিক নির্দেশ

৫.২.১.৩ প্রকৃত নির্মায়মাণ অঞ্চল (Activity Zone)

এই অঞ্চলেই প্রকৃত নির্মাণকার্য চলে। এধরনের স্থান দিয়ে যাবার সময় চালক হিসাবে আপনাকে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হবে। স্পিড লিমিট দেওয়া না থাকলেও এই অঞ্চলে গাড়ীর গতিরেখ কখনই ঘণ্টায় ২০ কিমির বেশী করবেন না।

৫.২.১.৪ নির্মায়মাণ পরবর্তী অঞ্চল (Terminal Transition Zone)

এই অঞ্চলে যানবাহন ধীরে ধীরে নিজের স্বাভাবিক প্রবাহে ফিরে আসে। এই অঞ্চলে গতিসীমা নির্দেশ অনুযায়ী আপনার গাড়ীর গতিরেখ বাড়াতে পারেন। স্পিড লিমিট না থাকলে গাড়ীর গতি ঘণ্টায় ৩০ কিমির মধ্যেই সীমাবদ্ধ রাখুন।

৫.২.১.৫ নির্মায়মাণ অঞ্চলের শেষ (Work Zone End Zone)

এই অঞ্চলের বিস্তৃতি নির্মায়মাণ পরবর্তী অঞ্চল থেকে স্বাভাবিক রাস্তায় যেখানে নির্মাণকার্য সংক্রান্ত বিধিনিষেধ শেষ হয় সেই পর্যন্ত। এই অঞ্চলের পরে ত্রি রাস্তার নির্ধারিত গতিসীমায় গাড়ী চালাতে পারেন।

৫.২.২ নির্মায়মাণ অঞ্চলে সাবধানে গাড়ী চালানোর নিয়মাবলী

চালক হিসাবে নির্মায়মাণ অঞ্চলে গাড়ী চালানোর ক্ষেত্রে নিম্নলিখিত কয়েকটি বিশেষ নিয়ম মেনে চলুন।

৫.২.২.১ সতর্ক হন

- (ক) নির্মায়মাণ অঞ্চলে গাড়ী চালানোর সময় লেন পরিবর্তন, গতি পরিবর্তন, হঠাত থামা, টীক্ষ্ণ বাঁকের মুখোমুখি হওয়া ইত্যাদির জন্য প্রস্তুত থাকুন।
- (খ) স্পিড বাড়ানো, কমানো বা লেন পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করুন।
- (গ) বৃষ্টির সময় নির্মায়মাণ অঞ্চল দিয়ে গাড়ী চালানোর ক্ষেত্রে অতিরিক্ত সতর্কতা বজায় রাখুন, কারণ এই সময় রাস্তার উপরিভাগ স্বাভাবিক থাকে না।
- (ঘ) নির্মায়মাণ অঞ্চলে অনেক সময় শ্রমিক বা নির্মাণকার্যের জন্য ব্যবহৃত যানবাহন চলাচল করতে পারে। সেই কারণে গাড়ী চালানোর সময় অতিরিক্ত সাবধানতা অবলম্বন করুন।
- (ঙ) এই ধরনের অঞ্চলে বিভিন্ন প্রকার নির্মাণ সামগ্রী যত্নত ছড়ানো থাকতে পারে, তার উপর দিয়ে কখনই গাড়ী চালাবেন না।
- (চ) নির্মাণকার্যের জন্য যেখানে রাস্তা সরঁ হয়ে গেছে, সেখান দিয়ে গাড়ী চালানোর সময় সর্বদা উল্টো দিক থেকে আসা গাড়ীকে আগে যাওয়ার জন্য জায়গা করে দিন।
- (ছ) এই অঞ্চলে নির্দিষ্ট পথচিহ্ন এবং সরঞ্জাম, যেমন - ক্রস ব্যারিয়ার, স্পিড লিমিট, ডেলিনিয়েটর ইত্যাদি দেওয়া থাকে, এগুলি অবশ্যই মেনে চলুন। এগুলি দেওয়া না থাকলেও (চিত্র ৫.৩), নিরাপত্তার স্বার্থে নির্দিষ্ট গতিসীমা মেনেই সাবধানতার সঙ্গে অঞ্চলটি পেরিয়ে যান।



চিত্র ৫.৩ সতর্কীকরণ পথচিহ্ন ও ডেলিনিয়েটরবিহীন নির্মায়মাণ অঞ্চল

৫.২.২.২ ধীরে চলুন

আন্তে গাড়ী চালালে আপনি পরিবহিত পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে যথেষ্ট সময় পাবেন। ধৰা যাক, আপনি ঘণ্টায় ৬০ কিমি বেগে গাড়ী চালাচ্ছেন। এই অবস্থায় লক্ষ্য করলেন যে '৩০০ মিটার দূরে নির্মাণকাজ চলছে' এমন একটি পথচিহ্ন রয়েছে। তার পরেও যদি আপনি একই গতিতে গাড়ী চালান তা হলে মাত্র ১৮ সেকেন্ডের মধ্যেই এ দূরত্ব অতিক্রম করে যাবেন। কিন্তু যদি গতিরেগ কমিয়ে ৩০ কিলোমিটার প্রতি ঘণ্টায় করেন তাহলে একই দূরত্ব অতিক্রম করতে আপনার ৩০ সেকেন্ডের বেশী সময় লাগবে। ফলে পরিস্থিতির সঙ্গে মানিয়ে নেওয়ার জন্য অপেক্ষাকৃত বেশী সময় পাবেন।

- (ক) নির্মাণকার্য সংক্রান্ত পথচিহ্ন বা রোড সাইন, হ্যার্জাড লাইট, হ্যার্জাড মার্কার, ল্লিংকার ইত্যাদি দেখতে পেলে আপনার গাড়ীর গতি কমিয়ে দিন (চিত্র ৫.৪)।

- (খ) গতিসীমা বা স্পিড লিমিট দেওয়া না থাকলেও নির্মায়মাণ অঞ্চলে গাড়ীর গতি ঘণ্টায় ৩০ কিমির মধ্যেই সীমাবদ্ধ রাখুন এবং প্রকৃত নির্মায়মাণ অঞ্চলে ঘণ্টায় ২০ কিমি বেগে গাড়ী চালান।
- (গ) খারাপ আবহাওয়া থাকলে বা রাস্তার উপরিভাগ ক্ষতিগ্রস্ত থাকলে, গাড়ীর গতি আরও কমিয়ে দিন (চিত্র ৫.৫)।
- (ঘ) সেতুর কাছাকাছি যদি নির্মাণকার্য চলতে থাকে, তাহলে গাড়ীর গতি আরও কমান।



চিত্র ৫.৪ নির্মাণস্থলের আগে যথাযথ সতর্কীকরণ



চিত্র ৫.৫ বৃষ্টির সময় নির্মায়মাণ অঞ্চল

৫.২.২.৩ সঠিক লেনে প্রবেশ করুন

সাধারণত যেখানে নির্মাণকার্য চলে সেখানে এক বা একাধিক লেন বন্ধ রেখে কমপক্ষে একটি লেন ট্র্যাফিকের জন্য খুলে রাখা হয়।

- (ক) আপনি যে লেন ধরে চালাচ্ছেন, যদি সেইটি খোলা থাকে, তবে সেই লেনটি ধরেই সাবধানতার সঙ্গে অঞ্চলটি অতিক্রম করুন।
- (খ) যদি দেখেন আপনার লেনটি সামনে বন্ধ আছে, তাহলে পার্শ্ববর্তী যে লেন খোলা আছে, বেশ কিছুটা আগে থেকেই ধীরে ধীরে তাতে প্রবেশ করার প্রস্তুতি নিন।
- (গ) প্রবেশ করার আগে, সেই লেনে দুটি গাড়ীর মধ্যে পর্যাপ্ত ব্যবধান নিশ্চিত করুন। এর পর ৫ সেকেন্ড আগে থেকে ইন্ডিকেটর জুলিয়ে ইঙ্গিত দিন এবং আরও অন্তত ১০ সেকেন্ড ব্যয় করে ধীরে ধীরে লেন পরিবর্তন করুন (চিত্র ৫.৬)।
- (ঘ) নির্মায়মাণ অঞ্চলে ওভারটেক করা অত্যন্ত বিপজ্জনক। কারণ এই রকম স্থানে সাধারণত জায়গা খুব কম থাকে এবং সাইট ডিস্ট্যান্স যথাযথ পরিমাণে পাওয়া যায় না।



চিত্র ৫.৬ নির্মায়মাণ অঞ্চলে লেন পরিবর্তন

৫.২.২.৪ সদা সতর্ক থাকুন

নির্মায়মাণ অঞ্চলের প্রধান অসুবিধা হল পর্যাপ্ত জায়গার অভাব। সেই কারণে যানজটেরও ঘটে সম্ভাবনা থাকে। এই অঞ্চলে গাড়ী চালানোর সময় সদা সতর্ক থাকুন এবং নিম্নলিখিত নিয়মগুলি মেনে চলুন।

(ক) পূর্ণ মনোযোগ দিয়ে গাড়ী চালান এবং পথচিহ্ন গুলির উপর বিশেষ গুরুত্ব দিন।



চিত্র ৫.৭ গাড়ী চালানোর সময় মনোসংযোগে বিঘ্ন ঘটে, এমন কিছু করবেন না

(খ) গাড়ী চালানোর সময় আপনার কাছাকাছি থাকা গাড়ীগুলির দিকে খেয়াল রাখুন। সামনের গাড়ীর বেক লাইটের দিকে নজর রেখে চলুন।

(গ) গাড়ী চালানোর সময় সেলফোন বা ঐ ধরনের কিছু জিনিস, যা আপনার মনোসংযোগের ব্যাঘাত ঘটাতে পারে, তা কখনই ব্যবহার করবেন না (চিত্র ৫.৭)।

(ঘ) রাতে এমনিতেই কম দেখা যায়, সুতরাং নির্মায়মাণ অঞ্চলে রাতে গাড়ী চালানোর সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন।

৫.২.২.৫ দূরত্ব বজায় রাখুন

রাস্তার নির্মায়মাণ অঞ্চলে পিছন থেকে আসা গাড়ীর ধাক্কায় দুর্ঘটনা (Rear End Collision) অতি পরিচিত ঘটনা (চিত্র ৫.৮)। দুই গাড়ীর দূরত্ব কম থাকলে বা স্পিড বেশী হলে এই ধরনের সংঘর্ষ হয়। নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য নিম্নলিখিত নিয়ম গুলি মেনে চলুন।

(ক) ৫ সেকেন্ডে যে দূরত্ব অতিক্রম করা যায়, সামনের গাড়ী থেকে ন্যূনতম সেই দূরত্ব বজায় রাখুন।



চিত্র ৫.৮ নির্মায়মাণ অঞ্চলে পিছন থেকে ধাক্কা (Rear End Collision) লাগা

(খ) যদি আপনার পিছনের গাড়ী খুব কাছাকাছি চলে আসে, তাহলে নিম্নলিখিত উপায়ে তাকে সতর্ক করুন -

- দিনের বেলা হলে বারে বারে আলো জ্বালিয়ে-নিভিয়ে আপনার গাড়ীর টেল লাইটটিকে পিছনের গাড়ী চালকের দৃষ্টিগোচর করুন।
- রাতের বেলা হলে, কিছু সময় অন্তর আপনার গাড়ীর বেক প্যাডেলকে হাঙ্গা চাপুন যাতে বেক লাইটও জুলতে-নিভতে থাকে।

- (গ) খুব একটা দরকার না হলে হঠাৎ ব্রেক কষবেন না।
- (ঘ) সামনের গাড়ীর সংকেত বুঝে নিয়ে প্রয়োজনে তার থেকে দূরত্ব বাড়ান।

৫.২.২.৬ ধৈর্য ধরন

নির্মায়মাণ অঞ্চলে স্বাভাবিক ভাবেই গাড়ী আস্তে যায়, ফলে সময়ও বেশী লাগে। তাই চালক হিসাবে আপনার উচিং ধৈর্য সহকারে নির্দিষ্ট গতি সীমা মেনে গাড়ী চালানো। যাত্রাপথে নির্মায়মাণ অঞ্চল আছে, সে সম্বন্ধে আগে থেকে জানা থাকলে, হাতে যথেষ্ট সময় নিয়ে যাত্রা করুন।

৫.৩ প্রতিকূল আবহাওয়া

শুষ্ক আবহাওয়া এবং পরিচ্ছন্ন রাস্তা গাড়ী চলাচলের পক্ষে আদর্শ। কিন্তু গাড়ী চালানোর সময় অনেকক্ষেত্রেই প্রতিকূল আবহাওয়ার সম্মুখীন হতে হয়। প্রতিকূল আবহাওয়াতে আপনার প্রথম কাজ হল, গাড়ীর গতি নিয়ন্ত্রণ করা। তাই এছেন পরিস্থিতিতে চালকের প্রাথমিক কর্তব্য রাস্তায় ভালোভাবে দৃষ্টি রাখা এবং অন্যান্য গাড়ী চালকও যাতে আপনাকে দেখতে পায়, সে ব্যাপারে বিশেষ লক্ষ্য রাখা। এই পর্বে আমরা বিভিন্ন ধরনের প্রতিকূল আবহাওয়াতে কিভাবে নিরাপদে গাড়ী চালানো যায় তার নিয়মাবলী নিয়ে আলোচনা করব।

৫.৩.১ বৃষ্টি


আমাদের দেশে বর্ষার প্রকোপ যথেষ্ট বেশী। বৃষ্টির মধ্যে গাড়ী চালানোর সময় আপনার বিশেষ সাবধানতা অবলম্বন করা উচিং।

৫.৩.১.১ বর্ষার আগে যা করণীয়

প্রতি বছর বর্ষার শুরুতে নিম্নলিখিত বিষয়গুলির উপর নজর দিন এবং নিশ্চিত করুন যে আপনার গাড়ীটি বর্ষায় ব্যবহারের উপযুক্ত।

(ক) ওয়াইপার: বৃষ্টির সময় গাড়ীর উইন্ডস্ক্রীনের উপর থেকে জল মুছে দেবার জন্য ওয়াইপার ব্যবহার করা হয়। বর্ষার আগেই দেখে নিন ওয়াইপার ঠিক মতন কাজ করছে কিনা। ওয়াইপার পুরোনো হয়ে গেলে অনেক সময় শক্ত হয়ে যায় আর তার নমনীয়তাও কমে যায়। তখন উইন্ডস্ক্রীনের সঙ্গে তার পুরোপুরি সংযোগ হয় না। উইন্ডস্ক্রীন বা সামনের কাঁচের যত্ন নিন এবং উপর থেকে জল ঢেলে পরিষ্কার রাখুন। চিত্র ৫.৯-এ ওয়াইপারের কয়েকটি সাধারণ সমস্যার বিষয় দেখানো হয়েছে। এ ধরনের সমস্যা হলে দ্রুত ওয়াইপারটি বদলে ফেলুন।


(খ) উইন্ডস্ক্রীন পরিষ্কারের তরল: উইন্ডস্ক্রীন পরিষ্কার রাখার তরলটি পর্যাপ্ত পরিমাণে আছে কিনা দেখে নিন। এটি একধরনের হাইড্রোফোবিক (Hydrophobic) তরল (অর্থাৎ যা জল ধরে রাখে না), যার ব্যবহারে উইন্ডস্ক্রীনের দৃশ্যমানতা বজায় থাকে। যদি উইন্ডস্ক্রীনে কোন দাগ বা ধূলো থাকে, তাহলে এই ধরনের তরলের দ্বারা তা পরিষ্কার হয়ে যায়। এই তরলটি যদি না থাকে, তাহলে সাধারণ শ্যাম্পু দিয়েও উইন্ডস্ক্রীন পরিষ্কারের কাজ চালানো যেতে পারে।



চিত্র ৫.৯ ওয়াইপার ট্রেডের বিভিন্ন ধরনের সমস্যা

(গ) উইন্ডস্ক্রীন পরিষ্কার করার কাপড়: সবসময় গাড়ীর দরজার পকেটে পরিষ্কার কাপড় রাখুন। যদি উইন্ডস্ক্রীনের ভিতরের দিকে বাষ্প জমে আপনার দেখার অসুবিধা সৃষ্টি করে, তাহলে রাস্তার দিক থেকে দৃষ্টি না সরিয়ে হাতের কাছে রাখা এই কাপড়টি দিয়ে উইন্ডস্ক্রীন মুছে নিতে পারেন।

(ঘ) টায়ার ট্রেড: টায়ারের উপরিভাগের উঁচু-নীচু অংশকে টায়ার ট্রেড বলে। বৃষ্টির সময় রাস্তা যদি জলমগ্ন হয়ে যায়, তখন এই টায়ার ট্রেড চাকাকে জল কেটে রাস্তার সঙ্গে সংযোগ রক্ষা করতে সহায়তা করে এবং পিছলে যাওয়ার হাত থেকে রক্ষা করে। তাছাড়া ব্রেক ক্ষমতার তাপ কেটে রাস্তার সঙ্গে সংযোগ রক্ষা করতে তাও এই টায়ার ট্রেডের উপর নির্ভর করে। নিয়মিত লক্ষ্য রাখুন এই টায়ার ট্রেডের গভীরতা যেন 3 মিলিমিটারের কম না হয়। টায়ারের উপরিভাগ ক্রমশ মসৃণ হয়ে আসলে অবশ্যই টায়ারটি পরিবর্তন করুন (চিত্র ৫.১০)।



চিত্র ৫.১০ নতুন টায়ার ও ক্ষয়ে যাওয়া টায়ার

(৬) আলো: গাড়ী নিয়ে বেরোনোর আগে সব সময়ই দেখে নিন আপনার গাড়ীর সব আলোগুলি যথা- হেডলাইট, টেল লাইট, ব্রেক লাইট, ইন্ডিকেটর লাইট ও হ্যাজার্ড লিঙ্কার্স সঠিক ভাবে কাজ করছে কিনা। কোনো বাল্ব অকেজো হলে তা বদলে নিন। মনে রাখবেন পথে আপনার যেমন অন্য গাড়ীকে দেখতে পাওয়া প্রয়োজন, তেমনি অন্যান্য গাড়ীর চালকদেরও আপনাকে দেখতে পাওয়া সমানভাবে প্রয়োজনীয়।

৫.৩.১.২ বৃষ্টিতে গাড়ী চালানোর নিয়মাবলী

বৃষ্টিতে গাড়ী চালানোর সময় শুধু যে দৃশ্যমানতা কমে তা নয়, রাস্তা পিছল হওয়ার জন্য ঘর্ষণও (Friction) কমে যায়। যার ফলে স্টপিং ডিস্ট্যান্স (অর্থাৎ ব্রেক কষার পরে গাড়ী যে দূরত্ব অতিক্রম করে থামে) স্বাভাবিক অবস্থার থেকে তুলনামূলকভাবে বেশী হয়। বৃষ্টিতে গাড়ী চালানোর নিয়মগুলি নিচে বলা হল।

- (ক) বৃষ্টির বেগ দেখে ওয়াইপার-এর গতি ঠিক করুন।
- (খ) প্রতিকূল পরিস্থিতিতে গাড়ীর গতি কমান।
- (গ) রাস্তা ভিজে থাকলে টায়ার ও রাস্তার উপরিতলের মধ্যে ঘর্ষণ কমে যায়। তাই এক্ষেত্রে সাধারণত অবলম্বন করার জন্য নির্দিষ্ট গতিসীমার এক-তৃতীয়াংশ গতিতে গাড়ী চালান।
- (ঘ) সাধারণ অবস্থায় যদি সামনের গাড়ীর থেকে ২ সেকেন্ড পিছনে থাকাকে নিরাপদ বলা যায়, তাহলে বর্ষার সময় সেই দূরত্ব ৯ সেকেন্ড বা তার বেশী করাই উচিত।
- (ঙ) বৃষ্টির সময় দৃশ্যমানতা বাড়ানোর জন্য দিনের বেলাতেও হেডলাইট জ্বালিয়ে রেখে গাড়ী চালানো নিরাপদ।
- (চ) বৃষ্টির সময় বাঁক নেওয়া বা ট্র্যাফিক সিগন্যাল দাঁড়ানোর জন্য স্বাভাবিক অবস্থার চেয়ে আগে ইন্ডিকেটর জ্বলে দিন এবং ব্রেক কষুন।
- (ছ) গাড়ী চালানোর সময় কোনোভাবেই রাস্তা থেকে মনোযোগ সরাবেন না।
- (জ) খুব জরুরী প্রয়োজন না হলে স্টিয়ারিং-এর উপর থেকে দু'হাত সরাবেন না।
- (ঝ) চেষ্টা করুন জলমগ্ন রাস্তা এড়িয়ে চলার। কারণ রাস্তা জলমগ্ন হলে রাস্তার উপরিভাগে কোনো গর্ত থাকলে তা নজরে আসে না। ফলে গাড়ী সেখানে পড়ে যেতে পারে।
- (ঝঃ) রাস্তার জমা জল যদি গাড়ীর পাদানি ছুঁয়ে যায়, তাহলে গাড়ীর গতি কম করুন কারণ জল ঢুকে গাড়ীর ইঞ্জিন ক্ষতিগ্রস্ত হতে পারে। জলমগ্ন রাস্তায় গাড়ী সবসময় নিচু গিয়াবে এবং কম গতিতে চালান। জলমগ্ন রাস্তা পার হওয়ার পর বারবার ব্রেক চেপে ব্রেকের কার্যকারিতা পরীক্ষা করে দেখে নিন।
- (ট) মুষলধারে বৃষ্টির সময় যখন দৃশ্যমানতা একেবারে কমে যায়, তখন প্রয়োজন অনুযায়ী হ্যাজার্ড লাইট ও ফণ লাইট দুটিই জ্বালিয়ে দিন। সম্ভব হলে কিছুটা সময় রাস্তার ধারে দাঁড়িয়ে যান, এবং বৃষ্টির তীব্রতা কমার জন্য অপেক্ষা করুন।


- (ঠ) বাইরের তাপমাত্রা গাড়ীর ভেতরের তাপমাত্রার চেয়ে কমে গেলে উইন্ডস্ক্রীনে কুয়াশার ভাব দেখা যায়। এই অবস্থায় গাড়ীর এসি. চালিয়ে দিন এবং হাওয়াকে উইন্ডস্ক্রীনের দিকে করে দিন। যদি গাড়ীতে এসি. না থাকে, তাহলে জানালার কাঁচ সামান্য খুলে দিন, যাতে বাইরের এবং ভিতরের তাপমাত্রা ও আর্দ্ধতা সমান হয়। তা সঙ্গেও উইন্ডস্ক্রীনে কুয়াশার ভাব থাকলে, পরিষ্কার কাপড় দিয়ে ভিতরটা মুছে দিন।
- (ড) কাদা ছিটকে উইন্ডস্ক্রীনে লাগলে গাড়ী থামিয়ে জল দিয়ে তা ভালোভাবে পরিষ্কার করে দিন।

৫.৩.১.৩ হাইড্রোপ্লেনিং ও স্কিডিং (Hydroplaning and Skidding)


জলমগ্ন রাস্তায়, গাড়ী চলার সময়, টায়ার যে পরিমাণ জল সরায় তা যদি চলমান টায়ারের নিচের জলের থেকে কম হয়, সেই অবস্থাকে হাইড্রোপ্লেনিং বলা হয়। চিত্র ৫.১১-তে স্বাভাবিক অবস্থায় টায়ার এবং রাস্তার সংযোগ দেখান হয়েছে। হাইড্রোপ্লেনিং হলে সংযোগস্থলটি কিভাবে বদলে যায় তা চিত্র ৫.১২-তে বোঝান হয়েছে। হাইড্রোপ্লেনিং-এর সময় জলের চাপের (Water Pressure) জন্যে টায়ার এবং রাস্তার উপরিভাগের মধ্যে একটি জলের পাতলা স্তর তৈরী হয়। এর ফলে গাড়ীর উপর চালকের নিয়ন্ত্রণ কমে যেতে পারে এবং গাড়ীর পিছলে যাওয়া (স্কিডিং)-এর সম্ভাবনাও বেড়ে যেতে পারে। এই ঘটনা বিশেষ বিষয়ের উপর নির্ভর করে, যেমন- গাড়ীর গতিবেগ, টায়ার ট্রেডের অবস্থা, গাড়ীর ওজন ইত্যাদি।

(ক) গাড়ীর গতিবেগ: গাড়ী বেশী জোরে চালালে হাইড্রোপ্লেনিং-এর সম্ভাবনা বাঢ়ে। জলমগ্ন রাস্তায় গাড়ীর গতি ধীরে করলে টায়ারের নিচে থাকা জল সরানোর বেশি সময় পাওয়া যায়।

(খ) টায়ার ট্রেডের গভীরতা : টায়ার ট্রেডের গভীরতা বেশী থাকলে হাইড্রোপ্লেনিং-এর সম্ভাবনা কমে, কারণ তা জলমগ্ন রাস্তায় টায়ারের নিচে থাকা জল সরাতে বেশী সহায়তা করে। টায়ার ট্রেডের গভীরতা ৩ মিলিমিটারের কম হলে টায়ারটি বদলে ফেলুন।



চিত্র ৫.১১ স্বাভাবিক অবস্থায় টায়ার ও রাস্তার উপরিভাগের মধ্যে সঠিক সংযোগ



চিত্র ৫.১২ হাইড্রোপ্লেনিং-এর সময় টায়ার ও রাস্তার উপরিভাগের মধ্যে সংযোগহীনতা

- (গ) জলের গভীরতা : রাস্তায় জলের গভীরতা বেশী হলে হাইড্রোপ্লেনিং-এর সম্ভাবনা বাড়ে। যদিও কম জলেও হাইড্রোপ্লেনিং হতে পারে।
- (ঘ) গাড়ীর ওজন : গাড়ীর ওজন বেশী হলে হাইড্রোপ্লেনিং কম হয়। আপনার গাড়ী হাঙ্কা হলে হাইড্রোপ্লেনিং-এর সম্ভাবনা সম্পর্কে সতর্ক হোন।

৫.৩.১.৩.১ হাইড্রোপ্লেনিং এড়ানোর উপায়

গাড়ীর চালক হিসেবে আপনার জানা উচিং
কিভাবে হাইড্রোপ্লেনিং এড়ানো যায় অথবা
হাইড্রোপ্লেনিং হলেও কিভাবে পুনরায় গাড়ীর
উপর নিয়ন্ত্রণ ফিরে পাওয়া যায়। এইরকম
পরিস্থিতিতে আপনার সর্বাংগে উচিং মাথা ঠাণ্ডা
রেখে পরিস্থিতি সামাল দেওয়া। নিম্নলিখিত
বিষয়গুলি মেনে চললে হাইড্রোপ্লেনিং-এর
সম্ভাবনা কমানো যায়।



চিত্র ৫.১৩ রাস্তার উপর তেলাক্ত আস্তরণ

- (ক) ভালো মানের টায়ার ব্যবহার করুন। নিশ্চিত
করুন যেন টায়ার ট্রেডের গভীরতা কমপক্ষে
৩ মিলিমিটার থাকে।
- (খ) বর্ষার শুরুতে রাস্তায় জলের পরিমাণ কম থাকলেও অনেকসময় তেল, গীজ বা পাথির মলমৃত্ত মিশে
গিয়ে রাস্তার উপরে একটি পাতলা আস্তরণ তৈরী হয় (চিত্র ৫.১৩)। যার ফলে হাইড্রোপ্লেনিং-এর
সম্ভাবনা বাড়তে পারে। সেই কারণে বৃষ্টির অন্তত প্রথম ১০-১৫ মিনিট অতিরিক্ত সতর্ক হয়ে গাড়ী
চালান।
- (গ) গাড়ীর গতি ধীরে করুন যাতে গাড়ীর উপর আপনার নিয়ন্ত্রণ থাকে। এই অবস্থায় জোরে বেক কফলে
গাড়ী পিছলে যেতে পারে।
- (ঘ) রাস্তার জলমগ্ন অংশ এড়িয়ে চলুন। চেষ্টা করুন সামনের গাড়ীর পেছনেই থাকতে যাতে সামনের গাড়ীর
সরানো জল আপনার পথ কিছুটা হলেও সুগম করে।

৫.৩.১.৩.২ হাইড্রোপ্লেনিং থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার উপায়


হাইড্রোপ্লেনিং থেকে নিয়ন্ত্রণ ফিরে পাবার কতগুলি উপায় নিচে আলোচনা করা হল।

- (ক) হাইড্রোপ্লেনিং বুঝতে পারা: গাড়ীর হাইড্রোপ্লেনিং হলে তা বুঝতে পারা অত্যন্ত জরুরী। জলমগ্ন রাস্তায়
চলতে গিয়ে যদি কোন অবস্থায় গাড়ীর উপর আপনি নিয়ন্ত্রণ হারান, তাহলে হাইড্রোপ্লেনিং হয়েছে
বুঝতে হবে। যে চাকায় হাইড্রোপ্লেনিং হচ্ছে গাড়ী সেইদিকেই পিছলে যায়।

- (খ) ভয় পাবেন না: গাড়ী পিছলে গেলে বা ক্লিড করলে চালকের ভয় পেয়ে তাড়াহড়ো করাটা স্বাভাবিক। মনে রাখতে হবে মাথা ঠাণ্ডা রাখলেই হাইড্রোপ্লেনিং থেকে বেরিয়ে আসা সম্ভব। কখনও কখনও হাইড্রোপ্লেনিং খুব অল্প সময়ের জন্যই হয়। এরকম হলে ঘাবড়ে গিয়ে জোরে বেক করবেন না, তাতে গাড়ীর উপর নিয়ন্ত্রণ আরও কমে যায়।
- (গ) প্যাডেল থেকে পা সরান: গাড়ী হাইড্রোপ্লেনিং হয়েছে বুঝতে পারলে অ্যাসিলারেটর, বেক এবং ক্লাচ থেকে পা সরিয়ে নিন।
- (ঘ) লক্ষ্য স্থির করে এগিয়ে যান: একটি নির্দিষ্ট লক্ষ্য (যেমন গাছ, বাতিস্তা) স্থির করে গাড়ীকে তার দিকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করুন। হঠাতে করে গাড়ী ঘোরাবার চেষ্টা করবেন না। তাতে বিপদ হতে পারে। সিট্যারিং হইল শক্ত করে ধরে থাকুন এবং সাবধানে লক্ষ্যের দিকে এগিয়ে যান।
- (ঙ) নিয়ন্ত্রণ পাওয়ার পর থামুন: গাড়ীর নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার জন্য ধৈর্য ধরুন এবং তারপর বেক করুন। রাস্তার ধারে আপনার গাড়ীটিকে পার্ক করুন এবং কিছুক্ষণ অপেক্ষা করার পর আবার যাত্রা শুরু করুন।

৫.৩.২ কুয়াশা

কুয়াশার মধ্যে গাড়ী চালানোর অভিজ্ঞতা না থাকলে আপনি সমস্যার সম্মুখীন হতে পারেন। কুয়াশা হলে দৃশ্যমানতা খুবই কম থাকে এবং কখনও কখনও তা মাত্র কয়েক মিটার অবধি হতে পারে। শীতকালে কুয়াশা হওয়া খুবই স্বাভাবিক, সেইজন্য চালক হিসেবে এই অবস্থায় সতর্ক থাকাটা অত্যন্ত জরুরী। কুয়াশার সময় দৃশ্যমানতা বাড়তে ফগলাইট জুলিয়ে দিন। গাড়ীর সামনে বাম্পারের নিচে ফগ লাইট দেওয়া থাকে। গাড়ী যেদিকে যায় সেদিকেই এই আলোর বিচ্ছুরণ হয়। আলোর বিচ্ছুরণের ভিত্তিতেই লো বিম, হাই বিম বা ফগ লাইটের পার্থক্য বোঝা যায় (চিত্র ৫.১৪)।



চিত্র ৫.১৪ ফগ লাইট, লো বিম এবং হাই বিম লাইট

৫.৩.২.১ কুয়াশায় গাড়ী চালানোর নিয়মাবলী

কুয়াশা সাধারণত শীতকালে ভোর বা সন্ধ্যার দিকে বেশী দেখা যায়। তাই শীতকালে স্থানীয় আবহাওয়া সম্পর্কে সচেতন থাকুন। যদি কুয়াশায় গাড়ী চালানো এড়ানো না যায় তাহলে অতিরিক্ত সতর্কতার সঙ্গে নিচের নিয়মগুলি মেনে গাড়ী চালান।

- (ক) কুয়াশার মধ্যে চালকদের স্বাভাবিক প্রবণতাই হল হাই বীমে গাড়ী চালানো। এটি শুধু আপনারই নয়, উল্টোদিক থেকে আসা গাড়ীর জন্যও অত্যন্ত বিপজ্জনক। কুয়াশার সময় হাই বীমের আলো প্রতিফলিত হয়ে ফিরে আসে এবং আপনার দৃশ্যমানতা আরও কমিয়ে দেয়।
- (খ) যদি গাড়ীতে ফগ লাইট না থাকে তাহলে গাড়ীর হেডলাইট লো বীমে জ্বালান। বাইরের দৃশ্যমানতার উপর নির্ভর করে ফগলাইট এবং লো বীম হেডলাইট একসাথেও জ্বালাতে পারেন।
- (গ) কুয়াশার ঘনত্ব এবং সামনের দৃশ্যমানতার উপর নির্ভর করে সাবধানে গাড়ী চালান। দৃশ্যমানতা খুবই কম হলে হ্যার্জার্ড লাইট জ্বালান। কিছু সময় অন্তর হাঙ্কা ভাবে বারেবাবে ব্রেক কষে ব্রেক লাইটের সাহায্যে পেছনের গাড়ীকে সতর্ক করুন। সামনের গাড়ীর টেললাইটের দিকে খেয়াল রাখুন। ৯ সেকেন্ডে যে দূরত্ব অতিক্রম করা যায়, সামনের গাড়ীর থেকে কমপক্ষে সেই দূরত্ব বজায় রাখুন।
- (ঘ) উইন্ডস্ক্রীন কুয়াশাময় হলে ৫.৩.১.২ অনুচ্ছেদে যা লেখা আছে তা মেনে চলুন। শীতকালে গাড়ীর ভেতরের গরম হাওয়া চালিয়েও উইন্ডস্ক্রীন পরিষ্কার করতে পারেন।
- (ঙ) কুয়াশার মধ্যে দৃশ্যমানতা কম হওয়ার জন্য গাড়ী চালাতে স্বাচ্ছন্দ্যবোধ না করলে আপনার গাড়ীটিকে রাস্তার ধারে একটি সুরক্ষিত স্থানে নিয়ে গিয়ে পার্ক করুন। হ্যার্জার্ড লাইট এবং পার্কিং লাইট জ্বলে রাখুন (চিত্র ৫.১৫)। কখনও ক্যারেজওয়ের উপর গাড়ী থামাবেন না।
- (চ) রাস্তায় চলমান অন্যান্য গাড়ী বা কোন বাধার দিকে সহযাত্রীদের নজর রাখতে বলুন।
- (ছ) কুয়াশার মধ্যে গাড়ীর জানালা খুলে রাখুন, যাতে অন্যান্য গাড়ীর আওয়াজ শুনতে পাওয়া যায়। গাড়ীর টেল লাইট জ্বলে রাখুন, যাতে পেছনের গাড়ী আপনার গাড়ীকে দেখতে পায়।



চিত্র ৫.১৫ হ্যার্জার্ড লাইট/ ব্লিঞ্জার্স সুইচ

৫.৮ পাহাড়ী রাস্তা (Ghat Roads)

পাহাড়ী রাস্তায় গাড়ী চালানো খুবই কঠিন, বিশেষত যদি চড়াই বা উৎরাই যথেষ্ট পরিমাণে থাকে। অন্যান্য কঠিন পরিস্থিতির মতই পাহাড়ী রাস্তাতেও সাবধানে গাড়ী চালাতে গেলে বিশেষ কতগুলি নিয়ম মেনে চলা উচিত। এই নিয়মগুলি নিচে আলোচনা করা হল।

৫.৪.১ পাহাড়ী রাস্তায় গাড়ী চালানোর নিয়মাবলী

(ক) রাস্তা চড়াই হোক বা উৎরাই, পার্বত্যপথে গাড়ী স্টার্ট করা কিন্তু কখনই সমতলের মত নয়। উৎরাই বা ঢালু রাস্তায় হ্যান্ডব্রেক নামালেই গাড়ী নিচের দিকে গড়াতে থাকে। তেমনই চড়াই বা উঁচু রাস্তায় গাড়ী পেছনের দিকে গড়ায়। ঢালু রাস্তায় গাড়ী সামনের দিকে গড়াতে শুরু করলে তাকে নিয়ন্ত্রণে আনা যথেষ্ট কঠিন কিন্তু তার থেকেও অনেক বেশী কঠিন উঁচু রাস্তায় গাড়ী পেছনের দিকে গড়ালে, সেই অবস্থায় তাকে নিয়ন্ত্রণে আনা। অনেক চালককেই এই পরিস্থিতিতে যথেষ্ট বেগ পেতে হয়। পাহাড়ী রাস্তায় গাড়ী চালানোর আগে স্বল্প ঢালু রাস্তায় গাড়ী চালানো অভ্যাস করুন। চড়াই রাস্তায় উঠতে গেলে গাড়ী কিভাবে স্টার্ট করতে হবে তা নিচে দেওয়া হল:

- হ্যান্ড ব্রেক ধরে রাখুন এবং রিলিজ বোতামটিও চেপে রাখুন; যাতে তখনও হ্যান্ড ব্রেক কাজ করে।
- অ্যাক্সিলারেট চাপতে থাকুন এবং ধীরে ধীরে ক্লাচ ছাড়ুন, যতক্ষণ না গাড়ীটি সামনের দিকে এগোতে শুরু করে (খেয়াল রাখুন গাড়ীটি যেন পেছন দিকে গড়িয়ে না যায়)।
- গাড়ী সামনের দিকে চলতে শুরু করলে ধীরে ধীরে হ্যান্ড ব্রেকটি নামান। যদি কোন কারণে গাড়ী পেছনে গড়ায়, সঙ্গে সঙ্গে ব্রেক কষুন এবং হ্যান্ড ব্রেকটি টেনে দিন। আবার এগোনোর জন্য আগের নির্দেশগুলি মেনে চলুন।
- সেকেন্ড বা তার উপরের গিয়ারে গাড়ী চালাতে হলে অ্যাক্সিলারেটরকে সমতলের তুলনায় বেশি চাপুন।

উৎরাই রাস্তায় গাড়ী চালাতে হলে সবসময় নিচু গিয়ারে চালান এবং প্রয়োজনমত ব্রেক চাপুন। খেয়াল রাখবেন যেন আপনার গাড়ীর হ্যান্ডব্রেকটি সঠিকভাবে কাজ করে।

(খ) পাহাড়ী রাস্তায় যে গাড়ীটি উপরে উঠছে, তাকে সবসময় অগ্রাধিকার দিন।



(ক) ইঞ্জি টার্ন



(খ) ব্লাইন্ড টার্ন



(গ) অ্যাকিউট টার্ন কিন্তু ব্লাইন্ড টার্ন নয়



(ঘ) অ্যাকিউট, ব্লাইন্ড ও স্টিপ টার্ন

(গ) পাহাড়ী রাস্তায় নানারকম বাঁক (Turn) থাকে। খুব সতর্কতার সাথে এই বাঁকগুলি পেরোতে হয়। নিচে বিভিন্ন ধরনের বাঁক পেরোনোর নিয়মগুলি আলোচনা করা হল।

- **ইজি টার্ন (Easy Turn):** কিছু সাধারণ বাঁক হয় যেখানে সাইট ডিস্ট্যান্স পর্যাপ্ত থাকে। এই ধরনের বাঁক পেরোনোর সময় নির্দিষ্ট লেন মেনে চলুন এবং সাবধানে গাড়ী চালান (চিত্র ৫.১৬ ক)।
- **ব্লাইন্ড টার্ন (Blind Turn):** পাহাড়ী পথে এমন অনেক বাঁক থাকে, যেখানে অন্য প্রান্ত দেখা যায়না। সেইসব ব্লাইন্ড টার্নের আগে অন্যদিকের চালককে সংকেত দিতে হৃৎ বাজান। নিজের লেন বজায় রেখে সতর্কতার সঙ্গে বাঁকটি পেরোন। অপ্রত্যাশিতভাবে উল্টোদিক থেকে কোন গাড়ী আসতে পারে ধরে নিয়েই সাবধানতার সঙ্গে এগোন (চিত্র ৫.১৬ খ)।
- **অ্যাকিউট টার্ন (Acute Turn):** পাহাড়ী রাস্তায় অনেক সময় সূক্ষ্ম বাঁক থাকে, যেখানে রাস্তা প্রায় উল্টোদিকে ঘোরানো হয় (চিত্র ৫.১৬ গ)। এরকম বাঁক পেরোবার সময় নিচু গিয়ারে থীর গতিতে গাড়ী চালান। চড়াই পথে সূক্ষ্ম বাঁকলে, বাঁক পেরোবার ঠিক পরেই অ্যাক্সিলারেট চাপুন। এই অবস্থায় গাড়ীর এয়ার কন্ডিশনার বা এসি. বন্ধ রাখলে গাড়ীর কার্যক্ষমতা বাড়ে।
- **একাধারে অ্যাকিউট, ব্লাইন্ড ও স্টিপ টার্ন (Acute, Blind and Steep Turn):** এই ধরনের জটিল বাঁক পেরোবার সময় নিজের লেন বজায় রেখে চলুন (চিত্র ৫.১৬ ঘ)। যদিও চড়াই পথে বাঁক ঘোরার সময় লেন বজায় রাখা যথেষ্ট কঠিন, তবুও গাড়ী নিচু গিয়ারে রেখে সতর্কতার সাথে লেন বজায় রাখার চেষ্টা করতে হবে। ভারী যানবাহনের ক্ষেত্রে এটি সহজ নয়। ভারী যানবাহনের চালকেরা এই ধরনের বাঁক পেরোবার সময় কিছুটা আগে থেকেই হৃৎ বাজাতে থাকুন, যাতে উল্টোদিকের গাড়ী আপনাকে উপর্যুক্ত জায়গা ছেড়ে দেওয়ার সময় পায়। যে অঞ্চলে হৃৎ বাজানো নিষেধ (Slip Zone), সেখানে রাস্তার ধারে থাকা আয়না দেখে গতি কমিয়ে সাবধানতার সঙ্গে বাঁক রাস্তাটি পেরোন। রাতের বেলা উল্টোদিকের গাড়ীকে সচেতন করার জন্য এবং আপনার উপস্থিতি বোঝানোর জন্য সবসময় হেড লাইট জ্বালিয়ে রাখুন।

(ঘ) পাহাড়ী অঞ্চলে দৃশ্যমানতা, বিশেষ করে রাতে, খুবই সীমিত। সেই কারণে উল্টোদিক থেকে আসা গাড়ীর উপস্থিতি বোঝা যায় না। পাহাড়ী রাস্তায় গাড়ী চালানোর অভিজ্ঞতা না থাকলে রাতে কখনই গাড়ী চালানো উচিত নয়।

(ঙ) প্রতি ৫০ কিমি অন্তর গাড়ীর ব্রেক ও হ্যান্ডব্রেকের কার্যকারিতা পরীক্ষা করে নিন।

(চ) পাহাড়ে ওঠা বা নামার সময় গাড়ী নিচু গিয়ারে চালান। রাতে হেডলাইট জ্বালিয়ে রাখুন। উল্টোদিক থেকে কোন গাড়ী আসতে দেখলে হেডলাইটের ডিপার সুইচ অন করুন।

(ছ) রাস্তার উপরে কোন পাহাড়ী ঝর্ণা বা জলস্তোত থাকলে সাবধানে থীর গতিতে তা পেরিয়ে যান।

(জ) অনেক সময় ধস বা উপর থেকে পাথর পড়ে রাস্তা বিপজ্জনক হয়ে যায়। চিত্র ৫.১৭-এ দেওয়া পথচিহ্ন ব্যবহার করে ধসপ্রবণ এলাকা সম্পর্কে গাড়ী চালকদের অবহিত করা হয়। এই সকল এলাকায় হৃৎ বাজানো বারণ। এইসব ক্ষেত্রে ভারী বর্ষণ হলে অত্যন্ত সতর্কতার সঙ্গে গাড়ী চালানো উচিত।



চিত্র ৫.১৭ ধসপ্রবণ এলাকায় রোড সাইন

- (ঝ) পাহাড়ী রাস্তা জঙ্গলের মধ্য দিয়ে গেলে, পথচিহ্ন দেওয়া না থাকলেও, বিশেষ করে রাতে, বন্য জন্মস্থানের উপস্থিতি খেয়াল রাখুন।
- (ঞ) অনেকক্ষণ ধরে নিচু গিয়ারে গাড়ী চালানোর ফলে গাড়ীর ইঞ্জিন গরম হয়ে গেলে প্রশস্ত জায়গা দেখে আপনার গাড়ীটিকে পার্ক করুন। ইঞ্জিন বন্ধ করে দিন, বোনেট খুলে দিন এবং ড্রিঙ্কার ও পার্কিং লাইট জ্বালিয়ে গাড়ীটির ইঞ্জিন ঠাণ্ডা হওয়ার জন্য অপেক্ষা করুন।
- (ট) কখনও কখনও অন্য চালকেরা নিয়ম না মেনেই আপনার গাড়ীর মুখোমুখি চলে আসতে পারে। সেরকম ক্ষেত্রে দুর্ঘটনা এড়াতে রাস্তা ছেড়ে দিন।
- (ঠ) যাত্রা শুরু করার আগে যে রাস্তা দিয়ে যাবেন, সেখানকার আবহাওয়া ও ভৌগোলিক অবস্থান সম্বন্ধে জেনে রাখুন।
- (ড) পাহাড়ী রাস্তায় যাত্রা শুরুর আগে আপনার গাড়ীর জ্বালানী (Fuel) ভর্তি করে নিন। কারণ এইসব রাস্তায় অনেকসময় পেট্রোল পাম্প খুবই কম থাকে।
- (ঢ) পাহাড়ী রাস্তায় গাড়ীকে টেনে নিয়ে যাবার দরকারও কখনও কখনও হতে পারে। সেই কারণে গাড়ীতে টর্চ, মোটা দড়ি ইত্যাদি সঙ্গে রাখুন। এছাড়াও ছেট অগ্নি নির্বাপক যন্ত্র, প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম (First Aid Kit) এবং হ্যাজার্ড ট্রায়াঙ্গল (Hazard Triangle) সঙ্গে রাখা প্রয়োজন।

৫.৪.২ পাহাড়ী রাস্তায় বিশেষ কিছু সতর্কতা

(ক) পাহাড়ী রাস্তায় কখনও কখনও গাড়ী বাঁক নেওয়ার সময় নিজের লেন ছেড়ে কোনাকুনিভাবে অন্য লেনে চুকে পড়ে এবং দুর্ঘটনার সম্মুখীন হয়। সেইজন্য বিশেষ করে পাহাড়ী রাস্তায় লেন পরিবর্তন করবেন না। গাড়ীর গতি ধীরে রেখে এবং উল্টোদিক থেকে আসা গাড়ীকে অগ্রাধিকার দিয়ে সাবধানে গাড়ী চালান।



চিত্র ৫.১৮ বিকল গাড়ীর পিছনে হ্যাজার্ড ট্রায়াঙ্গল ব্যবহার করুন

- (খ) উৎরাই বা পাহাড়ী রাস্তায় নামার সময় গাড়ীর গতি ধীরে রাখুন এবং প্রয়োজনমত ব্রেক চাপুন।
- (গ) অথবা ব্রেক করবেন না। বারবার ব্রেক করলে ব্রেক ফেলের সম্ভাবনা থাকে যা পাহাড়ী রাস্তার ক্ষেত্রে অত্যন্ত বিপজ্জনক।
- (ঘ) পাহাড়ী রাস্তায় দাঁড়ানো বা থামা যথেষ্ট ঝুঁকিপূর্ণ। তাই প্রশস্ত রাস্তা না পেলে গাড়ী থামাবেন না। গাড়ী কোনরকমভাবে বিকল হলে গাড়ীর ৩০ মিটার সামনে ও পেছনে হ্যাজার্ড ট্রায়াঙ্গল রাখুন। সেইসঙ্গে হ্যাজার্ড ড্রিঙ্কার এবং পার্কিং লাইটও জ্বালিয়ে দিন (চিত্র ৫.১৮)।
- (ঙ) বাঁকের কাছে গাড়ী বিকল হলে সেটিকে ঠেলে সোজা রাস্তায় এনে রাখুন।

- (চ) পাহাড়ী রাস্তায় ক্লাচের ব্যবহার বেশী করবেন না, তাতে গাড়ীর উপর নিয়ন্ত্রণ করে যায়।
- (ছ) পাহাড়ী রাস্তায় একটানা ২ ঘণ্টার বেশী গাড়ী চালানো অনুচিত। গাড়ী থামিয়ে অন্তত ১৫ মিনিটের জন্য বিশ্রাম করুন, জল পান করুন, হাতমুখ ধুয়ে আবার গাড়ী চালান।
- (জ) বাইরের প্রাকৃতিক দৃশ্য দেখে মোহিত হয়ে পড়বেন না। আপনার মনোযোগ সবসময় রাস্তার প্রতি হওয়া উচিত। কোন কিছু দেখার ইচ্ছে হলে, গাড়ী নিরাপদ জায়গায় পার্ক করে তবেই দেখুন।

৫.৫ পরিবেশ-সংবেদনশীল অঞ্চল (Eco-Sensitive Zone)

পরিবেশ-সংবেদনশীল অঞ্চল বলতে সাধারণত জঙ্গল, অভয়ারণ্য বা কোন সংরক্ষিত অঞ্চলকে বোবায়। বেশিরভাগ ক্ষেত্রেই এসব জায়গায় গাড়ী চালানোর নির্দিষ্ট নিয়মাবলী থাকে। স্থান বিশেষে সেই নির্দেশগুলি মেনে চলুন। কোনো জায়গায় এইরকম কোন নির্দিষ্ট নিয়মাবলী না থাকলে নিচের সাধারণ নিয়মগুলি মেনে চলুন।



চিত্র ৫.১৯ বন্যপ্রাণীর চলাচল সংক্রান্ত সতর্কীকরণ পথচিহ্ন

- (ক) গাড়ী চালানোর সময় জানালা এবং দরজা ভালো করে বন্ধ রাখুন। মনে রাখবেন অঞ্চলটি বন্য জন্তু জাগোয়ারদেরই বিচরণ ক্ষেত্র (চিত্র ৫.১৯)।
- (খ) অযথা হর্ণ বাজাবেন না। এই সব অঞ্চলে রেডিও চালানো বা জোরে গান বাজানো একবারেই নিষিদ্ধ। এই অঞ্চলের বন্য প্রাণীদের বিরক্ত না করে যতটাসম্ভব নিঃশব্দে গাড়ী চালান।
- (গ) রাস্তা দিয়ে বন্য প্রাণীর পারাপার সম্বন্ধে সজাগ থাকুন। কোন বন্য প্রাণীকে রাস্তা দিয়ে পার হতে দেখলে যতটা সম্ভব দূরে গাড়ী থামান এবং সোটি সম্পূর্ণ পেরিয়ে যাবার পরেই গাড়ী চালান। যদি খুব প্রয়োজন পড়ে তবে বন্য জন্তুর পেছন দিয়ে রাস্তাটি পেরিয়ে যেতে পারেন।
- (ঘ) এই অঞ্চলের নির্ধারিত গতিসীমা মেনে চলুন। চেষ্টা করুন উঁচু গিয়ারে এবং একই গতিতে গাড়ী চালাতে যাতে শব্দদূষণ বা বায়ুদূষণ কম হয়। আচমকা গাড়ীর গতি বাড়ানো বা কমানো থেকে বিরত থাকুন।
- (ঙ) অত্যন্ত প্রয়োজন না পড়লে এই অঞ্চলে গাড়ী থামাবেন না বা পার্ক করবেন না।

৫.৬ মূল্যায়ন

১। গাড়ী চালানোর সময় যদি সামনে ‘২০০ মিটার পরে লেন বন্ধ’ সাইনটি দেখতে পান - তাহলে গাড়ীকে কিভাবে পার্শ্ববর্তী খোলা লেনে নিয়ে যাবেন ?

- (ক) সঙ্গে সঙ্গে গাড়ী ঘুরিয়ে অন্য লেনে চলে যাবেন
- (খ) গাড়ী ঘোরানোর জন্য এক সেকেন্ড ধরে ইন্ডিকেটর দেবেন, তারপর ৪ সেকেন্ডের মধ্যে খোলা লেনে চলে যাবেন
- (গ) গাড়ী ঘোরানোর জন্য অন্তত ৫ সেকেন্ড ধরে ইন্ডিকেটর দেবেন, তারপর গাড়ীর সামনের এবং পাশের আয়না দেখে অন্তত ১০ সেকেন্ড সময় ব্যয় করে অন্য লেনে যাবেন
- (ঘ) লেন যেখানে গিয়ে বন্ধ হচ্ছে সেই অবধি গাড়ী নিয়ে যাবেন, তারপর হঠাত পাশের খোলা লেনে ঢুকে পড়বেন

২। যেখানে নির্মাণকাজ চলছে সেখানে যান চালানোর মূল নিয়ম কী ?

- (ক) অনাকাঙ্ক্ষিত কিছু ঘটতে পারে ধরে নিয়ে গাড়ী চালান
- (খ) চড়াই রাস্তায় উপরে আসা যানকে অগ্রাধিকার দিন
- (গ) রাস্তায় দৃষ্টি রাখুন ও আপনার গাড়িও অন্যের দৃষ্টিগোচর হচ্ছে কিনা নিশ্চিত করুন
- (ঘ) নিঃশব্দে চালান

৩। প্রতিকূল আবহাওয়াতে যান চালানোর মূল নিয়ম কী ?

- (ক) অনাকাঙ্ক্ষিত কিছু ঘটতে পারে ধরে নিয়ে গাড়ী চালান
- (খ) চড়াই রাস্তায় উপরে আসা যানকে অগ্রাধিকার দিন
- (গ) রাস্তায় দৃষ্টি রাখুন ও আপনার গাড়িও অন্যের দৃষ্টিগোচর হচ্ছে কিনা নিশ্চিত করুন
- (ঘ) নিঃশব্দে চালান

৪। নির্মায়মান অঞ্চলে দুটি চলমান গাড়ীর মধ্যে কত সময়ের ন্যূনতম ব্যবধান থাকা উচিত ?

- (ক) ১ সেকেন্ড
- (খ) ২ সেকেন্ড
- (গ) ৩ সেকেন্ড
- (ঘ) ৫ সেকেন্ড

৫। কখন টায়ার বদলানোর প্রয়োজন হয় ?

- (ক) যখন টায়ার ট্রেডের গভীরতা ১ মিলিমিটার-এর কম
- (খ) যখন টায়ার ট্রেডের গভীরতা ২ মিলিমিটার-এর কম
- (গ) যখন টায়ার ট্রেডের গভীরতা ৩ মিলিমিটার-এর কম
- (ঘ) যখন টায়ার ট্রেডের গভীরতা ৮ মিলিমিটার-এর কম

৬। প্রতিকূল আবহাওয়ায় দুটি চলমান গাড়ীর মধ্যে কত সময়ের নিরাপদ ব্যবস্থান থাকা উচিত ?

- (ক) ১ সেকেন্ড
- (খ) ২ সেকেন্ড
- (গ) ৪ সেকেন্ড
- (ঘ) ৯ সেকেন্ড

৭। পাহাড়ি রাস্তায় গাড়ী খারাপ হলে হ্যাজার্ড ট্রায়াঙ্গল কত দূরে রাখবেন ?

- (ক) ১০ মিটার আগে
- (খ) ২০ মিটার আগে
- (গ) ৩০ মিটার আগে
- (ঘ) ৫০ মিটার আগে

৮। উইন্ডস্ক্রীনের ভিতরের বাষ্প কিভাবে দূর করবেন ?

- (ক) গাড়ীর এ. সি. চালিয়ে দিয়ে
- (খ) জানালা সামান্য খুলে দিয়ে যাতে হাওয়া চলাচল করতে পারে
- (গ) শীতকালে গাড়ীর গরম হাওয়া চালিয়ে দিয়ে
- (ঘ) উপরের সবকটি

৯। কোন্ গাড়ীর পাহাড়ি রাস্তায় অগ্রাধিকার পাওয়া উচিত ?

- (ক) যে গাড়ী চড়াইতে উঠছে
- (খ) যে গাড়ী নিচে নামছে
- (গ) যে গাড়ী দ্রুত গতিতে যাচ্ছে
- (ঘ) যে গাড়ী প্রথমে হর্ণ বাজিয়েছে

১০। কোন্ ধরনের হেডলাইট কুয়াশায় ব্যবহার করবেন না ?

- (ক) হাই বিম হেডলাইট
- (খ) লো বিম হেড লাইট
- (গ) ফগ লাইট
- (ঘ) সব কটি

১১। জটিল পরিস্থিতিতে গাড়ী চালানোর সময় কোন্ নিয়মগুলি মেনে চলবেন ?

- (ক) ধীর গতিতে গাড়ী চালানো
- (খ) অমন্ত্রযোগী না হওয়া
- (গ) সাবধানে এবং নিরাপদ দূরত্ব বজায় রেখে গাড়ী চালানো
- (ঘ) উপরের সব কটি



অধ্যায়



অরক্ষিত পথ ব্যবহারকারী

সুদেষ্ণা মিত্র
দীপাঞ্জন মুখাজ্জী

৬.১ ভূমিকা

রাস্তায় চলাচলের সময় দুর্ঘটনার কবলে পড়া এবং আঘাত পাওয়ার ঝুঁকি সমন্ত পথ ব্যবহারকারীদের ক্ষেত্রেই কম-বেশী থাকে। কিন্তু এই ঝুঁকি পথচারী, সাইকেল আরোহী এবং মোটরসাইকেল আরোহীদের ক্ষেত্রে অনেক বেশী। এই ধরনের পথ ব্যবহারকারীদের কোন সুরক্ষা বলয় থাকে না। এই কারণে এদের অরক্ষিত পথ ব্যবহারকারী বলা হয়। এছাড়াও অন্যান্য যানবাহনের তুলনায় দুচাকার যানের ওজন এবং স্থিতিশীলতা কম হয়। তাই কোনৰকম সংঘর্ষ হলে এই পথ ব্যবহারকারীদের মৃত্যুর সম্ভাবনা অনেক বেশী। চালক হিসাবে আপনার কর্তব্য এই পথ ব্যবহারকারীদের সুরক্ষা বিষয়ে সচেতন হওয়া এবং সেইমত গাড়ী চালানো। অরক্ষিত পথ ব্যবহারকারীদের সুরক্ষা সম্পর্কিত নিয়মগুলি এই অধ্যায়ে আলোচনা করা হল।

৬.২ অরক্ষিত পথ ব্যবহারকারীদের বৈশিষ্ট্য

চালক হিসাবে অরক্ষিত পথ ব্যবহারকারীদের নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি জেনে রাখা প্রয়োজন।

- (ক) এদের নিরাপত্তামূলক ব্যবস্থা ও আভ্যন্তরীণ কোনো বর্ম থাকে না।
- (খ) এরা আকারে ছোট হওয়ায় তা অনেকসময় অন্য যান চালকদের দৃষ্টি এড়িয়ে যায়।
- (গ) সংঘর্ষ হলে আঘাত পাওয়ার বা প্রাণহানির আশঙ্কা এদেরই সবচেয়ে বেশী।

৬.৩ বিভিন্ন ধরনের অরক্ষিত পথ ব্যবহারকারী

পথচারী, বাইসাইকেল আরোহী, মোটর সাইকেল আরোহী এবং অন্যান্য মোটরবিহীন যান চালকদেরই মূলত অরক্ষিত পথ ব্যবহারকারী বলা হয় (চিত্র ৬.১)।

৬.৩.১ পথচারী

পায়ে হেঁটে যারা রাস্তায় চলাচল করেন, তারা সবচেয়ে বেশী অরক্ষিত পথ ব্যবহারকারী। চালক হিসেবে আপনার কর্তব্য, যথাসন্তু এই পায়ে হাঁটা মানুষদের নিরাপত্তা রক্ষা করা। যখন আপনি কোন আবাসিক বা বাণিজ্যিক এলাকার রাস্তা দিয়ে গাড়ী চালাবেন, তখন মনে রাখবেন সেখানে পথচারীর সংখ্যা বেশী। তাই এই রকম জায়গা দিয়ে গাড়ী চালানোর সময় সতর্কতা অবলম্বন করুন। আবাসিক এলাকার রাস্তার সংযোগস্থলে অন্যান্য যানবাহন ও শিশুরা থাকতে পারে, তাই ধীরগতিতে গাড়ী চালান। আবাসিক এলাকার মতো বাণিজ্যিক এলাকাতেও সাধারণ পথচারীরা প্রায়ই অসতর্কভাবে ট্যাফিক আইন না মেনে রাস্তা পারাপার করেন। চালক হিসেবে এই বিষয়ে সচেতন হওয়া এবং গাড়ীর গতি কম করে সাবধানে সেই সব এলাকা পেরিয়ে যাওয়া আপনার অবশ্য কর্তব্য।

৬.৩.২ সাইকেল আরোহী

ছোট আকৃতির যান হওয়ায় ও কোনো রকম আভ্যন্তরীণ বর্ম না থাকায় সাইকেল আরোহীরা অরক্ষিত পথ ব্যবহারকারী হিসেবে গণ্য হন। বিভিন্ন রাস্তার সংযোগস্থল, যেখানে সাইকেল ডিস্ট্যান্স বাধাপ্রাপ্ত, সেই স্থান সাইকেল আরোহীদের পক্ষে খুব বিপজ্জনক। এই ধরনের জায়গাগুলি দিয়ে গাড়ী চালানোর সময় আপনার অতিরিক্ত সতর্ক হওয়া প্রয়োজন। যখন কোন সাইকেল আরোহীকে অতিক্রম করবেন, তখন সাইকেল আরোহী এবং গাড়ীর মধ্যে পর্যাপ্ত ব্যবধান রাখুন। ধৈর্য ধরে বিভিন্ন স্থানে সাইকেল আরোহীকে নিরাপদে রাস্তা পারাপারের সুযোগ দিন। সাইকেল আরোহীর সম্ভাব্য উপস্থিতির কথা মাথায় রেখে গাড়ীর তায়নায় ও ব্লাইন্ড স্পটে সদা সতর্ক দৃষ্টি রাখুন এবং নিরাপদে গাড়ী চালান।

৬.৩.৩ মোটরসাইকেল আরোহী

মোটরসাইকেল আরোহীদেরও অরক্ষিত পথ ব্যবহারকারী হিসাবে গণ্য করা হয়। এদের গতি বেশী হবার কারণে সংঘাত হলে মৃত্যুর সন্ত্বাবনা বেশী। নিরাপত্তামূলক ব্যবস্থা যথা হেলমেট, বুট ইত্যাদি ব্যবহার করা মোটরসাইকেল আরোহীর জন্য খুবই গুরুত্বপূর্ণ, কারণ এগুলি ব্যবহার করলে আঘাতের তীব্রতা কমে। যদিও প্রায়ই দেখা যায় মোটরসাইকেল আরোহীরা এগুলি ব্যবহার করেন না এবং নিরাপত্তা সম্পর্কে উদাসীন থাকেন। চালক হিসাবে আপনার দায়িত্ব মোটরসাইকেল আরোহীদের সম্বন্ধে সচেতন হওয়া এবং নিরাপদে গাড়ী চালানো।

৬.৩.৪ অন্যান্য মোটরবিহীন যান ব্যবহারকারী

সাইকেল রিঙ্গা, হাতে টানা রিঙ্গা, পশ্চতে টানা গাড়ী, ঠেলা গাড়ী ইত্যাদি মোটরবিহীন যান যে কোনো মোটরচালিত যানের চাইতে কম গতিতে চলে। এই কম গতির মোটরবিহীন যানগুলি প্রায়ই মোটরচালিত যানের যাতায়াতের পথে অসুবিধা সৃষ্টি করে এবং দুর্ঘটনা ঘটায়। বিশেষ করে রাস্তার সংযোগস্থলে এরকম সংঘর্ষের সন্ত্বাবনা বেশী। এর কারণ, (ক) মোটরবিহীন যানগুলি পরিস্থিতি আন্দাজ করতে পারে না, (খ) মোটরচালিত যানের চালকরা মোটরবিহীন যানের গতি আন্দাজ করতে পারেন না, এবং (গ) মোটরচালিত যানের চালকরা মোটরবিহীন যানকে যথাযথ গুরুত্ব দেন না। একজন দায়িত্বপূর্ণ চালক হিসাবে আপনার কর্তব্য মোটরবিহীন যানকে যথাযথ গুরুত্ব দেওয়া এবং সাবধানতার সঙ্গে গাড়ী চালানো।

মনে রাখতে হবে যে দ্রুতগতির হাইওয়ে দিয়ে যাওয়ার সময় বেশ কিছু জনবসতিপূর্ণ এলাকা পড়তে পারে, যেখানে রাস্তার সংযোগস্থলে পথচারী ও মোটরবিহীন যান দেখা যায়। তাই এই ধরনের জনবসতিপূর্ণ এলাকা পার হওয়ার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন এবং ধীর গতিতে গাড়ী চালান।



চিত্র ৬.১ বিভিন্ন ধরনের অরক্ষিত পথ ব্যবহারকারী

৬.৪ অরক্ষিত পথ ব্যবহারকারীদের দুর্ঘটনার কারণ

নানাবিধ কারণে অরক্ষিত পথ ব্যবহারকারীদের সঙ্গে অন্য যানের সংঘর্ষ ঘটতে পারে। তার মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি কারণ এই পর্যে আলোচনা করা হল। মোড় বা একাধিক রাস্তার সংযোগস্থল সবসময়ই পথচারী ও সাইকেল আরোহীদের জন্য বিপজ্জনক, কারণ এইসব জায়গায় সাইট ডিস্ট্রান্স কম থাকায় অনেকসময় গাড়ীর উপস্থিতি আগে থেকে ধারণা করা যায় না। চালক হিসাবে আপনার দায়িত্ব এইধরনের জায়গায় অরক্ষিত পথ ব্যবহারকারীদের অগ্রাধিকার দেওয়া এবং সচেতন হয়ে গাড়ী চালানো। অরক্ষিত পথ ব্যবহারকারীদের সুরক্ষার স্বার্থে গাড়ীর চালক হিসাবে নিম্নলিখিত বিষয়গুলি জেনে রাখা দরকার (টেবিল ৬.১)।

টেবিল ৬.১ অরক্ষিত পথ ব্যবহারকারীদের সুরক্ষা সংক্রান্ত কয়েকটি বিষয়

অরক্ষিত পথ ব্যবহারকারী	সুরক্ষা সংক্রান্ত সমস্যা	চালক হিসাবে আপনার কি করণীয়
মোটর সাইকেল আরোহী	<p>১। মোটরসাইকেল চালকদের অনেকসময় দেখতে পাওয়া যায় না (বিশেষত রাস্তার সংযোগস্থলে)।</p> <p>২। এরা খুব দ্রুত যাতায়াত করে।</p> <p>৩। দুচাকার যান হওয়ায় অন্য যানের চাইতে মোটরসাইকেল কম স্থিতিশীল।</p> <p>৪। মোটরসাইকেল আকারে ছেট হওয়ায় আপনার গাড়ীর কত কাছে এটি রয়েছে তা আন্দাজ করা অনেকসময় কঠিন হয়।</p>	<p>১। মোটরসাইকেলকে রাস্তা পেরিয়ে যাওয়ার জন্য যথেষ্ট সময় দিন।</p> <p>২। ওভারটেক বা পাস করার সময় যথেষ্ট জায়গা ছাড়ুন।</p> <p>৩। আয়না দিয়ে দেখে নিন আশেপাশে কোন মোটরসাইকেল আছে কিনা। কাঁধ বরাবর ডাইন এবং বাঁয়ে দেখে ব্লাইন্ড স্পটগুলিতেও মোটরসাইকেলের উপস্থিতি যাচাই করে নিন। মোটরসাইকেল থাকলে বাড়ি সর্তর্কতা অবলম্বন করুন।</p> <p>৪। রাউন্ডঅ্যাবাউটে মোটরসাইকেল আরোহীদের প্রতি বিশেষভাবে সর্তর্ক হন।</p> <p>৫। রাস্তার সংযোগস্থল পেরিয়ে যাবার সময় মোটরসাইকেল আরোহীদের জন্য অতিরিক্ত সর্তর্কতা অবলম্বন করুন।</p>
সাইকেল আরোহী	<p>১। সাইকেল চালকদের অনেকসময়ই দেখতে পাওয়া যায় না (বিশেষত রাস্তার সংযোগস্থলে)।</p> <p>২। সাইকেল ওজনে কম হওয়ায় অন্য গাড়ী এদের ওভারটেক করার সময়, হাওয়ায় সাইকেল আরোহীর স্থিতিশীলতা প্রভাবিত হওয়ার সম্ভাবনা থাকে।</p> <p>৩। রাউন্ডঅ্যাবাউটে চলাচলের সময় এদের দুঃট্টার ঝুঁকি বেশী।</p> <p>৪। সাইকেল আরোহীরা দ্রুত জায়গা বা গতি পরিবর্তন করতে পারেন না।</p> <p>৫। রাস্তার ধারে নর্দমা বা জমে থাকা জঞ্জাল এড়িয়ে চলতে গিয়ে এরা অনেকসময় চলমান মোটরযানের খুব কাছাকাছি এসে পড়ে।</p>	<p>১। এদের নিরাপদে রাস্তা পেরিয়ে যাওয়ার জন্য যথেষ্ট সময় দিন।</p> <p>২। ওভারটেক করার সময় সাইকেল আরোহীর থেকে যথেষ্ট দূরত্ব বজায় রাখুন।</p> <p>৩। সাইকেল আরোহী আছে কিনা তা আয়না দিয়ে দেখুন আর ব্লাইন্ড স্পটেও খেয়াল রাখুন।</p> <p>৪। টার্ন নেওয়ার সময় আশেপাশে সাইকেল আছে কিনা দেখে নিন।</p> <p>৫। যাতায়াতের পথে সাইকেল লেন থাকলে তা খেয়াল রাখুন ও সাইকেল আরোহীদের সেখান দিয়ে যাওয়ার সুযোগ দিন।</p> <p>৬। রাস্তার সংযোগস্থলে কোনো সাইকেল আরোহীকে ওভারটেক করবেন না।</p>

অরক্ষিত পথ ব্যবহারকারী	সুরক্ষা সংক্রান্ত সমস্যা	চালক হিসাবে আপনার কি করণীয়
<p>পথচারী</p> <p>১। শিশু ও বৃদ্ধ পথচারীরা প্রায়ই ধারমান যানের গতিরেখ বুঝতে পারেন না। তারা সহজেই অন্যমনস্ক হতে পারেন এবং রাস্তার কোনো দিকে না তাকিয়েই রাস্তা পার হতে পারেন।</p> <p>২। হেঁটে রাস্তা পেরেনোর সময় অনেক পথচারীই স্মার্টফোন, ট্যাব অথবা এম.পি.এছি প্লেয়ারে মগ্ন থাকেন।</p> <p>৩। বৃদ্ধ মানুষেরা অনেক সময় দ্রুত সিদ্ধান্ত নিতে পারেন না। কানে কম শোনা ও চোখে কম দেখার ফলেও এদের বিপন্নি ঘটে। তাদের হাঁটার গতিও তুলনামূলকভাবে কম থাকায় রাস্তা পেরেনোতেও বেশী সময় লাগে।</p>	<p>১। পথচারী, বিশেষত শিশু, প্রতিবন্ধী ও বৃদ্ধদের রাস্তা পারাপার করতে যথেষ্ট সময় দিন।</p> <p>২। সদা সতর্ক থাকুন এবং পথচারীদের দুর্ঘটনা থেকে রক্ষা করবার জন্য প্রয়োজনে হঠাতে করে গতি কমানো, থামা, লেন পরিবর্তন ইত্যাদির জন্য তৈরী থাকুন।</p> <p>৩। ফুটপাথে কখনও গাড়ী পার্ক করবেন না।</p> <p>৪। পথচারীদের রাস্তা পেরেনোর নির্দিষ্ট জায়গা থেকে যথেষ্ট দূরত্বে গাড়ী থামান।</p> <p>৫। স্কুল, হাসপাতাল, জনবসতিপূর্ণ এলাকা এবং বাজার এলাকায় ধীর গতিতে গাড়ী চালান।</p> <p>৬। যদি পথচারীরা যান চলাচলের রাস্তা বা ক্যারেজওয়ে দিয়ে হাঁটাচলা করেন, তাহলে প্রয়োজনে তাদের সতর্ক করতে হ্রৎ বাজান।</p>	

৬.৫ অরক্ষিত পথ ব্যবহারকারীদের নিরাপত্তামূলক নির্দেশিকা

অরক্ষিত পথ ব্যবহারকারীদের কথা অন্য পথ ব্যবহারকারীদের অবশ্যই ভাবা উচিত। অরক্ষিত পথ ব্যবহারকারীদেরও নিজেদের নিরাপত্তার স্বার্থে পথসুরক্ষার নিয়মবিধি মেনে রাস্তায় চলাচল ও পারাপার করা উচিত। যদিও এই বইটি মূলত গাড়ী চালকদের উদ্দেশ্যে লেখা, কিন্তু গাড়ী চালকরাও কখনও কখনও অরক্ষিত পথ ব্যবহারকারী হতে পারেন। যেমন ধরন, গাড়ী পার্ক করার পরে আপনি হেঁটে বা সাইকেলে অন্য কোথাও যাচ্ছেন। এছাড়াও চালক হিসেবে আপনি যখন শিশু ও বৃদ্ধদের কোথাও গাড়ী থেকে নামান, তখন তাদের এই সব নিয়ম মেনে চলার পরামর্শ দিতে পারেন। সেই কারণে নিম্নলিখিত নিরাপত্তামূলক নির্দেশিকাগুলি দেওয়া হল।

৬.৫.১ পথচারীদের নিরাপত্তামূলক নির্দেশিকা

হেঁটে রাস্তায় যাতায়াতের সময় নিরাপত্তার জন্য নিম্নলিখিত নিয়মগুলি মেনে চলুন।

(ক) পায়ে হেঁটে পার হবার সুনির্দিষ্ট স্থান (জেরো ক্রসিং) থাকলে কেবলমাত্র সেখান দিয়েই রাস্তা পার হন (চিত্র ৬.২)।

(খ) পায়ে হেঁটে রাস্তা পারাপার করার সুনির্দিষ্ট স্থান কখনও বাস স্টপ থেকে কিছুটা দূরেও থাকতে পারে। চেষ্টা করলে থানিকটা হেঁটে নির্দিষ্ট স্থান দিয়েই রাস্তা পার হতে। যদি রাস্তা পারাপার করার কোনও সুনির্দিষ্ট জায়গা না থাকে, সেক্ষেত্রে চলমান গাড়ী থেকে যথেষ্ট দূরত্ব রেখে রাস্তা পার হন।



চিত্র ৬.২ পথচারীরা জেরো ক্রসিং ব্যবহার করুন

(গ) কখনোই যান চলাচলের মূল রাস্তা বা ক্যারেজওয়ে বরাবর হাঁটবেন না।

(ঘ) নেশাগন্ত অবস্থায় রাস্তায় হাঁটবেন না।

(ঙ) রাস্তা পার হওয়ার সময় বা হাঁটার সময় ফোনে কথা বলবেন না (চিত্র ৬.৩)।



চিত্র ৬.৩ রাস্তা পারাপারের সময় মোবাইল ফোন ব্যবহার করবেন না

(চ) রাস্তা দিয়ে হাঁটার সময় বড় মোড়, সংযোগস্থল, বাঁক ইত্যাদি জায়গায় বিশেষভাবে সতর্ক থাকুন।

(ছ) শিশুদের নিয়ে রাস্তা পার হওয়ার সময় তাদের হাত শক্ত করে ধরে থাকুন।

(জ) সব সময় ফুটপাথ দিয়ে হাঁটুন (চিত্র ৬.৪)।

(ঝ) ফুটপাথ না থাকলে কার্ব বা শোল্ডারের কাছ দিয়ে ট্যাফিকের উল্টো দিকে হাঁটুন। অর্থাৎ গাড়ী যেদিক থেকে আসছে, সেদিকে মুখ করে হাঁটুন (চিত্র ৬.৫)।



চিত্র ৬.৪ পথচারীরা ফুটপাথ দিয়ে যাতায়াত করুন

(ঝ) রাস্তা দিয়ে চলাচল বা পারাপারের সময় তাড়াহড়ো করবেন না।

(ট) রাতে বা দিনের বেলায় কম আলো থাকলে, হালকা রঙের পোষাক পরুন, যাতে সহজেই যান চালকের নজরে আসেন। গাঢ় রঙের পোষাক পরে অন্ধকার রাস্তায় হাঁটবেন না।



চিত্র ৬.৫ ফুটপাথ না থাকলে পথচারীরা রাস্তার ধার দিয়ে ট্যাফিকের উল্টোদিকে হাঁটুন

৬.৫.২ সাইকেল ও মোটরসাইকেল আরোহীদের নিরাপত্তামূলক নির্দেশিকা

সাইকেল ও মোটরসাইকেল চালানোর সময় নিম্নলিখিত নিয়মগুলি মেনে চলুন।

(ক) মোটরসাইকেল চালানোর সময় চালক ও সহযাত্রী উভয়ই অবশ্যই হেলমেট ব্যবহার করুন (চিত্র ৬.৬)।



(খ) সাইকেল লেন বা মোটর সাইকেল লেন থাকলে সেখান দিয়ে যাতায়াত করুন। যদি এই রকম কোন আলাদা লেন না থাকে, তাহলে রাস্তার বাঁদিক দিয়ে অন্যান্য মোটর যানের চলাচলে বিঘ্ন না ঘটিয়ে সাবধানে চলুন।

(গ) পথচারীদের জন্য বরাদ্দ ফুটপাথ দিয়ে সাইকেল বা মোটরসাইকেল চালাবেন না (চিত্র ৬.৭)।

(ঘ) মোটরসাইকেলের দুদিকের আয়না চালকের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে রয়েছে কিনা দেখে নিন। যদিও সাইকেলে সাধারণত আয়না ব্যবহার করা হয়না, কিন্তু সাইকেলে আয়নার ব্যবহার সুবিধাজনক ও নিরাপত্তার দিক থেকে সহায়ক।

(ঙ) অন্য গাড়ী থেকে সামনে, পিছনে ও পাশে যথেষ্ট দূরত্ব বজায় রাখুন।

(চ) তরুণ প্রজন্মের মোটরবাইক চালকদের মধ্যে বিপজ্জনক গতিতে বাইক চালানোর প্রবণতা থাকে। সব সময় নিজের দক্ষতা ও ক্ষমতা অনুযায়ী বাইক চালান এবং নির্দিষ্ট গতিসীমা মেনে চলুন।

(ছ) রাত্রে অথবা কম আলোতে অন্য যান চালকরা যাতে আপনার সাইকেল দেখতে পায়, সেজন্য সাইকেলে রিফ্রেন্সর বা রেট্রোরিফ্রেন্সিভ স্টিকার লাগান।

চিত্র ৬.৬ হেলমেট পরিহিত এবং হেলমেটবিহীন মোটরসাইকেলের সহযাত্রী



চিত্র ৬.৭ ফুটপাথ দিয়ে সাইকেল চালাবেন না

৬.৫.৩ স্কুল ছাত্রছাত্রীদের নিরাপত্তামূলক নির্দেশিকা

পথ ব্যবহারকারীদের মধ্যে স্কুলের ছাত্রছাত্রীরা বিশেষভাবে অরক্ষিত, কারণ তাদের মানসিক গঠন সম্পূর্ণ নয়। চালক হিসাবে আপনি কখনো তাদেরকে নিজের গাড়ীতে নিয়েও যেতে পারেন অথবা রাস্তায় এরকম ছাত্র-ছাত্রীদের দেখতেও পারেন। একজন দায়িত্বান্ত চালক হিসেবে আপনার কর্তব্য রাস্তায় স্কুলের ছাত্র-ছাত্রীদের সম্পর্কে অতিরিক্ত সর্তর হওয়া। যেখানে স্কুল রয়েছে, সেখানে বিশেষ সাবধান ও যত্নবান হওয়া দরকার। স্কুল ছাত্র-ছাত্রীদের রাস্তায় চলার নিয়মকানুন এবং চালকদের এই সব স্থানে যান চালাবার নিয়মাবলী নিচে আলোচনা করা হলো।

(ক) স্কুলের কাছাকাছি গাড়ীর গতি কমান। এসব স্থানে সাধারণত কম গতিতে গাড়ী চালানোর পথ নির্দেশিকা দেওয়া থাকে। তবে নির্দেশিকা না থাকলেও, চালক হিসাবে সর্তর থাকুন এবং গতি নিয়ন্ত্রণ করে গাড়ী চালান।

(খ) স্কুলের ছাত্র-ছাত্রীদের রাস্তা পার হতে দেখলে, আগে তাদের রাস্তা পার হওয়ার সুযোগ দিন।

- (গ) স্কুল বাস দাঁড়িয়ে আছে এবং সেখান থেকে ছাত্রছাত্রীরা ওঠানামা করছে দেখতে পেলে, কখনই বাসটিকে ওভারটেক করবেন না। বাসটি না চলা অবধি অপেক্ষা করুন।
- (ঘ) ছাত্র-ছাত্রীদের অবশ্যই ফুটপাথ দিয়ে যাতায়াত করা উচিত। যদি ফুটপাথ না থাকে তাহলে রাস্তার একেবারে ডান দিক দিয়ে গাড়ী যেদিকে যাচ্ছে তার উল্টো দিকে মুখ করে হাঁটতে হবে।
- (ঙ) ছাত্র-ছাত্রীদের রাস্তা পার হওয়ার সময় ট্র্যাফিক সিগন্যাল অবশ্যই মেনে চলতে হবে। নির্দিষ্ট স্থান যথা জেরা ক্রসিং বা পথচারীদের জন্য ভূগর্ভস্থ পথ বা ফুটওভার বীজ দিয়েই রাস্তা পার হওয়া উচিত। চিত্র ৬.৮-এ রাস্তা পার হবার সঠিক নিয়ম দেখানো হয়েছে। চিত্রটিতে এও দেখানো হয়েছে কিভাবে রাস্তা পার হওয়া বিপজ্জনক।
- (চ) স্কুল ছাত্রছাত্রীদের বাস থেকে নেমে সেই দাঁড়ানো বাসের সামনে দিয়েই রাস্তা পারাপার করা উচিত। সেইসঙ্গে উল্টোদিকে কোন গাড়ী আসছে কিনা সেদিকেও লক্ষ্য রাখা দরকার। সবসময় একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির তত্ত্বাবধানে রাস্তা পার হওয়া উচিত।
- (ছ) ছাত্র-ছাত্রীদের রাস্তায় দৌড়ানো একেবারেই উচিত নয়।
- (জ) সিগন্যাল ব্যবস্থা না থাকলে, কোনো বাঁক রাস্তার মুখে ছাত্রছাত্রীদের রাস্তা পারাপার করা একেবারেই উচিত নয়। কারণ এই সব জায়গাগুলিতে সাইট ডিস্ট্যান্স যথেষ্ট পরিমাণে থাকে না। এই সব জায়গায় তাই বিশেষ সাবধানতা অবলম্বন করা উচিত।



চিত্র ৬.৮ স্কুল ছাত্রছাত্রীদের নিরাপত্তা নির্দেশিকা মেনে রাস্তা পারাপার করা উচিত

৬.৬ মূল্যায়ন

১। কাদের অরক্ষিত পথ ব্যবহারকারী বলা হয় ?

- (ক) পথচারী
- (খ) বাইসাইকেল আরোহী
- (গ) মোটরসাইকেল আরোহী
- (ঘ) উপরের প্রত্যেকেই

২। কেন পথচারীরা অরক্ষিত ?

- (ক) পথচারীরা খুব দ্রুত চলাচল করে
- (খ) পথচারীরা ট্র্যাফিক নিয়ম মানে না
- (গ) পথচারীরা কোনো যানের ভিতর সুরক্ষিত নয়
- (ঘ) উপরের কোনোটিই নয়

৩। রাস্তায় কে সবথেকে বেশী অরক্ষিত ?

- (ক) বাস চালক
- (খ) পাবলিক ট্রান্সপোর্টের যাত্রী
- (গ) মোটরসাইকেল আরোহী
- (ঘ) পথচারী


৪। সাধারণত কি কি কারণের জন্য অরক্ষিত পথ ব্যবহারকারীরা সংঘর্ষের সম্মুখীন হন ?

- (ক) একে অপরের গতি বুঝে উঠতে না পারা
- (খ) রাস্তার সংযোগস্থলে বিপজ্জনক ভাবে পার হওয়া
- (গ) ‘ক’ ও ‘খ’
- (ঘ) পথচারীদের রাস্তা পারাপার করার জায়গার আগে গাড়ীর গতি কমানো

৫। চালক হিসাবে পথচারীদের কিভাবে সহায়তা করতে পারেন ?

- (ক) পথচারীদের রাস্তা পার করার জন্য প্রয়োজনীয় সময় এবং জায়গা দিন, বিশেষত বয়স্ক ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বেশী সময় দিন
- (খ) ফুটপাতে পার্কিং করবেন না
- (গ) স্কুল ও হাসপাতালের কাছে যানের গতি নিয়ন্ত্রণ করুন
- (ঘ) উপরের সব কটিই

- ৬। সাইকেল আরোহীদের সুরক্ষা সংক্রান্ত সমস্যাগুলি কি ?
- (ক) সাইকেল আরোহীরা সহজে দৃষ্টিগোচর হয় না, বিশেষত রাস্তার সংযোগস্থলে
 - (খ) সাইকেল আরোহীরা দ্রুত চলাচল করতে পারেন না
 - (গ) ‘ক’ ও ‘খ’
 - (ঘ) সাইকেল আরোহীরা হামেশাই খুব দ্রুত চলাচল করেন
- ৭। কোন্ কারণটি পথচারীদের নিরাপত্তা বিস্তৃত করে ?
- (ক) রাস্তা পার হওয়ার সময় মোবাইল ফোন ব্যবহার করলে
 - (খ) পথচারীরা রাস্তার সংযোগস্থলে সিগন্যাল মেনে চললে
 - (গ) জেরা ক্রসিং ব্যবহার করলে
 - (ঘ) ফুটপাথ ব্যবহার করলে
- ৮। এর মধ্যে কোন্ কারণটির জন্য মোটরসাইকেল আরোহীদের নিরাপত্তা বিস্তৃত হয় ?
- (ক) হেলমেট ছাড়া মোটরসাইকেল চালালে
 - (খ) অন্য যান থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখলে
 - (গ) নিরাপত্তামূলক সরঞ্জাম পরিধান করলে
 - (ঘ) উপরের সবগুলি
- ৯। মোটরযান চালক হিসেবে ক্ষুলের কাছে কি করা উচিত ?
- (ক) ক্ষুলের কাছে যানের গতি কমান
 - (খ) সতর্ক থাকুন
 - (গ) ‘ক’ ও ‘খ’
 - (ঘ) কোনটিই নয়
- ১০। আপনি সাইড রোডে ইউ-টার্ন (U-Turn) নিচ্ছেন। একজন পথচারীও আপনার গাড়ীর পিছন দিয়ে রাস্তা পেরোচ্ছেন। সেই অবস্থায় আপনার কি কি করণীয় ?
- (ক) পথচারীকে হাত নেড়ে থামতে বলা
 - (খ) পথচারীকে রাস্তা ছেড়ে দেওয়া
 - (গ) পথচারীকে রাস্তা পার করার জন্য ইশারা করা
 - (ঘ) পথচারী রাস্তা পেরোনোর আগেই গাড়ী ঘোরানো



তাধ্যাম

৭



সতর্কতা এবং মানসিকতা

সুদেষ্ণা মিত্র
সুদীপা চ্যাটার্জী

৭.১ ভূমিকা

নিরাপদে গাড়ী চালানোর মূল চাবিকাঠি হল ইতিবাচক মনোভাব ও চালকের ভাল আচরণ। আপনি যখন গাড়ী চালান, তখন রাস্তায় বিভিন্ন পরিস্থিতির সম্মুখীন হতে হয় এবং সেইমতো সিদ্ধান্তও নিতে হয়। এই সব পরিবর্তিত পরিস্থিতিতে শান্ত ও স্থিতৰ্থী হয়ে, আবেগ নিয়ন্ত্রণ করে, সাবধানে গাড়ী চালানোই একজন দায়িত্ববান চালকের কর্তব্য। নিজের ও অন্যের সুরক্ষা এবং নিরাপদে যান চালনার জন্য এই সচেতনতা খুবই গুরুত্বপূর্ণ। মোটরযান চালকদের সঠিক মনোভাব ও আদর্শ আচরণগুলি নিচে আলোচনা করা হল।

- অনুমান - আপনাকে আগাম অনুমান করতে হবে যে অন্য পথচারীরা কি ধরনের আচরণ করতে পারেন এবং সেইমতো যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য তৈরী থাকতে হবে।
- মনোসংযোগ - যান চালানোর সময় অন্য পথ ব্যবহারকারীদের দিকে লক্ষ্য রেখে নিরাপদে যান চালানোতেই মনোসংযোগ করুন।
- অন্যমনস্কতা - গাড়ী চালানোর সময় অন্যমনস্ক হবেন না। অন্য কোন কাজ করা থেকে বিরত থাকুন, কারণ এতে আপনি অন্যমনস্ক হয়ে পড়বেন।
- আদর্শ আচরণ - গাড়ী চালানোর সময় কিছু নীতি মেনে চলা উচিত।
- ভদ্রতা - চালক হিসেবে আপনি ভদ্র ও ইতিবাচক মনোভাবাপন্ন হন।
- উত্তেজনা - আক্রমণাত্মক ও অন্য চালকের প্রতি অব্যথা ক্ষিপ্ত বা উত্তেজিত হবেন না।

পরবর্তী অংশে উপরোক্ত বিষয়গুলি এবং গাড়ী চালানোর ক্ষেত্রে সেগুলির প্রয়োজনীয়তা আলোচনা করা হয়েছে।

৭.২ অনুমান (Anticipation)

রাস্তায় যা ঘটতে পারে তার আগাম ধারণা বা অনুমান চালককে নিরাপদে গাড়ী চালাতে সাহায্য করে। কোন জটিল এবং বিপজ্জনক পরিস্থিতি আগে থেকে অনুমান করতে পারলে গাড়ীর চালক নিরাপদে গাড়ীর গতি কমিয়ে ফেলতে পারেন বা দিক পরিবর্তন করতে পারেন। নিম্নলিখিত পদক্ষেপগুলি মেনে চললে বিপদের সন্তান কমবে।

(ক) দেখুন : চালকের উচিত সামনের পথ মনোযোগ দিয়ে লক্ষ্য করা। সামনের রাস্তা বেশী দূর অবধি দেখা গেলে বাধা বা বিপদ সম্পর্কে আন্দাজ করা যায় এবং সেইমতো পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে যথেষ্ট সময়ও পাওয়া যায়। আশেপাশের গাড়ী থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য সামনে দেখা ছাড়াও গাড়ীর আয়না ও ইলেক্ট্রনিক স্পটে লক্ষ্য রাখুন। পারিপার্শ্বিক পরিস্থিতি বোঝার চেষ্টা করুন। এগুলি আপনাকে এবং আপনার গাড়ীর আরোহীদের নিরাপদে রাস্তায় চলাচলে সাহায্য করবে।

(খ) বিচার করুন: ডালো করে দেখার পর বিপদের সন্তান বুঝালে সন্তান্য করণীয় বিষয়গুলি বিচার করুন।

(গ) সিদ্ধান্ত নিন: সবশেষে নিম্নলিখিত বিষয়গুলির উপর ভিত্তি করে সিদ্ধান্ত নিন।

- কি দৃষ্টিগোচর হল ?
- সন্তান্য কি দৃষ্টিগোচর হল না ?
- পথ ব্যবহারকারীরা কিরকম আচরণ করতে পারেন ?

যেমন ধরুন, গাড়ী চালানোর সময় দেখলেন একজন সাইকেল আরোহী আশেপাশে না দেখে রাস্তার সংযোগস্থলের দিকে আসছেন (চিত্র ৭.১)। আপনি বিপদের সন্তান আঁচ করে গাড়ীর গতি কমাতে পারেন বা গাড়ী থামিয়েও দিতে পারেন। চারিদিকের পরিস্থিতি বিচার করে আপনি উপরুক্ত সিদ্ধান্ত এবং পদক্ষেপ নিন।



চিত্র ৭.১ বিপদের সম্ভাবনা অনুমান করুন

৭.২.১ লক্ষ্য রাখার বিষয়

যানবাহন চলান্তের সময় নিম্নলিখিত বিষয়গুলির প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখুন।

- অন্য পথ ব্যবহারকারী যথা - পথচারী, মোটরসাইকেল ও বাইসাইকেল আরোহী ইত্যাদির গতিবিধি
- অন্য পথ ব্যবহারকারীদের দেওয়া হ্যান্ড সিগন্যাল
- রোড সাইন ও রোড মার্কিং
- রাস্তার প্রকৃতি ও পরিস্থিতি
- পার্ক করে থাকা গাড়ী
- আপৎকালীন ঘান
- রাস্তায় চলাফেরা করা অন্যান্য প্রাণী (যেমন- গরু, কুকুর, বিড়াল ইত্যাদি)

৭.২.২ স্থান ও কাল বিশেষে অতিরিক্ত সতর্কতা

যান চালানোর জটিলতা প্রায়ই স্থান ও কালের উপর নির্ভর করে। এই পর্বে স্থান ও কাল বিশেষে জটিল পরিস্থিতিতে কিভাবে সতর্ক হওয়া প্রয়োজন, তা নিয়ে আলোচনা করা হয়েছে।

- (ক) **ব্যস্ত সময় (Rush Hour)** - সাধারণত ব্যস্ত সময়ে তাড়াতাড়ি গন্তব্যস্থলে পৌঁছানোর জন্য চালক গাড়ী চালাবার সময় বেশী ঝুঁকি নেন। এতে অনেকসময় মনোযোগ ছিন্ন হয়ে চালকেরা দায়িত্বজ্ঞানহীনভাবে যান চালিয়ে থাকেন। তাই ব্যস্ততার সময় অতিরিক্ত সতর্ক হয়ে গাড়ী চালান।
- (খ) **স্কুল এলাকা** - অনেকসময় রাস্তার ধারে স্কুল থাকে। স্কুলের ছাত্রছাত্রীরা চঞ্চল প্রকৃতির হয় এবং এদের বিশ্লেষণ ক্ষমতাও কম থাকে। তাই অনেকক্ষেত্রেই রাস্তা পারাপারের সময় এরা গাড়ীর গতি ঠিকমত আন্দাজ করতে পারে না এবং কখনও কখনও এরা দৌড়ে রাস্তা পারাপার করে। ফলে মাঝ রাস্তায় গাড়ীর সঙ্গে সংঘর্ষ হওয়ার সম্ভাবনা বেড়ে যায়। চালক হিসেবে আপনার কর্তব্য যেসব অধিক্ষেত্রে স্কুল রয়েছে, সেখানে অতিরিক্ত সতর্ক হয়ে থাকিতে গাড়ী চালানো।
- (গ) **পার্কিং এলাকা** - আপনি যখন পার্কিং জোন থেকে কোনো গাড়ী বের করে রাস্তায় নিয়ে যাচ্ছেন, তখন হ্যান্ড সিগন্যাল দেখিয়ে বা ইন্ডিকেটর জুলিয়ে ইপিট করুন। অনেক সময়ই চালক পার্কিং লট থেকে কোনরকম ইপিট না করেই গাড়ী বের করেন, যা অন্যান্য পথ ব্যবহারকারীদের পক্ষে বিপজ্জনক। পার্ক করে রাখা গাড়ী অনেক ক্ষেত্রে পথচারীদের রাস্তা আড়াল করে। পার্কিং জোনের কাছ দিয়ে গাড়ী চালানোর সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন।
- (ঘ) **নির্মায়মাণ অঞ্চল** - যেখানে নির্মাণ কাজ চলছে বা রাস্তার মেরামতির কাজ চলছে, সেখানে যান চালানো বেশ কঠিন। এই পরিস্থিতিতে হঠাৎ রাস্তার দিক পরিবর্তন, সীমিত জায়গা, রাস্তার উপর নির্মাণকর্মী ইত্যাদির সম্মুখীন হতে হয়। এই সব ক্ষেত্রে খুবই সন্ত্রিপ্ত ও ধীর গতিতে গাড়ী চালান এবং পথচিহ্নগুলি মেনে চলুন। নির্মায়মাণ অঞ্চলে নিরাপদে যান চালানার নির্দেশ পঞ্চম অধ্যায়ে দেওয়া হয়েছে।
- (ঙ) **রাস্তার সংযোগস্থল** - রাস্তার সংযোগস্থলে বিভিন্ন দিক থেকে যানবাহন চলাচল করে ও মুখোমুখি হতে পারে। ফলে দুটি বিপরীতমুখী বা পাশথেকে আসা গাড়ীর মধ্যে সংঘর্ষের সম্ভাবনাও বেশী হয়। অনিয়ন্ত্রিত সংযোগস্থলে এই সমস্যা আরো বেশী কারণ এখানে ট্র্যাফিক নিয়ন্ত্রণের জন্য ট্র্যাফিক পুলিশ বা সিগন্যাল কোনটিই থাকে না। সেই কারণে একজন দায়িত্বান্তর চালক হিসাবে ধীরগতিতে এবং সাবধানতার সঙ্গে সংযোগস্থলটি পেরোনো আপনার অবশ্য কর্তব্য।

৭.২.৩ ভালো ভাবে রাস্তা দেখা

নিরাপদে গাড়ী চালানোর জন্য সামনের রাস্তা ভালো ভাবে দেখতে পাওয়া জরুরী। এর জন্য কিছু পরামর্শ নিচে দেওয়া হল।

- (ক) সামনের গাড়ীর খুব কাছাকাছি চলে গেলে চালক হিসাবে আপনার দৃষ্টি ব্যাহত হতে পারে। সামনে পরিষ্কার ভাবে দেখার জন্য পূর্ববর্তী গাড়ীর থেকে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখুন; ২ সেকেন্ড নিয়ম মেনে চলুন। ২ সেকেন্ড রুল সম্মেৰে চতুর্থ অধ্যায়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।
- (খ) যেখানে খুব তাঙ্গ বাঁক রয়েছে এবং যথেষ্ট সাইট ডিস্ট্যান্স নেই, সেখানে সামনের রাস্তায় গাছ ও বাতিস্তস্তগুলি দেখুন, এতে আপনি বাঁক সম্পর্কে আগাম ধারণা পাবেন ও নিরাপদে বাঁক পেরিয়ে যেতে পারবেন।
- (গ) কখনো কখনো শুধুমাত্র দেখাই যথেষ্ট নয়। রাস্তার সংযোগস্থলে, যেখানে দৃশ্যমানতা খুব কম, সেখানে গাড়ীর জানলার কাঁচ নামিয়ে দিন এবং উল্টো দিক থেকে আসা গাড়ীর শব্দ শোনার চেষ্টা করুন।

মনে রাখবেন খারাপ আবহাওয়া, খারাপ রাস্তা ইত্যাদি নানা কারণে রাস্তায় অপ্রত্যাশিত কোন ঘটনা অনুমান করা মুশকিল হতে পারে। তাই এইরকম পরিস্থিতিতে গাড়ীর গতি কমিয়ে দিন।

৭.৩ মনোসংযোগ

নিরাপদ যান চালনার মূল মন্ত্রই হচ্ছে মনোসংযোগ রেখে গাড়ী চালানো। মনোসংযোগের অভাব বিভিন্ন দুর্ঘটনা ঘটার একটি অন্যতম কারণ। অনেকেই যান চালানোকে খুব একটা কঠিন কাজ বলে মনে করেন না। বিশেষত যারা অভিজ্ঞ চালক, তারা গাড়ী চালানোর সময় অতিরিক্ত আত্মবিশ্বাসের ফলে অমনোযোগী হয়ে ওঠেন। অনেকক্ষণ ধরে একটানা গাড়ী চালানোর ফলেও চালকেরা মনোসংযোগ হারাতে পারেন। রাস্তায় ট্র্যাফিকের অবস্থা সবসময় পরিবর্তনশীল, সেই কারণে গাড়ী চালানোর সময় মনোসংযোগ রাখা একান্ত জরুরী।

৭.৩.১ মনোসংযোগ হারানোর কারণ

গাড়ী চালানোর সময় নানা কারণে মনোসংযোগ বিহ্বিত হতে পারে। কি কি কারণে মনোসংযোগ বিহ্বিত হয়, সেই কারণগুলি নিচে বলা হল।

- (ক) গাড়ী চালাতে চালাতে অন্য কাজ করা : ফোন করা, রেডিও টিউন করা, গান শোনা, সহযাত্রীদের সঙ্গে কথা বলা, চালাতে খাবার খাওয়া ইত্যাদি।
- (খ) গাড়ির ভিতর বা বাইরে লক্ষ্যণীয় কিছু ঘটনা : অন্য লেনে কোনো দুর্ঘটনা, কোন বিখ্যাত ব্যক্তিকের রাস্তার ধারে উপস্থিতি, রাস্তার ধারের চোখধাঁধানো হোর্ডিং, গাড়ির ভিতরে বাচ্চাদের ঝগড়া বা খেলা ইত্যাদি।
- (গ) শারীরিক ও মানসিক ক্লান্তি।
- (ঘ) অন্য কিছু নিয়ে ব্যস্ত থাকা বা ভাবনাচ্ছন্ন করা।

৭.৩.২ মনোসংযোগ হারানোর সমস্যা

মনোসংযোগ হারালে যা হতে পারে -

- (ক) প্রতিক্রিয়ার জন্য অতিরিক্ত সময় লাগা - যথা ব্রেক করতে দেরী হওয়া বা তাৎক্ষণিক সিদ্ধান্ত নিতে না পারা।
- (খ) রাস্তায় বিভিন্ন গুরুত্বপূর্ণ রোড সাইন, সিগন্যাল ইত্যাদি দেখতে না পাওয়া বা উপেক্ষা করা।

৭.৩.৩ মনোসংযোগ ফিরে পাওয়ার উপায়

যদি গাড়ী চালানোর সময় মনোসংযোগ হারিয়ে ফেলেন, তাহলে তা ফিরে পাওয়ার জন্য নিম্নলিখিত বিষয়গুলির উপর জোর দিন -

- (ক) ঘস্তিকে অঙ্গিজেন যোগান বাঢ়াতে গাড়ীর জানালা খুলে দিন।
- (খ) কিছু সময় অন্তর গাড়ী থামিয়ে বিরতি নিন।
- (গ) নিজেকে চান্দা রাখতে বিরতির সময় জল বা এনার্জী ড্রিঙ্ক পান করুন।
- (ঘ) যান চালানোর সময় মনোযোগ বৃদ্ধি করতে চিউয়িং গাম চিরোতে পারেন।


৭.৪ অন্যমনক্ষতা

অন্যমনক্ষ হওয়া মনোযোগ হারানোরই নির্দর্শন। আর তা হয় তখনই, যখন চালক যান চালানো ছাড়া অন্য কিছুতে ব্যস্ত থাকেন। চালকের শরীর ও মনে যদি ক্লান্তি থাকে এবং মানসিক কোনো সমস্যা থাকে, তাহলে চালক সহজেই অমনোযোগী হতে পারেন। যান চালানো এমনই এক কাজ, যেখানে আপনার মনোযোগ, একাগ্রতা সব সময়ই দ্রুত রাখতে হয়, যাতে যে কোনো পরিস্থিতিতে যানটি আপনার নিয়ন্ত্রণে থাকে এবং আপনি ও সহযাত্রীরা নিরাপদে থাকেন। এর থেকে বিচ্যুতি মানে একাগ্রতা ভঙ্গ হওয়া।

৭.৪.১ বিভিন্ন প্রকার অন্যমনস্কতা

মূলত তিনি ধরনের অন্যমনস্কতা দেখা যায় (চিত্র ৭.২)।

- চোখ বা নজর সংক্রান্ত - কোনো কারণে রাস্তার দিক থেকে আপনার নজর অন্য দিকে সরে গেল (চিত্র ৭.২ ক)।
- হাত বা স্টিয়ারিং চালনা সংক্রান্ত - কোনো কারণে স্টিয়ারিং ছইল থেকে হাত সরে গেল (চিত্র ৭.২ খ)।
- মন বা চিন্তা সংক্রান্ত - কোনো কারণে যান চালানো থেকে মন অন্যত্র বিক্ষিপ্ত হল (চিত্র ৭.২ গ)।



চিত্র ৭.২ বিভিন্ন ধরনের অন্যমনস্কতা

৭.৪.২ অন্যমনস্কতার কারণ

যে কোনো কারণেই অন্যমনস্ক হওয়া বিপজ্জনক, তবে তার মধ্যে সব চেয়ে মারাত্মক হল, যান চালানোর সময় এস. এম. এস. পাঠানো, কারণ এতে পূর্ববর্তী পর্বে (৭.৪.১) বর্ণিত চোখ, হাত ও মনস্ক সবই ব্যবহৃত হয়। এছাড়া অন্যান্য যে বিষয়গুলি সচরাচর একাগ্রতা নষ্ট করে তা হল:

- মোবাইল ফোনের ব্যবহার
- খাদ্য ও পানীয় গ্রহণ করা
- সহযাত্রীদের সঙ্গে কথা বলা
- সাজগোজ করা
- ম্যাপ দেখা
- নেভিগেশন সিস্টেম দেখা
- ভিডিও দেখা
- রেডিও স্টেশন বদলানো বা সিডি/ডিভিডি বদলানো
- উচ্চস্বরে গান শোনা

চিত্র ৭.৩-এ অন্যমনস্কতার বিভিন্ন দৃষ্টিস্মৃতি দেখানো হয়েছে।



চিত্র ৭.৩ অন্যমনস্কতার কয়েকটি দৃষ্টিকোণ

৭.৪.৩ অন্যমনস্কতার নিয়ন্ত্রণ

গাড়ী চালানোর সময় অনেকক্ষেত্রে বেক কমে গাড়ীর গতি কমানো বা থামা বা লেন পরিবর্তনের দরকার হয়। পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত নেওয়ার পর থেকে স্টিয়ারিং ঘোরানো বা বেক কষার মধ্যে সময়ের ব্যবধান থাকে, যাকে প্রতিক্রিয়ার সময় বলা হয়। আপনি যদি অন্যমনস্ক থাকেন, তাহলে এই প্রতিক্রিয়ার সময় বেড়ে যায়। এর ফলে গাড়ী নিয়ন্ত্রণে আনার জন্য বেশী সময় লাগে এবং দুর্ঘটনার স্তর বেড়ে যায়। অন্যমনস্কতা নিয়ন্ত্রণ করার কিছু উপায় নিচে বলা হল।

- যথেষ্ট বিশ্বাস আর যথাযথ মানসিকতা নিয়ে গাড়ী চালান। মন খারাপ, রাগ বা পরিশ্রান্ত থাকলে গাড়ী চালানো খুবই ঝুঁকির কাজ।
- গন্তব্যপথ সম্পর্কে আগাম পরিকল্পনা করে তবেই গাড়ী চালান। রাস্তার দিক নির্দেশ, কোথায় থামতে হবে, পেট্রোল পান্প ইত্যাদি ভাল করে দেখে নিন।
- গাড়ীর আয়না ঠিক করে নিন।
- মোবাইল ফোনটি সাইলেন্ট মোডে রাখুন বা একেবারে বন্ধ করে দিন।
- গাড়ী চালানোর সময় খিদে পেলে বা ক্লান্স লাগলে বিরতি নিন।
- সহযাত্রীদের গল্পগুজবে মন দেবেন না।

৭.৫ আদর্শ আচরণ

দায়িত্ববান চালকেরা আদর্শ আচরণবিধি মেনে গাড়ী চালান। আদর্শ আচরণবিধি মেনে গাড়ী চালানোর জন্য চতুর্থ অধ্যায়ে বর্ণিত নির্দেশিকাগুলি মেনে চলুন।

৭.৬ ভদ্রতা

গাড়ী চালানোর সময় অন্যান্য পথ ব্যবহারকারীদের সঙ্গে ভদ্র ও নস্র আচরণ করুন। অন্য পথ ব্যবহারকারীর সম্ভাব্য আচরণ বুঝে সেই মতো নিজের ব্যবহার ঠিক করুন। পথ ব্যবহারকারীদের সঙ্গে কথা বলার সময় কখনই তাক্রমণাত্মক হবেন না।

৭.৬.১ মনে রাখার মত কয়েকটি বিষয়

চালক হিসাবে ভদ্রতার পরিপ্রেক্ষিতে আপনার করণীয় বিষয়গুলি নিচে আলোচনা করা হল (চিত্র ৭.৪)।

- (ক) **সম্মান করুন :** গাড়ী চালানোর সময় উপস্থিত অন্য পথ ব্যবহারকারীদের যথাযথ গুরুত্ব দিন এবং তাদের ব্যক্তিগতিনাকে সম্মান করুন; বিশেষভাবে পথচারী, সাইকেল আরোহী ও অন্যান্য মোটরবিহীন যানচালকদের যথাযথ সম্মান এবং প্রয়োজনীয় অগ্রাধিকার দিন। অন্য চালকের সৌজন্যকে স্বীকৃতি দিন।
- (খ) **জায়গা দিন :** বিভিন্ন পথ ব্যবহারকারীরা রাস্তা ব্যবহার করে থাকেন। এদের সবাইকে রাস্তা ব্যবহারের উপযুক্ত জায়গা ও সুযোগ দিয়ে পরিবেশ ও পরিস্থিতির সঙ্গে মানিয়ে গাড়ী চালান।
- (গ) **দুরদর্শী হন :** পথ ব্যবহারকারীদের ব্যবহার লক্ষ্য করে বিপদের সম্ভাবনা অনুমান করুন। সুরক্ষার স্বার্থে আধৈর্য না হয়ে প্রয়োজনীয় পদক্ষেপগুলি গ্রহণ করুন।
- (ঘ) **ধৈর্য ধরুন :** ট্র্যাফিক জ্যাম থাকলে বা সিগন্যাল সবুজ হলেও সামনের গাড়ী যদি এগিয়ে যেতে দেরি করে, তাহলে আধৈর্য হবেন না এবং অব্যথা হর্ণ বাজাবেন না।



চিত্র ৭.৪ ভদ্রতার নানা দৃষ্টিভঙ্গি

- (ঙ) **সহনশীল হন :** গাড়ী চালানোর সময় সহনশীল হন। পথচারীদের রাস্তা পার হওয়ার সুযোগ দিন এবং জরুরী পরিয়েবার গাড়ীকে অগ্রাধিকার দিয়ে পেরিয়ে যাওয়ার সুযোগ দিন।

মনে রাখবেন যানচালকের একজন দায়িত্বান নাগরিক হওয়া উচিত। অন্যের বিরুদ্ধে কিছু করতে যাওয়ার আগে নিজেকে প্রশ্ন করুন যে আপনি আপনার দায়িত্ব পালন করেছেন কিনা এবং অন্যান্য পথ ব্যবহারকারীদের সাথে ভদ্র আচরণ করেছেন কিনা।

৭.৭ রাস্তায় উভেজনা বা রোড রেজ

চালক যদি পথে উভেজিত হয়ে বাজে ব্যবহার, হমকি, বা অন্য চালকের সঙ্গে দুর্ব্যবহার করেন এবং হতাশাগ্রস্ত হয়ে অনিয়ন্ত্রিত ভাবে গাড়ী চালান তাহলে তাকে রোড রেজ বলা হয় (চিত্র ৭.৫)। ভুল দিকে দিয়ে ওভারটেক করা, হঠাতে লেন বদল করা, দুটি গাড়ীর মধ্যে ধাক্কা লাগা ইত্যাদি নানা কারণেও রোড রেজ-এর সম্ভাবনা তৈরী হতে পারে। মনে রাখবেন রোড রেজ থেকে হাতাহাতি, মারপিট, আহত হওয়া, এমনকি প্রাণহানিও হতে পারে। তাই পথ নিরাপত্তার স্বার্থে রোড রেজকে কোনভাবেই প্রশ্ন দেওয়া যায় না।

৭.৭.১ রোড রেজ-এর কারণ

রোড রেজ-এর বিভিন্ন কারণগুলি নিচে বলা হল।

- রাস্তায় গাড়ীর সংখ্যা বেশী থাকলে বা যানজট হলে
- চালক মানসিক চাপে থাকলে
- নির্মাণ কাজের জন্য দেরি হলে বা ঘুর পথে যেতে হলে
- অমনোযোগী ভাবে গাড়ী চালালে
- জোরে গান শুনলে
- অনর্থক আস্তে চালালে
- আক্রমণাত্মক ব্যবহার করলে
- হঠাতে অ্যাক্সিলারেটর বা ব্রেক কষলে
- অন্য চালকের প্রতি অশ্বীল ইঙ্গিত করলে
- সামনের যানের খুব কাছে চলে গেলে বা তাকে ধাক্কা দিলে
- হঠাতে লেন বদল করলে
- বারবার জোরে হর্ণ বাজালে
- অহেতুক হেড লাইট ফ্ল্যাশ করলে
- অন্যের যাওয়ার রাস্তা আটকে দিলে
- অন্যকে লেন বদলে বাধা দিলে
- পার্কিং থেকে বেরনোর পথ আটকে দিলে
- অন্যকে অহেতুক অনুসরণ করলে
- রাস্তায় চিকার বা গোলমাল করলে
- গাড়ীতে ধাক্কা লাগালে
- অন্য যানচালক, যাত্রী, সাইকেল আরোহী বা পথচারীকে আঘাত করলে
- ঝগড়ার জন্য ইঞ্চন দিলে



চিত্র ৭.৫ রোড রেজ একটি বিপজ্জনক অভ্যাস

৭.৭.২ রোড রেজ এড়ানোর উপায়

মূলত তিনিটি পন্থা অবলম্বন করলে যান চলাচলের সময় রোড রেজ-এর সম্ভাবনা এড়িয়ে যাওয়া যায়।

(ক) ঝামেলায় জড়াবেন না

- এগোনোর আগে সামনে যথেষ্ট জায়গা আছে কিনা দেখে নিন।
- লেন পরিবর্তন বা ঘোরার আগে থেকেই ইন্ডিকেটর জুলিয়ে কোন দিকে যাবেন তা বোঝান।
- যখন ছোট রাস্তা থেকে বড় রাস্তায় প্রবেশ করছেন বা মোড় ঘূরছেন, যথেষ্ট আগে থেকেই আপনার গতিবিধি যাতে অন্য পথ ব্যবহারকারী বুঝতে পারেন তার জন্য ইন্ডিকেটর জুলান। যদি কোনো ভুল হয় তাহলে ক্ষমা প্রার্থনা করলে অন্য চালকের কাছে।
- যদি কেউ বিপজ্জনকভাবে লেন পরিবর্তন করে আপনার লেনে ঢুকে যেতে চেষ্টা করে, তাহলে নিজের যানের গতি কমিয়ে তাকে স্থান করে দিন।
- অন্য যান থেকে অন্তত দু সেকেন্ড দূরত্ব বজায় রাখুন।
- যদি দেখেন যে সামনের গাড়ীটি অত্যন্ত ধীর গতিতে যাচ্ছে এবং আপনার এগিয়ে যাওয়ার অসুবিধা হচ্ছে, তাহলে আপনি আরো গতি কমিয়ে সামনে জায়গা তৈরী করলে, তারপর সেটিকে পেরিয়ে যাওয়ার চেষ্টা করলে।
- আপনার গাড়ীর আয়নায় পেছনের গাড়ীর হেডলাইট দেখা যাচ্ছে কিনা তা সব সময় খেয়াল রাখুন।

(খ) বিতর্কে জড়াবেন না

- উভেজনা সৃষ্টিকারী কোনরকম পরিস্থিতি থেকে নিজেকে দূরে রাখুন।
- যদি কোনো বদমেজাজি চালকের সংস্রব এড়াতে না পারেন, তাহলে নিকটবর্তী ট্র্যাফিক গার্ড বা পুলিশ ষ্টেশনে যোগাযোগ করুন।
- কোন কারণে উভেজিত হয়ে পড়লে নিরাপদ স্থানে গাড়ী দাঁড় করিয়ে খানিকটা বিরতি নিন। উভেজনা প্রশমন করুন ও কোনো রকম মানসিক চাপ থেকে নিজেকে মুক্ত রাখুন।

(গ) ইতিবাচক মনোভাব বজায় রাখুন

- অন্য চালকের সঙ্গে গতির লড়াইয়ে যাবেন না। মনে রাখবেন গাড়ী চালানো কোনো প্রতিযোগিতা নয়।
- কম সময়ে নির্দিষ্ট দূরত্ব পেরিয়ে যাওয়ার চেষ্টা না করে যথেষ্ট সময় নিয়ে নিরাপদে যাত্রা করুন।
- ধৈর্য রাখুন, মাথা ঠাণ্ডা রাখুন, অন্য চালকের ভুলে উভেজিত হবেন না, তার দৃষ্টিকোণ থেকে ঘটনাটির বিচার করার চেষ্টা করুন।
- মানসিক চাপ কমানো ও ত্রোধ সংবরণের বিভিন্ন পদ্ধা অবলম্বন করুন।

৭.৮ মূল্যায়ন

১। পার্ক করে থাকা কোন গাড়ীর পিছন থেকে পেরতে গেলে কি করবেন ?

- (ক) চারিদিকে ভালো করে দেখে নিয়ে বের হন
- (খ) গাড়ীর সব কটি আয়না ব্যবহার করল্ল
- (গ) প্রয়োজনে সিগন্যাল দিন
- (ঘ) উপরের সবগুলি

২। নিচের কোনটি থেকে মনোযোগ বিস্তৃত হতে পারে ?

- (ক) জোরে গান বাজালে
- (খ) যাত্রীদের সঙ্গে তর্ক করলে
- (গ) মোবাইল ফোন ব্যবহার করলে
- (ঘ) উপরের সবগুলি

৩। রাস্তার সংযোগস্থলটি পেরোবার সময় কোন্ জিনিসটি বিশেষ করে আপনার দৃষ্টিকে ব্যাহত করে ?

- (ক) টইন্ডস্ক্রীন পিলার
- (খ) স্টিয়ারিং হাঁটু
- (গ) ভিতরের আয়না
- (ঘ) টইন্ডস্ক্রীন ওয়াইপার


৪। ধরন আপনি ডান দিকে ঘূরবেন। কিন্তু আপনার সামনে একটি থেমে থাকা গাড়ির জন্য রাস্তা দেখা যাচ্ছে না। তখন কী করবেন ?

- (ক) প্রথমে থামুন, তারপর ধীরে সাবধানে ভালো করে দেখে এগিয়ে যান
- (খ) যেদিকে ভাল দেখতে পাচ্ছেন সেদিকে এগিয়ে যান
- (গ) পথচারীর জন্য অপেক্ষা করল্ল, তিনি যখন নিরাপদ বলবেন তারপর রাস্তা পার করবেন
- (ঘ) গাড়ী ঘুরিয়ে অন্য কোনো রাস্তার সংযোগস্থল খুঁজে নিন

৫। রাস্তায় ইউ-টার্ন নেওয়ার সময় কি করবেন ?

- (ক) হাতে সিগন্যাল দেখিয়ে ও ইন্ডিকেটর জুলিয়ে গাড়ী ঘোরান
- (খ) সিগন্যাল দেখান যাতে অন্য চালকেরা ধীরে চালান
- (গ) ঘোরার আগে কাঁধের উপর দিয়ে ভালো করে দেখে নিন
- (ঘ) উপরের সবকটি

- ৬। দীর্ঘ যাত্রায় একথেয়ে লাগতে পারে, ফলে নিদ্রাভাব আসতে পারে। তা এড়াতে কি করবেন ?
 (ক) মূল রাস্তা ছেড়ে নিরাপদ স্থান দেখে দাঁড়ান
 (খ) চারিদিকের দৃশ্য উপভোগ করুন
 (গ) মুক্ত বাতাসের জন্য গাড়ীর জানালা খুলে দিন
 (ঘ) ‘ক’ ও ‘গ’
- ৭। স্বল্প আলোকিত রাস্তায় রাতে অন্য গাড়ীর পিছনে যাচ্ছেন। তখন কি করণীয় ?
 (ক) হেডলাইট জ্বালান
 (খ) ডিপ বীম হেডলাইট ব্যবহার করুন
 (গ) হেডলাইট নিভিয়ে দিন
 (ঘ) ফুল বীম হেডলাইট জ্বালান
- ৮। নিচের কোন্ কারণটির জন্য পথে উভেজনা হতে পারে ?
 (ক) বিরতি নিলে
 (খ) হাত নাড়লে
 (গ) লেন কেটে চুকে পড়লে
 (ঘ) সিটুবেল্ট ব্যবহার করলে
- ৯। কিভাবে রোড রেজ এড়াবেন ?
 (ক) আক্রমণাত্মক হবেন না
 (খ) অন্য গাড়ীর পিছন পিছন চলবেন
 (গ) ওভারটেক করবেন
 (ঘ) বারে বারে হর্ণ বাজাবেন
- ১০। নিচের কোন্টি আদর্শ চালকবিধির মধ্যে পড়ে না ?
 (ক) ট্র্যাফিক আইন মেনে চলা
 (খ) সিটুবেল্ট ব্যবহার করা
 (গ) ট্র্যাফিক আইন সম্মান করা ও সিগন্যাল মেনে চলা
 (ঘ) মদ্যপ অবস্থায় গাড়ী চালানো



অধ্যায়

৮



পথ দুর্ঘটনা ও আপৃকালীন পরিস্থিতি

অর্কপাল গোস্বামী
দীপাঞ্জন নাগ

৮.১ ভূমিকা

পথ নিরাপত্তা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় যা যানবাহন বা সাধারণ পথচারী - সবার ক্ষেত্রেই প্রযোজ্য। গাড়ীর চালক হিসেবে আপনার কর্তব্য নিরাপত্তে এবং দায়িত্বপূর্ণভাবে গাড়ী চালানো যাতে দুর্ঘটনা এড়ানো যায়। কিন্তু চালক বা পথ ব্যবহারকারী হিসাবে আপনি কখনও আপৎকালীন পরিস্থিতির সম্মুখীনও হতে পারেন। সেক্ষেত্রে আপনার করণীয় বিষয়গুলি অবশ্যই জেনে রাখা প্রয়োজন। এই করণীয় বিষয়গুলি সঠিকভাবে জানলে এবং প্রয়োগ করলে আপনি আপৎকালীন পরিস্থিতিকে সামাল দিতে এবং দুর্ঘটনার কবলে পড়া পথ ব্যবহারকারীদের সাহায্য করতে ও রক্ষা করতে পারবেন। আপনি বিভিন্নভাবে আপৎকালীন পরিস্থিতির সম্মুখীন হতে পারেন। এই সমস্ত পরিস্থিতিগুলি এবং সেক্ষেত্রে পালনীয় কর্তব্যগুলি এই অধ্যায়ে আলোচনা করা হল।

- (ক) **দুর্ঘটনার প্রত্যক্ষদর্শী :** কোনো ব্যক্তি যদি দুর্ঘটনা বা আপৎকালীন পরিস্থিতির সময় উপস্থিত থাকেন, তাহলে তাকে দুর্ঘটনার প্রত্যক্ষদর্শী বলা হয়। এই পরিস্থিতিতে তার কি করণীয় তা ৮.২ অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে।
- (খ) **ফার্স্ট ভিজিটর :** দুর্ঘটনার পর যে ব্যক্তি প্রথম দুর্ঘটনা স্থলে আসেন এবং পরিস্থিতি পর্যালোচনা করে দুর্ঘটনাক্বলিত মানুষদের সহায়তা করেন, তাকে ফার্স্ট ভিজিটর বলা হয়। এই ব্যক্তি কিন্তু প্রাথমিক চিকিৎসায় অভিজ্ঞ নাও হতে পারেন। ফার্স্ট ভিজিটর-এর কর্তব্যগুলি ৮.৩ অনুচ্ছেদে আলোচনা করা হল।
- (গ) **রেকডাউন বা বিকল যান :** অনেকক্ষেত্রেই যান্ত্রিক গোলযোগ বা অন্য কোন ক্ষতির কারণে গাড়ী হঠাতে বিকল হয়ে আপৎকালীন পরিস্থিতি তৈরী হতে পারে। এই রকম পরিস্থিতির উদাহরণ হল ব্রেক ফেল করা, অ্যাসিলারেটর আটকে যাওয়া, অন্য যানের সঙ্গে সংঘর্ষ ইত্যাদি। গাড়ী চালানোর সময় রেকডাউন বা বিভিন্ন কারণে তৈরী হওয়া আপৎকালীন পরিস্থিতি এবং চালকের করণীয় বিষয়গুলি ৮.৪ অনুচ্ছেদে আলোচনা করা হল।
- (ঘ) **জরুরী পরিষেবার গাড়ীর ক্ষেত্রে প্রতিক্রিয়া :** জরুরী পরিষেবার যানের (যেমন: অ্যাম্বুলেন্স, দমকল ইত্যাদি) প্রতি গাড়ীর চালক ও অন্যান্য পথ ব্যবহারকারীদের প্রতিক্রিয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপৎকালীন পরিস্থিতিতে এই ধরনের যানবাহন দেখলে আপনি কী করবেন তা ৮.৫ অনুচ্ছেদে আলোচনা করা হয়েছে।
- (ঙ) **আপৎকালীন পরিস্থিতিতে যান চালানো :** গাড়ী চালানোর সময় কোনো অপ্রত্যাশিত আপৎকালীন পরিস্থিতির সম্মুখীন হলে, তৎক্ষণাৎ দক্ষতার সঙ্গে স্টিয়ারিং, অ্যাসিলারেটর ও ব্রেক ব্যবহার করে পরিস্থিতি সামাল দিতে হয়। আপৎকালীন পরিস্থিতিতে গাড়ী চালানোর কিছু গুরুত্বপূর্ণ বিষয় ৮.৬ অনুচ্ছেদে আলোচনা করা হয়েছে।

৮.২ দুর্ঘটনাস্থলে প্রত্যক্ষদর্শীর কি করণীয়

দুর্ঘটনাস্থলে দিশাহারা হয়ে পড়া স্বাভাবিক। কিন্তু এই অবস্থায় মাথা ঠাণ্ডা রেখে দ্রুত দুর্ঘটনাক্বলিত ব্যক্তিদের সহায়তা করা অত্যন্ত প্রয়োজন। দুর্ঘটনার প্রত্যক্ষদর্শী নিজে দুর্ঘটনার কবলে পড়তে পারেন বা তার সামনে দুর্ঘটনা ঘটতে দেখতে পারেন। দুর্ঘটনার সময় উপস্থিত থাকলে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করুন (চিত্র ৮.১)।



চিত্র ৮.১ দুর্ঘটনাহলে প্রত্যক্ষদর্শীর যা করণীয়



চিত্র ৮.২ গাড়ী থামান এবং রাস্তা না আটকে পার্ক করুন

৮.২.১ থামা

গাড়ী চালানোর সময় আপনার সামনে দুর্ঘটনা ঘটলে গাড়ী থামান এবং সম্ভব হলে মূল রাস্তার এক ধারে পথ না আটকে গাড়ী পার্ক করুন (চিত্র ৮.২)। আপনি দুর্ঘটনাগ্রস্ত গাড়ীর চালক হলে গাড়ীটিকে রাস্তার ধারে নিয়ে আসার চেষ্টা করুন।

৮.২.২ সহায়তা

পথ দুর্ঘটনায় আহত ব্যক্তিদের সাহায্যের জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি নেওয়া প্রয়োজন:

- (ক) যদি কারোর মৃত্যু হয়ে থাকে বা কেউ গুরুতর জখম হয়ে থাকেন, তাহলে তৎক্ষণাৎ পুলিশে খবর দিন। দুর্ঘটনাগ্রস্ত যানটি বেশী ক্ষতিগ্রস্ত হলে এবং সেটিকে টেনে নিয়ে যাওয়ার প্রয়োজন হলেও পুলিশের সাহায্য নিন।
- (খ) গাড়ীর আহত চালক পুলিশকে যোগাযোগ করার অবস্থায় না থাকলে উপস্থিত যেকোন ব্যক্তিরই উচিত প্রয়োজনীয় সাহায্যের জন্য পুলিশকে যোগাযোগ করা।
- (গ) দুর্ঘটনাগ্রস্ত গাড়ীটির ইঞ্জিন যত দ্রুত সম্ভব বন্ধ করুন, যাতে আগুন না লাগে।

৮.২.৩ তথ্য আদান-প্রদান

দুর্ঘটনাস্থলে কোনো প্রশিক্ষিত প্রাথমিক স্বাস্থ্যকর্মী বা চিকিৎসক এসে পৌঁছালে, তাকে যথাসম্ভব তথ্য সরবরাহ করুন; যেমন: ঘটনার বিবরণ, আহতদের অবস্থা ইত্যাদি। দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তিদের নাম ও ঠিকানা যথাসম্ভব আদান-প্রদান করুন। পার্কিং-এ থাকা কোনো গাড়ীর সঙ্গে দুর্ঘটনা ঘটলে তার মালিককে খোঁজার চেষ্টা করুন, খোঁজ না পাওয়া গেলে তার জন্য একটি চিরকুট রেখে দিন। চিরকুটে আপনার নাম ও ঠিকানা, দুর্ঘটনার দিন ও সময় ইত্যাদি উল্লেখ করুন বা পুলিশকে এই তথ্যগুলি জানান।

৮.২.৪ দুর্ঘটনা পরিবর্তী সহায়তা

দুর্ঘটনায় জড়িয়ে পড়া আহতদের সাহায্য না করা এবং যথাযথ তথ্য সরবরাহ না করাকে একধরনের অপরাধ বলা যেতে পারে। অন্যান্য দেশের ক্ষেত্রে যেমন - ব্রিটেন, অস্ট্রেলিয়া এবং জাপানে এটি একটি শাস্তিযোগ্য অপরাধ। আমাদের দেশেও খুব শীঘ্ৰই এই বিষয়ে কড়া আইন আসতে চলেছে। দুর্ঘটনার প্রত্যক্ষদর্শী অবশ্যই নিম্নলিখিত কর্তব্যগুলি পালন করুন:

- (ক) দুর্ঘটনায় আহতদের সবরকম সাহায্য করুন।
- (খ) ঘটনাস্থলটিকে সুরক্ষিত করুন, যাতে আর কোনো সংঘর্ষ না হয়।
- (গ) প্রাথমিক চিকিৎসা শুরু করুন, যতক্ষণ না অ্যাম্বুলেন্স এসে পৌঁছায়।

৮.৩ দুর্ঘটনাস্থলে ফার্স্ট ভিজিটর-এর কি করণীয়

ফার্স্ট ভিজিটর হিসাবে নিম্নলিখিত কর্তব্যগুলি আপনার পালন করা উচিত (চিত্র ৮.৩)।

৮.৩.১ পরিস্থিতি পর্যালোচনা

পরিস্থিতি দ্রুত পর্যালোচনা করুন। সহায়তা করার আগে দেখে নিন নিজের অথবা আহত ব্যক্তির কোন বিপদের সম্ভাবনা আছে কিনা। নিরাপত্তা সুনিশ্চিত করে তবেই আহত ব্যক্তিদের দুর্ঘটনাগ্রস্ত গাড়ী বা বিপজ্জনক বস্তু থেকে নিরাপদ দূরত্বে সরিয়ে নিয়ে যান।

৮.৩.২ আঘাতের গুরুত্ব অনুধাবন

- (ক) আহত ব্যক্তির জ্ঞান আছে কিনা দেখুন।
- (খ) আঘাত প্রাণঘাতী কি না দেখে নিন।
- (গ) আহত ব্যক্তির দ্রুত চিকিৎসার প্রয়োজন আছে কিনা দেখে নিন।



চিত্র ৮.৩ দুর্ঘটনাস্থলে ফার্স্ট ভিডিট-এর যা করণীয়

৮.৩.৩ সহায়তা এবং জরুরী পরিষেবার ব্যবস্থা

- (ক) স্থানীয় থানা, ট্যাফিক গার্ড ও এমজেন্সি হেল্পলাইন নাম্বারে ফোন করে খবর দিন।
- (খ) যদি নিজে কোনো কারণে যোগাযোগ করতে না পারেন, তাহলে কাছাকাছি থাকা অন্য কারও সাহায্য নিন।

৮.৩.৪ প্রয়োজনে আহত ব্যক্তিকে সরিয়ে নিয়ে যাওয়া

- (ক) সব ধরনের আঘাত উপর থেকে বোঝা যায় না। যদি দুর্ঘটনাগ্রস্ত যানচিত্রে আগুন লাগা বা অন্য কোনো বিপদের আশঙ্কা না থাকে, তাহলে আপৎকালীন চিকিৎসা সহায়তা না পেঁচানো পর্যন্ত আহত ব্যক্তিকে না সরিয়ে ঘটনাস্থলে অপেক্ষা করুন।
- (খ) আহত ব্যক্তিদের সঠিকভাবে বার করতে না পারলে, বিপদের সন্তাবনা আরো বেড়ে যেতে পারে। তাই পরিস্থিতি অনুযায়ী আহত ব্যক্তিদের সরিয়ে নিয়ে যাওয়ার প্রয়োজন হলে যথাযথ সাবধানতার সাথে তা করুন।

৮.৩.৫ সহায়তা না আসা পর্যন্ত আহতদের পাশে থাকা

- (ক) আপনি প্রাথমিক চিকিৎসা বিষয়ে প্রশিক্ষিত হলে সেই মতে সহায়তা করুন (চিত্র ৮.৪)।
- (খ) আপনার প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ না থাকলে, আহত ব্যক্তির যথাসম্ভব খেয়াল রাখুন এবং প্রয়োজনে অন্যদের থেকেও সহায়তা চান।



চিত্র ৮.৪ আহত ব্যক্তির প্রাথমিক চিকিৎসা

৮.৩.৬ প্রয়োজনে অতিরিক্ত সহায়তা

প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষিত কোন ব্যক্তি বা চিকিৎসা কর্মী আপনার সহায়তা চাইলে অবশ্যই তার নির্দেশ মেনে সাহায্য করুন। এরপর তার অনুমতি নিয়েই দুর্ঘটনাস্থল ত্যাগ করুন।

৮.৪ যানবাহনের বিভিন্ন ধরনের ব্রেকডাউন

৮.৪.১ রাস্তায় ব্রেকডাউন

গাড়ী চালানোর সময় সামনে কোনো বিকল হওয়া মোটরযান বা দুর্ঘটনা দেখলে মনোসংযোগ না হারিয়ে সতর্কতার সঙ্গে ধীরে ধীরে সেই দিকে এগিয়ে যান। এই অবস্থায় পথচারীদের জন্য বিশেষভাবে সতর্ক হন।

যদি আপনার নিজের গাড়ী রাস্তায় হঠাতে বিকল হয়ে যায়, তাহলে নিম্নলিখিত নির্দেশিকাগুলি পালন করুন।

(ক) হ্যাজার্ড রিস্কার জুলিয়ে অন্য পথ ব্যবহারকারীদের বিকল হওয়া যান সম্পর্কে সচেতন করুন।

(খ) উজ্জ্বল এবং প্রতিফলনযুক্ত পোষাক বা সেফটি ভেস্ট (Safety Vest) পরে নিন (চিত্র ৮.৫)।



চিত্র ৮.৫ সেফটি ভেস্ট



চিত্র ৮.৬ বিকল যানের জন্য সতর্কতামূলক হ্যাজার্ড ট্রায়াঙ্গল

(গ) গাড়ীর যাত্রীদের নিরাপদ স্থানে সরিয়ে দিন।

(ঘ) অন্যান্য পথ ব্যবহারকারীদের সতর্ক করতে লাল সংকেত বা ফ্ল্যাগ, প্রতিফলনযুক্ত হ্যাজার্ড ট্রায়াঙ্গল

(চিত্র ৮.৬) ইত্যাদি ব্যবহার করুন। এই ধরনের হ্যাজার্ড ট্রায়াঙ্গল বিকল যানটির থেকে অন্তত ৩০ মিটার বা ৪০ পা পিছনে রাখুন।

৮.৪.২ ব্রেক ফেলিওর

ব্রেক কষার পরেও যদি গাড়ী না থামে, তাহলে বুঝতে হবে যে ব্রেক কাজ করছে না। একে আমরা সাধারণভাবে ব্রেক ফেলিওর বলে থাকি। এই অবস্থায় চালক হিসেবে নিম্নলিখিত নির্দেশগুলি পালন করুন:

- (ক) ব্রেক প্যাডেল খুব জোরে এবং বার বার চাপতে থাকুন (চিত্র ৮.৭)।
- (খ) চলন্ত গাড়ীকে নিচু গিয়ারে রাখুন।
- (গ) প্রয়োজনে অন্য চালকদের সতর্ক করতে হর্ণ বাজান বা বার বার হেডলাইট জ্বালান (চিত্র ৮.৮)।
- (ঘ) রাস্তার ধারে চলে আসুন।
- (ঙ) হ্যান্ডব্রেক ব্যবহার করে সাবধানতার সঙ্গে আপনার গাড়ীটি থামান।



চিত্র ৮.৭ ব্রেক ফেলিওর হলে প্যাডেল পাম্প করুন



চিত্র ৮.৮ ব্রেক ফেলিওর হলে হর্ণ এবং ফ্ল্যাশ লাইট
ব্যবহার করুন

৮.৪.৩ টায়ারের হাওয়া বেরিয়ে যাওয়া

গাড়ীর সামনের যেদিকের চাকা পাংচার হয় গাড়ী সেদিকে গড়াতে চায়। উদাহরণস্বরূপ, ডানদিকের চাকা পাংচার হলে গাড়ীটি ডানদিকে গড়াতে চায়। পিছনের চাকা পাংচার হলে গাড়ী সবেগে পাশে সরতে পারে (চিত্র ৮.৯)। সাধারণ পাংচার ছাড়া গাড়ীর চাকা ফেটে যাওয়ার ঘটনাও ঘটে, তবে সেক্ষেত্রে সজোরে আওয়াজ শোনা যায়। গাড়ী নিয়ে বেরোবার আগে টায়ারের অবস্থা ভালো করে যাচাই করে নিন। টায়ার হঠাতে পাংচার হলে বা ফেটে গেলে নিম্নলিখিত নির্দেশগুলি মেনে চলুন।

- (ক) শক্ত হাতে স্টিয়ারিং ধরে রাখুন।
- (খ) জোর করে ঘোরানো বা দিক পরিবর্তন করতে যাবেন না।
- (গ) ধীরে ধীরে অ্যাঞ্জিলারেটের থেকে পা সরিয়ে নিন।
- (ঘ) গাড়ীর উপর নিয়ন্ত্রণ এলে ধীরে ব্রেক ক্ষুন।
- (ঙ) গতি কমিয়ে রাস্তার ধারে নিরাপদে দাঁড়ান।



চিত্র ৮.৯ পিছনের চাকা পাংচার হওয়ার একটি উদাহরণ

৮.৪.৪ হেডলাইট ফেলিওর

হেডলাইট খারাপ হয়ে গেলে নিম্নলিখিত বিষয়গুলি চেষ্টা করবন:

- (ক) ডিমার সুইচ জুলুন, তাতে পুনরায় হেডলাইট জুলতে পারে।
- (খ) কয়েকবার হেডলাইট অন-অফ করে দেখুন।
- (গ) পার্কিং লাইট, ইন্ডিকেটর বা হ্যাজার্ড লিঙ্কার জুলিয়ে রাখুন।

৮.৪.৫ অ্যাসিলারেটর আটকে যাওয়া

অ্যাসিলারেটর থেকে পা সরিয়ে নিলেও যদি গাড়ির গতি না কমে বা গতি বৃদ্ধি পায়, তাহলে বুঝতে হবে অ্যাসিলারেটর কাজ করছে না। এই ক্ষেত্রে আপনার যা করণীয় সেগুলি হল:

- (ক) জোরে ব্রেক ক্ষুন, হ্যান্ডব্রেক ব্যবহার করবেন না।
- (খ) গিয়ার নিউট্রালে নিয়ে আসুন।
- (গ) যদি কিছুই কাজ না করে, তাহলে ইঞ্জিন বন্ধ করে দিন।
- (ঘ) রাস্তার ধারে গাড়ীটিকে নিয়ে এসে পুরোপুরি থামিয়ে দিন (চিত্র ৮.১০)।



চিত্র ৮.১০ অ্যাসিলারেটর আটকে যাওয়া গাড়ীকে রাস্তার ধারে নিরাপদে দাঁড় করান

৮.৪.৬ গাড়ী শোল্ডারে নেমে যাওয়া

গাড়ী কোনো ভাবে মূল রাস্তা ছেড়ে পাশের অংশে বা শোল্ডারে নেমে গেলে তাড়াহুড়ো করবেন না, বরং:

- (ক) সিটিয়ারিং শক্ত করে ধরে রাখুন এবং সোজা চালান।
- (খ) গাড়ীর গতি কমিয়ে দিন এবং তারপর সব দিক ভালো করে দেখে পুনরায় মূল রাস্তায় ফিরে আসুন।

৮.৪.৭ সংঘর্ষ থেকে নিজেকে বাঁচান

গাড়ী চালানোর সময় সব পরিস্থিতিতেই সিটেবেল্ট
বেঁধে রাখা অত্যন্ত জরুরী। যে কোন সংঘর্ষের
সময় সিটেবেল্ট বাঁধা থাকলে তার উপকারিতাগুলি হল :

- (ক) এটি আপনাকে গাড়ীর বাইরে ছিটকে পড়ে যাওয়া
থেকে রক্ষা করে।
- (খ) আচমকা গাড়ী থামলে তাতে যাত্রীরা বা চালক
ড্যাশবোর্ড বা উইন্ডোস্ক্রীনের উপর হমড়ি থেঁয়ে
পড়তে পারে- তার থেকে রক্ষা পেতে সিটেবেল্ট
খুবই কার্যকরী ভূমিকা পালন করে।


সংঘর্ষ নানা ভাবে হতে পারে। কয়েকটি সাধারণ
সংঘর্ষের ধরন এখানে উল্লেখ করা হল এবং প্রতিটি
ক্ষেত্রে আপনার কি করণীয় তাও বলা হল।

পিছন থেকে ধাক্কা (চিত্র ৮.১১) :

- (ক) আপনার গাড়ীকে উল্টোদিক থেকে আসা ট্র্যাফিক থেকে দূরে সরিয়ে নিন।
- (খ) নিজেকে সিটারিং হইল ও সিটের মাঝে রাখুন। হেড রেস্ট এবং মাথার মধ্যে কোনো ফাঁক রাখবেন না
(চিত্র ৮.১২)।

পাশ থেকে ধাক্কা (চিত্র ৮.১৩) :

ভালো করে সিটারিং ধরে থাকুন যাতে পাশে ছিটকে না পড়েন।



চিত্র ৮.১১ পিছন থেকে গাড়ীতে ধাক্কা লাগা




চিত্র ৮.১২ হেড রেস্ট ও মাথার মাঝে কোনো ফাঁক রাখবেন না



চিত্র ৮.১৩ পাশ থেকে গাড়ীতে ধাক্কা লাগা

সামনে থেকে ধাক্কা (চিত্র ৮.১৪) :

- (ক) পাশে খুঁকে দ্রুত সিটের উপর শুয়ে পড়ার চেষ্টা করুন, তাতে সিট্যারিং কলাম বা উইন্ডশীল্ড-এর সাথে আঘাত থেকে রক্ষা পেতে পারেন।
- (খ) এই ধরনের আঘাত থেকে রক্ষার জন্য সিটবেল্ট খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিজের সুরক্ষার জন্য সিটবেল্ট অবশ্যই বেঁধে রাখুন, নতুনা এই ধরনের দুর্ঘটনার ক্ষেত্রে গুরুতর চোট পাওয়ার সম্ভাবনা থাকে।



চিত্র ৮.১৪ সামনে থেকে গাড়ীতে ধাক্কা লাগা

৮.৪.৮ গাড়ীতে আগুন

বেশিরভাগ ক্ষেত্রে গাড়ীর ইলেক্ট্রিকাল সিস্টেমে শর্ট সার্কিটের জন্য অগ্নিকাণ্ড ঘটে (চিত্র ৮.১৫)। গাড়ীতে আগুন লাগলে নিম্নলিখিত নির্দেশগুলি মেনে চলুন।

- (ক) গাড়ীর গতি কমান, থামুন এবং ইঞ্জিন বন্ধ করুন।
- (খ) সব যাত্রীদের গাড়ী থেকে বাইরে নিরাপদ দূরত্বে নিয়ে আসুন।
- (গ) যদি আগুন নিয়ন্ত্রণের বাইরে হয়, দূরে সরে যান, কারণ পেট্রল/ডিজেল থাকায় বিস্ফোরণ ঘটতে পারে।
- (ঘ) যদি অগ্নিনির্বাপক যন্ত্র থাকে, তাহলে সেটি ব্যবহার করে আগুন আয়তে আনার চেষ্টা করুন।
- (ঙ) যদি অগ্নিনির্বাপক যন্ত্র না থাকে, তাহলে মোটা কাপড় বা পোষাক, ধূলোবালির সাহায্যে আগুনের শিখা নিয়ন্ত্রণে আনার চেষ্টা করুন। জল ব্যবহার করবেন না।
- (চ) দুর্ঘটনার কারণ খুঁজে প্রতিকার করার চেষ্টা করুন। যদি সন্তুষ্ট হয়, ব্যাটারি সংযোগ দ্রুত বিচ্ছিন্ন করুন। যদি তা সন্তুষ্ট না হয়, কোন যন্ত্র দিয়ে জুলে যাওয়া তারগুলি বিচ্ছিন্ন করুন। খালি হাতে জুলে যাওয়া তার ও ইনসুলেশন ধরতে যাবেন না।



চিত্র ৮.১৫ শর্ট সার্কিট থেকে গাড়ীতে আগুন

৮.৫ জরুরী পরিষেবার গাড়ীর ক্ষেত্রে প্রতিক্রিয়া

রাস্তায় গাড়ী চালানোর সময় আমরা অনেকক্ষেত্রে জরুরী পরিষেবা প্রদানকারী গাড়ী দেখতে পাই। চালক হিসাবে আপনার এই ধরনের গাড়ীকে রাস্তায় অগ্রাধিকার দিতে হবে।

৮.৫.১ পিছন থেকে জরুরী পরিষেবার গাড়ী এলে

- (ক) মিউজিক সিস্টেম বন্ধ করুন - নিরাপদভাবে এবং মনোসংযোগ রেখে জরুরী পরিষেবার গাড়ীটিকে অগ্রাধিকার দেওয়ার জন্য প্রস্তুত হন।
- (খ) ইন্ডিকেটর দিয়ে বাঁদিকে সরে গিয়ে আপৎকালীন যানটিকে যাওয়ার জায়গা করে দিন।
- (গ) ফুটপাথে গাড়ী চালাবেন না, এতে পথচারীদের অসুবিধা ও দুর্ঘটনা হতে পারে। (চিত্র ৮.১৬)



চিত্র ৮.১৬ ফুটপাথে গাড়ী চালাবেন না

৮.৫.২ রাস্তার সংযোগস্থলে জরুরী পরিষেবার গাড়ী থাকলে

- (ক) সব সময় আপৎকালীন যান থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন এবং এই ধরনের যানকে অগ্রাধিকার দিন। সামনে দেখা ছাড়াও গাড়ীর ভিতরে থাকা আয়না (Rear View Mirror) বা পাশের আয়নাগুলি দিয়ে সতর্কভাবে আশেপাশে নজর রাখুন এবং প্রয়োজন হলে গাড়ী দাঁড় করিয়ে দিন।
- (খ) আপনি যদি আপৎকালীন যানের পিছনে থাকেন, তাহলে সেই যানকে অনুসরণ করে, রেড সিগন্যাল অমান্য করে গাড়ী চালাবেন না।
- পুলিশ কোন নির্দেশ দিলে সেই নির্দেশ মেনে আপৎকালীন যানকে সংযোগস্থল পেরিয়ে যেতে সাহায্য করুন।

৮.৬ আপৎকালীন পরিস্থিতিতে গাড়ী চালানোর কিছু গুরুত্বপূর্ণ বিষয়

৮.৬.১ স্টিয়ারিং

গাড়ী চালাতে গেলে স্টিয়ারিংয়ের ওপর নিয়ন্ত্রণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপৎকালীন পরিস্থিতিতে দ্রুততা ও দক্ষতার সঙ্গে স্টিয়ারিং চালনা করে অনেক দুর্ঘটনা এড়ানো সম্ভব।


আপৎকালীন পরিস্থিতিতে দ্রুততার সঙ্গে স্টিয়ারিং ঘোরাতে যাতে সুবিধা হয়, সেইজন্য আপনার হাতদুটি অবশ্যই স্টিয়ারিং হাঁটলের দুই বিপরীত প্রান্তে (নটা ও তিনটে বাজলে ঘড়ির কাঁটা যেমন থাকে তেমন) রাখুন (চিত্র ৮.১৭ ক), গাড়ী দ্রুত বাঁদিকে ঘোরাতে চাইলে চিত্র ৮.১৭ খ -এ যেভাবে দেখানো হয়েছে সেভাবে স্টিয়ারিং ঘোরান। বিভিন্ন পরিস্থিতিতে স্টিয়ারিং-এর নানারকম ব্যবহার চিত্র ৮.১৭-এ দেখানো হয়েছে।



চিত্র ৮.১৭ বাধাকে এড়াতে স্টিয়ারিং-এর প্রক্রিয়া

৮.৬.২ অ্যাসিলারেট করা বা গতি বাড়ানো

কখনও কখনও সংঘর্ষ এড়াতে আপনাকে গতি বাড়াতে হতে পারে। উদাহরণস্বরূপ, যদি কোনো গাড়ী আপনাকে পিছন থেকে বা পাশ থেকে আঘাত করতে পারে মনে হয়, তখন সংঘর্ষ এড়াতে দ্রুত গতি বাড়িয়ে দিন (চিত্র ৮.১৮)।



চিত্র ৮.১৮ দুর্ঘটনা থেকে রক্ষা পেতে সম্ভব হলে গাড়ীর গতি বাড়ান

৮.৬.৩ ব্রেক কষা

যান চালানোর সময় আপৎকালীন পরিস্থিতিতে ব্রেক কষতে হতে পারে। সঠিকভাবে ব্রেক না কষলে বিপদ হতে পারে, এমনকি দুর্ঘটনাও ঘটতে পারে। অনেক চালকই আচমকা ব্রেক করেন। তখন ব্রেক লক হয়ে যেতে পারে, গাড়ী ক্ষিদ করতে পারে এবং স্টিয়ারিং ঘোরানো অসম্ভব হতে পারে। ব্রেক পাম্প করে গাড়ীকে থামানোই সবচেয়ে ভাল পদ্ধা। এতে স্টিয়ারিং-এর উপর নিয়ন্ত্রণ থাকে আর সংঘর্ষের স্তুতিবনাও কমে যায়।


৮.৬.৪ ক্ষিদ করা

গাড়ীর পিছলে যাওয়া বা ক্ষিড়ি চালকের নানাবিধ ভুল ক্রিয়াকলাপের জন্য হতে পারে। যেমন :

- (ক) হঠাত বা সজোরে ব্রেক কষলে।
- (খ) বেপরোয়া ভাবে গতি বাড়ালে।
- (গ) স্টিয়ারিং-এ নিয়ন্ত্রণ না থাকলে।
- (ঘ) বাঁকের মুখে অতিরিক্ত গতি বাড়ালে (চিত্র ৮.১৯)।

ক্ষিড়ি সবসময় বিপজ্জনক। নিম্নলিখিত বিষয়গুলি ক্ষিড়ি-এর স্তুতিবনা এবং ক্ষিড়ি-জনিত বিপদকে আরও বাড়িয়ে তুলতে পারে।


- গাড়ীর রক্ষণাবেক্ষণের অভাব, যেমন - পুরোনো এবং ক্ষয়ে যাওয়া টায়ারের ব্যবহার, ঠিকমত টায়ার প্রেশার বজায় না রাখা ইত্যাদি
- রাস্তায় জল, তেল, বালি ইত্যাদির উপস্থিতি



ক্ষিড়ি এড়িয়ে চলার জন্য সবসময় -

চিত্র ৮.১৯ বাঁকের মুখে অতিরিক্ত গতির ফলে পিছলে যাওয়া বা ক্ষিড়ি-

- সাবধানে অ্যাক্সিলারেটর চাপুন
- আলতো করে ব্রেক কয়ুন
- ধীরে মোড় ঘূরঞ্চ



চিত্র ৮.২০ স্কিডিং এড়ানোর উপায়

যদি আপনার গাড়ী স্কিড করতে শুরু করে, তাহলে নিম্নলিখিত নির্দেশগুলি পালন করুন :

- (ক) গাড়ী যেদিকে স্কিড করছে সেদিকেই স্টিয়ারিং ঘোরান (চিত্র ৮.২০)। যদি পিছনের চাকা বাঁদিকে স্কিড করে, তাহলে বাঁদিকেই স্টিয়ারিং ঘোরান (চিত্র ৮.২০ ক)। যদি পিছনের চাকা ডানদিকে স্কিড করে, তাহলে স্টিয়ারিং ডান দিকে ঘোরান (চিত্র ৮.২০ খ)। যখন স্কিড করে যাওয়া থেকে রক্ষা পেতে স্টিয়ারিং ঘোরাচ্ছেন, তখন উল্টোদিকেও স্কিডিং হওয়া শুরু হতে পারে। তবে দ্বিতীয়টি প্রথমাটির মতো ততটা বিপজ্জনক নাও হতে পারে। দ্বিতীয় স্কিড থেকে নিয়ন্ত্রণ ফিরে পেতে স্টিয়ারিং আবার উল্টোদিকে ঘোরান। এইরকম বেশ কয়েকবার স্টিয়ারিং ঘুরিয়ে গাড়ীকে নিজের নিয়ন্ত্রণে আনুন।
- (খ) গাড়ী স্কিড করলে ব্রেক চাপবেন না। যদি ব্রেক চাপেন, স্কিড আরও বিপদের হতে পারে। ব্রেক কষলে চাকা আঁটকে গিয়ে স্টিয়ারিং-এর উপর নিয়ন্ত্রণ আরও কমে গিয়ে বিপদ বাঢ়িয়ে তুলতে পারে।

৮.৭ মূল্যায়ন

১। গাড়ীতে আগুন লাগলে প্রথমে কি করবেন ?

- (ক) ইগনিশন বন্ধ করুন
- (খ) রাস্তার মাঝে গাড়ী দাঁড় করিয়ে দিন
- (গ) রাস্তার ধারে গাড়ী দাঁড় করান
- (ঘ) জল দিয়ে আগুন নেভান

২। যখন আপনার গাড়ীর পিছনের অংশ বাঁদিকে ক্লিড করছে তখন কি করা উচিত ?

- (ক) ডান দিকে স্টিয়ারিং ঘোরান
- (খ) ব্রেক চাপুন
- (গ) বাঁ দিকে স্টিয়ারিং ঘোরান
- (ঘ) হ্যান্ডব্রেক ব্যবহার করুন

৩। রাস্তায় গাড়ী বিকল হলে কত দূরে হ্যাজার্ড ট্রায়াঙ্গল স্থাপন করবেন ?

- (ক) ৪০ মিটার
- (খ) ৩০ মিটার
- (গ) ১৫ মিটার
- (ঘ) ৫০ মিটার

৪। যখন গাড়ী ক্লিড করছে তখন ব্রেকের কোন্ ধরনের ব্যবহার কার্যকর হবে ?

- (ক) খুব জোরে ব্রেক চাপা
- (খ) হ্যান্ড ব্রেক ব্যবহার করা
- (গ) জোরে ব্রেক পাম্প করা
- (ঘ) ব্রেক না চাপা

৫। যখন পিছন থেকে কোনো গাড়ীর সঙ্গে সংঘর্ষ হয় তখন আপনার মাথা কিভাবে থাকা উচিত ?

- (ক) স্টিয়ারিং এর দিকে ঝুঁকে থাকবে
- (খ) হেডরেস্ট ও মাথার মাঝে কোনো ফাঁক থাকবে না
- (গ) উইন্ডস্ক্রীনের সঙ্গে পাশাপাশি থাকবে
- (ঘ) খাড়াভাবে উইন্ডস্ক্রীনের দিকে থাকবে



প্রাথমিক চিকিৎসা

নির্মল কুমার সোম

৯.১ ভূমিকা

আমাদের যাতায়াতের পথে প্রায়ই আমরা পথ দুর্ঘটনা ঘটতে দেখি। দায়িত্বান নাগরিক হিসেবে আমরা এই সব ক্ষেত্রে সহায়তা করতে এগিয়ে আসি। এর জন্য প্রাথমিক চিকিৎসার খুঁটিলাটি বিষয় জেনে রাখা প্রয়োজন, কারণ এর সঙ্গে জীবন-মৃত্যু জড়িত। কোন অভিজ্ঞ চিকিৎসক বা অ্যাস্ফুলেন্স পরিমেবা দুর্ঘটনাস্থলে পৌঁছানোর আগে আহত ব্যক্তিকে প্রাথমিক শুশ্রাব দেওয়া অত্যন্ত জরুরী। এর উদ্দেশ্য :

- জীবন বাঁচানো
- পরিস্থিতি আরও খারাপ হওয়া থেকে সামলানো
- নিরাময়ে সহায়তা করা

৯.২ ফার্স্ট এইড কিট

আপৎকালীন পরিস্থিতিতে চিকিৎসার জন্য যে সব বস্তুর প্রয়োজন হয়, তাকে ফার্স্ট এইড কিট বলে (চিত্র ৯.১)। এই জিনিষগুলি একটি শক্ত ও জলনিরোধক বাল্কে নির্দিষ্ট নাম সহ রাখা থাকে। ছোট গাড়ীর ক্ষেত্রে এই বাস্তুটি চালকের সামনে ড্যাশবোর্ডে রাখা থাকে আর বড় গাড়ীর ক্ষেত্রে চালকের সিটের পিছনে রাখা হয়, যাতে বিপদের সময় তা সহজেই পাওয়া যায়। যাত্রা শুরুর আগে নিয়মিত এই বাস্তুটি পরীক্ষা করে নিন। যদি কিছু ব্যবহার হয়ে থাকে, তাহলে তা পূরণ করে রাখুন। ফার্স্ট এইড কিটে কি কি রাখা দরকার, তা দেখে নেওয়া যাক :

- অ্যালকোহল সোয়াব
- গজের প্যাড
- অ্যান্টিবায়োটিক মলম
- ড্রেসিং এর সামগ্রী
- আঠা লাগানো টেপ
- আঠা লাগানো ব্যান্ডেজ
- রোলার ব্যান্ডেজ
- ত্রিকোণ ব্যান্ডেজ
- কাঁচি
- ফ্লাভস
- দড়ির টুকরো



চিত্র ৯.১ ফার্স্ট এইড কিট-এর বিভিন্ন সামগ্রী

৯.৩ পরিস্থিতি অনুসারে কর্ম পদ্ধতি

প্রাথমিক চিকিৎসার অভিজ্ঞতা থাকলে দায়িত্ব নিয়ে শুশ্রাব করুন; ভয় পাবেন না। যদি কাছে কেউ উপস্থিত থাকে, তাহলে তার সহায়তা চাইতে পারেন। ১০২ নম্বর ডায়াল করে অ্যাস্ফুলেন্স ডাকুন, অথবা কোন দায়িত্বান কর্তৃপক্ষকে খবর দিন। পরিস্থিতি যাচাই করে নিন, বুঝে নিন আপনি নিরাপদে সেবা করতে পারবেন কিনা। খেয়াল রাখবেন, প্রাথমিক চিকিৎসা করতে গিয়ে নিজেকে যেন আহত করে না ফেলেন।

রাস্তার মাঝপথে দুর্ঘটনা ঘটে থাকলে প্রথমেই ট্র্যাফিক নিয়ন্ত্রণ করুন। যদি পথ দুর্ঘটনায় পড়েন, তাহলে সঙ্গে সঙ্গে গাড়ীর ইগনিশন বন্ধ করুন এবং হ্যান্ডবেকে ব্যবহার করুন। গাড়ী থেকে গড়িয়ে যাওয়া জুলানী থেকে আহতদের নিরাপদ দূরত্বে নিয়ে যান। আহত ব্যক্তির মাথা থেকে পা পর্যন্ত খুঁটিয়ে দেখে নিন, যাতে আঘাতের চরিত্র বুঝে সেইমত প্রাথমিক চিকিৎসা করতে পারেন। প্রাথমিক শুশ্রাব পরে দায়িত্বান কোন ব্যক্তির সহায়তায় আহত ব্যক্তিকে হাসপাতালে বা তার বাড়িতে পাঠিয়ে দিন, এবং প্রয়োজনীয় নির্দেশ ও তথ্য দিন।

৯.৪ চোট (Wound)

ত্বকে আঘাত পেয়ে রক্তপাত হওয়াকেই চোট লাগা বলা হয়। চোট বিভিন্ন ধরণের হয়। দুর্ব্বলায় আহত ব্যক্তির চোট ভালো করে যাচাই করে নিয়ে তবেই প্রাথমিক চিকিৎসা করা উচিত। বিভিন্ন ধরণের চোটের কথা নিচে বলা হল -

- অ্যারেশন - সামান্য ছড়ে যাওয়া।
- ল্যাসারেশন - কোনো ভারি বস্তুতে কেটে যাওয়া।
- ইনসাইস্ড - ধারালো ধাতু বা কাঁচ দিয়ে লম্বা করে কেটে যাওয়া।
- পাংচার - পেরেক দিয়ে গভীর ক্ষত হওয়া।
- অ্যাভলশন - ত্বক ও পেশীতে গভীর ক্ষত হওয়া।
- অ্যাম্পুটেশন - অঙ্গ বাদ যাওয়া অর্থাৎ আঙ্গুল হাত বা পা সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে যাওয়া।

চোট লাগা অংশ থেকে বিভিন্ন ভাবে রক্তক্ষরণের ধরন দেখে চোটের উৎসস্থল বোঝা সহজ। যেমন -

- ধমনি থেকে ফিলকি দিয়ে রক্তপাত হয়।
- শিরা থেকে নিয়মিত ধারায় রক্তপাত হয়।
- ক্যাপিলারি থেকে রক্ত চলকে বেরিয়ে আসে।

এছাড়া দুর্ব্বলায় দেহের অভ্যন্তরেও রক্তপাত হতে পারে, যা দ্রুত পরিস্থিতি অবনতির দিকে নিয়ে যেতে পারে। তাই আগনাকে এই ধরনের পরিস্থিতি সম্পর্কেও ধারণা রাখতে হবে।

রক্ত বন্ধ করার উপায় (চিত্র ৯.২)

- আঘাত পাওয়া অঙ্গকে তলায় সাপোর্ট দিয়ে উঁচু করে ধরণ।
- আঘাতের স্থান জীবাণুমুক্ত গজ দিয়ে ঢেকে দিন।
- রক্তপাত বন্ধ করতে আঘাতের স্থানে সরাসরি চাপ দিন।



অঙ্গটি তুলে ধরণ



জীবাণুমুক্ত গজ দিয়ে ঢেকে দিন



সরাসরি চাপ দিন

চিত্র ৯.২ রক্ত বন্ধ করার উপায়

৯.৫ প্রেশার পয়েন্ট (Pressure Point)

মানুষের দেহে কয়েকটি নির্দিষ্ট স্থান রয়েছে, যেখানে চাপ দিলে রক্ত সরবরাহ বন্ধ করা যায়। পথ দুর্ঘটনার ফলে যখন রক্তপাত হতে থাকে, তখন আঘাত পাওয়া স্থানে চাপ দিয়েও অনেকসময় রক্তপাত বন্ধ করা যায় না। তখন এই প্রেশার পয়েন্টগুলিতে চাপ দিয়ে সেই অঙ্গে রক্তসরবরাহ সাময়িক বন্ধ করে রক্তপাতকে নিয়ন্ত্রণে আনার চেষ্টা করা হয়। এই ক্ষেত্রে ধূমনীকে হাড়ের উপর চেপে ধরে রক্ত সরবরাহ বন্ধ করা হয়। উত্থর্বাসের ক্ষেত্রে হাতের উপরের দিকে বগলের কাছে প্রেশার পয়েন্ট রয়েছে, আর নিম্নাঙ্গের ক্ষেত্রে থাইয়ের উপরের দিকে কোমরের কাছে প্রেশার পয়েন্ট রয়েছে (চিত্র ৯.৩)।



চিত্র ৯.৩ মানব দেহে বিভিন্ন প্রেশার পয়েন্ট

৯.৫.১ টুর্নিকেট (Tourniquet)

একটুকরো দড়ি বা কাপড়ের টুকরো দিয়ে আঘাত পাওয়া স্থানের কাছাকাছি বাঁধাকে বলে টুর্নিকেট। রক্তপাত বন্ধের এটি শেষ উপায়। একবার বাঁধন দেওয়া হলে তা চিকিৎসক ছাড়া অন্য কারোর খোলা উচিত নয়। এই বাঁধন দেওয়ার নানা পদ্ধতি চিত্র ৯.৪-এ বর্ণনা করা হলো।



চিত্র ৯.৪ বাঁধন দেওয়ার বিভিন্ন ধাপ

৯.৬ ফ্ল্যাকচার (Fracture)

হাড়ের চিড় ধরা বা ভেঙ্গে যাওয়াকেই ফ্ল্যাকচার বলে। ফ্ল্যাকচার বিভিন্ন ধরনের হতে পারে:

- ক্লোজড - ত্বকের কিছু হয়নি কিন্তু ভিতরের হাড় ভেঙ্গে গেছে।
- ওপেন - ত্বকেও ক্ষত হয়েছে এবং হাড়ও ভেঙ্গেছে।
- জটিল - হাড়ও ভেঙ্গেছে এবং তা অন্যান্য অঙ্গ যেমন ব্রেন, লিভার ইত্যাদির ক্ষতি করেছে।

৯.৬.১ ফ্ল্যাকচারের লক্ষণ

- অসহ্য যন্ত্রণা, ফুলে যাওয়া, নড়াচড়া করতে না পারা।
- ফ্ল্যাকচারের জায়গায় ক্ষত ও অস্বাভাবিকতা।

৯.৬.২ ফ্ল্যাকচারের চিকিৎসা

আঘাত পাওয়া স্থানটিকে কিছুর সাহায্যে সোজা মেলে ধরুন। প্রয়োজনে নড়াচড়া যাতে না হয়, তার জন্য স্প্লিন্ট জাতীয় কিছুর সহায়তায় আটকেও রাখতে পারেন। যদি ক্ষতটি খোলা হয় বা দেখা যায়, তাহলে জীবাণুমুক্ত গজ দিয়ে তা ঢেকে দিন। ভেতর থেকে ভাঙ্গা হলে ঠাণ্ডা বরফও দিতে পারেন।

বেশীরভাগ ফ্ল্যাকচারেই রক্তপাত হয়। সেই রকম ক্ষেত্রে খুব জোরে চাপাচাপি করবেন না যদি না আপনি খুব ভালো প্রশিক্ষণপ্রাপ্ত হন, কারণ তাহলে পরে আরও জটিলতা বাঢ়তে পারে। যে অঙ্গের হাড় ভেঙ্গেছে বলে মনে হচ্ছে, সেই অঙ্গ নড়াচড়া না করে সোজা করে রাখাই শ্রেয়।

৯.৭ সফ্ট টিস্যুতে আঘাত (Soft Tissue Injury)

সফ্ট বা নরম টিস্যুতে আঘাত সাধারণত দুই ধরনের হয় :

- স্প্রেইন - লিগামেন্ট ছিঁড়ে যাওয়া।
- স্টেইন - খুব চাপ লেগে মাস্ল বা পেশী ছিঁড়ে যাওয়া।

৯.৭.১ সফ্ট টিস্যুতে আঘাতের চিকিৎসা

ক্ষতিগ্রস্ত অঙ্গটি সমতলে রাখুন ও বরফ দিয়ে ঢেকে রাখুন। তারপর ধীরে ধীরে অঙ্গটি তুলে ধরুন।

৯.৮ পুড়ে যাওয়া (Burns)

পথ দুর্ঘটনায় তিন ধরনের পুড়ে যাওয়া লক্ষ্য করা যায়:

- সুপারফিশিয়াল - ত্বক লাল বা ফোক্সা হওয়া।
- পার্শিয়াল থিকনেস - ত্বক লাল কাদগো এবং সঙ্গে ব্যথা হওয়া।
- ফুল থিকনেস - কালো হয়ে যাওয়া ত্বকের সঙ্গে নার্ভও পুড়ে যাওয়া।

৯.৮.১ পোড়ার চিকিৎসা

আহত ব্যক্তির পুড়ে যাওয়া অংশ থেকে জামা-কাপড় সরিয়ে দিন। প্রয়োজনে ১০-১৫ মিনিট ধরে জল দিন। তারপর শুকনো জীবাণুমুক্ত গজ দিয়ে ড্রেসিং করুন এবং ক্ষতের চিকিৎসা করুন। যদি খুব বেশী পুড়ে যায়, তাহলে নিম্নলিখিত কাজগুলি করুন।

- পুড়ে যাওয়া ভাঙের সঙ্গে কিছু লেগে থাকলে তা সরাবার চেষ্টা করবেন না।
- পুড়ে যাওয়া স্থানে কোনো লোশন বা মলম লাগাবেন না।
- ফোক্সা হলে ফাটিয়ে দিতে যাবেন না।
- আহতকে অতিরিক্ত ঠাণ্ডা কিছু দেবেন না যাতে কাঁপুনি লাগে।
- যদি শ্বাস-প্রশ্বাস না হয়, পাল্স না পাওয়া যায়, তৎক্ষনাত্মক কার্ডিও পালমোনারি রেসাসাইটেশন (সি.পি.আর.) শুরু করুন।

৯.৯ শক লাগা ও তার চিকিৎসা (Treatment of Shock)

দুর্ঘটনার আকস্মিকতায় অনেকেই খুব ভয় পান বা ঘাবড়ে যান। এই ভয় বা শক থেকে আহতকে বের করে আনতে এইগুলি করুন।

- মৃদু ঝাঁকুনি দিন এবং ডাকুন - আপনি আলতো করে কাঁধ ধরে ঝাঁকান, জোরে ডাকুন, জানতে চান তিনি আপনার কথা শুনতে পাচ্ছেন কিনা। যদি কোনো রকম সাড়া না পান, বুঝতে হবে সেই ব্যক্তি সংজ্ঞা হারিয়েছেন।
- সহায়তা চান - যদি আশে-পাশে কেউ থাকে তার সহায়তা চান। অ্যাস্ত্রুলেন্স ডাকার জন্য তাকে অনুরোধ করুন। কেউ না থাকলে ১০২ ডায়াল করে অ্যাস্ত্রুলেন্স ডাকুন, কারণ সংজ্ঞাহীনকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া প্রয়োজন।
- সি. পি. আর. - দুর্ঘটনা থেকে সংজ্ঞাহীনের মস্তিষ্কে রক্ত সঞ্চালন ও ফুসফুসে অক্সিজেন সরবরাহ করতে এই বিশেষ পদ্ধতি অবলম্বন করা হয়, যাতে মস্তিষ্কে কোনো রকম ক্ষয়-ক্ষতি না হয়। কেউ সংজ্ঞাহীন ও শ্বাস-প্রশ্বাস না নিলে তার দেহেও এই পদ্ধতি প্রয়োগ করা হয়। যতক্ষণ না চিকিৎসক আসছেন এটি করতে হয়।

৯.৯.১ সি. পি. আর. দেওয়ার পদ্ধতি

সি. পি. আর. দেওয়ার তিনটি প্রাথমিক ধাপ রয়েছে (চিত্র ৯.৫)। এগুলি হল রক্তসঞ্চালন করা, শ্বাসনালী উন্মুক্ত করা এবং শ্বাস-প্রশ্বাস নিতে সাহায্য করা।



চিত্র ৯.৫ সি.পি.আর.-এর সি-এ-বি প্রক্রিয়া

প্রথম ধাপ: আহত ব্যক্তিকে শক্ত জায়গায় সোজা করে শুইয়ে দিন।

দ্বিতীয় ধাপ: আপনি হাঁটু মুড়ে আহত ব্যক্তির বুকের পাশে বসুন।

তৃতীয় ধাপ: আহত ব্যক্তির মুখ ফাঁক করুন, কোনো কৃত্রিম দাঁত ইত্যাদি থাকলে খুলে ফেলুন।

চতুর্থ ধাপ: একটি হাতের তালু বুকের পাঁজরের মাঝখানে রাখুন, অন্য হাতটির তালু তার উপর রাখুন (চিত্র ৯.৬ ক)।

পঞ্চম ধাপ: দু হাতের আঙুল জড়িয়ে নিন, হাত ও কনুই সোজা রাখুন। তারপর অন্তত দু ইঞ্চি করে চাপ দিতে থাকুন, প্রতি মিনিটে ১০০ বার করে চাপ দিন (চিত্র ৯.৬ খ)।

ষষ্ঠ ধাপ : প্রতিটি চাপের পর বুক আবার আগের অবস্থানে ফিরে আসার সময় দিন।


সপ্তম ধাপ: প্রতি ৩০ বার বুকে চাপ দেওয়ার পর দুবার করে মুখে মুখ ঠেকিয়ে হাওয়া দিন। যদি দুজন থাকেন তাহলে প্রতি ১৫টি চাপের পর দুবার করে খুব আস্তে মুখে হাওয়া দিন। প্রত্যেকবার ১ সেকেন্ডের সামান্য বেশী সময় হাওয়া দেবেন, আর যথেষ্ট পরিমাণে হাওয়া দেবেন যাতে বুকের গুর্যা-নামা চোখে পড়ে (চিত্র ৯.৬ গ)।

অষ্টম ধাপ: চতুর্থ থেকে সপ্তম ধাপ অন্তত পাঁচবার করার পর লক্ষ্য করুন স্বাভাবিক রক্ত সংবলন শুরু হয়েছে কি না। যদি না হয়, তাহলে উপরের ধাপগুলি আরো পাঁচবার অর্থাৎ (অন্তত ২ মিনিট) চাপ দেওয়া ও মুখে হাওয়া দেওয়া চালিয়ে যান (৩০:২ অনুপাতে)। প্রতি দু মিনিট বিরতিতে কম্প্রেশন করতে থাকুন (চিত্র ৯.৬ ঘ)।

নবম ধাপ: মুখে হাওয়া দেওয়ার আগে শ্বাসনালী উন্মুক্ত করার জন্য চিবুক তুলে মুখে হাওয়া দিন (খেয়াল রাখবেন আহত ব্যক্তি যদি ঘাড়ে আঘাত পান তাহলে ঘাড়ে নাড়াচাড়া করবেন না)।

দশম ধাপ: আহত ব্যক্তি যদি শ্বাস নেন এবং তার রক্ত সঞ্চালন স্থাভাবিক থাকে, তাহলে তার অন্য আঘাত চিকিৎসা করুন।

একাদশ ধাপ: যদি দেখেন যে আহত ব্যক্তি কোনো ভাবেই শ্বাস নিচ্ছে না এবং রক্ত সঞ্চালন নেই, তাহলে হাসপাতালে বা চিকিৎসকের সাহায্য নেওয়ার আগে পর্যন্ত সি.পি.আর. চালিয়ে যান।



(ক) চতুর্থ ধাপ



(খ) পঞ্চম ধাপ



(গ) সপ্তম ধাপ



(ঘ) অষ্টম ধাপ

চিত্র ৯.৬ সি.পি.আর.-এর বিভিন্ন ধাপ

৯.১০ উপসংহার

প্রাথমিক চিকিৎসার শিক্ষা আরো বেশী মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া প্রয়োজন, যাতে আরো বেশী মানুষের প্রাণ বাঁচানো সম্ভব হয়।

৯.১১ মূল্যায়ন

১। কিভাবে বুঝবেন কোনটি ক্যাপিলারি রক্তপাত ?

- (ক) ধারায় রক্ত বেরিয়ে আসে
- (খ) রক্ত চলকে বের হয়
- (গ) অঙ্গ রক্ত বের হতে থাকে
- (ঘ) উপরের কোনটিই নয়

২। যদি বুঝতে পারেন হাড় ভেঙ্গেছে তাহলে প্রাথমিক ব্যবস্থা হিসেবে কি করবেন ?

- (ক) স্পিন্টের সহায়তা নিয়ে আঘাত পাওয়া অঙ্গটি স্থির রাখুন
- (খ) ভেঙ্গে যাওয়া হাড়কে যথাস্থানে নিয়ে আসুন
- (গ) আঘাত যেরকমই হোকলা কেন ক্ষত স্থানে বরফ দিন
- (ঘ) উপরের সব কটি

৩। যদি কেউ দুর্ঘটনায় ভয়াবহ ভাবে পুড়ে যান তখন কি করবেন না ?


- (ক) পোড়া স্থানে লোশন বা মলম লাগাবেন
- (খ) পুড়ে যাওয়া স্থানে যা লেগে আছে তা সরিয়ে দেবেন
- (গ) আহতকে ঠাণ্ডা বরফ দেবেন
- (ঘ) উপরের সব কটি

৪। সি.পি.আর.-এর প্রাথমিক ধাপ তিনটি কী কী ?

- (ক) শ্বাসনালী উন্মুক্ত করা, শ্বাস নিতে দেওয়া এবং রক্ত সঞ্চালন করা
- (খ) শ্বাস নিতে দেওয়া, রক্ত সঞ্চালন করা এবং শ্বাসনালী উন্মুক্ত করা
- (গ) রক্ত সঞ্চালন করা, শ্বাসনালী উন্মুক্ত করা এবং শ্বাস নিতে দেওয়া
- (ঘ) শ্বাসনালী উন্মুক্ত করা, রক্ত সঞ্চালন করা এবং শ্বাস নিতে দেওয়া

৫। ভেন্টিলেশন বা মুখে মুখ ঠেকিয়ে হাওয়া দেওয়ার আগে কী কী খেয়াল রাখবেন ?

- (ক) মাথা তুলে এবং চিবুক তুলে ধরে শ্বাস নেওয়ার জন্য শ্বাসনালী উন্মুক্ত করতে হবে
- (খ) আহত ব্যক্তির মুখ সাফ করতে কোনো কৃত্রিম প্রতিস্থাপন থাকলে তা সরিয়ে দিতে হবে
- (গ) আহতকে শক্ত সমতলে সোজা করে শোয়াতে হবে
- (ঘ) উপরের সব কটি



তাথ্যাম

১০



মোটরযান চালানের আইনি দিক

উদয় শঙ্কর

১০.১

ভূমিকা

নিরাপদ এবং বিপন্নুক্ত যাত্রা সুনির্শিত করার ক্ষেত্রে গাড়ী চালকদের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। মোটর ভেহিক্যালস অ্যাস্ট ১৯৮৮ অনুযায়ী মোটর যান চালানোর জন্যে চালকের কাছে ড্রাইভিং লাইসেন্স থাকা জরুরী, যা সুনির্দিষ্ট কর্তৃপক্ষই প্রদান করতে পারে। কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র বিচার করেই ড্রাইভিং লাইসেন্স দেন। এর সাথে চালককেও নিয়ম কানুন মেনে রাস্তায় গাড়ী চালাতে হয়। গাড়ী চালকের অঙ্গতা এবং দায়িত্বজ্ঞানহীনতার কারণে কোনো দুর্ঘটনা ঘটলে মোটর ভেহিক্যালস অ্যাস্ট ১৯৮৮ এবং ভারতীয় পেনাল কোড ১৮৬০ অনুযায়ী তার শাস্তি হতে পারে। আইন অনুযায়ী চালকের অঙ্গতা কোনভাবেই শাস্তির ক্ষেত্রে অন্তরায় হতে পারে না। সাধারণ ভাবে দুর্ঘটনা বা বিপজ্জনকভাবে গাড়ী চালানোর ক্ষেত্রে শাস্তি হিসেবে মোটর ভেহিক্যালস অ্যাস্ট ১৯৮৮-এ বর্ণিত ধারাগুলি প্রয়োগ করা হয়। অনেক ক্ষেত্রে ভারতীয় পেনাল কোড ১৮৬০-এর কিছু ধারাও প্রয়োগ হতে পারে এবং সেক্ষেত্রে চালকের আরো কঠোর শাস্তি হতে পারে। সুতরাং গাড়ী চালান সংক্রান্ত নিয়মকানুন সম্পর্কে অবহিত হওয়া এবং সেগুলি মেনে নিরাপদ ও দায়িত্বসহকারে গাড়ী চালানো চালকের কর্তব্যের মধ্যে পড়ে। এই অধ্যায়ে মোটর যান চালনা সংক্রান্ত আইনি দিকগুলির কিছু অংশে আলোকপাত করা হল।

১০.২

ভারতীয় পেনাল কোডের প্রয়োগ

ভারতের বিভিন্ন অপরাধ এবং সেই সংক্রান্ত শাস্তির বিষয়গুলি ভারতীয় পেনাল কোড ১৮৬০ অনুযায়ী নির্ধারিত হয়। গাড়ী চালানোর ক্ষেত্রেও কিছু বিষয় এই পেনাল কোডের অন্তর্ভুক্ত। চালককে এই বিষয়ে অবহিত হতে হবে যে কোন আচরণ অপরাধমূলক এবং শাস্তিযোগ্য। এই অনুচ্ছেদে গাড়ী চালানোর সময় যে বিষয়গুলির ক্ষেত্রে ভারতীয় পেনাল কোডের ধারা প্রয়োগ হতে পারে, সেগুলি নিয়ে আমরা আলোচনা করব।

কোন চালক যদি বেপরোয়া ভাবে রাস্তায় গাড়ী চালান, যার ফলে দুর্ঘটনা ঘটতে পারে বা কেউ আহত হতে পারে, তা হলে ভারতীয় পেনাল কোডের ধারা তার ক্ষেত্রে প্রয়োগ হতে পারে। সেক্ষেত্রে চালকের ছয়মাস পর্যন্ত জেল, অথবা ১০০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়ই হতে পারে। বেপরোয়া ভাবে যান চালানো নির্ধারণের ক্ষেত্রে সময়, ট্র্যাফিক, রাস্তার ভীড় ইত্যাদি বিষয়গুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।

বেপরোয়া যান চালানোর ফলে কারোর মৃত্যু হলে চালকের সর্বোচ্চ দুই বছর পর্যন্ত জেল অথবা আর্থিক জরিমানা অথবা উভয়ই হতে পারে। তাই চালক হিসাবে যান চালানোর সময় সর্বদা সতর্ক থাকতে হবে এবং নিজের দায়িত্ব মনে রাখতে হবে।

চালক যদি তার কর্তব্য পালন না করেন এবং নিরাপদে গাড়ী না চালান, তাহলে তাকে আইনি সমস্যায় পড়তে হতে পারে। উদাহরণস্বরূপ, ধরা যাক একজন চালক নির্দিষ্ট পরিমাণের থেকে বেশি পণ্য নিয়ে যাওয়ার সময় পুলিশ অফিসার গাড়ীটিকে থামতে নির্দেশ দিলেন। কিন্তু চালক গাড়ীটিকে না থামিয়ে পালানোর চেষ্টা করলেন এবং সেই অবস্থায় গাড়ীর ধাক্কায় একজন পথচারীর মৃত্যু হল। এক্ষেত্রে চালক বেপরোয়া গাড়ী চালানোর জন্য ভারতীয় পেনাল কোডের ধারা অনুযায়ী কঠোর শাস্তি পেতে পারেন।

মনে রাখবেন আপনাকে যদি কোনো সরকারি আধিকারিক লাইসেন্স বা গাড়ী সংক্রান্ত কোনো কাগজপত্র দেখাতে বলেন, আপনার কর্তব্য তাকে সর্টিক তথ্য এবং কাগজপত্র দিয়ে সহায়তা করা। আপনি যদি কাগজপত্র না দেখান বা ইচ্ছাকৃতভাবে অসহযোগিতা করেন তাহলে একমাস পর্যন্ত জেল অথবা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়ই হতে পারে। আপনি যদি আধিকারিককে ভুল তথ্য দেন, সেক্ষেত্রে শাস্তিস্বরূপ ছয়মাস পর্যন্ত কারাবাস বা আর্থিক জরিমানা বা উভয়ই হতে পারে। তাই চালকের উচিত সরকারি আধিকারিকদের সঙ্গে সততার সাথে সহযোগিতা করা।

চালক এবং মালিকরা গাড়ী সংক্রান্ত কোন জাল নথি তৈরী করা থেকে বিরত থাকুন। কারণ এটি শাস্তিযোগ্য অপরাধ। এই ধরনের কোনো রকম কাজ করলে বা কাজের সঙ্গে যুক্ত থাকলে ভারতীয় পেনাল কোডের ধারা

অনুযায়ী সেই ব্যক্তির দুই বৎসর পর্যন্ত কারাবাস বা আর্থিক জরিমানা অথবা উভয়ই হতে পারে। ভারতীয় পেনাল কোড-এর ধারায় শাস্তিপ্রাপ্ত ব্যক্তি তার ড্রাইভিং লাইসেন্সের বৈধতা হারাতে পারেন। এই বৈধতা হারানো কিছু দিনের জন্য অথবা চিরতরেও হতে পারে তার অপরাধ ও সাজা অনুযায়ী। ড্রাইভিং লাইসেন্সের বৈধতা হারানো চালকদের ক্ষেত্রে নির্দারণ হতে পারে, বিশেষ করে যাদের জীবিকা সম্পূর্ণভাবে গাড়ী চালানোর উপর নির্ভরশীল। তাই যেকোন রকমের বেপরোয়া গাড়ী চালানো বা গাড়ী চালানো সংক্রান্ত অপরাধ করা থেকে বিরত থাকুন আপনার নিজের এবং পরিবারের সকলের জন্য।

১০.৩

মোটর ভেহিক্যালস আইন ১৯৮৮ অনুসারে অপরাধ

গাড়ীর রেজিস্ট্রেশন, অনুমতিপত্র (Permit), ড্রাইভিং লাইসেন্স প্রভৃতি বিষয়গুলি মোটর ভেহিক্যালস অ্যাঙ্ক ১৯৮৮ অনুযায়ী নিয়ন্ত্রিত হয়। মোটর ভেহিক্যালস অ্যাঙ্ক ১৯৮৮-এ বর্ণিত ধারাগুলি থেকে বিচুতি, অপরাধ বলে গণ্য করা হয়। বেপরোয়া মোটর যান চালানোর ফলে কেউ আহত হলে বা কারুর মৃত্যু ঘটলে উপযুক্ত ক্ষতিপূরণও দিতে হতে পারে। এছাড়াও চালকের বিপজ্জনক ভাবে গাড়ী চালানো সংক্রান্ত একাধিক বিষয় মোটর ভেহিক্যালস অ্যাঙ্ক ১৯৮৮ অনুযায়ী অপরাধ হিসাবে গণ্য করা হয়।

মোটর ভেহিক্যালস অ্যাঙ্ক ১৯৮৮ অনুযায়ী অপরাধ দুই ধরনের হয়- কম্পাউন্ডেবল ও অ্যারেস্টেবল। কম্পাউন্ডেবল অপরাধের ক্ষেত্রে দোষ স্বীকার করে এবং নিয়মমত আর্থিক জরিমানা দিয়ে নিস্তার পাওয়া যেতে পারে। এই ধরনের অপরাধের কিছু উদাহরণ হল নির্দেশ অমান্য করা, সঠিক তথ্য না দেওয়া, লাইসেন্স ছাড়া কোনো ব্যক্তিকে গাড়ী চালাতে দেওয়া, লাইসেন্স সংক্রান্ত বিবিধ বেনিয়ম, উচ্চ গতিতে গাড়ী চালানো, বিপজ্জনক ভাবে গাড়ী চালানো, মানসিক ও শারীরিক সক্ষমতা না থাকা সঙ্গেও গাড়ী চালানো, গাড়ী চালানোর প্রতিযোগিতা করা, পথ নিরাপত্তা সংক্রান্ত নিয়মবিধি ভঙ্গ করা, বায়ু এবং শব্দ দূষণ সংক্রান্ত বিধি না মানা, গাড়ীর বৈধ রেজিস্ট্রেশন ছাড়া গাড়ী ব্যবহার করা, ভার বহন ক্ষমতার অতিরিক্ত ওজনের পণ্য পরিবহন করা, বীমা সংক্রান্ত বৈধ কাগজপত্র ছাড়া গাড়ী ব্যবহার করা, এবং যান চলাচল সংক্রান্ত বিধিনিয়েখ না মানা।

অ্যারেস্টেবল অফেসের ক্ষেত্রে পুলিশ আধিকারিক কোন রকম পরোয়ানা ছাড়াই নিয়মভঙ্গকারীকে গ্রেফতার করতে পারেন। যেমন - যদি কোন গাড়ীর চালক তার নাম ও ঠিকানা জানাতে অস্বীকার করেন তাহলে তাকে কোন পরোয়ানা ছাড়াই গ্রেফতার করা সম্ভব। এছাড়াও বিপজ্জনক ভাবে গাড়ী চালানো, নেশাগত অবস্থায় গাড়ী চালানো, বিনা অনুমতিতে অন্যের গাড়ী চালানো, ইত্যাদি নানাবিধি কারণেও পরোয়ানা ছাড়া গ্রেফতার করা যেতে পারে। বিভিন্ন ধরনের অপরাধগুলি নিচে আলোচনা করা হল।

১০.৩.১

কর্তৃপক্ষের আদেশ অমান্য করা

মোটর ভেহিক্যালস অ্যাঙ্ক অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত এবং ক্ষমতাসম্পন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তির নির্দেশ না মানলে তা অপরাধ বলে গণ্য হয়। এই সমস্ত ক্ষেত্রে নির্দেশ অমান্য করলে ৫০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। ২০১৬-এ প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী আগামী দিনে এই জরিমানা ২০০০ টাকা পর্যন্ত হতে পারে।

১০.৩.২

অবৈধ ব্যক্তিকে গাড়ী চালাতে দেওয়া

যদি কোন গাড়ীর মালিক স্বেচ্ছায় কোন অবৈধ ব্যক্তিকে (ড্রাইভিং লাইসেন্স ছাড়া) গাড়ী চালানোর অনুমতি দেন, তবে তা অপরাধ বলে গণ্য করা হয়। এক্ষেত্রে মালিকের তিনমাস পর্যন্ত কারাবাস বা আর্থিক জরিমানা অথবা উভয়ই হতে পারে। ২০১৬-এর প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী আর্থিক জরিমানার পরিমাণ ন্যূনতম ৫০০০ টাকা ধার্য করা হয়েছে।

১০.৩.৩ বৈধ ও কার্যকর লাইসেন্স ছাড়া গাড়ী চালানো

১৮ বছর বয়সের নিচে অথবা বৈধ ড্রাইভিং লাইসেন্স ছাড়া কেউ গাড়ী চালালে তিনমাস পর্যন্ত জেল অথবা সর্বোচ্চ ৫০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে। জাল লাইসেন্স নিয়ে গাড়ী চালানো অথবা লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হবার পরে পুনর্বীকরণ না করিয়ে সেই লাইসেন্স নিয়ে গাড়ী চালানো দণ্ডনীয় অপরাধ। ২০১৬ সালে প্রস্তাবিত নতুন সংশোধনী বিল অনুযায়ী এই ধরনের অপরাধের ক্ষেত্রে ন্যূনতম জরিমানা ৫০০০ টাকা ধার্য করা হয়েছে। যদি কোনো ব্যক্তি মোটর ভেহিক্যালস অ্যাস্ট-এ বর্ণিত নিয়মগুলির জন্য ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ঘোগ্য না হন অথবা কোন কারণে তার লাইসেন্স বাতিল করা হয়ে থাকে, তাহলে তিনি রাস্তায় গাড়ী চালাতে পারবেন না। যদি এই ধরনের ব্যক্তি রাস্তায় গাড়ী চালান তাহলে এই ব্যক্তির তিনমাস পর্যন্ত কারাবাস বা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে। এই সমস্ত ক্ষেত্রে ২০১৬-এর প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী জরিমানার পরিমাণ ন্যূনতম ১০,০০০ টাকা ধার্য করা হয়েছে।

১০.৩.৪ মাত্রাতিরিক্ত গতিতে গাড়ী চালানো

যদি কোন চালক রাস্তার নির্দিষ্ট গতিসীমা লঙ্ঘন করে গাড়ী চালান, তবে সেক্ষেত্রে প্রথমবার ৪০০ টাকা পর্যন্ত জরিমানা এবং পরবর্তী ক্ষেত্রে ১০০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। ২০১৬ সালের প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী এই ন্যূনতম জরিমানা ছোট গাড়ীর ক্ষেত্রে ১০০০ টাকা এবং মাঝারি গাড়ীর ক্ষেত্রে ২০০০ টাকা ধার্য করা হয়েছে।

যদি রাস্তায় গতিসীমা উল্লিখিত পথচিহ্ন বা রোড সাইন না থাকে সেক্ষেত্রে, সাধারণ ভাবে মাত্রাতিরিক্ত গতি নির্ধারণের জন্য রাস্তার পারিপার্শ্বিক অবস্থা (যেমন - বাজার, বসবাসের জায়গা, বিদ্যালয় ইত্যাদি) ও সময়ের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে।

১০.৩.৫ বিপজ্জনক ভাবে গাড়ী চালানো

বেপরোয়াভাবে গাড়ী চালানো দণ্ডনীয় অপরাধ। বেপরোয়া ভাবে গাড়ী চালানো চিহ্নিত করার ক্ষেত্রে স্থান, পারিপার্শ্বিক অবস্থা, সময় ইত্যাদির গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। গাড়ী চালানোর সময় মোবাইলের ব্যবহার, বিপজ্জনক ভাবে গাড়ী চালানোর তত্ত্বকে আরো জোরদার করবে।

এই ধরনের অপরাধ করলে প্রথমবার ছয়মাস পর্যন্ত কারাবাস অথবা ১০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে। যদি তিনি বছরের মধ্যে এই অপরাধ আবার করা হয়, সেক্ষেত্রে কারাবাসের মেয়াদ দুব্বর পর্যন্ত বা জরিমানা ২০০০ টাকা অথবা উভয়ই হতে পারে। ২০১৬-এর সংশোধনী বিল অনুযায়ী এই জরিমানা ৫০০০ টাকা পর্যন্ত হতে পারে।

১০.৩.৬ নেশাগ্রস্ত অবস্থায় গাড়ী চালানো

মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ী চালানো সম্পূর্ণভাবে বেআইনি। এই ধরনের অপরাধের ক্ষেত্রে ছয়মাস পর্যন্ত কারাবাস অথবা ২০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে। দ্বিতীয়বার বা পরবর্তী ক্ষেত্রে এই ধরনের অপরাধের ক্ষেত্রে কারাবাস দুব্বর পর্যন্ত এবং জরিমানা বৃদ্ধি পেয়ে ৩০০০ টাকা পর্যন্ত হতে পারে। চালক মদ্যপ অবস্থায় আছে কিনা তা বোঝার জন্য বিদ্যুৎ অ্যানালাইজার বা অন্য যে কোনো বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করা যেতে পারে। নেশাগ্রস্ত অবস্থায় গাড়ী চালানো, পথ দুর্ঘটনার এবং পথ দুর্ঘটনাজনিত মৃত্যুর একটি অন্যতম কারণ হিসাবে চিহ্নিত। চালকেরা যাতে নেশাগ্রস্ত অবস্থায় গাড়ী না চালায় তার জন্য ২০১৬-এর প্রস্তাবিত সংশোধনী বিলে এই অপরাধের জন্য ন্যূনতম জরিমানা ১০০০০ টাকা ধার্য করা হয়েছে।

১০.৩.৭

উচ্চগতিতে গাড়ী চালানোর প্রতিযোগিতা (Racing)

উচ্চগতিতে গাড়ী চালানোর প্রতিযোগিতা করা একটি বিপজ্জনক অভ্যাস এবং বহু দুর্ঘটনার কারণ। এই ধরনের অপরাধের জন্য একমাস পর্যন্ত কারাবাস বা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে। ২০১৬ সালে প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী এই অপরাধের ক্ষেত্রে ন্যূনতম জরিমানার পরিমাণ বাড়িয়ে ৫০০০ টাকা ধার্য করা হয়েছে।

১০.৩.৮

দুর্ঘটনা পরবর্তী সহায়তা না করা

দুর্ঘটনার কারণে পথচারী বা অন্য কেউ আহত হলে চালকের প্রথম এবং প্রধান কাজ তাদের উপযুক্ত চিকিৎসা পেতে সহায়তা করা। এর জন্য প্রয়োজনে আহতদের চিকিৎসা কেন্দ্রে নিয়ে যাওয়া এবং যথাসম্ভব সাহায্য প্রদান করাও চালকের কর্তব্যের মধ্যেই পড়ে। এই কর্তব্য পালন না করলে তা দণ্ডনীয় অপরাধ বলে পরিগণিত হয় এবং চালকের তিনিমাস পর্যন্ত কারাবাস অথবা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে।

দুর্ঘটনাকাবলিত ব্যক্তি বা ব্যক্তিদের সময়মত চিকিৎসা প্রদান করতে পারলে প্রাণসংশয়ের সম্মত চিকিৎসা এবং ক্ষতির পরিমাণ অনেকটাই কমানো যায়। সাধারণত অনেকেই আইনগত জটিলতা এড়িয়ে যাবার জন্য দুর্ঘটনাকাবলিত ব্যক্তিদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিতে ভয় পান। এটা জেনে রাখা খুবই জরুরী যে ২০১৬ সালের সুপ্রিম কোর্ট প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী দুর্ঘটনার সহায়তা প্রদানকারীদের কোনো রকমের হয়রানি থেকে রক্ষা করার জন্য আইনি সুরক্ষা দেওয়া হয়েছে।

মহামান্য সুপ্রিম কোর্ট গুড সামারিটানদের (Good Samaritan) সাথে কিভাবে আচরণ করবেন, সে সম্পর্কে সুনির্দিষ্ট পদ্ধতির কথা বলেছেন। এই পদ্ধতি অনুযায়ী গুড সামারিটান, যিনি পথ দুর্ঘটনায় আহত ব্যক্তিকে চিকিৎসার জন্য নিয়ে আসবেন, তাকে যথাযোগ্য সম্মান দিতে হবে এবং কোনো তথ্যের জন্যে (যেমন - নাম, ঠিকানা, টেলিফোন নম্বর) তাকে জোর করা যাবে না বা তার ইচ্ছার বিরুদ্ধে তাকে কোনো আইনি পদক্ষেপের সঙ্গে যুক্ত করা যাবে না। গুড সামারিটান স্বেচ্ছায় তথ্য জানাতে পারেন বা তার মত করে সাহায্য করতে পারেন। এক্ষেত্রেও তথ্য জানার জন্য গুড সামারিটানের সুবিধা অনুযায়ী জায়গা বা সময় বেছে নিতে হবে এবং পুলিশ আধিকারিককে সাধারণ পোষাকে তার কাছে যেতে হবে। গুড সামারিটানকে পুলিশ থানায় ডেকে পাঠালে তার কারণ যথাযথ ভাবে লিপিবদ্ধ করতে হবে। গুড সামারিটানকে একান্তভাবেই থানায় ডেকে পাঠানোর প্রয়োজন হলে তাকে অত্যেক বিসিন্নে না রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে যাবতীয় তথ্য আদান-প্রদান করতে হবে।

গুড সামারিটান ইচ্ছে করলে প্রয়োজনীয় তথ্য এফিডেভিট করেও জমা দিতে পারেন। একজন চালক হিসেবে গুড সামারিটানের বিষয়গুলি আপনার অবশ্যই জানা এবং মেনে চলা দরকার। অন্য পথ ব্যবহারকারীদেরও এই বিষয়টি জানানো চালকের কর্তব্য।

১০.৩.৯

বিপজ্জনক গাড়ী ব্যবহার করা

গাড়ীকে উপযুক্ত ব্যবহারযোগ্য অবস্থায় রাখা এবং গাড়ীর সঠিক রক্ষণাবেক্ষণ চালকের কর্তব্য। চালককেই নিশ্চিত করতে হবে যাতে তার গাড়ীর অবস্থা অন্যান্য গাড়ী এবং পথ ব্যবহারকারীদের বিপদের কারণ না হয়। এক্ষেত্রে অবহেলার কারণে চালকের ২৫০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে।

গাড়ীর রক্ষণাবেক্ষণের অভাবে এবং যান্ত্রিক ত্রুটিজনিত কারণে কোনো দুর্ঘটনা ঘটলে এবং কেউ আহত হলে অথবা সম্পত্তি নষ্ট হলে চালকের তিনিমাস পর্যন্ত কারাবাস অথবা ১০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা দুইই হতে পারে। গাড়ীর পথ নিরাপত্তাজনিত বিষয়গুলি এবং শব্দদূষণ ও বায়ুদূষণ সংক্রান্ত নিয়মবিধিগুলি সুনিশ্চিত করাও চালকের দায়িত্ব। এর অন্যথা হলে প্রথমবার ১০০০ টাকা এবং তার পরবর্তী ক্ষেত্রে ২০০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। ২০১৬-এর প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী এই জরিমানার অক্ষ ৫০০০ টাকা পর্যন্ত ধার্য করা হয়েছে।

১০.৩.১০ সিটবেল্ট ও হেলমেট না পরা

মোটরগাড়ী ব্যবহার করবার সময় যথাযথ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার। সিটবেল্টের ব্যবহার এরকমই একটি বিষয়। সিটবেল্ট ঠিকমত ব্যবহার করলে দুর্টিলা ঘটলে আঘাতের সম্ভাবনা অনেকটাই কমানো সম্ভব। সাধারণত চালকেরা এই সিটবেল্ট ব্যবহারের বিষয়টিতে যথোপযুক্ত গুরুত্ব দেন না। এই কারণে ২০১৬-এর প্রস্তাবিত সংশোধনী বিল-এ জরিমানার অক্ষ ১০০ টাকা থেকে বাড়িয়ে ১০০০ টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে। একইরকমভাবে মোটরসাইকেল ব্যবহারকারীর ক্ষেত্রে হেলমেটের ব্যবহার অত্যন্ত জরুরী। দুর্ভাগ্যজনকভাবে মোটরসাইকেল ব্যবহারকারীরা এই বিষয়টিকে অনেক সময়ই গুরুত্ব দেন না। ২০১৬-এর প্রস্তাবিত সংশোধনী বিলে জরিমানার পরিমাণ বাড়িয়ে সর্বোচ্চ ১০০০ টাকা করা হয়েছে।

১০.৩.১১ রেজিস্ট্রেশন বিহীন গাড়ীর ব্যবহার

রেজিস্ট্রেশন বিহীন গাড়ীর ব্যবহার আইনত দণ্ডনীয় অপরাধ। চালক হিসাবে আপনার দায়িত্ব গাড়ীর বৈধ রেজিস্ট্রেশন সংক্রান্ত কাগজপত্র দেখে গাড়ী ব্যবহার করা। অন্যথায় চালকের এই ধরনের অপরাধের ক্ষেত্রে প্রথমবার ২০০০ থেকে ৫০০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। এইধরনের অপরাধ পরবর্তী কালে করলে একবছর পর্যন্ত কারাবাস অথবা ৫০০০ থেকে ১০,০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়ই হতে পারে। প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী জরিমানা ১০,০০০ টাকা এবং এরসাথে একবছর পর্যন্ত কারাবাস হতে পারে।

১০.৩.১২ নথি বাজেয়াপ্ত করা

গাড়ী সংক্রান্ত কোন প্রকার জাল নথি থাকলে পুলিশ বা ভারপ্রাপ্ত সরকারি আধিকারিক উপযুক্ত কারণ দর্শিয়ে সেই নথি বাজেয়াপ্ত করতে পারেন। চালক এই ক্ষেত্রে তার দোষ স্বীকার করে পরোয়ানায় উল্লিখিত জরিমানা দিয়ে অব্যাহতি পেতে পারেন। ২০১৬-এর প্রস্তাবিত সংশোধনী বিল অনুযায়ী পুলিশ বা সরকারি আধিকারিক এই ধরনের অপরাধের ক্ষেত্রে চালকের লাইসেন্স বাজেয়াপ্ত বা বাতিলের সুপারিশ করতে পারেন।

১০.৩.১৩ অন্যান্য আইনি বিধি (Residual Penal Provision)

নির্দিষ্ট শাস্তির কথা কোন অপরাধের ক্ষেত্রে উল্লিখিত না থাকলেও তা আইনি মতে শাস্তিযোগ্য হতে পারে। এই সমস্ত ক্ষেত্রে চালকের কারাবাস বা আর্থিক জরিমানা অথবা উভয়ই হতে পারে। এই বিষয়গুলি মাথায় রেখে চালকের উচিত নিয়মকানুন মেনে নিরাপদ ভাবে গাড়ী চালানো। প্রশিক্ষকদেরও কর্তব্য এই আইনি বিষয়গুলি সম্পর্কে প্রশিক্ষণরত চালকদের অবহিত ও সচেতন করা।

১০.৪ উপসংহার

এটা মনে করিয়ে দেওয়া দরকার যে এই অধ্যায়ের মূল উদ্দেশ্য চালককে বিভিন্ন অপরাধের শাস্তি সম্পর্কে অবহিত করা নয়, বরং চালককে এটা জানানো যে নিরাপদে এবং আইন মেনে গাড়ী চালানো করত্ব জরুরী। বিভিন্ন অধ্যায়ে বর্ণিত সুরক্ষা বিধিগুলি শুধুমাত্র বিধিই নয়, প্রায় সবক্ষেত্রেই সেগুলির লঙ্ঘন করা আইনত দণ্ডনীয় অপরাধ। তাই নিয়মবিধি মেনে সচেতন ভাবে গাড়ী চালান, আপনার এবং অন্যান্য পথ ব্যবহারকারীদের নিরাপত্তা নিশ্চিত করুন এবং এর সাথে আইনি জালিলতা এবং শাস্তিগ্রহণ এড়িয়ে চলুন।

১০.৫ মূল্যায়ন

১। নিচের কোনটি আইনের চোখে অপরাধ নয় ?

- (ক) নেশাপ্রস্ত অবস্থায় গাড়ী চালানো
- (খ) অন্য চালকের সঙ্গে উচ্চগতির প্রতিযোগিতা করা
- (গ) অঞ্চিপূর্ণ গাড়ী চালানো
- (ঘ) উপরের কোনটিই নয়

২। নিচের কোনটি আইনের চোখে অপরাধ ?

- (ক) পুলিশ অফিসার থামতে বলা সঙ্গেও গাড়ী না থামানো
- (খ) নির্দিষ্ট গতি সীমার নিচে যান চালানো
- (গ) গাড়ীতে দাহ্য পদার্থ বহন করা
- (ঘ) উপরের সবকটি

৩। এর মধ্যে কোনটি আইনের চোখে অপরাধ নয় ?

- (ক) আরোহী এবং তার সহযাত্রী উভয়ই হেলমেট পরা অবস্থায় মোটরসাইকেল চালানো
- (খ) হেলমেট ছাড়া মোটরসাইকেল চালানো
- (গ) শুধু মোটরসাইকেল চালক হেলমেট পরেছেন কিন্তু আরোহী হেলমেট পরেননি বাইক চালানোর সময়
- (ঘ) ‘ক’ ও ‘গ’

৪। ধরা যাক গাড়ীর মালিক নিজের গাড়ীটি নিয়ে কোথাও যাওয়ার জন্য কোনো চালককে ঠিক করলেন তখন গাড়ীর মালিকের ক্ষেত্রে নিচের কোন কাজটি আইনের চোখে অপরাধ ?

- (ক) চালক ও মালিক দুজনেরই বৈধ লাইসেন্স রয়েছে
- (খ) শুধু মাত্র মালিকের বৈধ লাইসেন্স রয়েছে
- (গ) দুজনের কারোরই বৈধ লাইসেন্স নেই
- (ঘ) ‘খ’ ও ‘গ’

৫। ধরা যাক একজন চালক পথ দুর্ঘটনা ঘটালেন এবং সেক্ষেত্রে একজন আহত হলেন। চিহ্নিত করুন এই পরিস্থিতিতে কোনটি আইনের চোখে অপরাধ নয় ?

- (ক) চালক আহতকে চিকিৎসা সহায়তা দিলেন না
- (খ) চালক যান থামালেন না, পালিয়ে গেলেন
- (গ) চালক আহতকে নিকটবর্তী হাসপাতালে নিয়ে গেলেন
- (ঘ) উপরের কোনটিই নয়

তথ্যসূত্র (Reference)

Baldwin, Z. (n.d.). How to Safely Drive In Fog. Retrieved January 09, 2017, from <https://www.defensivedriving.com/safe-driver-resources/how-to-safely-drive-in-fog/>

Central Motor Vehicles Rules, 1989, Government of India.

D. C., & Writer, G. (2016). 10 tips for driving safely in fog in the UAE. Retrieved January 09, 2017, from <http://gulfnews.com/guides/life/community/10-tips-for-driving-safely-in-fog-in-the-uae-1.1418864>

Department of Planning, Transport and Infrastructure, Government of South Australia. (2016). The driver's handbook. Retrieved January 9, 2017, from http://mylicence.sa.gov.au/__data/assets/pdf_file/0009/152874/MR200_p1-40.pdf

Distracted Driving: An Epidemic “A Study of Distracted Driving Attitudes, Behaviors and Barriers Preventing Change” - Angela Durant, Kelsie Lawson, Simon Schubnell, and Kristina Wolf; MBA 519: Graduate Research , School of Business, Southern Oregon University

Doheny, K. (2015). Tips for Driving Safely in the Rain. Retrieved January 09, 2017, from <https://www.edmunds.com/car-safety/tips-and-techniques-for-driving-in-rain.html>

Driving Analogy for Ethics [<http://www.ethicsdefined.org/diving-into-the-gray/driving-analogy-for-ethics>]

Driving Test Tips. (n.d.). Hill Starts. Retrieved January 09, 2017, from <http://www.drivingtesttips.biz/hill-starts.html>

Driving Tests Tips – Anticipation and Planning [<http://www.drivingtesttips.biz/anticipation-and-planning.html>]

Dutta, P. (2014). 10 Basic Precautions To Be Taken While Driving In Hilly Areas. Retrieved January 09, 2017, from <http://topyaps.com/10-basic-precautions-taken-driving-hilly-areas>

Federal Highway Administration. (2014). Work Zone Safety for Drivers. Retrieved January 09, 2017, from <http://safety.fhwa.dot.gov/wz/resources/fhwasa03012/>

Govt. of New South Wales, Transport, Road and Maritime services. Retrieved September 14, 2016, from http://www.rms.nsw.gov.au/documents/roads/licence/road_users_handbook-english.pdf

Govt. of West Australia, Department of Transport. Retrieved September 16, 2016, from https://www.transport.wa.gov.au/mediaFiles/licensing/LBU_DL_B_DriveSafeFull_c.pdf

GST- mylicence.sa.gov.au. Retrieved September 15, 2016, from http://mylicence.sa.gov.au/__data/assets/pdf_file/0009/152874/MR200_p1-40.pdf

Indian Driving School [www.indiandrivingschool.com]

Indian Road Congress: SP: 55-2014. “Guidelines on Traffic Management in Work Zones”, New Delhi, India

Institute for Road Safety Research. (2012). “SWOV Fact Sheet: Vulnerable Road Users,” p.3-4

IRC: 35-2015 “Code of Practice for Road Markings”. Indian Roads Congress. New Delhi, India

IRC: 67-2012 “Code of Practice for Road Signs”. Indian Roads Congress. New Delhi, India

IRC: SP-44-1996. “Highway Safety Code”. Indian Roads Congress, Government of India, New Delhi.

- Law Commission of India. (1860). "Indian Penal Code". Ministry of Law, Government of India.
- Law Commission of India. (1988). "Motor Vehicles Act". Ministry of Law, Government of India.
- Ministry of Road Transport & Highways Transport Research Wing. Road Accidents in India - 2015. New Delhi; 2016:103. Available at: <http://www.morth.nic.in/showfile.asp?lid=2143>. Accessed January 7, 2017.
- Missouri Department of Transportation. (n.d.). Work Zone Driving Tips. Retrieved January 09, 2017, from <http://www.modot.org/workzones/safety/>
- Moring, %.(n.d.).10 Tips for Driving Safely in Road Construction Zones. Retrieved January 09, 2017, from <https://schneiderjobs.com/slice-of-orange/driver/tips-for-driving-safely-road-construction-zones>
- National Highway Traffic Safety Administration. (2010). Overview of the National Highway Traffic Safety Administration's Driver Distraction Program. DOT HS 811 299. Washington, DC: National Highway Traffic Safety Administration, Washington.
- New South Wales Repealed Regulations. (n.d.). Australian Road Rules - Reg 221 Using hazard warning lights. Retrieved January 09, 2017, from http://www.austlii.edu.au/au/legis/nsw/repealed_reg/arr210/s221.html
- Parking. (n.d.). Retrieved September 02, 2016, from <http://www.rms.nsw.gov.au/roads/safety-rules/road-rules/parking.html>
- Risks and road rage: Why driver safety is more than just skill - Spencer McDonald [<http://www.cos-mag.com/Training/Training-Columns/risks-and-road-rage-why-driver-safety-is-more-than-just-skill.html>]
- S. (n.d.). SGI - Driver's Handbook - Blind spots. Retrieved October 04, 2016, from <https://www.sgi.sk.ca/individuals/licensing/studyguides/drivershandbook/roadrules/blindspots.html>
- San Francisco Travel Advice. (2012). Ten Tips for Driving on Hilly Terrain. Retrieved January 09, 2017, from <http://www.supercheapcar.com/ten-tips-for-driving-on-hilly-terrain/>
- Sarkar, P.K. (2004). "The Motor Vehicles Act, 1988". Eastern Law House.
- Save Life Foundation v. Union of India, MANU/SC/0354/2016
- Smartmotorist.com. (n.d.). Tips for Driving In Rain. Retrieved January 09, 2017, from <http://www.smartmotorist.com/driving-guideline/tips-for-driving-in-rain.html>
- Stafford, R. (2004). How can you drive safely in fog? Retrieved January 09, 2017, from <http://www.nbcnews.com/id/6308811/#.WG2bSIN96po>
- Stark, T. (2015). Help a Victim of a Car Accident. Retrieved September 05, 2016, from <http://www.wikihow.com/Help-a-Victim-of-a-Car-Accident>
- Sudbury Student Services. Responsibilities of the School Bus Operator and the Drivers, June 10, 2002. Retrieved from <http://www.businfo.ca/en/pdf/policies/responsibilities/M04%20202%20-%20Responsibility%20of%20the%20School%20Bus%20Operator%20and%20Driver.pdf>
- The New Zealand Transport Agency. (n.d.). Hill driving (manual). Retrieved January 09, 2017, from <https://drive.govt.nz/learn-to-drive/hill-driving/hill-driving-manual/>

The Official Bus Handbook. (n.d.). Retrieved September 14, 2016, from <http://www.mto.gov.on.ca/english/handbook/bus/section2-2-0.shtml>

The Power to Empower. Booklet on road safety, New Delhi: July 10, 2012. Retrieved from <http://www.ficciflo.com/wp-content/uploads/2016/09/roadsafety.pdf>

The Texas Department of Insurance, Division of Workers' Compensation. (n.d.). Driving in the Rain. Retrieved January 9, 2017, from <http://www.tdi.texas.gov/pubs/videoresource/t5driverain.pdf>

The Texas Department of Insurance, Division of Workers' Compensation.(n.d.). Driving in Highway Construction. Retrieved January 9, 2017, from <http://www.tdi.texas.gov/pubs/videoresource/t5conezone.pdf>

The Travelers Indemnity Company. (n.d.). Driving in Fog Safely. Retrieved January 09, 2017, from <https://www.travelers.com/resources/auto/safe-driving/driving-in-fog-safely.aspx>

Traffic Warden Organisation: Tips on Good Driving. (n.d.). Retrieved September 09, 2016, from http://www.bcptwo.com/Tips_Good_Driving.html

U.S. Department of Transportation, Federal Highway Administration. (n.d.). Tips for safe driving in work zones. Retrieved January 9, 2017, from <https://www.dot.ny.gov/programs/repository/10tipsrevise-speedkillsweb.pdf> Updated: 2005-11-16 06:58

Wegman, F. & Aarts, L. (ed.) (2006).Advancing Sustainable Safety; National Road Safety Outlook for 2005-2020. SWOV, Leidschendam.

West Bengal Motor Vehicles Rules, 1989.

Writer, S. (n.d.). 5 Tips for Driving Safely in the Rain. Retrieved January 09, 2017, from <https://learningcenter.statefarm.com/auto/safety/5-tips-for-driving-safely-in-the-rain/>

Y., C. (2011). Drivers Ed. Chapter 1 - Drivers Ed. with Dryer at Victor J Andrew High School. Retrieved September 14, 2016, from <https://www.studyblue.com/notes/note/n/drivers-ed-chapter-1/deck/962420>

বিভিন্ন অধ্যায়ে দেওয়া মূল্যায়নের সঠিক উত্তর

অধ্যায় ১: পথকে চেনা

১ |(খ) ২ |(খ) ৩ |(খ) ৪ |(ঘ) ৫ |(খ) ৬ |(ঘ) ৭ |(খ) ৮ |(গ) ৯ |(ক) ১০ |(ঘ)

অধ্যায় ২: রোড সাইন

১ |(খ) ২ |(গ) ৩ |(খ) ৪ |(ঘ) ৫ |(খ) ৬ |(খ) ৭ |(খ) ৮ |(ঘ) ৯ |(খ) ১০ |(গ)
১১ |(ঘ) ১২ |(গ) ১৩ |(গ) ১৪ |(ক) ১৫ |(ঘ)

অধ্যায় ৩: রোড মার্কিং

১ |(গ) ২ |(খ) ৩ |(ক) ৪ |(গ) ৫ |(ঘ) ৬ |(ঘ) ৭ |(খ) ৮ |(খ) ৯ |(গ) ১০ |(গ)

অধ্যায় ৪: নিরাপদে মোটরযান চালানোর নির্দেশিকা

১ |(ঘ) ২ |(ঘ) ৩ |(গ) ৪ |(খ) ৫ |(গ) ৬ |(ক) ৭ |(খ) ৮ |(ক) ৯ |(গ) ১০ |(ঘ)
১১ |(ঘ) ১২ |(ঘ) ১৩ |(ঘ) ১৪ |(খ) ১৫ |(ক)

অধ্যায় ৫: জটিল ও সংবেদনশীল পরিস্থিতিতে যান চালানো

১ |(গ) ২ |(ক) ৩ |(গ) ৪ |(ঘ) ৫ |(গ) ৬ |(ঘ) ৭ |(গ) ৮ |(ঘ) ৯ |(ক) ১০ |(ক)
১১ |(ঘ)

অধ্যায় ৬: অরক্ষিত পথ ব্যবহারকারী

১ |(ঘ) ২ |(গ) ৩ |(ঘ) ৪ |(গ) ৫ |(ঘ) ৬ |(গ) ৭ |(ক) ৮ |(ক) ৯ |(গ) ১০ |(খ)

অধ্যায় ৭: সতর্কতা ও মানসিকতা

১ |(ঘ) ২ |(ঘ) ৩ |(ক) ৪ |(ক) ৫ |(ঘ) ৬ |(ঘ) ৭ |(খ) ৮ |(গ) ৯ |(ক) ১০ |(ঘ)

অধ্যায় ৮: পথ দুর্ঘটনা ও আপঁকালীন পরিস্থিতি

১ |(ক) ২ |(গ) ৩ |(খ) ৪ |(ঘ) ৫ |(খ)

অধ্যায় ৯: প্রাথমিক চিকিৎসা

১ |(খ) ২ |(ক) ৩ |(ঘ) ৪ |(গ) ৫ |(ঘ)

অধ্যায় ১০: মোটরযান চালানোর আইনি দিক

১ |(ঘ) ২ |(ক) ৩ |(ক) ৪ |(ঘ) ৫ |(গ)

ট্র্যাফিক পুলিশের হ্যান্ড সিগন্যালগুলি জানুন ও মেনে চলুন



সামনের দিক থেকে আসা গাড়ীকে
থামার নির্দেশ



পিছনের দিক থেকে আসা গাড়ীকে
থামার নির্দেশ



সামনে এবং পিছন - উভয় দিক থেকে
আসা গাড়ীকে থামার নির্দেশ



সবদিক থেকে আসা গাড়ী
থামার নির্দেশ



হ্যান্ড সিগন্যাল পরিবর্তনের সংকেত;
পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করুন।



বামদিক থেকে আসা গাড়ীকে
চলার অনুমতি



ডানদিক থেকে আসা গাড়ীকে
চলার অনুমতি



সাবধানে চালাও
জীবন বাঁচাও

